আমার মনের কামিনী—পাপড়ি, সহেনি ভ্রমর চরণ ভর,
চিরদিন সখি হাসিত খেলিত, জোছনা আলোকে নয়ন মেলিত
সহসা আজ সে হৃদয় আমার কোথায় সজনি হারিয়েছি॥ ১২৯॥

বঙ্গবিজেতা দেবদাসীগণের গীত।

টান পোড়েছে আর কি থাকে প্রাণ।
বিকিয়ে গেছি যার পায়ে তার প্রাণ দিয়েছে টান॥
বিনিসুতোর বাঁধন বড় দায়, বাঁধন খুললে খোলা যায়,
সহজে আর বাধা না যায়,—
বাধন খুলবোও না বাধবোও না রাখবো টানে টান॥ ১৩০॥

তুলসী—লীলা।

ফুটেছে ফুলটি সাধের রেখেছি সঙ্গোপনে,
পবনায় আছে মানা আসেনি সুবাস হরণে॥
মনের সাধ মনে আছে, জানাইনে কারো কাছে,
পেয়েছি মনের মতন মন্মথ ধন এত দিনে,—
প্রাণ খুলে প্রাণ ফুল দিতে তাই সাধ করেছি শ্রীচরণে॥ ১৩১॥

বেহাগ—খেম্‌টা।

সখি, সে গেল কোথায়, তাঁরে ডেকে নিয়ে আয়
দাড়াব ঘিরে তারে তরু তলায়॥
আজি এ মধুর সাজে, কাননে ফুলের মাঝে,
হেসে হেসে বেড়াবে সে দেখিব তায়।
আকাশে তারা ফুটেছে, দখিনে বাতাস ছুটেছে,
পাখিটি ঘুমঘোরে গেয়ে উঠেছে।
আয়লো আনন্দময়ি, মধুর বসন্ত লয়ে;
লাবণ্য ফুটাবি লো তরু-লতায়॥ ১৩২॥

মিশ্র মোল্লার—একতালা।

আসে তবে কেন যেতে চায়? দেখা দিয়ে তবে কেন গো লুকায়?
চেয়ে থাকে ফুল, হৃদয় আকুল, বায়ু বলে এসে ভেসে যাই,
ধরে রাখ, ধরে রাখ, সুখ পাখী ফাকি দিয়ে উড়ে যায়॥
পথিকের বেশে, সুখ নিশি এসে, বলে হেসে হেসে, মিশে যাই।
সুখে থাক, জেগে থাক, বরষের সাধ নিমিষে মিলায়॥ ১৩৩॥

ভৈরবী—আড়াঠেকা।

সরল অন্তরে বল কারে তুমি ভালবাস;
সুধাইলে বিধুমুখী মুচকি মুচকি হাস॥
বহু দিন দেখা নাই, মনেতে সন্দেহ তাই,
বুঝি কোন পুরুষেরে মনে মনে ভালবাস॥ ১৩৪॥

কপালকুণ্ডলায় মেহেরউন্নিসার—গীত।

ভালবাসা ভুলি কেমনে। ভাল বোলে ভালবাসি অতি যতনে॥
বাসিতে শিখেছি ভাল, ভাল সদা বাসি ভাল,
ভালবেসে থাকি ভাল, বিভোল মনে॥ ১৩৫॥

মুলতান—কাওয়ালী।

আগে ভালবাসা জানাইলে প্রিয়ে বলে,
শেষে ছলনা করিয়ে আমার মন নিলে।
প্রথম মিলন কালে, করিলে যতন,
শেষে অকূল পাথারে আমায় ভাসাইলে॥ ১৪৪॥

পাহাড়ী পিলু—খেম্‌টা।

না জানি সাধের প্রাণে, কোন্ প্রাণে প্রাণ পরায় ফাঁসি;
আমি ত প্রাণ দেব না প্রাণ নেবো না, আপন প্রাণে ভালবাসি।
চপলা করে খেলা ধ'রে গলা, বেড়াই সদাই অভিলাষী;
আয় তুলে প'র্‌বো চুলে, ক'রবো চুরি চাঁদের হাঁসি॥ ১৪৫॥

কালাংড়া—খেম্‌টা।

যদি বুক ফেটে যায় প্রাণ সজনি,
তবু মুখ ফুটে বোলবো না।
ইসারাতে জানিয়ে যাবো,
রসিক হয়তো যাবে জানা।
সাগরে কামনা ক'রে, এবার পুরুষ হব ম'রে,
সকল দুঃখ যাবে দূরে, মনের বেদনা॥ ১৪৬॥

অহং কানেড়া—পোস্তা।

বলে ফুল দুলে দুলে তুলে দেলো 'বধুর গলে,
সোহাগ আর ক'র্‌বি কবে যাবে মধু বাসি হ'লে।
ফুটেছি আমোদ ভরে, তুলে নে যা আদর ক'রে,
তোলনা আর পাবেনা বলে কুসুম হেসে ঢ'লে॥ ১৪৭॥

সিন্ধু-মধ্যমান।

পরের কথায় কে কোথায় প্রেম ত্যজেছে,
যে জন মজেছে, দুঃখ পেয়েছে, সুখ জেনেছে।
সকলে বড় তাতে, অন্যের হলে সবাই তাতে,
দেয় না যেন যাতে তাতে, কে না প্রেমে কেনা আছে? ১৪৮॥

ঝিঁঝিট—আড়খেম্‌টা।

ক্ষান্ত দিয়েছি আমি দেখে শুনে,
আমি চোর দায়ে পড়েছি ধরা, প্রেম করে তোমার সনে।
যার নদীকূলে বাস, তার ভাবনা বারমাস,
হয় তো ভাল নয় তো মন্দ, নয়তো সর্ব্বনাশ,
আর প্রেম করবো না তোমার সনে ॥ ১৪৯ ॥

সিন্ধু—মধ্যমান।

আমি কি প্রিয়ে তোমারে ভুলিতে পারি,
যেখানে সেখানে থাকি, অনুগত তোমারি।
শুন প্রিয়ে তোমারে কই, তোমা ছাড়া কারো নই,
কথায় কথায় প্রাণেশ্বরি, করোনা বদনভারি ॥ ১৫০ ॥

কালাংড়া—কাওয়ালী।

মেঘ দরশনে হায় চাতকিনী ধায় রে,
সঙ্গে যাবি কে কে তোরা, আয় আয় আয়রে।
মেঘেতে বিজলী হাসি, আমি বড় ভালবাসি,
যে যাবি সে যাবি তোরা, গিরিজায়া যায় রে ॥ ১৫৫ ॥

ঝিঁঝিট—একতালা।

আমার যাবার সময় হল আমায় রাখিস না ধরে,
চোকের জলের বাঁধন দিয়ে, বাঁধিস নে আর মায়া ডোরে।
ফুরিয়েছে জীবনের ছুটা, ফিরিয়ে নে তোর নয়ন দুটী,
নাম ধরে আর ডাকিস্‌নে ভাই, যেতে হবে ত্বরা করে ॥ ১৫৫ ॥

ঝিঁঝিট—কাওয়ালী।

সে কি আমার অতনের ধন,
মন প্রাণ সুশীতল করে যেই জন।
তবে যে অপ্রিয় বলি, যখন জ্বালাতে জ্বলি,
নতুবা তারি সকলি, প্রেমের কারণ ॥ ১৫৬ ॥

কীর্ত্তন—তুরুসুর।

সিন্ধুকূলে রই, নূতন তরি বই,
পারে তোরা কে যাইবি গো।
নূতন ডিঙ্গায় নূতন মাঝি পারে তোরা কে যাইবি গো,
দান দিবে যেই, পার হবে সেই,
দান দিয়ে কে যাইবি গো।
ওই দেখ বয়, মধুর মলয়,
এই বেলা কে যাইবি গো।
তুলে দিব পাল, না ছাড়িব হাল,
সুখের পারে কে যাইবি গো।
যদি পথিক পাই, কূল ত্যজে যাই,
অকূলমাঝে কে যাইবি গো।
পাইলে তুফান আগে দিব প্রাণ,
আমার সাথে কে যাইবি গো॥ ১৫৪॥

বেহাগ—আড়াঠেকা।

প্রেম পথ বলে লোকে নানা কাজ মদা করে,
প্রগুপ্ত মরুর মাঝে, পাওয়া যায় কি সরোবরে?
দূর থেকে বোধ হয়, যেন সব পদ্মময়,
সরিশর হইবে প্রাণ, নিকটে যাইলে পরে
চল চল হয়ে লীলা, নয়নে লহরী খেলা,
অধরে হঠাৎ হাসি, গলে যায় মন,—
অত কি বলিতে হয়? যা ভেবেছ তাতো নয়,
করাল ভুজঙ্গ ও যে নাচিতেছে ফণা ধরে॥ ৩২৫॥

কীর্ত্তন সুর।

ঘাট বাট ঠট মাঠ ফিরি, ফিরিনু বহু দেশ,
কাহা মেরা কান্তবরণ, কাহা রাজবেশ।
হিয়াপর রোপিনু পঙ্কজ, কৈনু যতন ভারি,
কাহা গেল পঙ্কজ সই, কাহা মৃণাল হামারি॥ ৩১৬

মূলতান—আড়াঠেকা।

অন্বেষণে তারি, হব আমি ব্রহ্মচারী
মন চোরে ধরিবারে দেখি পারি কিনা পারি।
প্রেমের যোগিনী হ'ব, প্রেম তীর্থে তপে রব,
প্রেয়সীর নাম ল'ব, প্রেম বাঘছাল পরি।
প্রেম ছাই গায়ে মাখিব, প্রেমসিদ্ধি ঘুটে খাব,
প্রেমধামে বেড়াইব, প্রেম দণ্ড হাতে ধরি।
প্রেম কমণ্ডলু নিব, প্রেম মালা গলে দিব,
প্রেম বলি গাল বাজাব, প্রেম পীতধড়া পরি॥১৫৭॥

ঝিঁঝিট—কাওয়ালী।

এক বাঁধনে বাঁধা আছি, এম্নি আমার মনে লাগে,
নয়ন শুনে আমার মনে, রূপটা গো তার কেন জাগে।
যেথা তারে খুঁজে খুঁজে, রাখবো সাধে মরম মাঝে,
ধরবো তারে, ভজবো তারে, মজবো তারি অনুরাগে॥ ১৫৮॥

সিন্ধু ভৈরবী—মধ্যমান।

দুখ হলো বলে কি প্রেম ত্যজিব,
দুখে সুখ বোধ করে সদা তারে ভুঞ্জিব।
না থাকে তাহার মন, না করিব আলাপন,
তবু সে চাঁদবদন বিরলেতে হেরিব॥ ১৫৯॥

খট মিশ্র—ভজনঙ্গ।

বিরহ বরং ভাল এক রকমে কেটে যায়।
প্রেম তরঙ্গে রঙ্গ নানা কত না হাসায় কখন কাঁদায়।
এই পায়ে ধরি,
এই মুখ দেখে প্রাণ উঠে জ্বলে, কাছ থেকে সরি—
আবার না দেখে তায় তখনি মরি,—
হায় রে হায় বলিহারি, নাচিয়ে বেড়ায় পায় পায়॥ ১৬০॥

ভৈরবী—ঝাঁপতাল।

কেমনে যাতনা প্রাণে সহিবে ললনা হায়,
কেমনে কুসুমকলি নীরবে শুকায়ে যায়!
দুরন্ত কৃতান্ত করে, একান্ত প্রাণান্ত করে,
ছিঁড়িয়াছে পাতাগুলি, বৃন্তটী ছেদিতে চায়॥ ১৬১॥

ইমন কল্যাণ—ঢিমেতেতালা।

প্রণয় যে জানে সে কেন করে না,
সে বিনে আমারই মনে আর তো ধরে না।
আঁখিতে পরখিতে পারে যেই জন,
তারি তরে মন নিতে সদা আকিঞ্চন!
যতন করিয়ে তারে পাই যাতনা॥ ১৬২॥

সিন্ধু—আড়খেমটা।

না হলে বিচ্ছেদ-দুখ প্রণয়ে কি সুখোদয়।
সোহাগা সংযোগে সই সুবর্ণ উজ্জ্বল হয়।
শুন ওলো গুণবতী, দুঃখিত হওনা অতি,
প্রণয়ের এই গতি, সুখ দুঃখ সবে কয়॥১৬৩॥

কালাংড়া—খেমটা।

আয় লো সজনি তোরা কে নাচিবি আয় লো,
মন সাধে প্রেম সাধ কে মিটাবি আয় লো
গগনে হাসিছে শশী, ফুল হাসে মৃদুবাসি,
চঞ্চল তটিনী-হাসি কে দেখিবি আর লো।
গগনে উধাও হায়, মৃদুল পবন বায়,
অঞ্চল সুচারু চাঁদে কে বাঁধিবি আয় লো॥ ১৬৪॥

পাহাড়ী—পিলু—খেমটা।

ছি ছি ছি ভালবেসে আপন বশে কে রয়েছে?
সাধে বাদ আপনি সেধে কেঁদে কেঁদে দিন বয়েছে।
বেচে প্রাণ ধারে বেচে, কে কবে দাম পেয়েছে?
দিন গিয়েছে, প্রাণ রয়েছে, সাধের খেলা কাল হয়েছে॥ ১৬৫॥

লুম থাম্বাজ—খেমটা।

ফুল তুলি আয় লো সজনি, সাজবো মনের সাধে
দেখবো কেমন প্রেমিক অলি কাঁদে কি না কাঁদে।
কুসুমেরি মালা গাঁথা, একলা কেন পরবে লতা,
তুলবো রতন কুসুম ভূষণ ধরবো রসিক চাঁদে।
ধরবে মোহিনী ছবি, সাজবো লো আজ বনদেবী
রাখবো খোঁপাতে বেঁধে মদনেরি ফাঁদে॥ ১৬৬॥

পিলু থাম্বাজ—ভরতঙ্গা।

মুচ্‌কি হেসে চাঁদের হাসি চল্‌লো চাঁদবদনি,
চাঁদের করে সুর মিলিয়ে, তোল্‌ লো সই সুতান খানি।
রঙ্গন ফুলের রঙিন হাসি, দেখ্‌বি যদি আয়লো ধনি,
ঝোরে গেছে পাঁপ্‌ড়িগুলি, যেন ভাঙা রাঙ্গা চুনি॥১৬৭॥

থাম্বাজ—কাশ্মীরি খেম্‌টা,

আয় লো অলি, কুসুম তুলি, ভরিয়ে ডালা,
করে যতন, চারুচিকণ, গাঁথবো লো মালা :
দিব সজনি সখীর গলে প্রাণ জুড়াবে রাজবালা।
মালার মতন, মোহন বাঁধন, নাইকো সখি আর,—
প্রেম-বাঁধনে পতি-রতনে, বাঁধ্‌বে সখি গোকুল-বালা॥ ১৬৮

থাম্বাজ—কাওয়ালী।

কোথা ঈষৎ হাসি কোথা চঞ্চল নয়ন।
কেন সখি অধোমুখে বসে বিরলে—
দেখিতে যে ভালবাসি কমলে খঞ্জন।
নবীন জলদ জালে, যেন চপলা উজলে,
মরি মরি নীলাম্বরে আবরি চারু বদন।
পারে কিরে চকোরে, পরশিতে সুধাকরে,
বিমল চন্দ্রিকা তরে করে পাখী আকিঞ্চন॥ ১৬৯

পিলু—দাদ্‌রা।

ফুলের বাসর সখি সাজাইব আজি লো,
আয় সখি সবে মেলি ফুল সাজে সাজি লো।
ফুল-ধনু ফুল-তূণ, তাতে দিব ফুল-গুণ,
ফুল-হারে ফুল-ভারে, সাজাইব ফুল-সাজি লো॥ ১৭০॥

পাহাড়ী পিলু—দাদ্‌রা।

অলি ব্যাকুল কাঁদিছে গুঞ্জরি লো,
নাহি হেরি কুসুম মুঞ্জরি লো।
চিত চঞ্চল যাইছে সরোবরে,
গুণ গুণ স্বরে মন ব্যথা কহে সকাতরে,
শূন্য সরসী-নীর নেহারি লো॥ ১৭২॥

খাম্বাজ—পোস্তা।

মালঞ্চে ফুল আপনি ফোটে বাস বিলাতে চায়,
উষার কোলে হেসে দুলে শিশির মাখে গায়।
ফুলে ফুলে করি খেলা ফুলে ফুলে গাঁথি মালা,
ফুল কুমারি ফুলের রাণী হাসিতে আসি পারি।
তাড়িয়ে অলি তুমিয়ে কলি শিহার মলয় বায়॥ ১৭২॥

বাহার—ঠুংরি।

প্রাণ কি গায়ব কে জানে,
পোড়া মন টিকেনা এখানে।
হায় রে যদি চকোর হতেম উড়াও হয়ে উড়ে যেতেম,
বসে বসে সুধা খেতেম, চেয়ে রইতেম চাঁদের পানে॥ ১৭৩॥

বেহাগ—জলদ তেতালা।

আমি কি তোমার কেনা এই জনরব ঘরে ঘরে সব, করিছে কে না।
এ রবে নীরব আমি, মনে বুঝে দেখ তুমি, তুমি যদি জান কেনা,
আমায় নাহি ভাবনা, বলিছে কি না॥ ৭৭৪॥

খাম্বাজ—কাওয়ালী।

যে ধরতে পারে ধরা দিই তারে,
বাঁধা থাকি বিনি সুতোর সোহাগের হারে।
নইলে পরে মজ্‌তে পারে, সাধ করে সই মন কি সরে,
থাক্‌তে বোসে, পড়্‌বো ফাঁসে, যেচে কার তরে,
জোরে মন কেড়ে নিতে যে পারে সই, সে পারে ॥ ৫৭৫ ॥

কালাংড়া—কাওয়ালী।

প্রেমে কি সুখ হতো।
মন যারে ভালবাসে সে যদি ভালবাসিত।
কি শুক শোভিত ঘ্রাণে, কেতকী কণ্টক হানে,
ফুল হইত চন্দনে, ইক্ষুতে ফল ফলিত।
প্রেম-সিন্ধুর সলিল, তবে হইত শীতল,
বিচ্ছেদ বাড়বানল, যদি তাহে না থাকিত ॥ ১৭৬ ॥

খাম্বাজ—আড়া।

এমন প্রাণ সুহৃদ কোথায় পাইব বল।
দেখিলে নয়নে যারে হৃদয় হইবে শীতল।
সুখ দুঃখে সমভাগী, প্রেমদানে অনুরাগী,
জীবনের সহযোগী চিরনির্ভরের স্থল।
আমি হইব তাহার, সেও হইবে আমার,
উভয়ে উভয়ে হৃদে রহিব অনন্তকাল ॥ ৫৭৭ ॥

বাহার—কাওয়ালী।

খুলেদে তরণী খুলেদে তোরা, স্রোত বয়ে যায় যে।
মন্দ মন্দ অঙ্গ ভঙ্গে নাচিছে তরঙ্গ রঙ্গে।
এই বেলা খুলে দে!
ভাঙ্গিয়ে ফেলেছি হাল, বাতাসে পুরেছে পাল,
স্রোতমুখে প্রাণ মন যাক্ ভেসে যাক্,
যে যাবি আমার সাথে এই বেলা আয়রে ॥৫৭৮

মিশ্র—কাওয়ালী।

যতনে গেঁথেছি বনফুলের মালা
সারাবাগান খুঁজে বেড়াই না মেলে সই বেলা।
বসন্তে ফুল ফুটে যত, শরতে কি মিলে তত,
না মিলে সেউতি বেলা, ও গো রাজবালা॥ ৯১৯॥

মিশ্রখাম্বাজ—কাওয়ালী।

ও ভাই, দেখে যা, কত ফুল তুলেছি!
তুই আয়রে কাছে আয়, আমি তোরে সাজিয়ে দি।
তোর হাতে মৃণালবালা, তোর কানে চাঁপার দুল।
তোমার মাথায় বেলের সীঁথি, তোর খোঁপায় বকুল ফুল॥৯৮০॥

মিশ্রখাম্বাজ—আড়খেমটা।

ও, দেখ্ বিরে ভাই আয়রে ছুটে, মোদের বকুল গাছে,
রাশি রাশি সব মত ফুল কত ফুটেছে।
কত, গাছের তলায় ছড়াছড়ি গড়াগড়ি যায়,
ও ভাই, সাবধানেতে আয়রে হেথা, দিস্‌নে দ'লে পায়॥ ১৮৯॥

দেওগিরি—জলদ তেতালা।

দেখ পীরিতের সহ দুই গুণ। দিবাকর নিশাকর দুয়ের গুণ যেমন
প্রচণ্ড তপনবৎ বিরহ করে দাহন।
বিমল শশী স্বরূপ সুধাকরে বরিষণ॥ ৯৮২॥

সিন্ধু—ভৈরবী—মধ্যমান।

প্রেম সিন্ধুনীরে বহে নানা তরঙ্গ,
ঘনিকে পায় হতে পারে অরাসকে আতঙ্গ।
চাতুরী তরী তায়, আর মান ভুজঙ্গ।
প্রবল বিচ্ছেদ যায়, কখন ঘটায় কি রঙ্গ॥ ৯৮৩॥

ঝিঁঝিট—আড়াঠেকা।

অনুগত দোষী হলে তার দোষ নাহি লয়।
মহতেরি এই রীতি, আপন করিয়ে লয়।
দেখুন মলয়াগিরি, বেষ্টিত ভুজঙ্গ, গরল সরল হয় মহতেরি সঙ্গ,
চাঁদেতে কলঙ্ক আছে ছেড়ে কি উদয় হয়? ৫৮৪ ॥

সুরট মল্লার—কাওয়ালী।

রূপেতে ভুলে মনভুলে গুণে, ইহার অধিক কেহ শুনেছ শ্রবণে,
গুণের আদর যত, রূপের না হয় তত,
রূপে গুণ সংযোগ, রতন কাঞ্চনে ॥ ৫৮৫ ॥

বেহাগ—আড়াঠেকো।

কেতকী এত কি প্রিয়তম ওহে মধুকর,
নলিনী নিরাশ্রয়ে দহে নিরন্তর।
নাম তব রসরাজ, রাজার উচিত কাজ, এই কি তোমার?
অপরে আপন জ্ঞান, আপন অন্তর ॥ ৫৮৬ ॥

ভৈরবী—মধ্যমান।

এমন নয়ন-বাণ কে তোমায় করেছে দান,
দর্পণে হেরিলে আঁখি, আপনি হবে সন্ধান!
নয়ন অক্ষয় তূণ, তাহে কটাক্ষ নিপুণ,
বিধি যদি দিত গুণ, বধিতে অনেকের প্রাণ ॥৫৮৭॥

কাফি-সিন্ধু—আড়াঠেকা।

মন অভিলাষ যদি মনেতে নিবারিত,
অন্য পরের উপাসনা বল তবে কে করিত।
করিতে পরের ধ্যান, ওষ্ঠাগত হল প্রাণ,
ঘরে পরে অপমান, সে সব যন্ত্রণা যেত ॥ ৫৮৮ ॥

ভৈরবী—মধ্যমান।

কেন পীরিতি করিলাম মজিলাম হায়,
পীরিতি করিয়ে সখি একি হলো দায়।
কহিতে সে সব দুঃখ প্রাণ বাহিরায় ;
মনে করি ভুলিব না তাহার কথায়।
দেখিলে তাহার মুখ দুঃখে হাসি পায় ॥ ৫৮৯ ॥

বেহাগ—আড়াঠেকা।

অহঙ্কার কার উপর করিলে কে সহে।
যে করিল সোহাগিনী সেই বিনা কেহ নহে ॥
আপন নহে সে জন, তারে কিবা প্রয়োজন,
সেইজন প্রয়োজন, সুখেসুখী দুঃখেদুঃখে ॥ ৫৯০ ॥

ঝিঁঝিট—আদ্ধা।

তবে তায় কে করে যতন, বশীভূত হত যদি আপনারি মন।
প্রথম মিলন কালে, হাতে শশী এনে দিলে,
প্রেম-ফাঁসি দিয়ে গলে, পায় যে জন ॥ ৫৯১ ॥

কালাংড়া—আদ্ধা।

বিনয়ের বশ যদি হইত যামিনী,
প্রভাতে প্রমাদ হবে সহে কি কামিনী ?
পরশে প্রাতঃ সমীর, চঞ্চল অন্তর মোর,
কেমনে রাখিব, ওন গুণমণি ॥ ৫৯২ ॥

সিন্ধু খাম্বাজ—মধ্যমান।

মন রাখা দেখাতে কি ফল, (ওরে প্রাণ আমার)
দেখিলে দ্বিগুণ জ্বলে, হৃদে যেন দাবানল।
মজেছ হে নূতন প্রেমে, ভুলিলে হে ক্রমে ক্রমে,
আশা বুঝি পথভ্রমে, আমি যেন হলাইল ॥ ৫৯৩ ॥

খাম্বাজ—একতালা।

কেরে বনবাসিনী বালা।
যেন ভূপতিত, নক্ষত্রেরি মত, রূপে ঘনরাজি করেছে আলা॥
বিম্বাধরে কিবা বিষাদ হাসি, নিতম্বে দুলিছে চিকুররাশি,
আভরণ হীনা সোণার প্রতিমা, হরিত সাগরে সোণার ভেলা।
কে আনিল হেথা, এহেন রতন,
কি ভাবনা মেঘে ঢাকা ও বদন,
কি, লাগিয়ে, কি ভাবে ডুবিয়ে, অনন্ত সাগর লহরী লীলা॥১৯৪॥

ঝিঁঝিট—কাওয়ালী।

(আয়লো অলি কুসুম তুলি—সুর)
নীল আকাশে ফুট্‌লো হেসে বিকচ কমল,
চকোর করিছে পান সাধে পরিমল।
রজত জোছনা নীরে, ভাসিছে ধরণী তল
নাচিছে তটিনী জল, আনন্দে বিহ্বল।
শীতল অনিলে মিলি, বহিছে চাঁদের হাসি,
বহিছে প্রমোদ রাশি, শান্তি নিরমল॥ ১৯৫॥

ঝিঁঝিট—কাওয়ালী।

লুকায়ে লুকায়ে থাক মন আঁখি জল।
প্রাণের নিভৃত কক্ষে তব বাসস্থল॥
গভীর নিশীথে যবে, সকলে ঘুমায়ে রবে,
আঁধারে তখন ধীরে ঝোরো অবিরল।
সকলের হাঁসি হেরি, যেন গো হাঁসিতে পারি,
প্রাণের এ সাধ যেন না হয় বিফল।
পরের নয়ন ধারে মিশেছিস বারে বারে,
আবার মিশবি তোরে কে রোধিবে বল?
কিন্তু যবে চারি পাশে, সবে খেলে সবে হাসে,
সে সময়ে পারি যেন হাসিতে কেবল॥১৯৬॥

ঝিঁঝিট—কাওয়ালী।

আজ এ বিপিনে প্রাণ ডথালি উঠিছে যেয়ে,
আপনি নয়ন ধারা-বহিছে সহস্র ধারে।
সেই সে কুসুমবন, সেই তরুলতাগণ,
কালেতে বেড়েছে কেহ, কেহ বা রয়েছে মরে;
শত সরোজেরদল, ছেয়েছে সরসী জল,
শতেক কানন পাখী গাইছে শাখীর শিরে,
তবু সব শূন্য প্রায়, প্রতি পাদপের গায়,
কালের করাল মূর্ত্তি বিকট ভ্রূকুটী ভরে।
গিয়েছে শৈশব সখা, আর না পাইব দেখা,
আর না খেলিব উভে একই তরুতলে।
দুটী কলি বাপী জলে, এক সঙ্গে খেলে দুলে,
আমিই একাকী হেথা, ভাসিব নয়ননীরে॥ ১৯৭॥

ললিত—আড়া।

অনন্ত সুনীলাকাশে কে বেড়াবি আয়রে।
কে ফুটে থাকিবি ফুল গগণের গায়রে?
অসীম এ নভস্থলে, খুলে পক্ষ হেলে দুলে
কে খেলিবি পাখী হয়ে, নিরমল বায়রে।
যেমন মানস-সরে, সলাজ লাবণ্য ভরে,
অস্ফুট কমলিনী সমীরে খেলায় রে॥ ১৯৮॥

ললিত—আড়া।

এ হৃদয় ফুল সম শুকায়ে পড়েছে ওরে,
কেমনে বুঝিব তুলি বলো প্রমোদ ভরে।
নির্মল এ জ্যোৎস্নায়, সুমন্দ এ মৃদু বায়,
ফলিত কুসুম কলি, আর কি ফুটিতে পারে।
নাহিক সুরভি হাস; অকালে কীটের বাস,
যতনেও তোল যদি, পাপড়ী গুলি যাবে ঝরে॥ ১৯৯॥

ঝিঁঝিট—মধ্যমান।

এইতো সে কুসুম কানন গো।
পাইয়েছিলেম যথা পুরুষ রতন।
সেই পূর্ণ শশধরে, সেইরূপ শোভাধরে,
সেইমত পিকবরে স্বরে হরে মন।
সেই এই ফুলবনে মলয়ার সমীরণে
সুখোদয় যার সনে কোথা সেই জন?
প্রাণনাথে নাহি হেরি, নয়নে বরিষে বারি,
এত দুঃখে আর নারি ধরিতে জীবন॥ ২০০॥

ভৈরবী—মধ্যমান।

প্রেমিক যে, দেখে না নয়নে রে, শ্রবণ ত করে না শ্রবণে।
প্রেমিক দেখে শুনে মনে, প্রেমিকের ক্ষুধাতৃষ্ণা মনে॥ ২০১।

খাম্বাজ—কাওয়ালী।

প্রেম যারে চায়, প্রেম পিপাসায়, সে যদি আমায় আপনি চায়।
অখিল সংসার, সুখের ভাণ্ডার, প্রেম পারাবার ভাসিয়ে যায়॥ ২০২॥

টোড়ি—একতালা।

মন-হরিনী আমার মন বনে পশিল,
মম ধৈর্য্য-তৃণ সব উন্মূলন করিল;
পাতিয়ে স্বপন পাশ, ধরিতে করিনু আশ,
তাহাতে নিদ্রার ফাঁস অমনি খসিল॥ ২০৩॥

পীরিতি নাহি গোপনে থাকে।
শুনলো সজনি, বলি তোমাকে।
শুনেছ কখনো, জ্বলন্ত আগুনো, বসনে,বন্ধনে রাখে॥
প্রতিপদের চাঁদ, হরিষে বিষাদ, নয়নে না দেখে উদয় লেখে,
দ্বিতীয়ের চাঁদ, কিঞ্চিত প্রকাশ,
তৃতীয়ের চাঁদ জগতে দেখে॥ ২০৪॥

গাড়া ভৈরবী—মধ্যমান।

রোগ শোক ভরা ধরাতে কি দুখ কভু ধরিত কত ?
রমণী মহৌষধ যদি নাহি থাকিত।
কি করে রোগ যাতনা, আপদ বিপদ নানা,
প্রেমময়ী নারী যদি বামে নাহি বিরাজিত।
সে কি শোকানলে ডরে, যেবা সদা হৃদে ধরে,
মমতা ঘটিত নারী হৃদি স্নেহ পূরিত।
দীনতা কি করে তার, আধার কুটীর যার,
লক্ষ্মীরূপা নারীরত্ন অযত্নেতে শোভিত।
এই জীবন ঘোর মরু, বিনে এই সুখ তরু,
জানি না এই দগ্ধ চিত কোথা আর জুড়াইত।
ভবের উদ্বেগ এত, না জানি কোথায় রহিত,
নারী বিধুমুখ যদি নাহি তাহে উদিত॥ ২০৫॥

ভৈরবী—যৎ।

কুসুম নিযুক্ত কেন তরুর সেবায়, চামরে গৃহ মার্জ্জনি হেরিনি কোথায়।
জল সেক পরিশ্রম, শ্বাস বহিছে ঘন,
ইন্দুমুখে বিন্দু ঘর্ম্ম শোভে মুকুতারি প্রায়॥ ২০৬॥

বেহাগ—আড়া।

নবনলিনী নয়ননীরে নিবার লো।
বপু বিনোদ বিপিনে, বিহার লো॥
বন ফুলহার, দিয়ে উপহার, মনমোহন বদনে আবর লো॥ ২০৮

বেহাগ—আড়া।

প্রাণে প্রাণ পড়্‌লো ধরা বলে গেল সোণার পাখি,
প্রেমের খেলা প্রেমের লীলা চকে চকে রইল বাকি।
নয়ন কোণে চাইবি যত বাণ খাবি বাণ হানবি তত,
নীরবে প্রাণের কথা আখির সনে করে আখি॥

কালাংড়া—আদ্ধা।

ওলো কুহকিনী আশা ছুঁও না ছুঁও না মোরে।
তুলিয়ে অচল শিরে ফেলোনা দুঃখ পাথারে।
তোমার কাননে পশি, সব দুঃখ ভুলে বসি,
পুনঃ চেতনায় আমি ভাসি দুঃখের সাগরে।
নিরাশা প্রণয়ে কেন, তোমার ছলনা হেন,
মিনতি আমার যেন, দিওনা দুঃখ দাসীরে॥ ২০৯॥

কাফি সিন্ধু—যৎ।

বিধুবদন কেন মলিন এমন অঞ্চলে ঢেকেছে কেন চঞ্চল নয়ন?
কেন নির্জ্জনে বসি সুলোচনে কেন করিছ রোদন?
তড়িত জড়িত যেন স্বর্ণলতা শোভিছে সখি এখন,
দেখলো সজনি যাপিছে রজনী পরি রজত বসন;
নবীনা যুবতী হাসে বসুমতী তুমি কাঁদ কি কারণ॥ ২১০॥

সিন্ধু খাম্বাজ—ঢিমে তেতালা।

একবার যারে ভাল বেসেছি, তারে কি পারি ভুলিতে,
মন গেছে তারি কাছে নাহি পারি নিবারিতে।
মম আঁখি মম মন, নিয়ে দেখ সে কেমন,
বলিবে যদি তখন তবে পারিব ত্যজিতে॥ ২১১॥

বেহাগ।

নিরখি মধুর হাসি সই লো তব প্রেমাননে।
যেন হাসিছে প্রকৃতি সতী চির নবীন যৌবনে॥
আকাশে তারকা বিন্দু, সুধাকর পূর্ণ ইন্দু,
ভূতলে ভূধর সিন্ধু হাসে প্রফুল্ল বদনে।
তরুণ অরুণ হাসি বিদারি তামসী নিশি,
হাসে সৌদামিনী [illegible]
[illegible]
মাধবী মালতী হাসে [illegible]

বসন্ত বাহার—মধ্যমান।

তোমায় ভালবাসি ওলো কুসুম-কলি।
কত কথা বলি, নীরবে শুনলো তুমি হাসি হাসি;
হাসি কোথা শিখিলি সই ওলো কুসুম-কলি।
হাসি ভালবাসি, যদি শিখি হাসি,
হাসি হাসি বাঁধবো লো প্রাণ অলি আমি অভিলাষী ॥ ২১৩ ॥

রামকেলী বাহার—যৎ।

মন বুঝেনা মনের কথা, বুঝায়ে দেয়লো আঁখি।
হৃদয় খোলে অমনি ভোলে, শিকল পরে আপনি পাখী।
হৃদিচাঁদ হৃদে ফেরে, রেখেছে মেঘে ঘেরে,
হেরলে শশি মন পিয়াসি, হয় লো সুধার মাখামাখি।
কমল বড় ভালবাসি তাইতে বলে কমলিনী।
আদরিণী যার আদরে, তারি তরে বিদেশিনী।
পতি মোর বনমালী, গাঁথেনা হার সুমায় খালি,
দেয় গো দেয় ভাসিয়ে আমায়, তাই ত থাকি একাকিনী ॥ ২১৪ ॥

কাঁয়োয়া—কাওয়ালী।

প্রেম যদি হয়েছে ভুলে, বুঝে ও কেন যায় না ভোলা?
পরের পানে চেয়ে চেয়ে, চোক গেছে হইয়ে ঘোলা!
পরের গান গেয়ে গেয়ে, প্রাণ গেছে আঁধারে ছেয়ে,
বুঝে সুঝেও তবু কেন পরের বাঁধন যায় না খোলা ॥ ২১৫ ॥

ললিত - আড়াঠেকা।

আয় রে চাঁদের কণা।
তোরে খেতে দিব ফুলের মধু পরতে দিব সোনা।
আতর দিব শিশি ভরে, গোলাপ দিব কার্শি কোরে,
আর আপনি সেজে বাটা ভরে, দিব পানের দোনা ॥ ২১৬ ॥

মূলতানী—জলদ্ তেতালা।

নয়ন নাহি থাকিলে প্রেম কেন হবে বল।
মজাতে প্রেমে কেবল নয়ন দেখি সবল॥
চক্ষু যদি না থাকিত, কেহ না কারে দেখিত,
কেন বা প্রেমে পড়িত দুঃখ সহিত কেবল॥২১৭॥

রামকেলী—কাওয়ালী।

যৌবন জল-তরঙ্গ রোধিবে কে, হরে মুরারে হরে মুরারে।
যন্নেতে তুফান হয়েছে, আমার নূতন তরী ভাস্‌লো সুখে;
মাজিতে হাল ধ'রেছে, হরে মুরারে হরে মুরারে।
ভেঙ্গে কুলির বাধ, পূরাই মনের সাধ,
আমার জোয়ার গাঙ্গে দল ছুটেছে রোধিবে কে,
হরে মুরারে, হরে মুরারে॥২১৮॥

ললিত—আড়খেমটা।

কাঁটা বনে তুলিতে গেলাম কলঙ্কেরি ফুল,
গো সখি, কাল কলঙ্কেরি ফুল।
মাথায় পর্‌লেম মালা, গেঁথে, কাণে পর্‌লেম দুল,
গো সখি কাল কলঙ্কেরি ফুল॥
মরি-মরব কাঁটা ফুটে, ফুলের মধু খাব লুটে,
খুঁজে বেড়াই কোথায় ফুটে, নবীন মুকুল॥২১৯॥

ভৈরবী—ঢিমে তেতালা।

নারী হ'য়ে তোমায় প্রাণ সাধিব কত।
কে কোথা দেখেছে কে শুনেছে হেন অসঙ্গত॥
মৌন লজ্জা অভিমান, নারীর এই আভরণ,
সে মান সান্ত্বনা করা, আছে পুরুষের রীত।
ক'রে বলি কৃতাঞ্জলি, মানে দেও জলাঞ্জলি,
কে একবার এসো বলি, থাকি জনমের মত॥২২০॥

বেহাগ—কাওয়ালী।

গাছে ফুল শোভা যেমন, হয় কি তেমন গাঁথ্‌লে মালা।
গলায় দিলে খানিক মজা শেষ কালেতে হেলে ফেলা।
কোথা সে সৌরভ সুখ, কোথা সে প্রফুল্ল মুখ,
সে আদরের রস ভরে, ভ্রমরে করেনা খেলা ॥ ২২১ ॥

মল্লার—তিওট।

সই আমার কি হ'ল, পীরিতি করিয়ে পরাণ গেল।
পীরিতি বেদনা, যে জন জানে না, সে যেন করে না থাকিবে তার
পীরিতি-বিচ্ছেদঘাতে, ঔষধ না মানে তাতে,
না মানে চন্দন, না মানে জল ॥২২২॥

সিন্ধু—মধ্যমান।

কে তোরে শিখায়েছে বল প্রেম ছলনা।
যে তোমারে শিখায়েছে, সে বুঝি প্রেম জানে না॥
পরের মন নিতে জান, দিতে বুঝি নাহি জান;
এমন ক'রে কত জনার বধেছ প্রাণ বলনা ॥ ২২৩ ॥

আলেয়া—যৎ।

কে চালাবে তরী নাবিক বিনে, ডুবিলাম বুঝি ঘোর তুফানে।
যদি আসিবে ত্বরায়, লাগবে কিনারায়, তবে রই সই আর ডুবিনে।
মলয়ার সমীরণে, নদীর তুফানে, বাড়িছে দিনে দিনে,
ভেঙ্গে গেল হাল, ছিড়ে গেল পাল, কত থাকে আর আশা-গুণে ॥২

ঝিঁঝিট—আড়া মটা।

প্রাণ তুমি প্রেমসিন্ধু হ'য়ে বিন্দুদানে কৃপণ হলে,
প্রেম-পিপাসিত জনে উপায় কি দেহ বলে।
মহতের এই গুণ, আশ্রিতে নয় নিদারুণ,
আমি হে আশ্রিত জন, আমারে কেন বঞ্চিলে ॥ ২২৫ ॥

পিলু বেহাগ—কাওয়ালী।

প্রাণ তোমারে ভালবাসি ভুলিতে না পারি আমি।
উভয়ে একত্রে ছিলাম ভিন্ন নহি আমি তুমি ॥
সে কথা পড়িলে মনে, রজনী কি দিনমানে,
বিচ্ছেদ অনল জ্বলে, নয়ন জলে ভাসি আমি ॥
পড়েনা তোমার মনে, মরি আমি তোমা বিনে,
কর বা না কর মনে, ভাল তো বাসিব আমি ॥
কালী কহে সে কান্তমণি, জীবনের জীবন জানি,
ভাল না বেসে বাঁচে কি প্রাণী, আজ্ঞাকারী তাঁরই আমি ॥ ২২৬ ॥

খাম্বাজ-কাওয়ালী।

(আমি) প্রাণের অধিক ভালবাসি যারে।
না জানি তার কেমন মন, না বাসে আমারে ॥
দেখি দেখি কত দিনে, সে আমারে করে মনে,
আমি তো চাতকীর মত হয়ে আছিরে ॥ ২২৭ ॥

খাম্বাজ—দাদরা।

সত্যি সখি বনের মাঝে ফুল ফোটে।
আট্‌কে রাখ থাক্‌বে না প্রাণ, পায়েতে সই যায় লুটে ॥
স্বপ্ন কি সব বুঝিতে নারি হায়,
আর যদি হয় সখি পর প্রাণপণ তো তাইতে চায়,
আছে মনের কথা মনে মনে মন বোঝেনা তাই ছোটে ॥ ২২৮ ॥

খাম্বাজ—আড়াঠেকা।

ভুলিবার হোত যদি তা হোলে কি সাধিরে,
হৃদয়ে মরতি এঁকে দেখে সদা কাঁদিরে ॥
নিজেরে ভুলিতে পারি, তোমারে ভুলিতে নারি,
ভুলিব কি বিধুমুখী বিধি প্রতিবাদী রে ॥ ২২৯ ॥

বাহার—ভৈরবী যৎ।

আজিরে ঘুমন্ত পাখিগণে জাগা'য়ে সঞ্চরে বায়ু কাননে।
হাসে তারাবলী সুখে গগনে।
নব সুখ-ভরে দম্পতী বিহরে কিবা শোভা সুন্দর মিলনে॥ ২

দেশ—খেমটা।

কেমন সখি, আমার সাথে, পারিলিনে তো তুই।
হেতায় তুলিব যাতি, হরষ-প্রমোদে মাতি,
সখীর কাছে দিয়ে আসি সেফালিকা যুই॥ ২৩১॥

কালাংড়া—কাওয়ালী—খেমটা।

চললো চললো সখি সারস্বত কুঞ্জে।
দেখ্‌বি কত রসিক সুজন সুপণ্ডিত পুঞ্জে॥
সেখানেতে সবে মিলি, আনন্দেতে কোর্‌বো কেলি,
নন্দন-কাননে যথা সুরবালা ভুঞ্জে॥ ২৩২॥

সাঁওন বেহাগ—খেমটা।

হাতে কাজ ভারি, তাইতে তার কাছেতে যেতে নারি।
বোবেনা দাঁড়িয়ে থাকে, চোখো চোখি হ'লে কত ডাকে,
দেখে দেখিনে, সেথা থাকিলে,
কেঁদে ডাকে যদি তাকি সইতে পারি॥ ২৩৩।

কাফি মিশ্র—ত্রিতালী।

চ'লে গেল বল কি করি।
পারি যদি ফিরিয়ে আনি তোর হ'য়ে পায়ে ধরি॥
নাইতো আমার মরমের মানা,
রাখে বা না রাখে মান যাবে তা জানা,
অরসিকের অসমানে মান তো যাবেনা,

ভৈরবী—খেম্‌টা।

ও সখি হের হের কত সুরসিক জন,
নেহার নেহার ধনি, কত মানী কত জ্ঞানী,
গুণগ্রাহী এ রা জানি, যেমন মরালগণ ॥ ২৩৫॥

গারা-ভৈরবী—পোস্তা।

বাতাসে নে যায় যে বাস শিশিরে আর রাখবে কত।
পরে পর পাপড়ি তুলে নিঙ্গুড়ে নেয় মনের মত॥
ছুঁতেছে রবির কিরণ তায়, শিহরি উঠছে আঁচের ঘায়,
বিবশা পোড়্‌চে ঢোলে ফুবাল সাধ প্রাণের ব্রত;
মলিনা মলিন মুখে—প্রাণেতে সয় প্রাণের ক্ষত ॥ ২৩৬

খট—খেমটা।

বিনা প্রাণ বাচেনা দিন রাত। সদা সাধ ফিরিতে নাথ সাথ,
গমনে, ধরনে, ললিত বচনে, হৃদে বাজে কুসুম শরাঘাত ॥ ২৩৭ ॥

ভৈরবী—ভর তঙ্গ।

ঊষা হাসিল ফুল ছুলি সখীরে।
করতালি দেলো ওলো ডাকলো মিহিরে॥
রাঙ্গা আকাশ রাঙ্গা আভা-শিশিরে,
ছায়া মেঘ রাঙ্গা সরে ধীরে ধীরে, রাঙ্গা মুকুর সুরধুনীর নীরে॥
দেখলো মিহিরে ওই দে লো মিহিরে;
ছুটে কিরণ আ স তরু শিরে শিরে,
বাচি মাতিয়ে আয় ঘুরে ফিরে ফিরে ॥ ২৩৮ ॥

সিন্ধু ভৈরবী—যৎ।

(ওলো) ফুলে ফুলে আঁচলে ধরে না ধরে।
বোঁটা কেটে সাজাই থরে থরে॥
কলিকা কালামুখ, এখনো কচি খুকি,
কি বোলে ঝাঁপায়ে আসে সোরে, ঢাকা ঢাকিয়ে রাখ যাবে ঝোরে।
দিইলো করতালি, কানন হলো খালি;
নাম দিলে ডালে—কিছু না ঝরে।
কসি এঁটে আয় লো ধোরে নি করে॥ ২৩৯॥

আহামরি! বেস্‌তো ভাল বেসেছো।
বেস্ বেস্ বেস্ বশ কোরেছ, বাস্‌তে ভাল শিখিয়েছো॥
ছুটি ছুটির পানে চাও, মুখভরা হাস, বুকভরা প্রেম নিতুই নূতন পাও।
বেস্ বেস্ বেস্ বেস্ শিখেছো প্রেম পিয়াসা মিটিয়েছো॥ ২৪০॥

ইমন্‌কল্যান—আড়াঠেকা।

নয়ন ফিরায়ে দেখি নয়ন রঞ্জন, বিধাতার বিধি বসে সবে নিয়মে
বেগবতী স্রোতস্বতী তরঙ্গে টলায়ে ক্ষিতি
তাঁরি আজ্ঞাধীন হয়ে করিছে গমন।
ঘোরে রবি শশী তারা, কভু নহে পথ হারা,
তিনিই সবারি সার সবারি জীবন॥ ২৪১॥

ঝিঁঝিট খাম্বাজ—জলদ তেতালা।

দেখ লো সজনি ধনি রমনীর শিরোমণি।
হাঁসিছে বিমল হাঁসি অনন্ত আননখানি॥
হেরি চার জটাভার, ধারা ধরে ধরাধর,
কিবা মধুর অধর, মাধুরি আধার মানি,
চল চল দুনয়ন, যেন কাম শরাসন,
নলিনী মৃণালে যেন সুগোল যুগল পাণি॥ ২৪২॥

প্রাণ চিনিতে শিখেছি প্রেম পাঠ, ভাল বাসাবাসি নহে নাটুয়ার নাট।
সরল পীরিতি মেলা, প্রাণ ধরাধরি খেলা,
ক্ষণে ধরা বাঁধাবাঁধি খুলিবে না ঝাঁট,
জীবনে মরণে দুঁহুঁ চলে এক বাঁট ॥ ২৩৩ ॥

প্রাণে ভাল বাসাবাসি বাসনা আমার।
সবশে বিবসা বঁধু সোহাগে তোমার ॥
ভাব যা ভাবনা মোর দোঁহে দোঁহা ভাবে ভোর,
মিলে মিশে মিটে যায় আশা লালসার ॥ ২৪৪ ॥

পাহাড়ি জংলা—ঠুংরী :
প্রাণনাথ প্রাণ মন দিয়েছি তোমারে হে।
ভালবাসি মধু হাসি মধুর অধরে হে ॥
দেখো নাথ দেখো দেখো, অধিনীরে মনে রেখো
বিরহ বিষম দাহে যেন না জ্বলি—
অন্তরে অন্তর রেখে দেখি প্রাণ ভোরে হে ॥ ২৪৫ ॥

পাহাড়ী—লোফা।
(বিধিরে) দারুণ অনলে কেন করিছ দহন।
অমরী করিয়ে মিছে করেছ সৃজন ॥
অমরী না হলে পরে, জীবন যেত অন্তরে,
জীবন, জীবন ধনে করেছে কাল হরণ ॥ ২৪৬ ॥

মিত্র—দাদরা।
শুনছি নাকি এ বনে কি ফুল ফোটে।
যায় না বোঝা দেখে ঠেকা ফুলের গরব কে ছোটে ॥
বনের মাঝে ফুটে আছে ফুল, প্রাণ করে ব্যাকুল,
দেখি যদি বুঝতে পারি তার কি আমার ভুল :
ফুল ফুটেছে দেখে নাকি শুনেছি সই প্রাণ ফোটে
বুঝি এ কথার কথা মনে ধরে না মোটে ॥ ২৪৭ ॥

কামোদ খাম্বাজ—জলদ তেতালা।

নানান্ দেশে নানান্ ভাষা। বিনা স্বদেশীয় ভাষা পূরে কি আশা।
কত নদী সরোবর, কিবা ফল চাতকীর,
ধারা জল বিনে কভু ঘুচে কি তৃষ্ণা ॥ ২৪৭ ॥

সিন্ধু ভৈরবী—মধ্যমান।

ও সখি চল চল কেলী কাননে। গাঁথিব মালা অতি সযতনে।
শারদীয় আগমনে, মাতিল সে নবঘনে
ধরণীরে সাজাইব চারুভূষণে।
পলাশ কুসুমিত অশোক বিকাসত, সহকার মুকুলিত মাধবী সনে।
বিকচ কমল ফুল, কলিকা পরিমল,
বাহিনী বহতা ধীর সমীরণে ॥ ২৪৮ ॥

খাম্বাজ—কাওয়ালী।

প্রেম মগনা রমণী মণি নেহার লো।
সুখ সাগর নিকরে নিহার লো ॥
শত শেতমণি, সুর শিরোমণি, নব কিরণে সুধার আধার লো ॥ ২৪৯ ॥

সিন্ধু-খাম্বাজ—খেমটা।

আহা মরি মরি কিবা মাধুরি, হাসিছে সুখ সহচরি।
করিয়ে মঙ্গল গান, তুলিব সুতানে তান
পোহাল প্রণয়াকাশে শেষে সর্ব্বরী ॥ ২৫০ ॥

বেহাগ—আড়া।

অধরে অমৃত ধর দিবা যামিনী। পল্লব মৃণাল নেত্র নীল উৎপল
করতল শতদল চরণ নবনলিনী—
হেসমুখে মাথা হ'সি, আমি বড় ভালবাসি,
হৃদয়ে রাখিব সদা মনোমোহিনী ॥ ২৫১ ॥

ঝিঁঝিট—কাওয়ালী।

সাধ গো, ছাড়িয়ে যাই সংসার কারা,
স্বাধীন পাখীর মত, সাধ হয় অবিরত,
বেড়াই গগন-গায়, গীতে মাতোয়ারা।
অথবা প্রফুল্লমনে, সুন্দর গগনোদ্যানে,
ফুটে থাকি চিরতরে, স্নিগ্ধভাতি তারা ॥ ২৫২ ॥

বেহাগ—ঠেকা।

ধিক্ ধিক্ মধুকরে! কে প্রেমিক বলে তায়?
কমলিনী ত্যজে যার কেতকীতে আশা ধায়।
মধুলোভা মধু আশে, ভ্রমে নানা পুষ্প-পাশে,
লম্পট নাগর যথা নিত্য নব নব চায়—
একে প্রীতি নাহি যার, প্রণয়ে কি সুখ তার?
এটা ছাড়ে, ওটা ধরে, কোথাও না সুখ পায় ॥ ২৫৩ ॥

কেদার—ত্রিতালী।

আমরি কলি কি তোরে বলি,
প্রেম ফোটালি মন ছোটালি গরবেই মলি।
যদি থাক্‌তো লো দর্পণ, ফিরে কি আর কি দেখি ফুটেছিস কেমন,
যতনের থাকলে জিনিস করি তায় যতন,
যেচে মন পরকে দেব এ কথায় কি আর টলি ॥ ২৫৪ ॥

কেদার ঝিল্লা—খেমটা।

প্রেম ফুটেছে নয়তো কি সই চাইলো তোর পানে।
বনে কি ফুল ফুটে ফুল দেখি বাগানে ॥
দামিনীর দলকে চলা নয়তো কি দেখি,
কুমুদের কাছে বসে কিরণ কি মাখি,
দেখতে উষা কলির সনে জেগে কি থাকি;
তারার সনে ফুলের কথা যে শুনেছে সে জানে ॥ ২৫৫ ॥

থাম্বাজ—দাদ্‌রা।

যদি সখ থাকেতো চেয়ে দেখ নয়তো চেও না।
মজতে যদি ভয় থাকেতো মজতে যেও না॥
ঘৃণা, লজ্জা, ভয়, তিনটী থাকতে নয়,
মান, অপমান, সমান করে, সইতে কত হয়,
সয় যদি তো স'য়ে থেকো নয়তো সওনা;
পাও যদি পাও হীরে মাণিক আমায় পেওনা॥ ২৫৬॥

ঝিঁঝিট—আড়াঠেকা।

প্রাণ তুমি কার হবে, আমি যদি মুদি আঁখি,
অন্য জনার মন নেয়ে, আমারে দিওনা ফাঁকি।
শুন প্রাণ তোমারে কই, আমি বুঝি কেউ নই,
যদি দেশান্তরে রই, হৃদ-কমলে তোমায় দেখি॥ ২৫৭॥

প্রাণ যারে চাও, প্রাণ দিয়ে তায় চায়না কেন প্রাণ।
সে আপনা হারা, মাতোয়ারা, দেখ চাঁদ বয়ান॥
তার সনে তার কখন পরিচয় সুধালে তাই কয়না কথা মৌন ভরে রয়
সে যদি আপনা বেচে, বাড়ায় আপন মান।
ফুলের হাঁসি চাঁদের বুকের গর, কে যেন তায় বেঁধেছিল ঘর,
সেথায় তারে দিবানিশি করে সে সন্ধান,
কেঁদে কেঁদে দেখতে পেলে তায়, সরম ভরে দূরে সরে যায়
মরা প্রাণে যায় ডেকে তায় প্রেমের উজান বাণ,
ডাকলে তারে একটু ইশারায়, লুটিয়ে পড়ে চরণে মিলায়
সে আত্মদানে আপনা সুখী চায়না প্রতিদান॥ ২৫৮॥

আমোদ প্রমোদ।

সোনামুখী পাখীটী আমার! সুখে দুখে সাথিটী আশার নিরাশার
পাখা দুটী বিছাইয়ে, উড়োতো উধাও হোয়,
বোলো তাঁরে আমি যারে জানি আপনার॥
নীরব সে বীণা বিনা এ বীণার তার॥ ২৫৯॥

কালেংড়া—আড়াঠেক।

কুচ-কমল কলিকে হেরে হইও না মানিনী।
অরুণ-নয়ন-গুণে প্রফুল্ল হবে এখনি॥
কি ক্ষতি তোমার বল, যে ক্ষতি মম কেবল,
কথা রাখ বদন তোল, মিনতি করি রে ধনি॥ ২৬০॥

ধুন সারঙ্গ—কাওয়ালী।

মরি মাধুরী ধরে কিবা ফুলবন।
।ন নরবরে নব নাগরী নগরী নবীন কুসুম হারে করে বরণ॥ ২৬১॥

তাল—খেমটা।

।তার কোথায় লাগ যাদুমণি, ঘুঘু দেখেছ চাঁদ, ফাঁদতো দেখনি।
ডুবে জল খাও,তার প্রতিফল পাও,তরঙ্গেতে কুটো দিলে হয় দুখনি।
মনেতে করেছ আশা, বাঘের ঘরে ঘোগের বাসা,
আস্‌কে খেয়েছ যাদু, ফোঁড়্‌ত গণনি॥ ২৬২॥

ঝিঁঝিট খাম্বাজ—আড়াখেমটা

কথা শুনে সরমে মরে যাই, ছিছি একি লো বালাই,
এসেছে সন্ন্যাসী নাকি, হবে নাত জামাই।
করেছিলে যেমন পণ, সুখে কর কালযাপন,
মিলেছে বর মন মতন, সন্ন্যাসী গোঁসাই॥ ২৬৩॥

ভৈরবী—মধ্যমান।

ভালবাসা জানালে। হাসি হাসি প্রেম ফাঁসি নাশিবারে পরালে।
পরেতে বিরহাগুণ, রেখেছ হতে দাহন,
কটুবাক্য তৃণসম, দিতেছ নির্ব্বাণ কালে॥ ২৬৪॥

লুম—যৎ।

বলিব কি সখি আর তোমারে, হরেছে মন মনচোরে।
ইচ্ছা হয় মনচোরে, হৃদয়েরি হার করে, রাখি হৃদয় মাঝারে,
হেরি সদা নয়ন ভোরে, বলিব কি আর তোমারে॥২৬৫॥

ভৈরবী—খেমটা।

আমি কি পাগল হব রে। ভালবাসা বিনে আমার প্রাণ গেল রে।
কি লাগিয়ে মন প্রাণ, সদা হয় উচাটন,
বিধি বড় নিদারুণ, দুঃখ দিল রে॥ ২৬৬॥

বেহাগ—কাওয়ালী খেমটা।

পাখি আর পুষবো না, শিকলি কাটা সে চল্লোনা।
পুষেছিলাম শ্যাম পাখি, সে আমায় দিয়েছে ফাঁকি,
কোথায় গেল বিধুমুখী, আমায় দিয়ে এ যন্ত্রণা।
ঠোঙ্গা ভরে দিতাম ছোলা, দাঁড়ে বসে দিত দোলা,
কোথায় গেল সে অবলা, আমায় দিয়ে এ যন্ত্রণা॥ ২৬৭॥

পরজ—কাওয়ালী।

ঘোমটা খোল, বদন তোল, কথা কও মাথা খাও;
কেন যাও সরে, কাছে এস রে;—
যেন ফুলকোমুখী অবাক একি, পাশে গেলে পাশ কাটাও;
কেন—কেন অধোমুখী বল বল বিধুমুখী;
ওমা একি একি শ্যাম সেজেছে সেজেছে শ্যামাঙ্গিনী।
মন ভাঙ্গিতে হয়েছে রমণী গুণমণি;
মন বাসনা পূর্ণ হবে না;
তুমি যাও ফিরে, বারে বারে জ্বালাও কেন রাধারাণী॥ ২৬৮॥

লুম খাম্বাজ—কাওয়ালী।

অনেক দিনের পরে দেখা, কেমন ছিলে বলনা।
দাসী বলে জান না মনে কি হে ছিল না॥
আমি বলে চলে গেলে সে আসা কি এই আসিতে,
ভালবাসি বলে কিরে আসিতে ভালবাস না॥
তোমা-সনে প্রেম করে, জ্বালাতন ঘরে পরে,
যত দুঃখ সই অন্তরে, জেনেও কি তা জান না॥ ২৬৯॥

জংলা—খেমটা।

তোর সঙ্গে প্রেম করে, ধনে প্রাণে হলেম সারা,
বর্ষাকালেতে যেমন, ভাঙ্গা ঘরে বসত করা;
প্রেম করে এই হ'ল, কাঁদিয়ে জনম গেল,
অবশেষে এই ঘটিল, যেমন কাঁচা বাঁশে ঘুণ ধরা ॥ ২৭০ ॥

ঝিঁঝিট—কাওয়ালী।

এত ভালবাসা রে প্রাণ, ভুলেছ কি একেবারে।
এত যে বাসিতে ভাল, ভালবাসা জানা গেল,
পেতেছিলাম মায়াজাল, অবলা বধিবার তরে ॥ ২৭১ ॥

খাম্বাজ—খেমটা।

নাগর মনের মত মিলিল ভাল, রূপে জুড়াই আঁখি ভুবন আলো;
কমল মধু কণা, অলি আর পেলে না,
ভাগ্যগুণে বুঝি অলি ভেকেরি হোলো ॥ ২৭২ ॥

জলদ—তেতালা।

পুরুষ কঠিন জাতি সৃষ্টি বিধাতার।
নারীনাশক নিশ্বাসবাতক সকল কুব্যবহার ॥
মিষ্ট কথা বলে কয়ে, রমণীরে ফাঁকি দিয়ে,
ভুলাইয়ে মন নিয়ে চায় না ফিরে আর ॥
যত দিন যোবন থাকে, সে কয় দিন মান রাখে,
শেষে পলায় পরাইয়ে, কলঙ্কের হার ॥ ২৭৩ ॥

চিত্রাগৌরী—জলদ একতালা।

ও লো কাঁপলো লো বুঝি অলি এল লো, রাঙ্গা হাসি কলি হাসিল লো।
নীরবে নাগরে আদর করে, দোলে সোহাগ-ভরে,
মধু উথলে অধরে নাহি ধরে, কুসুম-সঙ্গিনী, উষা বিনোদিনী,
রাঙ্গা হাসি হেসে রাঙ্গা চলিল লো ॥ ২৭৪ ॥

ঝিঁঝিট—খেমটা।

নাইকো আর কমলকলি অলি কি আর জোটে রে।
ডাটা-সার হয়েছে আমার নাইকো মধু মোটে রে॥
ছোটে তারা যেখানেতে, নূতন কলি ফোটে রে,
নূতন পেলে, বাসি ফেলে নূতন মধু লেটে রে॥ ২৭৫॥

বাম্বাজ—খেমটা।

যায় ডুবি যৌবনের তরি অকুল তুফানে।
মদনের ঢেউ লেগেছে রাখতে পারি নে।
প্রেম-নদী তুফানে ভরা, নাইক তার কূল কিনারা,
পাল তুলি কি হাল ধরি, তার উপায় দেখিনে॥ ২৭৬॥

সাহানা—কাশ্মিরী খেমটা।

ওলো ও সখি, যায় বুঝি প্রাণ কোকিল স্বরে।
ত্বরায় এসে দে লো তোরা প্রাণপতিরে।
একেতো যৌবন ভার, সহিতে না পারি আর,
তাহে মদনের শর, দহে অবলারে। ২৭৭॥

বেহাগ—দাদরা।

সুখের লহর, যায়লো ছুটে, প্রাণগুলি সই পাগলপারা।
চাঁদ ধর সই, তান তোল সই, আয়লো খুলি প্রাণ-পসরা।
প্রাণের প্রাণ আসবে ছুটে, প্রাণের ফাঁদে পড়বে লুটে,
ভাঙ্গা হাওয়া যাবে টুটে, বইবে মলয় সুধার ধারা॥ ২৭৮॥

টোড়ী—আড়খেমটা।

এলাম সই তোদের পাড়াতে।
প্রেমজ্বরে মরছে যে জন তারে বাঁচাতে।
ঔষধের এমনি গুণ, পরশে রোগ নিবারণ,
যোড়া লাগে ভাঙ্গা মন, ছুঁতে না ছুঁতে॥ ২৭৯॥

খাম্বাজ—আড়াতেতালা।

এ বেশে বসিয়া কেন, চিন্তারূপ তরুতলে।
মনেরে ভুলালে বুঝি প্রাণ, কহ কৌশল ছলে।
রোষ কেশর চন্দন, সব শরীরে লেপন,
ললাটে অলক-লতা, শ্রম বিনা শ্রমজলে।
নয়নে রোদন ঠার, হিল্লোলে সলিল ধার,
লম্বিত মৌন হার, কিমনীয় মনোগলে। ২৮০ ॥

ভৈরবী—আড়াঠেকা।

আদরে আদরে ভালত ছিলে আদরে,
যে তোমায় করে আশ, তার দশা কি করিলে।
সজল জলদ তুমি তৃষিত চাতক আমি,
আমারে বঞ্চনা করে, কোথা বিন্দু বর যলে ॥ ২৮১ ॥

লুট ঝিঁঝিট—মধ্যমান।

কপট অন্তরে এত দুঃখ দেওয়া ভাল নয়,
মনে দুঃখ দিলে যারে, প্রাণে দুঃখ পেতে হয়।
কথায় কথায় প্রবঞ্চনা, (প্রেমে) ভালবাসা গেছে জানা,
যে যাহারে ভালবাসে ব্যাভারে তা জানা যায় ॥ ২৮২ ॥

মাঝ—পোস্তা।

একলা ঘরে রইতে নারি, কেমন করে প্রাণ।
অবলা পেয়ে মদন হানছে সদা ফুলবাণ।
যদি কেউ রসিক থাকে, মন প্রাণ দিই তাকে, রাখি সদা বুকে বুকে,
চলে যাই নে যায় যেথায়, ভাসিয়ে দিয়ে কুল-মান।
মরি কি মধুর রাতি, কোরবে গো সাথি, কোথায় পাই বাথার ব্যথী,
জ্বালায়ে মদনের বাতি, নিশি করি অবসান। ২৮৩ ॥

বিভাস একতালা।

নাতনি তুই যেমন স্বরূপা, তেমনি বর জুটেচে নেংটা খেপা।
যুবতী বালিকা কালে, গঙ্গাজল আর বিল্বদলে,
পুজলি পশুপতি পতি পাবি বলে,
সন্ন্যাসীর জন্যে কি করেছিলে পঞ্চতপা ॥
সমোমত ধন্য ব্রহ্মচারী ভটাধারী, রজত-গিরির কোলে দোলে স্বর্ণ-চাঁপা,
দেশ বিদেশে হয়ে যাবে সিদ্ধির ঝুলি বইতে হবে, সোনার জটে
ছাই মাখাবে, (ওলো ধনি) বাঁধিবে বেণী এলায়ে গোঁপা ॥২৮৫

বেহাগ - মধ্যমান।

চন্দ্রশূন্য তারা শূন্য মেঘান্ধ নিশীথ চেয়ে,
দুরভেদ্য অন্ধকারে হৃদয় রয়েছে ছেয়ে।
ভয়ানক সুগভীর, বিষাদের এ তিমির,
আশার বিজলীরেখা উজলেনা এই হিয়ে।
হৃদয়ের দেবতারে পূজিনু জনম ধরে,
মর্ম্মভেদী যাতনায় অশ্রুজল দিয়ে।
একটু মমতা তবু পাইনু না ফিরিয়ে ॥ ২৮৬ ॥

ভৈরবী—কাওয়ালী।

(আমায়) ভালবাস না বাস।
আমি তো কখন তোমার ছাড়িব না আশ ॥
যথা তথায় থাকি, তোমা বিনা হইনা সুখী,
বধিলে বধিতে পার, রাখিলে তোমারি যশ ॥ ২৮৬ ॥

জংলাট—আড়া

যতনে গাঁথিব আমি বকুল ফুলেরি মালা।
দিব প্রাণ সখির গলে জুড়াবে মনের জ্বালা ॥
আমরা বনবাসনী, হীরামতি নাহি জানি,
আদরে মালা দিলে করিবে না অবহেলা ॥ ২৮৭ ॥

আলাইয়া—একতালা।

যুবক যুবতী জাগ, যামিনী যে যায় রে,
মদন-শাসনে কেবা নিশীথে ঘুমায় রে।
শুক তারা প্রকাশিলে, বিভাবরী প্রভাতিলে,
সুখ-হারা হবে পুনঃ বিরহের দায় রে।
আজি যে গোলাপ ফুল, সৌরভে করে আকুল,
কালি সে শুকায়ে যাবে, কেবা তারে চায় রে॥ ২৮৮॥

খাম্বাজ—কাওয়ালী।

মষ্টি-ভাষী, দৃষ্টি-হাসি অবিশ্বাসী নারী,
সোহাগের সামগ্রী বটে, বিচ্ছেদের কাটারী।
নারীর অন্ত পাওয়া ভার, উন্মত্ত এ ত্রিদ সার,
নারীর পদতলে পড়ে আছেন ত্রিপুরারী;
মান ভাঙ্গলেন ভগবান্ নারীর পায়ে ধরি;—
নারীর জন্য কীচক মলো, রাবণ নির্ব্বংশ হলো,
আমি কি আর বুঝিব বল নারীর ছল চাতুরী॥২৮৯॥

খাম্বাজ—মধ্যমান।

ভুলি ভুলি ভোলা নাহি যায়, মন যারে চায়,
ভুলিতে সরে না মন, ভাবিতে যে চায়।
সে যদি ভুলিতে পারে, ভুলুক না সে আমারে,
আমি ত তিলেক-তরে, ভুলিব না তায়॥ ২৯০॥

খাম্বাজ—আড়াতেতালা।

বরিষে আঁখি এ আর কেমন, বিচ্ছেদ বিষাদে এক করিতে রোদন
যদি বহু দিনান্তরে, পাইলাম প্রাণেশ্বরে,
তাহাতে সজলে হল দৃষ্টি আচ্ছাদন;
আমি তৃষিতা-চাতকী, আছি নীরদ নিরখি,
তুমি ত তা নহ কেন, কর বরিষণ॥ ২৯১॥

খাম্বাজ—ঢিমেতেতালা।

কেন তাপিত কর সখি প্রাণ মন;
ধৈরজ ধর মনে, চারুবদনে, কেন বিষাদ-নীরে হতেছ মগন;
কমল-বদন-ভার সহিতে না পারি আর,
অন্তর বিদরে হেরে ও মুখ মলিন। ২৯২।

সাহানা—খেমটা।

মনসখ মনোরমা মরি মরি মিলিল,
মিথুন মিলনে মন মহামোদে মাতিল
মনোরমা মনোমত, মিলায়াছে মনোমত।
মধুমাখা মধুর মিলনে মন মজিল।
মানস-মোহন মিলনেতে মন মোহিল। ২৯৩।

ভৈরবী—আড়াখেমটা।

এই মালা যে গলে পরে, এমন রসিক দেখিনে।
অরসিকে ফুল বেচি নে, আমরা রসিক দেখলে ফিরাই নে।
যারা থাকে প্রেম-বাজারে, তাদের মালা বেচি ধারে,
নইলে কি প্রাণ চায় রে তারে, আমরা ভস্মে ঘৃত ঢালি নে। ২৯৪।

ঝিঁঝিট—কাওয়ালী।

তুমি ভাল বাস না বাস রে প্রাণ।
তবু তব আসার আশে রেখেছি পরাণ।
তুমি প্রিয়ে নবঘন, আমি লো তৃষিত জন,
তোষ এই অভাজনে, করে বারি দান। ২৯৫।

ভৈরবী - পোস্তা।

সারা হলেম প্রাণ আমি সারা নিশি জাগিয়ে;
আছি যে প্রাণ ও তোমার মুখ চাহিয়ে॥
অনেক দিনের অভিলাষী, সুখেতে বঞ্চিব নিশি,
কপালক্রমে দুদিন আছি, উপবাসী হইয়ে। ২৯৬।

খাম্বাজ মিশ্র— খেম্‌টা।

এসেছে নবীন সন্ন্যাসী।
আঁখিতে দেয়লো ফাঁকি, হাসিতে পরায় ফাঁসি।
ছিছি লো হল একি দায়, ঘন ঘন কেন যোগী মুখের পানে চায়;
কে জানে কি আছে মনে, কাজ কি সরে আয়;—
উদাসী নাগা নিয়ে অকুলে কেন ভাসি।
শেষে ছাই মাখবো কি ছাই ভাল না ত এ হাসি॥ ২১৭॥

পিলু—কাওয়ালী।

মানিনু মানিনু হার তোর কাছে, সখি।
আমার মালতী তোলা, এখন হোলোনা বালা,
ফুলে ফুলে আচল ভরা তোর যেলো দেখি।
সারা বাগান লুটে নিয়ে তুই এলি না কি? ২১৮॥

বেহাগ—যৎ।

শশী বুঝি ভূমে উদিল, তারে হেরে এ যন্ত্রণা হলো;
ও বদন চাঁদ ধরা ফাঁদ, নারী হয়ে নারীর মন মোহিল॥ ২১৯॥

ঝিঁঝিট—আড়াঠেকা।

পাষাণ প্রাণে পাষাণ হয়ে, পাষাণীরে তেয়াগিলে।
পাষাণের আসান প্রাণে, প্রাণ তুমি প্রাণ দিয়েছিলে।
পাষাণ প্রাণ ফুলের মত, রেখেছিনু অবিরত,
তাইতে তুমি প্রাণনাথ, পাষাণীরে কাঁদাইলে॥
পাষাণ হয়ে পাষাণ প্রাণে, পাষাণের দাগ দিলে॥ ৩০০॥

খাম্বাজ—খেম্‌টা।

ধরহ রজবালা এনেছি মালা সুচিকণ
পড় গলে জুড়াক জীবন॥
রেভি ফুলে গেঁথেছি মালা; দেখি টলে কিনা কালার মন॥ ৩০১॥

ঝিঁঝিট—একতালা।

হেথায় একটী গাছের আড়ালে মালতী ফুটিয়ে রয়েছে ভাই।
তাই তো, লো সখি, তুই থাক্ হেথা আমি তবে হোথা ছুটিয়ে যাই।
না, না, ও যে মোর সাধের কুসুম কেন দিব সই তুলিতে তোরে।
এই দেখ্ দেখ্ যাই তোর আগে; তুই কি পারিবি ধরিতে মোরে॥৩০২

খাম্বাজ—একতালা।

যা, যা, তুল্ গে লো তোর সাধের কুসুম দিবনা, লো, তোরে বাধা।
আমি তুলি এই মল্লিকার রাশি ফুটে ছ কেমন আধা॥
এই ঢুলু ঢুলু মালতীর ফুলে, গাঁথিব মোহন মালা;
মরি কি তাহাতে মধুর মধুর সাজিবে রূপসী বালা! ৩০৩॥

ভৈরবী—মধ্যমান।

সুন্দরী হইলে কি হয়, বলি প্রাণ তোমায়।
রসবোধ না থাকিলে, রসবতী কেবা কয়॥
কেতকী (চম্পক) পুষ্পেরি গন্ধ, সবে বলে মকরন্দ,
তবে কেন সে ফুলেতে ভ্রমর বঞ্চিত হয়।
কোকিল কুৎসিৎ পাখী, তার রূপ নাহি দেখি,
তথাপি তাহারি গুণে সকলে মোহিত হয়॥ ৩০৪॥

ভৈরবী—খেমটা।

নিশি শেষে কালশশি কোথা হ'তে উদয় হ'ল।
অরুণ নয়ন ছুটী চ'লে যেতে পড়ে ঢ'লে॥
কপালে সিন্দুর বিন্দু, শুকায়েছে মুখ ইন্দু,
বল ও কার প্রেম সিন্ধু, মথিলে বসি বিরলে॥ ৩০৫॥

ভৈরবী—কাওয়ালী।

(আমায়) ভাল বাসনা বাসরে প্রাণ।
আমিতো তোমারি আশে রেখেছি জীবন॥
তুমি ব্রজে নব ঘন, আমি তো তৃষিত জন,
করি প্রিয়ে বারি দান, রাখলো জীবন॥ ৩০৬॥

কীর্ত্তনের সুর।

আমারে, কে নিবি ভাই, সঁপিতে চাই আপনারে!
আমার এই মন গলিয়ে কাজে ভুলিয়ে, সঙ্গে তোদের নিয়ে যারে,
তোরা কোন্ রূপের হাটে, চলেছিস্ ভবের বাটে,
পিছিয়ে আছি আমি আপন ভারে,
তোমাদের এই হাসিখুসী দিবা নিশি দেখে মন কেমন করে!
আমার এই বাঁধা টুটে নিয়ে যা লুটে পুটে,
পড়ে থাক্ মনের বোঝা ঘরের দ্বারে!
যেমন ঐ এক নিমিষে বন্যা এসে ভাসিয়ে নে যায় পারাবারে
এত যে আনা গোনা, কে আছে জানা শোনা
কে আছে নাম ধরে মোর ডাক্‌তে পারে!
যদি সে বারেক এসে দাঁড়ায় হেসে
চিন্‌তে পারি দেখে তারে॥ ৩০৭॥

শ্যাম সিন্ধু—দাদরা।

ভুলো না কথায় ভুলো না। হেতায় তো থাকা হলোনা।
থাক্‌লে হেতা ঠেকবে দায়ে কিয়ে চলনা:
এসেছে ছলবে বলে, শেষে কি ভাসব জলে,
ওনা, চাইলে যাবে নারীর মন টলে; ওলো সরলা ললনা॥
দেখিস লো থাকিস সাবধানে, আঁখি বাণ প্রাণে না হানে,
মনচোরারে ধরা কেন দেব বলনা॥৩০৮॥

কান্‌ড়া—দাদ্‌রা।

ওলো সই, দেখলো কত কাণ;
কথায় কথায় প্রাণ রাখে পায়, শুধু কথার প্রাণ॥
য় কথায় যে জন ধরে পায়, কেউ যেন না ভোলে তার কথায়,
কথায় কথায় প্রাণ রাখে পায় মজিয়ে চলে যায়।
মন-মজানের মজ্‌লে কথায় থাকে না লো মান।
যেমন আদর তেম্‌নি অপমান॥৩০৯॥

মল্লার - দাদরা।

আমরা চার রকমের চার বিরহিনী,
বিচ্ছেদে প্রেমের খেদে ঘুরি দিবা যামিনী॥
কারুর বুকে চার পিরীতের দগা ধরেছে;
কেউ পিরীতের কয়ুনিতে জ্যান্তে মরেছে,
কারুর লজ্জা সরম ধরম করম সকল হরেছে;
কেউ পিরীতে উঠি পাড়ি তবু পিরীত ছাড়েনি॥
প্রেম করে কেউ আড় নয়নে চায়; কেউ ধুলা মাখে গায়;
পীরিত তোরে বলিহারি যায়॥
কেউ নয়ন-জলে গাঁথে মালা, কেন বা প্রেমে মানিনী॥৩১০॥

বাগেশ্রী—কাওয়ালীখেমটা।

(নাথ) তোমারি ভালবাসি প্রাণ, জানা গেল, বোঝা গেল।
কাল আসি বোলে গেলে, আর নাহি দেখা দিলে,
অবলারে মজাইলে, করিপে ছল মান॥৩১১॥

বেহাগ—আড়া।

যাও যাও ফিরে যাও মন বাঁধা যেখানে,
পরেরি পরাণ তুমি, কেন এলে এখানে
তুমি যে এলে এখানে সে যদি তা শোনে কানে,
সাধের প্রেমে বিচ্ছেদ হলে, সে মরিবে পরাণ॥৩১২॥

বেহাগ - কাওয়ালীখেমটা।

তিমিরে ধীরে ধীরে ডুবে যায় লো দিননাথ।
এলিয়ে দিয়ে সাধের বেণী, চল ওলো প্রাণেসজনি,
সৈ লো সৈ সাঁজের বেলা, করবো না আর জলখেলা
কেজানেকে লুকিয়ে থেকে দেখবে সই হৃদয়খানি॥৩১৩॥

বেহাগ—কাওয়ালী।

মন যে আমার নিলে আর ফিরে দিলে না,
জনম ফুরায়ে গেল আর দেখা হল না।
তাহারে হেরিলে সই, মুখপানে চেয়ে রই,
বলি বলি মনে করি, আর বলা হল না ॥৩১৪॥

ভৈরবী—কাওয়ালী।

দেখলে তোরে আপন হারা হই,
গেলে পরে আরতো ফিরে, আসবে না লো সই।
প্রাণে সই পাষাণ বেঁধে, এসেছি কাঁদিয়ে কেঁদে,
বলব কত সে মনের খেদে,
ক বলে বল আসব চলে, জানে না সে আমা বই ॥৩১৫॥

বারোয়া—খেমটা।

আমারে আসতে ব লে, এত অপমান করা,
মনে কি নাহি হে নাথ দুহাত দিয়ে পায়ে ধরা।
মনে মনে ভাব তুমি, বড় সুচতুর আমি,
নিহারি যাই তোমারি, এই কি রে তোর প্রেম করা ॥৩১৬॥

ঝিঁঝিট খাম্বাজ—আড়াখেমটা।

এ যৌবন জোয়ারের বারি, তার বড়াই কি করিস এত;
ঘটিতে পা পড়ে না লো,—আবার ধরা দেখিস সরার মত।
শুনলো বৃন্দে তোরে বলি, বুকের মাঝে কমল-কলি,
শুকালে জুটবে না অলি, কাঁদতে হবে অবিরত ॥৩১৭॥

শঙ্করা—আড়খেমটা।

রাখি তারে হৃদমাঝারে, পাই যদি সই সেই নাগরে।
যখন ঠেকে মন হরেছে, প্রাণ কি সরে থাকতে ঘরে।
চাহিনে আর মদনশরে, চলে পড়ি যৌবনভরে;
প্রাণসজনি তারি তরে, ঝাঁপ দেয়েছি প্রেমসাগরে ॥৩১৮॥

ভৈরবী—আড়াখেম্‌টা

(আমি) জানতাম যদি নিরবধি কাঁদাবে আমায়।
তবে কি রে মন প্রাণ, সঁপিতাম তোমায়।
ভেবেছিলাম পরেশ-পাথর, কপালগুণে হল পাথর,
এখন আমার নিশার স্বপন,প্রকাশ করা দায়॥৩১৮॥

ঝিঁঝিট খাম্বাজ—কাওয়ালী।

অবলায় মজিয়ে পিরীতে প্রাণ যায়।
মানস চাতকী, যাহার পিপাসী সে জনে ফিরে নাহি চায়।
রমণী অবলা, স্বভাব সরলা, পুরুষ পূরিত শঠতায়,
যত দিন যৌবন, পর হয় আপন, ক্রমে ভাব অভাবে লুকায়॥ ৩১৯

খাম্বাজ—কাওয়ালী।

সখি কি জন্যে যোগী সনে হব যোগিনী।
সে করেছে পণভঙ্গ, বাড়ায়েছে প্রেম তরঙ্গ
রঙ্গরসে থাকবো আমরা দিবস রজনী॥
ছাই দিয়ে যোগীর মুখে, আমরা রব পরম সুখে,
শারী শুক যেমন থাকে সঙ্গের সঙ্গিনী॥ ৩২০॥

সুরট খাম্বাজ - ঢিমে তেতালা।

অতি ঘোরতর মেঘে ঘেরিল গগন, ওলো বিধুমুখী নিজগুণে রাখ আমায়
অতিথি তোমারই শরণ চায়।
পয়োধর হেরিয়ে প্রাণ আকুল, বিদ্যুতের সমরূপে নয়ন ভুলিল,
এখন অন্যত্র আমি যাই কোথা বল,পথিক তোমারই শরণ চায়॥৩২১

লক্ষ্ণৌ—ঠুংরি।

যদবধি প্রাণ আমি সঁপেছি তোরে, তদবধি নাহি হেরি অন্য কারে।
প্রাণ! মনে হলে তব বিম্বাধরে, কত অপ্সরী কিন্নরী লাজে মরে॥
প্রাণ বলি তোমায়, ভালবেসো আমায়,
তোমার পিরীতে পড়ে আছি রে মরে॥ ৩২২॥

শঙ্করাভরণ—আড়খেমটা।

এখন কিহে নাগর তোমার আমার প্রতি সে মন আছে।
নূতন পেয়ে পুরাতন তোমার সে যতন গিয়েছে॥
যা হবার তা আমার হবে, তুমি তো প্রাণ সুখে রবে,
বল দেখি শুনি তবে, কোন নূতনে মন মজেছে॥
তখনকার ভাব থাকতো যদি, তোমায় পেতাম নিরবধি,
শুন ওহে গুণমনি, বিধি আমায় বাম হয়েছে॥ ২২৩॥

ঝিঁঝিট খাম্বাজ—মধ্যমান।

পীরিতি কাননে সইরে যাওয়া কি হয় কথায়,
বেষ্টিত তাহাতে আছে লজ্জা কণ্টক-লতায়।
বিচ্ছেদ বাঘিনীর ডরে, প্রবেশিতে নাহি পারে;
পথ হারাইয়ে পরে ফিরিয়ে আসিতে চায়;
আর যে কলঙ্ক করী, কুযশ শুড়েতে ধরি,
গঞ্জনা পর্ব্বতোপরি ফেলিয়ে বধে তাহায়॥ ৩২৪॥

ছায়া নট—একতালা।

ও আও অলি করি জল-কেলি, সব সখি মিলি যমুনা উছলি।
ধূয়া বিহনে, নিশি জাগরণে মদন-দহনে তনু, যায় জ্বলি,—
জ্বলন জুড়াতে তাই জলে ডলি;
কাঁচলি ফেলেছি খুলে দুকুল রেখেছি কুলে,
গিয়েছি ভুলে, আও সখি দলে দলে কালজলে খেলি॥ ৩২৫॥

জয় জয়ন্তী—তিওট।

ভাঙ্গিয়ে গেল ভারিভুরি, না খাটে জারি জুরি।
ইহা জানাজানি, রে! কাণাকাণি, করেছে সবে ঠারাঠুরি।
নবের অভিলাষ, হইল প্রকাশ, করিছ মিছে কারিকুরি;
মদন কবি ভাষে, মুচকি মৃদুহাসে, ও কথা করে চারাচুরি,
[illegible], আর [illegible] তবে, [illegible] বল সারি সারি॥ ৩২৬॥

ঝি ঝিট—পোস্তা।

নারী নাশক বিশ্বাস-ঘাতক পুরুষ কুটিল প্রাণ ;
স্নেহহীন পুরুষের দেহ পাষাণে নির্ম্মাণ ॥
প্রথমে মিলন কালে, ভোলায় দুটো কথা বলে,
পরে যে সে থাকে ভুলে, স্বকার্য্য হলে,—
নারীর ধন সর্ব্বস্ব হরে কলে কৌশলে,—
শেষে দোষী করে পলায় ফেলে, তুলে কলঙ্কের নিশান ॥
তেমন হলে নারীর প্রাণ ভোলেনা পুরুষের ধ্যান,
গর্ভবতী সীতায় রাম দিলেন বনবাস ;
দময়ন্তীর দুঃখের কথা নলেতে প্রকাশ ;—
মহারাজ ইচ্ছা করি, পথশ্রান্তে কাতর প্যারী,
এসে স্কন্ধে করি বলে হরি হলেন অন্তর্ধান ॥৩২৭॥

বেহাগ - কাওয়ালী।

কি কুক্ষণে তারি সনে হ'ল প্রেম আলাপন,
প্রেম গেছে, সে ভুলেছে, ভুলে নাতো পোড়া মন।
ঘুমায়ে দেখি স্বপন, যেন সেই চন্দ্রাননে ;
আসি সহাস্য বদনে, বলে উঠ প্রাণধন ॥৩২৮॥

কালাংড়া—কাওয়ালী।

বদন সরোজ কেন ঢাকয়ে বসনে,
কি কারণে ম্রিয়মাণ আছ অধোবদনে।
সশৈবাল নলিনীর, যেবা শোভা জীবনে,
তেমতি সুন্দরী আমি, হেরিতেছি নয়নে ॥ ৩২৯ ॥

পূরবী—আড়াঠেকা।

তাই কি মনে ক'রে মানভরে অভিমানে আছ,
জ্বালিয়া বিরহানল দাহন হতেছ!
প্রণয়ে যতেক হয়, সকলি কি মনে রয়,
তাহলে কি বিচ্ছেদ হয়, কার মুখে শুনেছ ॥৩৩০॥

খাম্বাজ—কাওয়ালী।

পোড়া প্রেম করে কি প্রমাদ হল সই! এ দুঃখকারে কই!
মনে মনে মনাগুনে, মরমেতে মরে রই;
কলঙ্ক গুরুগঞ্জনা ঘরে পরে কি লাঞ্ছনা,
অবলার প্রাণে বল আর কত সয়,
ধিক্ কুকর্ম্ম নারীর জন্ম ভাল নয়,
পরাধীন হতে হলো পরেরই বোঝা বই ॥৩৩১॥

সরফর্দা—জলদ তেতালা।

বারে বারে আর তারে,
কেমন করিয়ে সই বল গো সাধিতে!
যে জন আপন দোষ না পায় দেখিতে।
করিয়াছে মনচুরি, তবু না ছাড়ে চাতুরী,
চোরের অধীন সাধু, কি লজ্জা শুনিতে।
চোর হয়ে সাধু প্রায়, সাধিলে কি হবে তায়,
ভাবে অভাব ঘটায়, হিতে বিপরীতে ॥৩৩২॥

কথায় কথায় কোরে অভিমান, তিলে কর বোসে তাল।
ও ধনি, না জানি, কেমন পুরুষের কপাল!
যদি পুরুষ পাতকী হবে, তবে পাণ্ডবেরা,
নারীর সঙ্গে বনে কেন বেড়াবে।
দেখ তারা একা নয় হরি দয়াময়,
মানে ধোরেছিলেন ব্রজে রাধার পদদ্বয় ॥৩৩৩॥

পুরবী—আড়াঠেক।

মনে মনে সাধরে!
কে আগে সাধিবে বল ঘটিল প্রমাদ রে।
নয়নেতে লাজ আতি, হৃদয় ব্যাকুল,
উভয়ে ছাড়িতে নারে মান অনুরোধ রে ॥৩৩৪॥

হাম্বির মিশ্র—ত্রিতালি।

এলো তোর প্রাণ বঁধুএলো
টেনেছ প্রেমের ডুরি লুকিয়ে কোথা থাকবে বল॥
ওলো এত কি মানা হাতে ধরে কচ্ছে বসানা,
নইলে সই বলবে বঁধু সোহাগ জানেনা;
ওলো গরব কিসের তোর, যার গরবে গরবিনী কর তারে আদর,
থাক থাক মনে তুলে রাখ মানে কিলো এলো গেল॥৩৩৫॥

পুরবী—খেম্‌টা।

মানে মানে কি যাবে রজনী।
বদন তোল কথা কও ও বিনোদিনী॥
তুমি যদি কর মান, কার কাছে জুড়াব রে প্রাণ,
নিশি হলো অবসান, গা তোল লো ধনি॥ ৩৩৬॥

ভাল ভেবে বড় ভালবেসেছি সখি, ভাল শুধু ভাল তুমি বাসতে নি
মানে মানে ত্যজ মান, প্রাণে কর প্রাণদান,
ভাবিনীর ভাবে প্রেম ভাব নিরধি;
ভাল ভাল ভাল বঁধু বাসতো দেখি॥ ৩৩৭॥

বাগেশ্রী - আড়াঠেকা।

স্বভাব যার যেমন, বিকৃতি নহে কখন।
চন্দন কি ত্যজে গন্ধ করিলে শত ঘষণ॥
সুমধুর ইক্ষুদণ্ড, করিলে তায় খণ্ড খণ্ড
সে কি কভু ত্যজে তার, সুমধুর আস্বাদন?
স্বর্ণ-কান্তি কাঞ্চন, করিলে তাহা দাহন,
সেত নাহি পরিহরে চারু কান্তি সুদর্শন।
প্রচণ্ড মাতঙ্গ তাতে হিমাদ্রি কি তাতে তাতে—
জলধি কি বাত্যাঘাতে স্বকুল করে লঙ্ঘন॥
তাই বলি সুবদনি! যদি তোর গুণমণি,
কভু পাকে অপরাধ স্বগুণে কর মার্জ্জন॥৩৩৮॥

পুরবী—আড়াঠেকা।

ঐ যায় যায় চায় ফিরে সজল নয়নে।
ফিরাগো ফিরাগো তারে মধুর বচনে॥
হেরে ওরে ম্রিয়মাণ, দূরে গেল মম মান,
অস্থির হতেছে প্রাণ পতি পদার্পণে॥৩৩৯॥

খাম্বাজ—একতালা।

আজ তোমারে দেখতে এলাম অনেক দিনের পরে,
ভয় নাইকো সুখে থাক, অধিকক্ষণ থাক্‌বো নাক,
এসেছি দুদণ্ডের তরে—
দেখ্‌বো শুধু মুখখানি, শুনব দুটি মধুর বাণী,
আড়াল থেকে হাসি দেখে, চলে যা'ব দেশান্তরে॥৩৪০॥

খাম্বাজ—চিমে তেতালা।

সরে আর মন্ সরে না, বোঝালেত বোঝে না মন্,
কে যেন নে যায় টেনে, জ্বালা একি যেমন্ তেমন্।
মনে করি মনকে ধরি, পারিনে কেঁদে মরি,
কি ছলে মজালে হায় উপায় কি করি;
অবশে যাইগো ভেসে মনত নয় মনের মতন॥৩৪১॥

দেশ—একতালা।

এলো সখি দে, পরাইয়ে চুলে সাধের বকুল ফুল হার।
আধ ফুটো জুঁইগুলি, যতনে আনিয়া তুলি
এলো দেলো ফুলময় সাজে সাজায়ে আমারে সখি আজ।
দুলে দেলো চঞ্চল কুন্তল কপোলে পড়িছে বার বার॥
আজি এত শোভা কেন, আনন্দে বিবশা হেন,
অধরে হাসি নাহি ধরে, লাবণ্য ঝরিয়া পড়ে ধরাতলে।
ও তোরা দেখে যা দেখে যা, তরুণ তনু এত রূপ রাশি
বহিতে পারে না বুঝি আর॥ ৩৪২॥

সিন্ধু—মধ্যমান।

যার প্রাণ তার কাছে, লোকে বলে নিলে নিলে,
দেখা হ'লে জিজ্ঞাসিব, সে নিলে কি আমায় দিলে।
দৈবযোগে এক দিন, হয়েছিল দরশন,
না হ'তে প্রেম মিলন, কলঙ্ক রটালে ॥৩৪৩॥

খাম্বাজ—মধ্যমান।

আমার মন মানে না সই, নয়ন মানে না,
আমি মনেরে বুঝাতে পারি, নয়নেরে পারি না।
তুমি যাবে দেশান্তরে, একাকিনী রেখে ঘরে,
আশার আশে রব বসে, এ জীবন তো রবে না ॥৩৪৪॥

বাহার বাগেশ্রী—আড়াঠেকা।

সাধে কি প্রেয়সী শশী, তোমায় এত ভালবাসি,
কে কোথা দেখেছ হেন, অনুপম রূপরাশি।
অনল-তড়িত-কেশ বিমল-কমল-বেশ,
পুনঃ পুনঃ পরশিছে, কিবা রূপ পরকাশি।
কিবা রূপ মনোহর, শরতের শশধর,
অধর অমিয়ময়, মরি কি মধুর হাসি।
হেরি জ্ঞান হয় হেন, প্রভাতের পদ্ম যেন,
বসিছে ভ্রমরা বৃন্দ, মকরন্দ অভিলাষী ॥৩৪৫॥

খাম্বাজ—কাওয়ালী।

মনে মনে মন চুরি করিল যেই জন,
কহিলে সজনি তার, কহ তার বিবরণ?
কি জাতি কি নাম ধরে, কোথায় বসতি করে,
আমিতো চিনিনে তারে, চেনে আমার নয়ন ॥৩৪৬॥

পিলুকাম্বরী—খেমটা।

প্রিয় সখা! প্রিয় সখি! এ চারু কুসুম-হার,
পরাব দোঁহার গলে, দেখিব শোভা তার।
যতনে গেঁথেছি মালা মিলে দু'জনায়;
সাজাব যুগলরূপ বাসনা যেমন যার।
পরখ করহে সখা, ভাল ফুলমালা কার;
ছিঁড়িলে যাহার মালা জানিব তাহারি হার॥ ৩৪৭॥

কাফিসিন্ধু—আড়াঠেকা।

ভালবাসিলে কিরে আসিতে ভালবাসনা,
আপন করম দোষে না মরিল বাসনা।
হেরে তব মুখশশী, সুখের সাগরে ভাসি,
তাই বুঝি রেখেছ দাসী, ভাবিতে তব ভাবনা॥৩৪৮॥

ছায়ানট—ঝাঁপতাল।

কি সুন্দর রূপ আজি হেরিনু স্বপনে হায়।
নয়ন মেলিয়া আহা দেখিতে না পাই তায়।
কি কারণ রে নয়ন, হলি আজি উন্মীলন,
হারায়ে সে প্রিয়জন, ঘটিল বিসমদায়।
মন প্রাণ চাহে সারে, যদি না পাই তাহারে,
বিষময় ভবসংসারে, বিসর্জ্জন দিব কায়॥৩৪৯॥

মুলতান—আড়াঠেকা।

স্বপনে তাহারি সনে হইল মিলন।
নাকরি বিচ্ছেদ ভয়ে আঁখি উন্মীলন।
নিদ্রাতে তাহারে দেখি, মন প্রাণ হয় সুখী,
স্বপনে স্বপন হলে না রবে জীবন॥৩৫০॥

ভৈরবী—আড়াঠেকা।

ও রূপ সাগর মাঝে ডুবিল আঁখি তরণী।
আশা প্রবল তুফানে মজিল রমণী।
মন মাঝি ছেড়েছে হাল, ছিড়ে গেছে লজ্জাপাল,
হ'ল তরী বান চাল, কি ক'রি বল সজনি।
কূল পাওয়া হল ভার, উপায় না দেখি আর।
কেনে হইব পার, আইল কাল রজনী ॥৩৫১॥

কালেংড়া—কাওয়ালী।

ভাল বাসিলে যদি সে ভাল না বাসে
কেন সে দেখা দিল।
মধু অধরে অধর হাসি,
প্রাণে কেন বরষিল!
দাঁড়িয়ে ছিলাম পথের ধারে,
সহসা দেখিলাম তারে,
নয়ন দুটি তুলে কেন
মুখের পানে চেয়ে গেল ॥ ৩৫২ ॥

খট—দ্রুত ত্রিতাল।

মনের যে আশা তাহা যদি না পূরিত,
তবে কি পরাণ কেহ রাখিতে পারিত!
দেখনা চাতকী ঘন, দিবা নিশি করে ধ্যান,
বারি দানে তোষে তারে না রাখে তৃষিত।
তার সাক্ষী প্রদীপ পতঙ্গ আশ্রিত।
বাহিরে আগেতে দেখ হয় প্রজ্বলিত।
তার আশা পূরাইতে, পতঙ্গ পুলকিত চিতে
আপনি জ্বলয়ে তাতে রাখিতে পীরিত ॥ ৩৫৩ ॥

বসন্ত বাহার—আড়াঠেকা।

সাধের প্রতিমা যদি হইত নির্ম্মাণ,
মন সাধে করতাম পূজা দিয়ে ফুলবাণ।
অর্ঘ দিতাম ক'রে বুদ্ধ, যৌবন ক'রে নৈবিদ্য,
বাজায়ে প্রেমের বাদ্য, বিচ্ছেদ দিতাম বলিদান।
চিত্ত কুশাসনে বসি, নয়ন ক'রে কোশাকুশি,
তাহে ল'য়ে জ্ঞান-তুলসী, দক্ষিণান্ত দিতাম প্রাণ ॥ ৩৫৪ ॥

ভৈরবী—মধ্যমান ঠেকা।

পীরিতি কলঙ্করে প্রাণ, বল কে কয়।
যে না জানে প্রেমরস, তারি অপযশ হয়।
যাবত পীরিতি রবে কলঙ্ক নাহিক হবে,
পীরিতি বিচ্ছেদ তবে, লাঞ্ছনা জগৎ ময়।
কারণ প্রেমোদ্দীপন,
প্রকাশ নহে কখন, উভয়ে করি যতন, ভাবেতে মোহিত রয় ॥
তাহে বিরহ ঘটিলে, শোক সিন্ধু উথলিলে,
নয়ন সলিলে প্রকাশ করে নিশ্চয় ॥ ৩৫৫ ॥

ললিত জলদ—তেতালা।

পীরিতি পরম সুখ সেই যে জানে।
বিরহে না বহে নীর, যাঁহার নয়নে ॥
থাকিতে বাসনা যার চন্দন বনে,
ভুজঙ্গের ভয় সেই করে কি কখনে ॥ ৩৫৬ ॥

মোল্লার—আড়া।

প্রণয় পরম ধন, সুজন বিনা কেবা জানে।
যে মজেছে সে মরেছে রেখেছে প্রেম সমানে ॥
নদীতে থাকিতে জল, যতেক চাতকদল,
পিপাসা করে শীতল জলদের জলপানে ॥ ৩৫৭

বেহাগ।

সর্ব্বস্ব ধন দিতে পারি মন যদি মিলে;
প্রেমেতে সকলি হয়, বিবাদে কি মিলে।
অপ্রেমে কি ফল ফলে?
বলির প্রেমে হরি দ্বারী, রাধার প্রেমে হন ভিখারী,
তারার প্রেমে ত্রিপুরারী পড়ে আছেন চরণতলে ॥৩৫৮॥

খাম্বাজ—মধ্যমানের ঠেকা।

সকলে কি পারে প্রেম করিতে প্রাণ!
সে পারে—যে পারে হেসে গরল করিতে পান।
অরসিক প্রেমিক যারা, বিরহে ব্যাকুল তারা
প্রকৃত প্রেমিক সহে, নীরবে বিরহ বাণ।
দেখ তার নিদর্শন, প্রেমিক পতঙ্গগণ,
প্রেমে প্রমত্ত এমন, অনলেতে ত্যজে প্রাণ ॥৩৫৯॥

মুলতানী—জলদ তেতালা

সাধ মনে মনে—রাখি সদত সাধেরই ধনে হৃদয়ে গোপনে।
যেন এসুখ মিলন প্রতিবাদীজন, কেহ নাহি জানে।
প্রেমদেবে মনোপুরে পূজা দিব মনঃপুরে;—
মাখি কুসুম পরাগ চিত অনুরাগ সোহাগ-চন্দনে।
কুমুদী জানিবে কলি, মুদিত কমলে অলি,
ভরি হৃদয় কন্দরে যেমন বিহরে মত্ত মধুপানে ॥৩৬০॥

পিলু—যৎ।

সই লো, পরম পীরিতি রতন।
যে রতন পেলে, দুই জনে মিলে, হয় সুখ-সাগরে মগন।
হয় সুখ জ্ঞান, পর লাগি প্রাণ অকাতরে দিতে বিসর্জ্জন।
পর গুণে গুণী, পর কাণে শুনি, দেখি দিয়ে পরেরি নয়ন।
যে প্রেম পরশি, কত হলো ঋষি, কত হলো যোগী মহাজন ॥৩৬১॥

জংলা ঝিঁঝিট—আড়াঠেকা।

প্রণয়-বারিধি মাঝে সুখ নিধি যদি চাহ,
একজনে প্রাণ সঁপি একেরি হইয়া রহ॥
একান্ত যে একে মজে, কভুনা দ্বিতীয়ে ভজে,
পবিত্র সুখ-সরোজে বিরাজে সে অহরহ।
নিতান্ত যে ভাগে ভাগে, অংশ করে অনুরাগে,
বিরাগ ঘটে সোহাগে, যাতনা তার দুঃসহ॥৩৬২॥

লুম—যৎ।

আর কি কব তোমারে?
যে জন পীরিতে রত, সুখ দুঃখ সহে কত পরেরি তরে।
সুধাকর প্রেমাধিনী, অতি সুখী চকোরিনী,
কভু হয় বিষাদিনী বিরহ-শরে।
নলিনী ভানুর বশে, মগন প্রণয়-রসে,
তথাপি কখন ভাসে, বিষাদনীরে।
প্রেম সমভাব নহে, কভু সুখ ভোগে রহে,
কভু বা বিরহ দহে নয়ন ঝরে॥৩৬৩॥

পিলু—যৎ।

প্রণয় মোর সাগর তুল, সে কি অনাদরে শুকাবার।
বধয়ে ভানু অনল যদি, না তাতয়ে সাগর মাঝার॥
সখি! কত দূরে ভানু রয়, সাগর তাহে কাতর নয়।
পসারি সে অগাধ হৃদয়, তবু তারে দেয় উপহার॥১৬৪॥

কালাংড়া—একতালা।

না দিলে আপন মন পর মন কি পাওয়া যায়।
মনে মনে মিশাইলে উভেয়েরি সুখোদয়॥
রসিকের এই রীত, আছে জগত বিদিত,
পাইতে মনেরি মত সঞ্চিত ধনে বিলায়॥৩৬৫॥

বাহার—ঠেকা।

প্রেমেরি শরীর লয়ে, তার কি মরণে ভয়।
যার থাকে এই ভয়, তার প্রেম করা নয়॥
জ্বলন্ত অনল বেড়ি, পতঙ্গ বেড়ায় উড়ি,
পড়িলে মরিবে জানে, তবে কেন পড়ে তায়॥৩৬৬॥

ভৈরবী—আড়াঠেকা।

পোহাল সুখ-যামিনী, দিনকর উঠিল।
সোহাগিনী নলিনী নিজ বাসে ফুটিল॥
নিশানাথ জ্যোতিহীন, কুমুদিনী অতিদীন,
নানা জাতি ফুল কুল, কাননেতে শোভিল।
কোকিল পঞ্চম স্বরে, ডাকে কুহুরব করে,
হেরি দিনমণি জগজন হাসিল॥ ৩৬৭॥

সিন্ধু কাফি—ঢিমে তেতালা।

প্রেমে কি গুণ আছে, সে জন জেনেছে।
ঠেকেছে মজেছে যেই, প্রেম বান্ধা তারি কাছে॥
যে নহে প্রেমের ব্রতী, সে কি জানে প্রেমের রীতি,
মিনতি প্রণব পদ্ধতি, অপরে অজ্ঞাত নীতি,
যে করেছে সে ভুলেছে॥৩৬৮॥

সিন্ধুড়া খাম্বাজ—একতালা।

প্রাণে যার সয় না ব্যথা, সে কেন কয় প্রেমের কথা,
প্রেমে দিন যাবে কেঁদে প্রেমিক যে জন সেই জানে।
প্রাণ দিতে যে জন পারে বিচ্ছেদে ভয় সে কি করে,
বিচ্ছেদে অবিচ্ছেদে হৃদয়-চাঁদে হেরে ধ্যানে॥
যে আপনা হারে চায় সে কারে, সাধের ফাঁসি খুলতে হরি
প্রাণ মজে প্রাণ দিয়ে পুজে, ব্যথা কি তায় থাকে প্রাণে॥৩৬৯॥

সিন্ধু—মধ্যমান।

মুলে প্রেম থাক্‌লে কি হয় প্রাণে প্রেম থাকা চাই।
প্রাণে প্রাণ এক না হ'লে প্রাণে ব্যথা তাইতে পাই॥
প বলে তায় ভালবাস, প্রেম বলে তাহার জীবন নাশ।
হাসির ভিতর বিষের বাণ, এমন কোথাও দেখি নাই॥
এমন সুধার গরল উঠে, প্রেমের গরব এই কি ছাই?
তারেও প্রেমের ভাগ দিবনা, কারুর প্রেমের ভাগ নিবনা,
যেমন ছিলাম তেমনি রব, কারুর সাথী আর হব না,
একলা হেসে একলা কেঁদে একলা হয়ে চলে যাই॥৩৭০॥

খাম্বাজ—মধ্যমান।

সুখের প্রণয় কেবল মুখের কথা নয়।
কথায় কথায় যে প্রণয় সে প্রণয় কদিন রয়॥
প্রেমের এই বিধান, দোঁহে দোঁহার তুল্য জ্ঞান,
একমন একপ্রাণ, (কেবল) দেহে ভিন্ন পরিচয়।
প্রকৃত প্রেমিকে কোথায়, প্রণয় প্রকাশে কথায়,
উভয়ে উভয়ে জানায়, ব্যবহারে সমুদয়।
উভয়ে উভয়ের পানে, চাহিলে স্থির নয়নে,
উভয়ে অমনি জানে কার মনে কি ভাব উদয়॥ ৩৭১॥

পুরবী—আমা।

দেখ প্রেম-সুধাংশুর কি শোভা সুন্দর রে।
অন্তর আকাশে থাকে, এই সুধাকর রে॥
বিরলে বসিয়ে বিধি, রচিলেন প্রেম নিধি,
লয়ে সংসারে যত সুধা মনোহর রে।
দেখরে কলঙ্কী শশী, অম্বর আসনে বসি,
নয়ন জুড়ায় শুধু, ধরি সিত কর রে।
এত অকলঙ্ক চাঁদ, মনো-মৃগ ধরা ফাঁদ,
জুড়ায় জগত-জন জীবন অন্তররে।
সিত কক্ষে সুধাকর শুধু হয় সুধাকর,
দ্বারকানাথেরি চাঁদ, সদা সুধাকর রে॥ ৩৭২॥

লুম খাম্বাজ—কাওয়ালী।

কিবা শোভা মনলোভা শশীমুখী ধরেছ,
তুষিতে আমার চিত কে তুমিরে এসেছ;
হাসি হাসি মুখখানি, কত ভালবাসি আমি,
যেন সুধাধরাননী, সুধা ধারা ঢেলেছে।
চঞ্চল চারু নয়ন, খঞ্জন করে গঞ্জন, এমন মনমোহন রূপ কোথা পেয়েছ
আয় লো হৃদয়ে ধরে, প্রাণভরে হেরি তোরে,
কেন লো মন চকোরে পিপাসিত রেখেছ! ৩৭৩॥

ঝিঁঝিট খাম্বাজ—মধ্যমান।

প্রিয় সখি! প্রাণ পতি কর দরশন।
রাখ হৃদি মাঝে তব হৃদয়ের ধন॥
পেয়েছ অশেষ ক্লেশ, তার কর পরিশেষ,
রেখ তব প্রাণধনে, করিয়া যতন॥
অনুকূল বিধি হয়ে, রাখুন সুখে উভয়ে,
রাখি উভয় উভয়ে, হৃদয়ে যতন॥ ৩৭৪॥

মিশ্র—কাওয়ালী।

কতবার ভেবেছিনু আপনা ভুলিয়া, তোমার চরণে দিব হৃদয় খুলিয়া।
চরণে ধরিয়া তব কহিব প্রকাশি
গোপনে তোমারে সখা কত ভালবাসি!
ভেবেছিনু কোথা তুমি স্বর্গের দেবতা
কেমনে তোমারে কব প্রণয়ের কথা?
ভেবেছিনু মনে মনে দূরে দূরে থাকি,
চিরজন্ম সঙ্গোপনে পূজিব একাকী;
কেহ জানিবে না মোর গভীর প্রণয়,
কেহ দেখিবে না মোর অশ্রু বারিচয়।
আপনি আজিকে যবে শুধাইছ আসি
কেমনে প্রকাশি কব কত ভালবাসি? ৩৭৫॥

খাম্বাজ – মধ্যমান।

তোমারি তুলনা তুমি প্রাণ এ মহীমণ্ডলে।
গগনে শরত শশী উদয় ভূতলে (দহিছে কলঙ্কানলে)
সৌরভে গৌরবে, কে তোমার তুলনা হবে,
তোমাতে সকলি সম্ভবে, যেমন গঙ্গাপূজা গঙ্গাজলে ॥৩৭৬॥

পুরবী—খেম্‌টা।

যখন জানিনে প্রেম, ভাবিতাম মনে মনে!
না জানি কেমন প্রেম, ফোটে কোন্ ফুল বনে!
না জানি কেমন সুরে, বাজে বাঁশী কোন্ দূরে!
না জানি কেমন চাঁদে, খেলে কোন্ মেঘসনে ॥৩৭৭॥

দেশ—কাওয়ালী।

দাঁড়াও, মাথা খাও, যেওনা সখা।
শুধু সখা, ফিরে চাও, অধিক কিছু নয়
কতদিন পরে আজি পেয়েছি দেখা।
আরত চাহিনে কিছু, কিছু না, কিছু না,
শুধু ওই মুখখানি জন্মশোধ দেখিব,
তাও কি হবে না গো সখা গো?
শুধু একবার ফিরে চাও! ৩৭৮॥

সিন্ধু—মধ্যমান।

কেবল তথায় নাকি, যায় কভু প্রেম রাখা।
জলবিনে পিপাসিত প্রবোধ কি মানে সখা।
প্রথমেতে প্রাণনাথ, সোহাগ বাড়ালে কত,
এখন সে ভাব যত হল কি চোখেরি দেখা
যাহবার তাই হলো, প্রেমভ্রম ফুরাইল,
শেষ মাত্র এই হলো, দেহেতে জীবন রাখা ॥৩৭৯॥

খাম্বাজ—ঠুংরী।

রতনে রতনে, মিলাব যতনে, জুড়াব নয়ন ওলো সহচরী।
ফুল্ল ফুল হারে বাঁধিব দোহারে, প্রমোদে হেরিব বিমান-বিহারী।
প্রেমেরি লহরী, বহি ধীরি ধীরি, প্রেমেতে মাতাবে কিশোর কিশোরী।
সুখেতে মাতিব, সুখেতে ভাসিব,
মোরা লো সজনি যুগলে নেহারি ॥ ৩৮০ ॥

কালাংড়া—একতালা।

ভোলা যায় কি কথার কথা মন যে মনে গাঁথা।
শুখাইলে তরুবর ছাড়ে কি জড়িত লতা।
হলে পর বারিহীন, থাকিতে পারে কি মীন,
ছেড়ে কভু নববন থাকে কি বিদ্যুল্লতা ॥৩৮১॥

ভৈরবী—মধ্যমান।

বিচ্ছেদান্তে মিলনে কত সুখোদয়।
হিমান্তে বসন্ত যেমন, মেঘান্তে শশীর উদয়।
যে হলো অন্তরবাসি, সে হলো অন্তরবাসি,
সে পুন অন্তরে আসি, সেজন সে জন নয় ॥৩৮২॥

ঝিঁঝিট—কাহার্ব্বা।

মধুর মধুর মিলন, হেরবে যুগল নয়ন,
চাঁদে চাঁদে আজি কিবা শোভিতেছে তপোবন।
চাঁদের লহরী ছোটে, চাঁদের কিরণ ফোটে,
চকোর সে সুধা লুটে সুখেতে মগন।
হাসরে গগণ চাঁদ, হেরি এ যুগল চাঁদ,
পূরিল মোদের সাধ, হেরি রতনে রতন ॥৩৮৩॥

ছায়ানট—কাওয়ালী।

ও তবে সহচরি, হাতে হাতে ধরি ধরি নাচিবি ঘিরি ঘিরি,
গাহিবি গান।
আন্ তবে বীণা, সপ্তম সুরে বাঁধ তবে তান।
পাশরিব ভাবনা; পাশরিব যাতনা,
রাখিব প্রমোদে ভরি মন প্রাণ দিবানিশি,
আন্ তবে বীণা, সপ্তম সুরে বাঁধ তবে তান্।
ঢাল ঢাল, শশধর, ঢাল ঢাল জোৎস্না।
সমীরণ বহে যারে ফুলে ফুলে ঢলি ঢলি;
সুরত তটিনী,—উথলিত গীত রবে খুলে দেরে মন প্রাণ ॥৩৮৪॥

মুলতান—দ্রুততিতালী।

আমি তো তাহারি সই যে জানে আমার মন।
অযতনে কে কোথায় কারে সঁপে প্রাণ।
মন রাখিবারে মন ক'রে একমন,
মনেতে মনেতে তবে হয় লো মিলন ॥৩৮৫॥

খাম্বাজ—খেমটা।

নবীন নাগর, নবীনা নাগরী মরি মরি কিবা শোভা!
নরখি নয়ন জুড়া'ল আজি রে জলদে দামিনী-প্রভা।
মৃদুল সমীরে, দেখলো সুধীরে, চঞ্চল অঞ্চল দোলে।
খোর চিকণ, চিকুর দুলিছে, নেহারি পরাণ ভোলে ॥৩৮৬॥

মিশ্র ভৈরবী—একতালা।

ওই মধুর মুখ জাগে মনে! ভুলিব না এ জীবনে।
কি স্বপনে কি জাগরণে! তুমি জান বা না জান
সদা যেন মধুর বাঁশরী বাজে, হৃদয়ে সদা আছ ব'লে।
আমি প্রকাশিতে পারিনে শুধু চাহি কাতর নয়নে ॥৩৮৭॥

মিশ্র কেদারা—একতালা।

তুমিত নীরবে ভালবেসে মোরে প্রণয় আমারে শিখালে,
মান অভিমান, তেয়াগি সকল, আদর করিতে দেখালে;
পরের লাগিয়া আপনা ভুলিতে তুমিত আমারে জানালে,
স্নেহ, দয়া, মায়া, প্রীতিভক্তি ছিল কোথায় যে লুকায়ে বিরলে;
সুষুপ্ত প্রকৃতি হৃদয়ে যা' ছিল তুমিত জাগালে তাদেরে,
মানস সরসে সুখের কুমুদ তুমিত ফুটালে তাহারে;
শূন্য মনোগৃহ মন্দির করিয়া তুমিত প্রতিমা বসালে,
প্রকৃতির মুখ সুন্দর দেখিতে তুমিত আমারে শিখালে;
নীরব প্রকৃতি এত কথা কহে তুমিত সে কথা শুনালে,
বধির ছিলাম শ্রুতি তুমি দিলে, অন্ধ ছিনু আঁখি ফুটালে।
আদর্শ থাকিয়া দেখায়ে আমার এ হৃদয় তুমি গড়িলে,
বিষাদ পবনে ডুবিতে ছিলাম অমিয়া সাগরে ভাসালে ॥৩৮৮॥

সহিনা—খেমটা।

একা একা এত দিন কেটে গেল, এখন দুখের নিশা প্রভাত হল;
আর না জ্বালা সব, দুজনে এক হব, সোহাগে সদা রব ঢল ঢল।
তাহারি মুখচেয়ে যামিনী যাবে বয়ে,
নিভাব তারি প্রেমে হৃদি অনল ॥৩৮৯॥

পিলু—খেমটা।

মরির কি মনোহর হেরি নয়নে। বিকশিত শশী শোভে গগনে॥
সরসী-সলিলে, নব নব দলে; কুমুদিনী-ভাসে সুখ মনে;—
পাবে হৃদয় মাঝে প্রাণ ধনে ॥৩৯০॥

নট্‌কিন্দ্র—ধামার।

সাজাব তোমারে হে ফুল দিয়ে দিয়ে
নানা বরণের বন ফুল দিয়ে দিয়ে;
আজি বসন্ত রাতি পুর্ণিমাচন্দ্র করে।
দক্ষিণ পবন প্রিয়ে, সাজাব তোমারে হে ফুল দিয়ে দিয়ে ॥৩৯১॥

কপাল কুণ্ডলার পেশমানের—গীত।

নাগরি লো নাগর ধরা দিয়েছে।
সোহাগ ভরে সুখসাগরে হেসে ভেসে এসেছে॥
চেয়েছে চাউনিভাল, জ্বলেছে আশারি আলো,
বড় ভালবাস ভেবে বুঝি ভালবেসেছে॥ ৩১২॥

বেহাগ।

সুখমিলন হেরে আঁখি জুড়াব। আনন্দ সঙ্গীতে পুন বাসর মাতাব।
অচল চরণে লয়ে পুন নাচাব, সুখের সাগর নীরে হৃদি ভাসাব॥
সব সংগণে মিলে সাধ পুরাব॥৩১৩॥

ভৈরবী—খেমটা।

মরি কি মনোহর দাখ্ লো নয়নে।
সুখ-শশী উদয় হৃদয় গগনে॥
চকোরিণী, কমুদিনী, কৌমুদী আর যামিনী,
প্রেম-প্রেমাধিনী সকলে; তেমনি প্রেমাধিনী মোরা প্রেমাধীন মনে॥ ৩১৪

সরফরদা—তেতালা।

'কেমন আছ' বলেরে প্রাণ আর আমায় সুধায়োনা,
সুখী কিম্বা দুঃখী আছি মনেতে ভেবে দেখনা।
দেহ মাত্র আমার কাছে, মন বাঁধা তোমার কাছে,
তবে কেন সুধাও মিছে, মনেতে ভেবে দেখ না॥ ৩১৫॥

সিন্ধু—আড়াঠেকা।

তোমার যুগলপদ দিবানিশি সেবা করি,
তোমার প্রসাদে সদা সিথীতে সিঁদুর পরি।
দাসীরে আশীষ কর, তোমাধন নিরন্তর,
অবিবাদে, অবিপদে, নয়নেতে যেন হেরি॥৩১৬॥

দেলো সখি দে পরাইয়ে চুলে, সাধের বকুল ফুলহার!
আধ-ফুট যুঁইগুলি, যতনে আনিয়া তুলি,
দেলো দেলো ফুলময় সাজে, সাজায়ে আমারে সখি আজ।
ওইলো ওইলো দিন যায় যায়লো, এখনি আসিবে প্রাণ-নাথ।
যা লো সহচরী; এই বেলা ত্বরা করি, এখনি আসিবে প্রাণনাথ।
এই যে যামিনী এলো সে তবু এলোনা কেন?
বুঝিবা সে দুখিনীরে আজি ভুলিয়ে গেল, বুঝিবা সে এলো না রে
সখি তোরা দেখে আয় দেখে আয়।
না লো সখি না, ওই দেখ দেখলো, ওই যে আসিছে প্রাণনাথ।৩৯৩

সরফরদা—

নিতান্ত না রইতে পেয়ে দেখিতে এলেম আপনি,
দেখ বা না দেখ আমায় দেখিব ও মুখ খানি॥
মনে করি আসিব না এ মুখ আর দেখাব না,
না দেখিলে প্রাণ কাঁদে, কেন যে তাহা নাহি জানি।
এসেছি দিবনা ব্যথা, তুলিব না কোন কথা,
সাধিব না—কাঁদিব না—যাব এখনি।
যেথায় আছ সেথাই থাকো, আর কাছে যাব নাকো,
চোকের দেখা দেখব শুধু—দেখেই যাব অমনি।৩৯৪।

ভৈরবী—মধ্যমান ঠেকা।

এত যে যন্ত্রণা যে প্রাণ, তবু তোমারে,
হেরে জুড়ায় জীবন, কি জানি হলো আমারে।
যত কর অপমান, তিলার্দ্ধ ভাবিনে প্রাণ,
হেরিলে বিধুবয়ান, কি সুখ কহিব কারে।
বুঝেছি কারণ তার, প্রাণ যেন যে যাহার,
মান অপমান তার, ভিন্ন কি হইতে পারে।
অনাদর কিবা মান, উভয় সমান জ্ঞান,
স্নিগ্ধ উষ্ণ বারি দান, যেমন অনল সংহারে॥৩৯৫॥

ইমন কল্যাণ—আড়াঠেকা।

চল উপবনে, কুসুম যতনে তুলিয়ে, গাঁথিব চারুহার,
জীবন-জীবন-গলে, পরাইয়ে কুতূহলে,
জীবন জুড়া'ব লো আমার ॥৪০০॥

এই ভয় সদা মনেতে।
বিচ্ছেদে বা ঘটে পারিতে ॥
হতেছে এখন, নূতন যতন, কি হলে হবে শেষেতে ॥৪০১॥

বেহাগ—আড়া।

সখি এস এস কেলি কাননে। বিকশিত কুসুম রাশি হবে মনে।
অশোক বিকশিত, পলাশ কুসুমিত, সহকার মুকুলিত মাধবী সনে।
অলির ললিত রবে যেন ডাকে সবে,
চিত হরষিত হবে সুখ-পবনে ॥ ৪০২ ॥

বাহার—ঝাঁপতাল।

না হেরে তোমারে প্রিয়ে পেয়েছি যে যাতনা,
কে জানে বারিদ বিনে চাতকেরি বেদনা;
সে মুখ সে মৃদু হাসি, ওলো শশীবদনা,
বিদেশে বিরলে আমার দিবানিশি জপনা।
তরল না হত যদি নয়নেরি ঝরণা,
গাঁথিয়ে পরাতাম মালা মনে ছিল বাসনা ॥ ৪০৩ ॥

সাওন বাহার—একতালা।

কোন গগনে ছিল রে এ দুটি চাঁদ, এল ধরাতলে।
চাঁদে মিলে দেখ কত খেলে,
আধ হাসে রে চাঁদ, আধ ভাসে রে চাঁদ, ভাসে নয়নজলে।
কথা চাঁদে চাঁদে, কথা কত ছাঁদে, কথা নয়নে নীরবে রে,
পিয়ে সুধা প্রাণ তেলে ॥৪০৪॥

ভৈরবী—পোস্তা।

আমরা দুটি রব ফুটি স্বরগ প্রসূন।
বিভু প্রেম মলয়ানিলে দুলে দুলে, করব সৌরভ বিতরণ।
দেখি সাধু অলিকুল, আসিবে হয়ে আকুল,
সুধাপান করে তারা করবে বিভুনাম গুঞ্জন,
সংসার ছেড়ে আসবে তারা, হয়ে পাপেজরা নরা,
আমাদের ঘ্রাণে তারা সুশীতল করিবে প্রাণ।
পবিত্র প্রেমের ভরে, পাপড়ীগুলি পড়বে ঝরে,
অবশেষে উভয়েতে বিভুপদে হব লীন ॥৪০৫॥

ললিত—আড়াঠেকা।

এখন রজনী আছে, বল কোথা যাবেরে প্রাণ।
কিঞ্চিত বিলম্ব কর, হোক নিশি অবসান।
যদি নিশি পোহাইত, কোকিল ঝঙ্কার দিত,
কুমুদ মুদিত হ'তো শশী যেত নিজ স্থান ॥৪০৬॥

খেমটা।

দিবসা প্রাণ থাকতে, তোমায় যেতে হৃদয় মণি,
লইয়ে তোমা ধনে হব কাননবাসিনী।
আঁখির অঞ্জন করি, আঁখিতে রাখিব তুলি
বিরলে একলা ব'সে, হেরবো ও চাঁদ বদনখানি ॥৪০৭॥

বেহাগ—কাওয়ালী।

নীরদ পাশে দামিনী ছটা প্রেম ছাদে কে বাঁধিল রে।
কিম্বা নীলকান্তমণি কনক তারে গাঁথিল রে।
কত শত মধুকরে উড়ে উড়ে পদ নখরে,
স্নাহ ভরে প্রভাকরে, শরণাগত শ্রীপদে,
পেয়েন প্রাণ শমন করে, ভবভয় ভাঙ্গিল রে ॥৪০৮॥

ঝিঁঝিট-খাম্বাজ—আদ্ধা।

এ যে ফুটল ফুল কুসুম-কাননে, কুসুম-কাননে সখি প্রমোদ-কাননে।
মধুকর প্রেমভরে, বসিয়া কমলোপরে,
পরিমল পান করে, কত প্রেমপূর্ণ মনে ॥ ৪০৯ ॥

কমলা উপেন্দ্রনাথের—গীত।

কমলা।—কেলে—একেবারে চলে গেছে যে।
ফিরে আসিবার আশা না রেখে,
কেন চোখে দেখা পাই না তবু মনে জাগে সে।
উপেন্দ্রনাথ।—ওরে—ভালবাসা ভালবেসে যে
ভালবাসা-বাসি ভাল রয় তবে—
তারে চোখে দেখা যায় না তবু মনে জাগে সে ॥
কমলা।—ভালবাসা ভালবাসা কে বিরহী তুমি হে ॥
উপেন্দ্রনাথ।—ভালবাসে হেসে শেষে কেঁদে ফিরি আমি হে।
কমলা।—এস বঁধু এস এস, আধো আঁচরেতে বসো,
চিনেছি তোমারে তুমি আমারে হারা—
উপেন্দ্রনাথ।—আমি তোমারে হারা।
কমলা।—আমি তোমারে হারা—
উভয়ে।—এস হারানিধি ধরাধরি করি তুমি আমি হে ॥ ৪১০ ॥

তুলসী লীলা।

সজন মনে প্রেমে মিটল [illegible], [illegible] রসাবেশে সরস ভাষ;
উথলাদিল, প্রীতি বিভা [illegible] বিকশিল ফুল বিলাস;—
মরমে উথলি [illegible] ভাস ॥ ৪১১ ॥

পিলু [illegible]।

মনে মনে [illegible] বাসি,
লোকলাজ ভয়ে নাহি [illegible]!
হ'লে অদর্শন, হু হু করে মন,
পলকে প্রলয়-জ্ঞান হয় লো রূপসি ॥ ৪১২ ॥

বিরহ-সঙ্গীত।

বারোঁয়া—ঠুংরি।

কেন তারে সঁপিলাম মন,
আগে কি জানিতাম আমি হইবে এমন!
সঁপিয়ে আমারি মন,
না পাই তার বরশন,
স্মর দহে সদা আমি দহিছি এখন!
ভাবিয়ে কি ফল আর,
আঁখিনীর সুধু সার,
দ্রবিবে না আর তার কঠিন হৃদি কখন॥ ৪১৩॥

ঝিঁঝিট—একতালা।

প্রেমের কথা আর বলো না,
আর বলো না, আর তুলো না,
ক্ষম গো সখা, ছেড়েছি সব বাসনা!
ভাল থাক, সুখে থাক হে,—আমারে দেখা দিও না,
দেখা দিও না,—নিভায় অনল আর জ্বেলো না;
আর বলো না, আর বলো না, আর তুলো না;
ক্ষম গো সখা, ছেড়েছি সব বাসনা॥ ৪১৪॥

বেহাগ—আড়াঠেকা।

সকলি ফুরায়ে গেল জীবন কেন গেল না,
আশা, দুরাশা পূরিল না!
যাহারে হৃদয়াসনে, বসায়ে পূজিতাম মনে,
সে জনে লয়েছে অন্যে, এ জ্বালা প্রাণে সহে না॥ ৪১৫॥

পিলু বেহাগ—কাওয়ালী।

সাধের প্রেমে না পূরিল সাধ, এ কি রে বিষাদ,
অপরাধী নিরবধি বিনা অপরাধ ;
যারে সদা ভাবি মনে, সে কভুনা ভাবে মনে,
আর কত সব প্রাণে বিষম প্রমাদ।
যার লাগি অপরাধ, সেই দেয় অপবাদ,
কে হেন সাধিয়ে বাদ, ঘটালে প্রমাদ ॥ ৪১৬ ॥

ঝিঁঝিট—কাওয়ালী।

অশেষ যাতনা সয়ে বিশেষ করেছি পণ,
প্রেম করা দূরে থাকুক, কর্ব্ব না আলাপন।
যে কবে পীরিতের কথা, তার সঙ্গে কব না কথা,
প্রেম শব্দ কর্ণে আর কর্ব্বোনা ধারণ ॥ ৪১৭ ॥

ঝিঁঝিট—একতালা।

সাগর-কূলে বসিয়ে বিরলে হেরিব লহর-মালা।
মনোবেদনা ক'ব সমীরণে, গগনে,—জুড়াব জ্বালা ॥
প্রতারণাময় মানব প্রাণ, আর না হেরিব নর-বয়ান,
সমাজ-শ্মশানে রহিব না আর, বহিব না দুঃখ-ডালা ॥ ৪১৮ ॥

ঝিঁঝিট খাম্বাজ—মধ্যমান।

এমন যে হবে, প্রেম যাবে, এ কভু মনে ছিল না,
এ চিত্ত নিশ্চিত ছিল, প্রণয়ে বিচ্ছেদ হবে না।
ভেবেছিলাম নিরন্তর, হয়ে রব একান্তর,
যদি হয় দেহান্তর, মনান্তর তায় হবে না।
সে আশা নৈরাশা হ'ল, এখন বসে কাঁদ্‌তে হ'ল
সে গেল, তার প্রেম গেল, আমার মরণ হ'ল না।
কবার নয় কব কার কাছে, যে দুঃখে ভাসায়ে গেছে,
কেবল মাত্র রইলো আমার, লোকে কলঙ্ক ঘোষণা ॥ ৪১৯ ॥

ভৈরবী—কাওয়ালী।

আগে জান্তাম্ যদি নিরবধি কাঁদাবি আমায়,
তা'হলে কি মন প্রাণ সঁপিতাম তোমায়!
আগে না বুঝিয়া মনে, মজেছি তোমারি সনে,
এখন দুকুল গিয়াছে আমার, এবার বুঝি প্রাণ যায়!
ভেবেছিলাম পরেশ পাথর, কপাল ক্রমে হলো পাথর,
বোবারি স্বপনেরি মত, প্রকাশ করা দায়॥ ৪২০॥

সুরট মল্লার—আড়াঠেকা।

জনম আমার শুধু সহিতে যাতনা,
জীবন ফুরায়ে এল, আঁখিজল ফুরালো না,
কই সে সজনি সখি, যার বুকে মাথা রাখি,
ভাবিতাম হব সুখী, তাও হলো না;—
কাঁদিতে কাঁদিতে ওরে, চলিনু জন্মের তরে,
না মিটিল আশা কভু, অন্তিম বাসনা॥ ৪২১॥

খাম্বাজ—মধ্যমান।

কি জানি কি ছলে ছিল বসে,
আমারে ত্যজিবার আশে;
আগেতে জানিতাম ভাল, সে যে বড় ভালবাসে।
অভিমান ছল পেয়ে, প্রেমে জলাঞ্জলি দিয়ে,
মন মত ধন লয়ে, রয়েছে মনের উল্লাসে।
আমার মন বেদনা, সে কি তা জেনে জানে না,
কিসে যাবে এ যন্ত্রণা, তাই ভেবে মরি হুতাশে॥ ৪২২॥

গারা-ঝিঁঝিট—একতালা।

আগে কি জানি বল নারীর প্রাণে সয় হে এত,
কাঁদাব মনে করি, ছি, ছি, সখী কাঁদি তত!
সাধ করি সে সাধবে এসে, প্রাণের জ্বালায় সাধি শেষে,
লাজ মান ভাসিয়ে দিয়ে, অপমান আর সব কত॥ ৪২৩॥

পাহাড়ী—আড়াঠেকা।

কি সুখ জীবনে আর, হে সখি, আমার গো।
জীবন-রতনে আমি পাব কি আবার গো ?
বল সখি দুখিনীরে, অতল সাগর নীরে,
হারা'লে অমূল্য নিধি পুনঃ কি পাবার গো !
প্রাণনাথ ছাড়ি মোরে, অকালে অনাথা ক'রে,
লুকা'লেন চিরতরে করিয়ে আঁধার গো।
বল না কেমনে তবে, দুখিনী বাঁচিয়ে রবে ?
ত্যজিব এ পোড়া প্রাণ, পাপ দেহ ভার গো ॥ ৪২৪ ॥

বেহাগ—একতালা।

ছি ছি কি লাঞ্ছনা,
না পূরিতে সাধ, বিষম প্রমাদ, হরিষে বিষাদ হইল ঘটনা !
থাকিলে স্ববশে, পর প্রেমরসে,
মজে নিজদোষে, দোষী হলাম শেষে ;
পোড়া লোকে হাসে, অপযশ ভাষে একি বিড়ম্বনা।
ল কুল মান, হলেম অপমান, এ ন এ দেহে কেন আছে প্রাণ,
পর কি আপনা, হয় কি কখন, বৃথা সে প্রেম বাসনা।
ত্যজি গুরুজন, আর পরিজন কেন অকারণ সহিব গঞ্জনা,
বরঞ্চ জীবন, দিব বিসর্জ্জন, লাজ ভয় ত্যজিব না ॥ ৪২৫ ॥

খাম্বাজ—আদ্ধা।

কে আর তেমন করে আমারে ভালবাসিবে।
মধুর প্রণয় ভাষে তাপিত প্রাণ জুড়াবে ॥
স্নেহ রঞ্জিত নয়নে, প্রীতি প্রফুল্লাননে,
কুশল বারতা মম বারে বারে জিজ্ঞাসিবে।
হেরিয়ে যাহার মুখ, ভুলিতাম সব দুঃখ,
হায় সে প্রেয়সী শোকে কেমনে প্রাণ বাঁচিবে।
জাগিছে সে মুখশশী, হৃদি মাঝে দিবানিশি,
এমত অমূল্য নিধি পুনঃ কি বিধি মিলাবে ॥ ৪২৬ ॥

পাহাড়ী—আড়া।

মনের বাসনা নাথ সকলি মনেতে রলো;
হৃদয় কুসুম কলি, সকলি শুকায়ে গেল।
বড় সাধ ছিল মনে, লয়ে তোমায় সংগোপনে,
তৃষিত নয়নে রূপ নিরখিব অবিরল।
তব প্রেম মুখ চেয়ে, রবো আপনা ভুলিয়ে,
প্রেমানন্দে নিরবধি, নয়নে ঝরিবে জল ॥ ৪২৭ ॥

খাম্বাজ—ঠুংরি।

তার বাসিনেকো যায়, সে কেন আমায়।
সদত আসিয়ে ভালবাসা জানায় ॥
করেছি যে মনে, তার মুখ পানে,
ফিরে চাবনা চাবনা আর প্রাণ যদি যায়;
তার আসারি আশায়, হয়েছি নিরাশায়,
মিছে হই জ্বালাতন পরেরি কথায় ॥ ৪২৮ ॥

বেহাগ—আড়া।

প্রেম কি গোপনে থাকে। জ্বলন্ত অনল কভু বসনে ঢাকে ॥
প্রতিপদ চন্দ্র যেমন, কেহ না পায় দরশন,
দ্বিতীয়া তৃতীয়া হ'লে সকলে দেখে ॥ ৪২৯ ॥

আলাই—আড় ঠেকা।

ফিরে যাও দিনমণি আঁধারি হৃদি-গগণ।
এখনি মরিবে প্রাণে অধিনীর প্রাণ ধন
বিকাশিলে বিভাবরী, আসিবে শমন অরি,
জন্ম-শোধ ল'য়ে যাবে মম প্রাণ-ধন;
বৈধব্য দশাতে দেব পতিত হ'বে জীবন ॥ ৪৩০ ॥

জয়জয়ন্তি—আড়াঠেকা।

একিরে বিষম বাজ পড়িল হৃদি মাঝারে।
পতিপ্রাণা মরে বুঝি এই বার প্রাণে।
হৃদয় অন্তরজ্বলে, ভস্ম শেষ হ'ল বলে,
প্রবেশিয়া চিতানলে, জুড়াব জীবনে।
পরাণ আহুতি দিব ও পদ ধরি অন্তরে ॥৪৩১॥

মিশ্রবাহার—আড়াঠেকা।

গা সখি, গাইলি যদি, আবার সে গান,
কত দিন শুনি নাই ও পুরাণো তান।
কখনো কখনো যবে নীরবে নিশাথে,
একেলা রয়েছি বসি চিন্তা-মগ্ন চিতে,—
চমকি উঠিত প্রাণ, কে যেন গায় সে গান,
দুই একটী কথা তার পেতেছি শুনিতে।
হা হা সখি সে দিনের সব কথা গুলি,
প্রাণের ভিতরে যেন উঠিছে আকুলি—
যে দিন মরিব সখি গাস্ ওই গান
শুনিতে শুনিতে যেন যায় এই প্রাণ ॥৪৩২॥

মঙ্গল—আড়া।

যায় যাবে প্রাণ তবু তারে না হেরিব।
জাহ্নবী জীবনে গিয়ে বরং জীবন জুড়াইব।
সে জীবনে এ জীবনে, মিশাইব একস্থানে,
তবু ফিরে তার পানে, কখন না নিরখিব ॥৪৩৩॥

সিন্ধু খাম্বাজ—আড়াখেমটা।

কেন প্রাণ হারাবি ভেবে।
রে ব্যাকুল, যাবে তোর দুকূল,প্রেমনদী অকূল মর্‌বি ডুবে।
মনদী অতি তরঙ্গ তুফান, আগে যেতে যায় কুলশীল মান.
কে ধরে,সাঁতার দিলে পরে, কলঙ্ক সাগরে ডুব্‌তে হবে ॥৪৩৪॥

পুরবী—আড়াঠেকা।

বিরহেতে যায় যদি প্রাণ, তবু হেরিব না তার চাঁদবয়ান।
শুন শুন প্রাণ সখি, সে নয় আমার দুখের দুখী,
মরিলে হইব সুখী, আপনার স্থানে রবে মান ॥৪৩৫॥

পুরবী—আড়াঠেকা।

না হতে পতনতনু দাহন হইল আগে।
আমারো এ অনুতাপ তাহারে তো নাহি লাগে।
চিতে চিত সা াইয়ে, দুখরূপ তৃণ দিয়ে,
আপনি হইব দগ্ধ, আপনারি অনুতাপে ॥৪৩৬॥

সিন্ধু ভৈরবী—মধ্যমান।

রমণী বধিতে বিধি প্রণয় ধন সৃজিল।
না হলে মৃণালে কেন কণ্টক দিয়া গড়িল ॥
"প্রণয়" অক্ষর তিন, আকার গঠন হীন
যেজন জপে সে ধন প্রমাদ তার ঘটিল ॥
হৃদয় তোরে বলি শুন, জন্ম যদি লভি পুনঃ
না করিব আরাধন, যে ধন প্রাণ হরিল ॥৪৩৭॥

ভৈরবী—মধ্যমান।

সাধ ফুরালো এ জীবনে।
প্রাণনাথ বিনে জীবন দিব জীবনে।
ভেবেছিনু চিরদিন রব নাথ সনে,
ঘুচিল সকল আশা সেজন বিহনে ॥৪৩৮॥

বেহাগ—ঠেকা।

আর না আর না সখি ওকথা বোলো না আর।
অভাগিনী এ দুঃখিনী ফিরিবে না কূলে আর।
সে ভেসেছে আঁধার সাগরে, নিরাশা আঁধার করিয়া সার।
হাঁসেনা এ কোন সুখে, কাঁদেনা সে কোন দুখে,
বলো সখি ফিরে যা, ফিরিতে বোলো না আর ॥৪৩৯॥

বেহাগ—আরা।

এ জনমের তরে সুখ ফুরায়ে গিয়াছে সখি,
তবু ও এখনো হৃদে জ্বলিছে দুরাশা একি।
জানি এ অভাগিভালে, সুখ নাই কোন কালে,
দুরন্ত পিপাসা তবু থামিবার নহে দেখি;
এত যে যতন করি, এ অগ্নি নিবাতে নারি,
প্রেমের সে দাবানল জ্বলি উঠে থাকি থাকি ॥৪৪০॥

বাগেশ্রী—আড়াঠেকা।

প্রাণপণে প্রাণ সঁপিলাম যারে সেই হন্তারক প্রাণে।
কাঁদিব আর কার কাছে, কে আর আমার আছে,
যারে পূজি হৃদি মাঝে সেই বজ্র হৃদে হানে ॥৪৪১॥

এই খেদ তারে দেখে মরতে পেলেম না।
আমায় চাক্ না চাক্ সদা সুখে থাক্
কেন দেখা দিয়ে একবার ফিরে গেলনা ॥
জীবন থাকিতে প্রাণনাথ, যদি নাহি এলো নিবাসে।
লুব্ধ আশা দিন সে, কেন রইল প্রবাসে।
আমি সেই আশা বৃক্ষে সদা দিয়ে অশ্রুজল।
সৃজিলাম সব, কই হলো সুখ ফল ॥
তরু সমূলে শুকালো, শেষে এই হোলো,
সই, কালো কোকিলেরি রবে প্রাণ বাঁচেনা ॥৪৪২॥

দৈব যোগে যদি প্রাণনাথ, হোলো এ পথে আগমন।
কও কথা একবার কও কথা; তোল ও বিধু বদন ॥
পীরিত, ভেঙ্গেছে ভেঙ্গেছে তায় লজ্জা কি,
এমন তো প্রেম ভাঙ্গাভাঙ্গি অনেকের দেখি ॥
আমার কপালে নাই সুখ, বিধাতা হোলো বিমুখ,
আমি সাগর সেঁচে কিছু মাণিক্ পাবনা ॥৪৪৩॥

ভৈরবী—আড়া।

জনমের মত সখা বিদায় দেহ গো মোরে,
এই দেখা শেষ দেখা আর দেখা হবে না ফিরে।
ও মোহন মুখশশী, ওই মধুময় হাসি,
জন্ম শোধ শেষবার দেখে নি নয়ন ভোরে।
অঙ্কিত যে ও মুরতি, হৃদয়ের শিরে শিরে,
জীবন মুছিবে তবু ও ছবি মুছিবে কিরে?
নয়নে দেখি না দেখি, তবু ও দূরেতে থাকি,
যতনে পূজিব ছবি অভাগীর অশ্রুনীরে।
তাতেই ভুলিয়া রব, তাতেই প্রাণ সঁপিব,
স্মরণের সুখে সুখী রহিব অন্তরে ॥৪৪৪॥

মিঞা মোল্লার—একতালা।

কাঁদি কাঁদি বুক বাধি,
কেন কাঁদিতে চাইলো!
সেতো কয়না কথা,
সেতো চায় না ফিরে,
কেন কাঁদিতে ধাইলো!
কেঁদে মরি সখি, তবু তারি,
তারি কথা ধ্যানে, তারে হেরি;
ভালবাসে না, প্রাণ মানে না,
মরম ব্যথা কত মরমে পাই লো ॥৪৪৫॥

পিলু খাম্বাজ—খেমটা।

যদি পীরিতি করে চাও তো চোখের মাথা খাও;
মনখয়াতে দেখা দেব পীরিতি যদি পাও ॥
হলে মনইরা, আসবে মনখরা,
হারা মন ফিরিয়ে নিতে মন হবে সারা;
জ্বলবে আগুন চখের জলে ধূ ধূ জ্বালা যত চাও ॥৪৪৬॥

ভৈরবী—মধ্যমান।

কেন পীরিতি করিলাম মজিলাম হায়,
পীরিতি করিয়ে সখি, একি হলো দায়।
কহিতে সে সব দুঃখ প্রাণ বাহিরায়;
মনে করি ভুলিব না তাহার কথায়॥ ৪৪৭॥

জংলা ঝিঝিট—আড়াঠেকা।

আগে করিয়ে যতন, কেন মজাইলে মন।
প্রেম ফাঁসি গলে দিয়ে বধিলে জীবন।
ভাল ভাল ভাল হ'ল, দুদিনে সব জানা গেল,
দিলে ভাল প্রতিফল, রহিল স্মরণ॥৪৪৮॥

সিন্ধু—আড়াঠেকা।

যাও রে যাও ওরে, যে ভালবাসে তোমারে,
জানিতে হবে না আর, জেনেছি তা ব্যবহারে।
তুমি এসেছ এখানে, সে যদি তা শুনে কানে,
তবে ত প্রলয় হবে, বুঝিতে হবে অন্তরে॥৪৪৯॥

ভৈরবী—পোস্তা।

আর না খেলিব আমি সংসারের খেলা লো;
প্রতিজ্ঞা করেছি মনে, চাহিব না কারো পানে,
কাঁদিতে দিয়েছে বিধি সতত কাঁদিব লো;
আর না তাহার কথা আমারে বলিস্ লো॥৪৫০॥

কেদারা—যৎ।

কেন আর কাঁদিব।
সে যে অবলার ছায়া কি আশা বাঁধিব!
জোছনা গিয়েছে নিভে, শ্মশানে ডাকিছে শিবে,
নিভাই প্রেমের কুণ্ড, আর কি মন্ত্র সাধিব॥৪৫১॥

খাম্বাজ—একতালা।

ফিরি মাতুয়ারা, ফিরি মাতুয়ারা ;
কে জানে কে আমি মনহারা ॥
কুঞ্জে বসে কেঁদে প্রেম করি, হেসে বুকে কারু মারি ছুরি,
আছি সাথে সাথে কারে দিইনি ধরা ;
কুয়াসা মাঝে এ কুহকী কায়, ঠেকে দেখে আমায় দেখতে কে পায়,
কভু প্রেম জ্বলে ভাসে চাঁদের আলো,
যে দেখে ঘোচে তার মনের কালো,
যদি চিন্তে পারে,—ঘোমটা টেনে অমনি যায় গো সরে,
চেনা দিলে চেনে নৈলে থাকে সারা ॥৪৫২॥

যার স্বভাব যা থাকে প্রাণনাথ, তাকি ঘুচাতে কেহ পারে ;
নিদর্শন তোমারে ॥
শুনেছ কখনো, অঙ্গারের মলিনো,
ঘুচে কি ধুয়ে ধুলে পরে ॥৪৫৩॥

জয়জয়ন্তী—আড়া।

দূরে যা দূরে তোরা কিছু নাহি বুঝিবার।
কার মুখ পানে চাব, চাহিতে পারিনে আর ॥
যে ছিল প্রাণের আশা, সেই হ'লো প্রাণ নাশা,
মিছে পর ভালবাসা, কেবল পিপাসা সার ॥৪৫৪॥

যে ভুল চাহনি চাহি যে আঁখি মজিল হায় মজালে আমায়।
সে ভুল চাহনি চাহিতে আর চাহিনা সে আঁখি আজু উপাড়ি ফেলিয়া
যে ভুল বুঝিয়ে ভুলে পায়ে ঠেলে ছিলে হায় অকালে আমায়
সে ভুল ভুলিয়ে গেছি চেয়ে আছি আগের সে চাহনি আশায়।
যে তাপ দিয়েছ প্রাণে যে পাপ কোরেছ পর প্রেম-লালসায়,
সে তাপ গিয়াছে প্রাণে সে পাপ ধুয়েছো অনুতাপের সেবায় ॥৪৫৫॥

সিন্ধু—মধ্যমান।

নাহি যদি আসি তবে কর প্রিয়ে অভিমান,
আসিলে বদন বাঁকা, মরি এ কোন বিধান!
ভাবিয়ে ভাবের ভাব, এই হয় অনুভব,
লাভ তব ভাবে ভাব, অভাবেতে সমাধান ॥৪৫৬॥

সিন্ধু—মধ্যমান।

যে যাতনা যতনে, মনে মনে মন জানে,
পাছে শত্রু হাসে, লোকলাজে প্রকাশ করিনে।
প্রথম মিলনাবধি, যেন কত অপরাধী,
নিরবধি সাধি প্রাণপণে;
তবু তো সে নাহি তোষে, আরো দোষে অকারণে ॥৪৫৭ ॥

বারোয়ারী বাহার—আড়খেমটা।

কায় কব দুঃখের কথা মনের ব্যথা মনই জানে,
অবলা সরলা বালা কতই জ্বালা সয় গো প্রাণে!
দারুণ প্রতিজ্ঞা করি, অন্তরে গুমরে মরি,
লাজে প্রকাশিতে নারি, দিবানিশি যায় রোদনে ॥৪৫৮॥

ইমন ভূপালী—একতালা।

প্রেম নিকেতন, জন-মানস-রঞ্জন-কারণ!
রসিক ভাবুক চিত্ত-বিনোদন, প্রেমিক জন সাধনের ধন,
প্রেমলীলা গাব আজি হয়ে সবে এক মন।
প্রেম-নদী যাহে সদা নিরমল বহিছে, সুখ-লহরী বিকাশি,
প্রেম-ছবি উঠেছে, সুখী-জন-বাঞ্ছিত যে ধন ॥ ৪৫৯ ॥

বেলোয়ার—কাওয়ালী।

ও কি সখা মুছ আঁখি আমার তরেও কাঁদিবে কি কে আমি র,
আমি অতি অভাগিনী, আমি মরি, তাহে দুখ কিবা!
পড়েছিনু চরণ তলে, দ'লে গেছ দেখনি চেয়ে,
গেছ, গেছ, ভাল, ভাল, তাহে দুখ কিবা ॥৪৬০॥

সিন্ধু—মধ্যমান।

কেন মন সঁপেছিলাম নিদয় জনে,
সে যে নিদারুণ অতি আগেতে জানিনে!
আগে ভেবেছিলাম সার, সে আমার আমি তার,
এখন সে বল কার, বাঁচিনে মিলন বিনে ॥ ৪৬১ ॥

পূরবী—আড়াঠেকা।

যায় যায় ফিরে চায় সজল নয়নে ওই,
ফিরাও গো ফিরাও গো উহায়, অমিয় বচনে ও সই!
দেখ তার অভিমান, দূরে গেল মম মান,
অস্থির হতেছে প্রাণ, প্রতি পদার্পণে ওই ॥৪৬২॥

তুলসী—লীলা।

প্রেমেরি আসনে আসিয়ে বোস হে, লয়ে যাব প্রেম নিকেতনে।
প্রেমগীত গেয়ে প্রেম বিলাইয়ে, মাতিব মাতাব প্রেমরণে॥
তুমিত প্রেমিক ধর ধর প্রেম, জেগে ওঠ প্রেম পরশনে,
প্রেমেরি গেলেকে, প্রেমের পুরকে, মিলাব প্রেমিক প্রেমিকা সনে।

ভৈরবী—কাওয়ালী।

প্রেম সাধ করি,
কি করি, মনেরে বুঝাতে নারি বল সহচরী,
সতত বাসনা যারে, রাখিতে হৃদিমাঝারে,
সে করে চাতুরী।
তিলেক না দেখা হ'লে, আর বাঁচিনে মরি মরি ॥৪৬৩॥

জয়জয়ন্তী—কাওয়ালী।

এতদিন পরে সখি, সত্য সে কি হেথা ফিরে এল ?
শে ম্লান মুখে কেমনে অভাগিনী যাবে তার কাছে সখীরে ?
শরীর হয়েছে ক্ষীণ, নয়ন জ্যোতিহীন,
সবি গেছে কিছু নাই, রূপ নাই হাসি নাই,
সুখ নাই, আশা নাই, সে আমি আর আমি নাই,
না যদি চেনে সে মোরে, তাহলে কি হবে ॥৪৩৫॥

আলাইয়া—আড়খেমটা।

যাই যাই, ছেড়ে দাও, স্রোতের মুখে ভেসে যাই
যাহবার হবে আমার ভেসেছিত ভেসে যাই।
ছিল যত সহিবার, সহেছিত অনিবার
ন কিসের আশা আর, ভেসেছিত ভেসে যাই ॥৪৩৬॥

গৌরী পুরিয়া—দাদরা।

ফুটেছে কলি নয়ন জল ঢেলে।
ণভরা ফুল প্রেমের গঠন প্রেম ফোটে তোমায় এলে ॥
এ ফুল ফুটেছে ধরায় পাষাণ মন রসায় ;
মন উঠেনি প্রেম ফোটেনি প্রেম দিলাই তারে পেলে।
দধি কে কোথায় কোমল বাঁধন পরতে চায় গলায়,
কান্না হাসি মান অপমান গঞ্জনা কে চায়,
কে কেঁদে মনের মলা দেবে কে ধুয়ে ফেলে ॥ ৪৩৭ ॥

াকছে আমায় শুনে আসি আস্‌ব আবার সে গেলে ॥
চায় যায় পায়না তারে প্রেমের একি উল্টো খেলা ॥
যে যারে চায়না ফিরে সেই ওলো ঘটায় জ্বালা,
প্রেমিক অলির কমলিনী, অলি বিনে পাগলিনী
র পোকার ভ্যান্ ভানানী, কল্লে লো সই জ্বালাপালা
লো আকুল হোয়ে প্রাণের ভয়ে কমল বালা ॥ ৪৩৮ ॥

সিন্ধু—মধ্যমান।

জুড়াইব বলে যারে হেরিতে হয় বাসনা,
হেরিলে হয় মানের উদয়, দ্বিগুণ বাড়ে যাতনা;
অদর্শনে ভাবি যাকে, মনে করি বক্‌ব তাকে,
দৃষ্টি হলে চখে চখে, তখন সে ভাব থাকে না ॥৪৬৯॥

সিন্ধু খাম্বাজ—মধ্যমান।

তুমি যাও হে সেখানে মন যারে চায়। (যার প্রণয়-পাশেবাধা,তব মন
বল কোন্ প্রাণে তারে ভুলিয়ে রবে হেথায়?
ঐ দেখহে অরুণ, লোহিত বরণ, বহিছে সুবিমল সান্ধ্য-সমীরণ
প্রস্ফুটিত চারিভিতে সুরভি প্রসূন;
যাও হে যাও হে, সুখ-নিশি যে আগত প্রায় ॥ ৪৭০ ॥

ঝিঁঝিট—কাওয়ালী।

আজি ধনি, কেন, কেন তাধোবদনে,
কথায় কথায় অভিমান প্রাণে বাঁচিনে ॥
কি দোষে করেছ মান, বসনে ঢেকে বয়ান;
নিরাসনে বসে আদরিণী প্রায়,—মান ত্যজ ও সুন্দরি,
আমি তোমার করে ধরি, তোমা বিনে অন্য নারী না হেরি নয়নে ॥

ঝিঁঝিট খাম্বাজ—চিমেতেতালা।

দেখা হ'লে তারি সনে আমার কথা বলো বলো,
যে যাহারে ভাল বাসে, তারে কি কাঁদান ভাল!
আমি মরি যার তরে, সে ভাল বাসে না মোরে,
তথাপিও আমি তারে এখনও যে বাসি ভাল।
যার লাগি সর্ব্বত্যাগী, সে স্মরে কি মম লাগি,
ব'লো তারে তারি তরে, ত্বরায় ঘেরিবে কাল।
ব'লো তারে আমার কথা, শুনে যেন পায়না ব্যথা,
আমি কবি কাহারেরে, সে আমার হইবে ভাল ॥৪৭২॥

যোগিয়া—আড়াঠেকা।

ভাল বাসিবে বলে, ভাল বাসিনে,
আমার স্বভাব কেমন তোমা বই জানিনে।
চাঁদ মুখে মধুর হাসি, আমি বড় ভালবাসি,
তোমারে দেখ্‌তে আসি, দেখা দিতে আসিনে ॥৪৭৩॥

খাম্বাজ—মধ্যমান।

জানি না যে কেন ভালবাসি,
যতনে যাতনা বাড়ে, কেন মন অভিলাষী।
বাসি বা না বাসি ভাল, ভাল বেসে থাকি ভাল,
লো বিফল আশা, আমি বাসনা সাগরে ভাসি ॥৪৭৪॥

ঝিঁঝিট খাম্বাজ—কাওয়ালী।

কথা ক'ব কিরে কহিতে যে কেঁদে উঠে প্রাণ,
তুমি কি জান না প্রিয়ে কেন করি মান।
আমারে রেখে এখানে, তুমি যাও সুখে সেখানে,
যেমন ব্যথা দিলে প্রাণে, ব্যথা পাবে প্রাণ ॥৪৭৫॥

ঝিঁঝিট খাম্বাজ—মধ্যমান।

"যাই যাই" বলি নাথ দিওনা মোরে যাতনা,
যেতে হয় যাও তবে, "যাই" কথা সহেনা।
বজ্রপাত হবে হবে, বলি যে আশঙ্কা তবে,
তিনে বেদনা করে, যাও তবে, "যাই" বোলনা ॥ ৪৭৬॥

জংলা—ফেরতা।

বিধুমুখী আমি তোমারে,
ভিন্ন ভাবিনে অন্তরে।
আমি তরুমূল, তুমি লো লতা,
তুমি বৃক্ষ ডাল, আমি লো পাতা,
বদন তুলে প্রিয়ে কহ লো কথা,
আজি প্রিয়ে কর প্রেম দান আমারে ॥ ৪৭৭ ॥

জেলেখার—গীত

প্রেমের ভিখারিনী ভিক্ষা মাগে প্রাণপতি পাশে।
প্রেমলতিকারবেশে, পায় জড়ায় সে এসে;
লতিরে পড়ে শুকিয়ে না যায় রাখতে হয় আশে॥
জ্ঞাতি বন্ধু দেশ দূরে রেখ সব, বিসর্জ্জন দিয়ে বিষয় বৈভব,
জীবনের আশা, শুধু ভালবাসা।
দুঃখের দুখিনী সুখের সুখিনী হোতে চায় পতিবাসে॥
যতদিন প্রাণ থাকিবে কায়ায়, থাকিবারে সাধ পতির ছায়ায়,
আয়ু শেষ হলে পতি পদতলে, পতি মুখপানে চাহিয়ে চাহিয়ে,
প্রাণ দেবে অনায়াসে॥

খাড়া ভৈরবী—মধ্যমান।

প্রেম-ভিখারিনী তব;—প্রাণেশ্বর।
বিনা ও প্রাণেশ-প্রেম বৃথা এ জীবন ভার॥
হৃদয়-মন্দিরে হায়, প্রেমময় দেবতায়,
পূজিব প্রণয়-হার ছিল এ কামনা-সার।
হইল বিরোধী তায়, লাজ, অপমান-ভয়,
বিদরে এ ছার হিয়া, সহেনা সহেনা আর॥
নাথ, সরোজিনী আজ, ধরি সন্ন্যাসিনী সাজ,
ফিরিবে দেশে, বিদেশে, কানন, গিরি-শিখরে।
অথবা তটিনী-নীরে, হই জনমের তরে,
বিসর্জ্জিব প্রাণনাথ, অসার মূরতি মোর॥ ৪৭৯॥

পূরবী—পোস্তা।

পুরিয়াছে মনোসাধ, পূরেছে বাসনা লো।
ফুরাইল ভালবাসা, ফুরাইল প্রেম আশা,
চলিল জীবন বুঝি বড় দুঃখ মনে লো,
আর না দেখিনু সখি সেই মুখখানি লো॥ ৪৮০॥

মুলতান—কাশ্মীরী খেমটা।

যার লাগিয়ে হৃদি (ও) কাঁদে অহরহ রে।
হইলে পাষাণ দহিয়ে যেত ফেটে রে॥
পরেরি আশা, মিছে ভালবাসা,
আমারি দুঃখ দেখে, তারি দুঃখ কেন হবে রে॥ ৪৮১॥

ঝিঁঝিট—খেমটা।

যাও ভ্রমরা মনচোরা, প্রাণ গেলে কব না কথা,
বকুলে আর নয়না ফুলে, ভ্রম তুমি যথা তথা।
বেঁচে আছি যার কিরণে, দিয়ে ব্যথা তারি প্রাণে,
তুমি তোমায় প্রাণপণে, সে কথাতো নয় অন্যথা।৪৮২।

সিন্ধু—মধ্যমান।

মিছে কেন মধুকর কণ্টক কেতকী ফুলে।
অঙ্গহীন হবে তব রজোপাঙ্গ পরশিলে॥
যাও যাও সুধাকর, সুধা পদ্মে পান কর,
বিকসিত শশধর, কুমুদ সলিলে॥৪৮৩॥

ঘট—দ্রুত ত্রিতালী।

আমোদ প্রমোদ।
নিলাজ বঁধু হে—
যদি চাইতে পার চেয়ে দেখ সতী এলো ওই।
ও চোখে চাহনি নাই—প্রাণের চাহনি চাই॥
নিলাজ বঁধু হে—
যদি চাইতে পার চেয়ে দেখ সতী এলো ওই॥৪৮৪।

ভৈরবী—আড়া।

নির্ব্বাণ মন আগুণ আজ কেন জ্বালাতে এলে?
প্রাণে কিছু থাকেনা হে আর, সে সব কথা মনে হলে।
মনে ভেবে দেখ দেখি, আর বা কি আছে বাকি,
কি দোষে করিয়ে দোষী, আমায় বনবাস দিলে ॥৪৮৫॥

পিলু—কাশ্মিরী খেম্‌টা।

সাধের তরণী আমার কে দিল তরঙ্গে,
কে আছে কাণ্ডারী হেন, কে যাইবে সঙ্গে।
ভাস্‌ল তরি সকাল বেলা, ভাবিলাম এ জল খেলা,
মধুর বহিবে বায়ু, ভেসে যাবে রঙ্গে।
গগনে গরজে ঘন, বহে খর সমীরণ,
কূল ত্যজি এলাম কেন মরিতে আতঙ্গে।
মনে করি কূলে ফিরি, বাহি তরি ধীরি ধীরি,
কূলেতে কণ্টক তরু বেষ্টিত ভুজঙ্গে।
যাহারে কাণ্ডারী করি, সাজাইয়া দিনু তরি,
সে কভু দিলনা পদ তরণীর অঙ্গে ॥ ৪৮৬ ॥

ঝিঁঝিট খাম্বাজ—আড়খেমটা।

প্রাণসই সইলো সই ও তার এত অযতন,
আমি যারে তুষি, সে ত তোষে না তেমন।
প্রথম প্রেমেরি তরে, যে সেধেছে পায়ে ধ'রে,
এখন সাধিলে তারে, সে হয় জ্বালাতন ॥ ৪৮৭ ॥

বারোঁয়া—ঠুংরী।

আর তোমার আলাপে কাজ নাই,
যে আলাপে মনস্তাপে প্রাণে ব্যথা পাই।
যে দিয়েছ প্রাণে ব্যথা, হৃদয়ে রয়েছে গাঁথা,
এখন যে কই কথা, লোকলাজ নাই।
গোড়া কেটে জল-ধারা, লাথি মেরে পায়ে ধরা,
এই কি তোমার প্রেমের ধারা, বলিহারি যাই ॥ ৪৮৮ ॥

সিন্ধু—আড়াঠেকা।

মানে মানে প্রাণে প্রাণে, যদি রে প্রাণ বেঁচে থাকি,
দেখবো কত, দেখ্‌লাম কত, আর কত আছে বাকি।
যে জ্বালা দিয়েছ মোরে, রেখেছি সব জমা করে,
জমা খরচ মিলন ক'রে শেষে বুঝে লব বাকী ॥ ৪৮৯ ॥

---

*ট—একতালা।

বলি গো সজনি যেও না, যেওনা
তার কাছে যেও না যেও না।
সুখে সে রয়েছে, সুখে সে থাক্‌ক,
মোর কথা তারে বল না বল না।
আমারে যখন ভাল সে না বাসে,
পায়ে ধরিলেও বাসিবে না সে,—
কাজ কি কাজ কি কাজ কি সজনি,
মোর তরে তারে দিও না বেদনা ॥ ৪৯০ ॥

সিন্ধু—আড়াঠেকা।

সে বিনে যাতনা যত, সে বিনে জানাব কারে
অন্তরের দুঃখ আমি, রাখি অন্তরে অন্তরে।
সে মোর আঁখি-অঞ্জন, আঁখি মোর নিরঞ্জন
করে গেছে সে খঞ্জন, অনঙ্গ দিয়ে অন্তরে ॥ ৪৯১ ॥

বারোঁয়া খাম্বাজ—খেম্‌টা।

প্রাণ সঁপে যে এমন হবে তাও তো জানিনে,
ভালবেসে অবশেষে প্রাণে বাঁচিনে।
জানিতেম যদি এমন হবে, অমৃতে গরল উঠিবে,
তা হলে কি ভুলি কভু নারীর ছলনে? ৪৯২ ॥

ভৈরবী—জলদ তেতালা।

এই কি তোমার বঁধু ছিল হে মনে,
যাচিয়া যাতনা দিবে জানিব কেমনে ?
অবলা সরলা অতি জানিয়া মনে,
ছলেতে ভুলালে ভাল সুধা বচনে॥ ৪৯৩ ॥

সিন্ধু খাম্বাজ—মধ্যমান।

এ যাতনা জানাওনা তায়।
শুনিলে আমার দুখ সে পাছে বেদনা পায়॥
তার দোষ গুণ যত, সকলি মম বিদিত,
দোষ ত্যজে অবিরত রত প্রশংসায়॥
নীরত্যজে ক্ষীর যেমন, হংস করে গ্রহণ,
তেমতি আমারি মন, তার পানে ধায়॥
ভাবিয়া দেখিলাম ভাল, সকলই কর্ম্মফল,
তাহে এ দুখ ঘটিল, কি দোষ তাহার॥ ৪৯৪ ॥

বারোয়া—ঠুংরি।

ভালবাসা জানি না কি ধন;
মনের মানুষ আমার হলোনা সে জন।
সংসার সাগর কূলে, পায় কেহ বিনা মূলে,
সাধনের ধন সেই পরেশরতন;
কেহ প্রাণপণ করি, ভাসায়ে জীবনতরী,
না পেলে কূল কিনারা হইল মগন॥ ৪৯৫ ॥

ঝুম-ঝিঁঝিট—একতালা।

প্রণয় রতনে যে জন না জানে।
হেরিলে নয়ন পোড়ে প্রাণ সঁপি কেমনে।
কণ্টক কানন, সখি তার মন,
সদা প্রাণ জ্বালাতন তারই মিলনে।
অন্তরে অন্তরে, প্রণয় যে করে,
আছে প্রাণ তারই তরে, আছি সই জীবনে॥ ৪৯৬ ॥

বেহাগ—কাওয়ালী।

মনে রয়ে গেল মনের কথা,
শুধু চোখের জল প্রাণের ব্যথা।
মনে করি দুটী কথা বলে যাই,
কেন মুখের পানে চেয়ে চলে যাই।
সে যদি চাহে, মরি যে তা হ,
কেন মুদে আসে আঁখির পাতা,
ম্লানমুখে সখি সে যে চলে যায়,
ও তারে ফিরায়ে, ডেকে নিয়ে আয়,
বুঝিল না সে যে কেঁদে গেল,
ধূলায় লুটাইল হৃদয় লতা ॥ ৪৯৭ ॥

পাহাড়ী—আড়া।

প্রিয় বলে প্রিয়তমে ডাকিতে যে পারিবে না:
তাই ভেবে বিনোদিনী বিবাদিনী হইও না।
তোমার যে ভালবাসা, মানুষের ক্ষুদ্র ভাষা,
শত বর্ষ শতকণ্ঠে প্রকাশিতে পারিবে না।
হৃদয়ে লুকান প্রে', অনলের মাঝে হেম,
বাহির করিলে আর সে সৌন্দর্য্য থাকিবে না ॥ ৪৯৮ ॥

ভৈরবী—ঝাঁপতাল।

কেন এলিরে ভালবাসিলি, ভালবাসা পেলিনে!
কেন সংসারেতে উঁকি মেরে চলে গেলিনে!
সার কঠিন বড় কারেও সে ডাকেনা, কারেও সে ধরে রাখে না,
াকে সে থাকে, আর, যে যায় সে যায় কারো তরে ফিরেও না চায়!
হায় হায় এসংসারে যদি না পূরিল আজন্মের প্রাণের বাসনা,
যাও ম্লানমুখে ধীরে ধীরে ফিরে যাও থেকে যেতে কেহ বলিবে না:
তোমার ব্যথা তোমার অশ্রু তুমি নিয়ে যাবে,
আর ত কেহ অশ্রু ফেলিবে না ॥ ৪৯৯ ॥

কাফিসিন্ধু—আড়াঠেকা।

পীরিতি বিচ্ছেদ দুঃখ কিসে নিবারিব আমি।
ইহাতে উপায় সখি, বল কি করিব আমি॥
সুখ আসে ধন প্রাণ, ক'রে যারে সমর্পণ,
এখন পাসরে তারে, কেমনে রহিব আমি॥ ৫০০॥

বারোয়া—ঠুংরি।

আরে পরবশ মন, পরে জানিবে পর যে কেমন।
ছি ছি মন পরের তরে, কি হবে যতন করে,
পরস্পরে হবে পরে, সদা জ্বালাতন।
যে জন পরের লাগি, হয় সদা অনুরাগী,
হতে হয় দুঃখভাগী যাবত জীবন।
পরাধীন মন যার, বাঁচিয়ে কি ফল তার,
বিনা দাহে অনিবার দহে সেই জন॥ ৫০১॥

মিশ্র ঝিঁঝিট—কাওয়ালী।

সখা হে, কি দিয়ে আমি তুষিব তোমায়?
জর জর হৃদয় আমার মর্ম্ম বেদনায়,
দিবানিশি অশ্রু ঝরিছে সেথায়।
তোমার মুখে সুখের হাসি আমি ভালবাসি,
অভাগিনীর কাছে পাছে সে হাসি লুকায়॥ ৫০২॥

ভৈরবী—আড়খেম্‌টা।

কেন রে চাস্ ফিরে ফিরে চলে আয় রে চলে আয়,
এরা-প্রাণের কথা বোঝে না হৃদয়-কুসুম দলে যায়!
হেসে হেসে গেয়ে গান, দিতে এসেছিলি প্রাণ,
নয়নের জল সাথে নিয়ে চলে আয় রে চলে আয়॥ ৫০৩॥

ভৈরবী—কাওয়ালী।

এখনো এখনো প্রাণ, সে নামে শিহরে কেন,
এখন হেরিলে তারে, কেনরে উথলে মন।
বিরক্তি-ভ্রূকুটী রাশি, হেরি সে ঘৃণার হাসি,
তবুও ভুলিতে তারে, নারিনু কেন এখনো।
চোখের দেখা দেখ্‌তে এলে, তাও দেখা নাহি মেলে,
দারুণ তাচ্ছিল্যভাবে, সে করে যে পলায়ন।
তাই থাকি দূরে দূরে, ভাসি মর্ম্মভেদী নীরে;
মুহূর্ত্তও দেখা পেলে, স্বর্গ হাতে পাই যেন॥
জ্বলে প্রাণ যাতনায়, জ্বলুক কি ক্ষতি তায়,
আমার সে সুখে থাক্, নাহি সাধ অন্য কোন॥ ৫০৪॥

ভৈরবী—মধ্যমান।

ঘটিল কি দায়, প্রেমহরি পাব কেমনে।
কুটিল প্রণয় ফুল কণ্টকেরি কাননে।
ভুজঙ্গ মস্তক মণি নিরখি নয়নে,
জ্ঞান হয় ধরি ধরি ভয় কেবল দংশনে॥ ৫০৫॥

পুরবী—আড়াঠেকা।

রোপণ করিয়াছিলাম আশালতা প্রেমবনে।
ফল ফুলে লাভ হবে বড় আশা ছিল মনে।
অতি সযতন করি, সিঞ্চন করিলাম বারি,
বিচ্ছেদ তায় হয়ে অরি, অজাক্লপে নাশে প্রাণে॥ ৫০৬॥

সিন্ধু খাম্বাজ—আড়খেমটা।

দাসী বলে অভাগীরে আজও কি তার মনে আছে।
তাহার যে আশাধীনী আশানীরে ভাসিতেছে।
বাসেনা বাসে ভাল, সে ভাল থাকিলে ভাল,
দেখা হলে শুধাস্‌লো সই সেত আমার ভাল আছে॥ ৫০৭॥

সুরট—আড়াঠেকা।

আমার কথা কস্‌নে তারে দেখা হলে তার সনে।
জিজ্ঞাসিলে বলিস্ না হয়, বেঁচে আছে প্রাণে প্রাণে॥
যে দিয়েছে মর্ম্মব্যথা, মরমে রয়েছে গাঁথা,
মনে হলে সে সব কথা প্রাণ আর থাকেনা প্রাণে॥ ৫০৮॥

বেহাগ—কাওয়ালী।

মন যে নিল সেতো আর ফিরে দিল না।
বলি বলি মনে করি আর বলা হ'লনা॥
যে দিকে ফিরাই আঁখি, সদত তাহারে দেখি
দেখি দেখি আরও দেখি, আর দেখা হ'লোনা॥
তাহারে হেরিলে সই, মুখপানে চেয়ে রই,
জনম ফুরায়ে গেল, আর দেখা হ'লনা॥ ৫০৯॥

সরফরদা—জলদ তেতালা

কেন বিধি নিরমিল কমলে কণ্টক!
দেখ শশধর, নাশয়ে তিমির, তাহে করিল কলঙ্ক।
বিষধর মণিধরে, মুকুতা শুক্তি উদরে,
এমন বিচার সংসার যাহার, হথে খেদের কি অন্তক॥ ৫১০॥

সিন্ধু ভৈরবী—মধ্যমান।

দুঃখিনী করিয়ে বিধি সৃজিল দেহ আমার।
কোথা সুখ পাব বল এ ভুবন মাঝার।
পাষাণে গড়িয়ে মোরে, ডুবালি শোক সাগরে,
সহিবারে দুঃখ জাল যত ধরে এ সংসার॥
কে জননী কেবা পিতা, না জানি স্নেহ মমতা,
কাঁদিতে এসেছি ভবে, কাঁদা মাত্র মোর সার॥
বড় আশা করি মনে, হেরিনু তব চরণে,
দুঃখনীরে তরি ভাবি স্পর্শ মাত্র শূন্যাগার॥ ৫১১॥

ঝিঁঝিট—কাওয়ালী ।

অন্তরের ধন তুমি কেমনে অন্তরে রাখি ।
নিরবধি হেরিবারে সাধ করে মম আঁখি ॥
সে সাধ বিষাদ করে, ভাসাইয়ে দুখনীরে,
যেওনা প্রাণ স্থানান্তরে, অধিনীরে দিয়ে ফাকি ॥ ৫১২ ॥

ভৈরবী—আড়খেমটা ।

নয়নে লাগিল যারে,
বিধি কি সদয় হয়ে মিলাবে তারে ?
সে জন বিনা প্রেম দান, নহে কখনো বিধান,
যে করে সই আমার প্রাণ জানাব কারে ॥৫১৩॥

সিন্ধু কাফি—একতালা ।

ওরে তোরে দেখিতে নয়ন পাগল কেন ।
এই বোধ হয় মোর, জ্ঞান কি গুণ ।
যদি নিরন্তর দেখি, তৃপ্তিহীন নহে আঁখি,
না দেখিলে দেখ দেখি কি দুখি প্রাণ ॥৫১৪॥

হাম্বির—কাওয়ালী ।

হোলনা লো হোলনা সই ! (হায়)
মরলে মরম লুকান, রহিল বলা হ'ল না,
[illegible]লি বলি বলি তারে কত মনে ক'রিনু হ'লনা লো হ'লনা সই !
[illegible]কছু কহিল, চাহিয়া রহিল, গেল সে চলিয়া, আর সে ফিরিল না,
[illegible]ব ফিরাব বলে কত মনে করিনু, হ'লনা লো হ'লনা সই ॥৫১৫॥

ঝিঁঝিট খাম্বাজ—মধ্যমান ।

মন যে তোমারই বশ নিতান্ত হইল,
তুমি যে পরেরি প্রাণ উপায় কি বল ;
বাসনা করে বাসনা, বাসনা মানা শুনে না,
সাধিলে সাধ পুরে না, বিষম দায় ঘটিল ॥ ৫১৬ ॥

ঝিঁঝিট খাম্বাজ—মধ্যমান।

সে কেনরে করে অপ্রণয়, ও তার উচিত নয়,
আমি জানি তার সনে কখন বিচ্ছেদ নয়!
কত যে সেধেছি তারে, তবু সে না মনে করে,
তবে কেন তার তরে, মন উচাটন হয়!
যাচিয়ে যৌবন দিলাম, বিনা মূলে বিকাইলাম,
মন প্রাণ সব সঁপিলাম, তাহার প্রেমের দায়!
সখি গো স্বপক্ষ হয়ে, ব'ল তারে বুঝাইয়ে,
প্রণয় করিতে গেলে দুঃখ সুখ সইতে হয়।
দিনান্তে প্রাণান্ত হ'ত, একবার যদি দেখা দিত,
তবে কেন অবিরত, হৃদয় মাঝে উদয় হয়॥ ৫১৭॥

ঝিঁঝিট খাম্বাজ—কাওয়ালী।

দারুণ মানের ভরে করেছি তার অপমান,
এখন আমার যায় প্রাণ, সই তারে ডেকে আন!
মানেতে হইয়ে হত, কুবাক্য বলেছি কত,
ঐ যায় প্রাণনাথ, মানের উপর করে মান;
এখন সাধিলে তার বাড়িবে দ্বিগুণ মান॥ ৫১৮॥

ভৈরবী—কাওয়ালী।

এখন এখন প্রাণ সে নামে শিহরে কেন,
এখন হেরিলে তারে কেনরে উথলে মন।
বিরক্তি ভ্রূকুটী রাশি, হেরিলে ঘৃণার হাসি,
তবুও ভুলিতে তারে নারিনু কেন এখন॥
চোখের দেখা দেখ্‌তে গেলে, তাও দেখা নাহি মিলে
দারুণ তাচ্ছিল্য ভাবে, সে করে যে পলায়ন।
তাই থাকি দূরে দূরে, ভাসি মর্ম্মভেদী নীরে,
মুহূর্ত্তও দেখা পেলে, স্বর্গ হাতে পাই যেন।
জ্বলে প্রাণ যাতনায়, জ্বলুক কি ক্ষতি তায়,
সে আমার সুখে থাক্, নাহি সাধ অন্য মন॥ ৫১৯॥

ভৈরবী—একতালা।

এবার প্রাণান্ত হ'লে রমণী হব,
পুরুষের যত দুঃখ নারী হয়ে জানাব।
মান করে বসে রব, সাধিলে না কথা কব,
অপমান তার কিরে দিব, পায়ে ধরে সাধাব॥ ৫২০॥

বারোঁয়া—ঠুংরি।

মন চায় দেখিতে যারে,
সে কেনরে দেখা দিতে এত ছল করে!
যারে ভাবি নিরন্তর, সে ভাবে না একবার,
তবু তার তরে কেন মন কেমন করে!
আমি আছি তার আশে,
অপরে সে ভাল বাসে,
চতুরে সঁপিয়ে প্রাণ সদা নয়ন ঝরে॥ ৫২১॥

সিন্ধু খাম্বাজ—মধ্যমান।

আয় রে বিচ্ছেদ, রাখি তোরে যতনে হৃদি মাঝারে,
এ জনমের মত তোরে, সে সঁপে গেছে আমারে।
বিচ্ছেদ রে বিচ্ছেদ হওনা, করি তোমার উপাসনা;
অন্তরে থাকিয়ে তুমি, সতন্তর কর তারে।
তুমি থাকিলে অন্তরে, সে থাকিবে অন্তরে,
তুমি যাইলে অন্তরে, সে আসিবে অন্তরে॥ ৫২২॥

খাম্বাজ—একতালা।

মরমে মরম যাতনা সই, ভালবাসার অযতনে,
না বুঝে কুকাজে মজে বাজের অধিক বাজে প্রাণে॥
যে জন পীরিতে নাচায়,
সে যদি ফিরিয়ে না চায়,
মন প্রাণ যাহারে চায়,
কে বল রাখিবে পায়,
সে যদি না বাঁচায় প্রাণে॥ ৫২৩॥

ললিত বিভাষ—একতালা।

কেমনে ভুলি তারে,
কি বল সই আমারে, যে জন বিরাজে হৃদয় মাঝারে।
আমি চকোরিণী, সে যে সুধাকর,
প্রেম সুধাদানে তুষিবে অন্তর,
সে হলে অন্তর, কেমনে অন্তর
ঘুচাইবে বল বিরহ-বিকারে।
বারিহারা মীন হয় গো যেমন,
সে বিনে সতত আমি গো তেমন,
হারা হয়ে সেই হৃদয়-রতন,
ভাসিব কি শেষে অকূল পাথারে ॥ ৫২৪ ॥

লুম্ ঝিঁঝিট—একতালা।

ভুলিব কেমনে সে বিধুবদনে,
হৃদয় শোণিতে নয়ন বারিতে—
পূজিয়াছি যারে চিতে, বসি যোগ ধ্যানে,
সাধ ছিল মনে, সে জীবন ধনে
রাখি যুগ যুগ ভরি নয়নে নয়নে ॥ ৫২৫ ॥

সিন্ধু ভৈরবী—মধ্যমান।

যদি যাবে কবে আসিবে বলে যাও।
প্রবঞ্চনা কর যদি এ অধিনীর মাথা খাও।
সেই দিন মনে করি, রহিব হে প্রাণ ধরি,
নতুবা হে প্রাণে মরি, শেষ দেখা তোমার আমার ॥ ৫২৬ ॥

পিলু—যৎ।

আগে যদি জানিতাম কপাল আমার;
দলিতাম আশালতা অঙ্কুরে তাহার ॥
যত ফেলি আঁখিজল, তত হইল প্রবল,
এখন লতাভরে, তরু মরে, কে করে বিহিত তার ॥ ৫২৭ ॥

জংলা ঝিঝিট—আড়াঠেকা।

অবলা সরলা সুধী কুলবালা কেন মোরে দেখা দিল।
ন কোন ফুল সুধাংশু, কিরণে বিজনে শোভিতেছিল॥
বনে সে রূপ বুঝি নিরুপম, নিরখি যাহারে মন উচাটন,
যার লাগি সদা ঝরে দুনয়ন, কেন আঁখি নেহারিল।
গড়েছিল কোমল কমলে পুনঃ তারে কেন কণ্টকে সাজালে,
বনা যখন, আমার সেজন, তবে কেন মজাইলে ?৫২৮॥

জংলা ঝিঝিট—আড়াঠেকা।

ারি আমারি তুমি যে আমারি জানিতে কি বাকি আর।
মুখে তব মৃদু মধুর হাসি, অন্তরে রেখে হলাহল রাশি,
ানা গেছে তব ভালবাসা বাসি, এখন না ছাড় ছল॥৫২৯॥

সিন্ধু—মধ্যমান।

যারে তারে কেউ ভালবাসা দিস্‌নে।
যদিও সর্ব্বস্ব দিস্, তবু ভালবাসা দিস্‌নে॥
ভালবাসা অমূল্য ধন, এর যোগ্য বিশ্বাসী জন।
অবিশ্বাসী করে দিয়ে, এর অপমান করিস্‌নে।
য কেউ ভালবাসে তোরে, পরখ কর তায় নিক্তি ধরে,
তবে ভালবাসিস্ তারে, তা নইলে ভুলিস্‌নে॥
আগুপাছু না ভাবিলে, আমার মত পলে পলে,
ভাস্‌তে হবে নয়ন জলে, রূপ দেখে মজিস্‌নে॥৫৩০॥

ললুঝিঝিট—আড়াঠেকা।

আঁখি জলে ভাসি ; লো সই বলিবনা কারে বিধাতা বই।
ব তখন সময় পেলে ; জানিবে তখন সময় এলে॥৫৩১॥

আমি তোমার মন বুঝিতে করিছি মান।
দেখি আমায় কেমন তুমি ভালবাস প্রাণ॥
মনে আমার একবার নাহি বিভিন্নতা জ্ঞান।
অন্তরে হরিষ, মুখেতে বিষ, কপটে ঝরিছে এ দুটি নয়ান॥৫৩১

পীরিতে সই এমন বিরাগী হই।
ভাবি তার মুখ নিরখিব না।
এমুখ তারে দেখাবনা।
বিরহে প্রাণ গেলে তবু কথা কব না।
পুনঃ হলে দরশন করয়ে কি গুণ, তখন সে মন থাকে না॥৫৩৩

ঝিঁঝিট—আদ্ধা।

এ জনমের সঙ্গে কি সই জনমের সাধ ফুরাইবে?
কিম্বা জন্মজন্মান্তরে এ সাধ পূরাইবে।
বিধি তোরে বলি শুন, জন্মি যদি দিবে পুন
আবার আমারে যেন রমণী জনম দিবে॥
লাজ ভয় তেয়াগিব, এ সাধ মোর পূরাইব
সাগর ছেঁচে রতন নিব, কণ্ঠে রাখব নিশি দিনে॥৫৩৪॥

কাঁরির সুর—খেমটা।

যদি এসেছিলি যাবি বলে আস্‌লি কেন বল?
এমন দগ্ধে মায়ার চেয়ে ভাল ছিল সে বিরহানল॥
না দেখে তোরে একরূপ ছিলাম অন্তরে,
দুখে সুখে যাচ্ছিল দিন আজি কার করে;
না মিটিতে আশা, ঘোর পিপাসা কেড়ে নিলি মুখের জল॥
সাধ করে আপনি এলে হে গুণমণি,
সাধে তবে বিষাদ কেন কল্লে বল শুনি,
এ যে বিদ্যুৎ দেখা দিয়ে বাড়ালি আঁধার কেবল॥৫৩৫॥

মূলতান আড়াঠেকা।

ভাবে বুঝি আমাহতে সে অধিক জ্বালাতন ॥
নৈলে কেন থাকে সদা হয়ে বিরস বদন ॥
তাহার বদন দেখি, প্রাণ কাঁদে ওগো সখি,
যদি হয় আঁখি আঁখি উভয়ে করি রোদন ॥৫৩৬॥

জয়জয়ন্তী—আড়া।

ভাবিনে, তুমি যে যাবে, করিবে এমন!
জীবন- নবিড়-বনে জোছনা-কিরণ!
তোমারি পানেতে চেয়ে, চলেছিনু গান গেয়ে—
নয়নে ঘুমন্ত মোহ, হৃদয়ে স্বপন।
পায়ে পায়ে এল ধাঁধা, এত বাঁধা, এত কাঁদা,
কপালে এত যে ছিল, বুঝিনে তখন ॥ ৫৩৭ ॥

কাফি—ঝাঁপতাল।

'এস এস চির বন্ধু এস প্রিয় অশ্রুজল!
আকুল জীবনে সখে তুমি মানব সম্বল।
নিতান্ত ব্যথিত হলে, প্রাণের সুহৃদ বলে,
ধরিয়ে তোমার গলে করি প্রাণ সুশীতল।
এসেছি ব্যথিত প্রাণে, আজ তব সন্নিধানে,
জ্বলে যে হৃদয়ে বহ্নি 'নবাও সে চিতানল।
এস এস চিরবন্ধু এস প্রিয় অশ্রুজল ॥৫৩৮॥

খাম্বাজ - কাওয়ালী।

তোর একি কঠিন হৃদয়? অবলা পাইলে বুঝি কাঁদাইতে হয় ॥
দিবানিশি আঁখি ঝরে, তথাপি সাধনা পোড়ে
কোমল জীবনে আর কত জ্বালা সয় ॥৫৩৯॥

কালাংড়া—পোস্তা।

আর আমি প্রাণ দিবনা পরে।
পরের বেদনা পরে জানেনা, পরের সনে কল্লে প্রেম পরে থাকে না,
দুদিন পরে সেই পর ভাবে পরস্পরে ॥৫৪০॥

ঝিঁঝিট খাম্বাজ—আড়া মৃটা।

আর বাজায়োনা আশার বাঁশী তুলনারে স্বপন ফুল।
আমি জেনে শুনে ভুলে আছি ভেঙ্গোনা এ সাধের ভুল।
প্রেমের ঝড়ে ঘুরে ঘুরে, গিয়াছিনু কোথায় উড়ে—
আজ ভুই পেয়েছি কত ক'রে, আর ঢেউ দিয়ে ভেঙ্গোনা মূল।
আপনার আছি আপনি ভরা, কিছু তেহ নেই ছোঁয়া ধরা।
আশার সুরে স্বপন-ডোরে মিছে অকূলের এ কলা কূল ॥ ৫৪১।

বেহাগ খাম্বাজ—কাওয়ালী।

সে আমার আছে গো কেমন ?
এখনো তার ঠোঁটে হাসি ফোটে কি তেমন ?
এখনো কি আঁখি তুলে, চারিদিকে চায় ভুলে ?
সম্মুখে কি ভাসে তার সুখের স্বপন ?
সুখে থাক তাই চ'ই, আমি মরি ক্ষতি নাই,
হয়ে গেছে যা হবার কপালে লিখন ॥ ৫৪২ ॥

আড়—খেম্‌টা।

যাও পাখি বল তারে সে যেন ভুলেনা মোরে,
এ জনমের মত এ প্রাণ সঁপেছি তার করে।
বোল তারে আমার কথা, শুনে যেন পায়না ব্যথা,
আমি একা আছি হেথা, দু'নয়নে বারি ঝরে।
আর এক কথা মনে করে বোল বোল বোল তারে,
প্রেমদাস আজ প্রাণে মরে, না হেরে নয়নে তারে ॥ ৫৪৩ ॥

ঝিঁঝিট খাম্বাজ—মধ্যমান।

কে হানিল মম হৃদে দারুণ বিচ্ছেদ ছুরি।
ওষ্ঠাগত হতেছে প্রাণ আর বাঁচিনে মরি মরি॥
পলকে প্রলয় জ্ঞান কে হরিল মম ধন।
যেমন কল্লে দশানন রামচন্দ্রের সীতা চুরি॥ ৫৪৪॥

খট—একতালা।

যতন যাতনা হবে আগে কে জানিত বল ?
কথা শেষে ব্যথা হবে, হাসি হবে আঁখি জল।
সুখ হবে দুখ স্মৃতি, দুখ হবে প্রাণ-গীতি,
হবে মৃগতৃষা, মরণ হবে মঙ্গল, আগে কে জানিত বল ? ৫৪৫॥

দেশ—আড়া।

হ'লোনা আমার যদি, যাই, তবে কেঁদে যাই।
যার থাক, "সুখে থাক" এ বিনা কামনা নাই।
নাই বা ফুটল হাসি, নাই বা বাজিল বাঁশী,
(সুধু) দিনান্তেও একবার দেখে যেতে যেন পাই॥ ৫৪৬॥

জংলাপাহাড়ী—যৎ।

যারে বিদেশী বঁধু আমি তোরে চাইনা,
যখন তোরে মনে করি, তখন তোরে পাইনা।
আমার মাথায় দিয়ে হাত, দিব্য কর প্রাণনাথ,
নিতান্ত জেনেছিরে প্রাণ তুমি আমার হবে না।
অগুরু চন্দন দিব মনে ছিল বাসনা,—
সে আশা হ'লো নৈরাশা, তুমি প্রাণ এলে না।
আকাশেতে মেঘ দেখে, চাতকিনী নাচে না,
তোমাতে আমাতে রে প্রাণ, মিলনে সুখ হলো না॥ ৫৪৭॥

লুম খাম্বাজ—কাওয়ালী।

মন মানে যদি, দুনয়ন মানেনা।
মনেরে বুঝাতে পারি, নয়নেরে পারি না॥
সদা নয়নে নয়নে রাখিবারে তোমা ধনে,
পাপ আঁখি আমার যে, সদা করে বাসনা।
তুমি যে পরেরি প্রাণ, সে মনে দেয়না স্থান,
বুঝালে আঁখিরে আমার, পোড়া আঁখি বোঝে না॥ ৫৪৮॥

খাম্বাজ—একতালা।

ওলো রেখে দে, সখি, রেখে দে, মিছে কথা ভালবাসা।
সুখের বেদনা, সোহাগ যাতনা, বুঝিতে পারিনা ভাষা॥
ফুলের বাঁধন, সাধের কাঁদন, পরাণ সঁপিতে প্রাণের সাধন,
"লহ' "লহ" ব'লে পরে আরাধন, পরের চরণে আশা।
তিলেক দরশ পরশ মাগিয়া, বরষ বরষ কাতরে জাগিয়া,
পরের মুখের হাসির লাগিয়া, অশ্রু সাগরে ভাসা
জীবনের সুখ খুঁজিবারে গিয়া, জীবনের সুখ নাশা॥ ৫৪৯॥

খাম্বাজ—আড়া তেতালা।

সাধে সাধ করি এত, তোমারে দেখিতে।
মানস প্রবোধ বোধ নাহি লয় চিতে॥
ও রূপ লাবণ্য তব, মনোহর সুপার্ণব,
মাধুর্য্য মাদক রূপে, প্রণত আঁখিতে।
যদি কভু করি মনে, তোমারে না করি মনে,
তাহাতে রোদনে প্রাণ, যায় দুঃখাতীতে॥ ৫৫০॥

খাম্বাজ—কাওয়ালী।

কি হবে জানালে দুখ তায় (সই বল)
সে যদি আমায় একান্ত না চায়॥
জানালে যাতনা বোধ, নাহি মানে উপরোধ,
তথাপি অবোধ মন, তারি পিছে ধায়॥ ৫৫১॥

মিশ্র।

এমন যামিনী, মধুর চাঁদিনী, সে শুধু গো যদি আসিত।
প্রাণে এমন আকুল পিয়াসা যদি সে শুধু গো ভাল বাসিত।
মধু বসন্ত, এত শোভা হাসি, এ নব যৌবন, এতরূপ রাশি
সকলি উঠিত পলকে বিকাশি সে শুধু গো যদি চাহিত।
বিধি তুমি, মিথ্যা তব সৃষ্টি, কেন এ সৌন্দর্য্য নাহি যদি দৃষ্টি!
যদি—হলাহলে ভরা প্রেম সুধা মিষ্টি।
কেন তবে প্রাণ তুষিত! ৫৫২ ॥

মিশ্র কানাড়া—কাওয়ালী।

আমার পরাণ যাহা চায়, তুমি তাই, তুমি তাই গো!
তোমা ছাড়া আর এ জগতে মোর কেহ নাই কিছু নাই গো!
তুমি সুখ যদি নাহি পাও, যাও, সুখের সন্ধানে যাও,
আমি তোমারে পেয়েছি হৃদয় মাঝে, আর কিছু নাহি চাই গো
আমি তোমার বিরহে রহিব বিলীন, তোমাতে করিব বাস,
দীর্ঘ দিবস, দীর্ঘ রজনী, দীর্ঘ বরষ মাস!
যদি আর কারে ভাল বাস, যদি আর ফিরে নাহি আস
তবে, তুমি যাহা চাও, তাই যেন পাও,
আমি যত দুখ পাই গো! ৫৫৩ ॥

ঝিঁঝিট-খাম্বাজ—ঢিমেতেতালা।

বাঁধি প্রিয়জনে সযতনে সজনি জীবনের জীবন ধন, সেই গুণমণি
তার মিলনে, হয় মনে, সুখ দিবস রজনী,
হই তার অদর্শনে, যেন মণি-হারা ফণি ॥ ৫৫৪ ॥

সোহিনী—একতালা।

কেঁদেছি পরের প্রাণে, আপন প্রাণে হাসি নাই।
এস সই চাঁদের পানে, চেয়ে চেয়ে প্রাণ জুড়াই।
জ্বলে ঐ জ্বলে তারা, যামিনী মাতুয়ারা,
কুসুমে লো ভোমরা গুন্ গুন্ গুন্ শুনতে পাই ॥ ৫৫৫ ॥

পাহাড়ী-পিলু—খেমটা।

যখন প্রাণ ছিলে প্রাণে কত মসলা দিতেম পানে।
এখন কাছে গেলে পরে, সদা কর পানে পানে॥
আর কি আমার সে দিন আছে, চুণের ভাড় শুখায়ে গেছে,
তাল পুকুরের নাম রয়েছে, তীর উবু জল নাই মাঝখানে।
খয়ের কোরে কেয়া ফুলে, কাঁদি বসে ফুলে ফুলে,
ক্রমে অঙ্গ গেল ফুলে, মলেম বুঝি এত দিনে॥
সু মনে সুপারি দিয়ে. সুখের তরণি ভাসাইয়ে,
প্রেমের বাদাম উড়াইয়ে, ডুবি বিচ্ছেদ-তুফানে।
যতনে দিয়ে যোয়ান ধোনে, পেয়েছিলাম তোমা ধনে।
এখন এ নব যৌবনে, হানচে মদন পঞ্চবাণে।
যে দিনে দিলাম দালচিনি, সে হতে প্রাণ তোমায় চিনি,
এখন আমি বালি তুমি চিনি, চেনাচিনি নাই দুজনে।
ছোট এলাচ লয়ে সুখে, দিতাম যাদু তোমার মুখে,
এখন দেখ না ত চেয়ে, ফিরে অধিনীর-পানে॥
শিশি ভরা কর্পূর ছিল, কপাল ক্রমে উবে গেল
লবঙ্গ বিবর্ণ হল, গন্ধ হয়েছে জাফরাণে।
যখন আমার ছিল বাহার, দিয়ে থাক্‌তাম কত বাহার,
গুণ গুণ করে গেয়ে বাহার, উড়ে বোস্‌তে মধুপানে॥ ৫৫৬।

মিশ্র আড়া।

না জানি কি গুণ ধরে মুখখানি তোমার
যত দেখি তত সাধ দেখিতে আবার।
এক দৃষ্টে চেয়ে রই, মনে মনে হারা হই,
তবুও পলক নাহি নয়নে আমার॥৫৫৭॥

মল্লার—যৎ।

মন প্রাণ হরে নিয়ে আর আমায় কাঁদায়োনা,
আর বুঝি হে প্রাণনাথ আমায় সদয় হবে না!
মদন-জ্বালায় জ্বর জ্বর, সয়ে কত থাকি আর,
জ্বলিতেছি প্রেমানলে আর আমায় জ্বালাও না॥ ৫৫৮।

ভৈরবী—কাওয়ালী।

সে আমায় পাগল কোরেছে প্রাণে।
আর কি পাইব আমি সে বিধু-বদনে॥
যদি কোন ক্রমে দেখা হয় তারি সনে,
বলিব হাতে ধরি, মিনতি বচনে,
যদি না শুনে তায়, ধরিব তাহারি পায়,
রাখিব না এ জীবন তখনি মরিব প্রাণে॥ ৫৫৯॥

বাগেশ্রী—আড়াখেমটা।

আশা পূর্ণকর রে প্রাণ কহি কাতরে।
দিওনা আর দুঃখ ধরি হে তব করে॥
যদবধি মন প্রাণ, চাহে না আর কাহারে॥
তোমারে না হেরিলে মরি প্রেমানলে জ্বলে,
নিবারি আঁখির জলে, ভাসি দুঃখ-সাগরে;
তব অধর সুধা পানে, বাসনা হতেছে মনে,
সুখেতে রহি জীবনে হৃদে রাখি তোমারে॥ ৫৬০॥

খাম্বাজ—কাওয়ালী।

পিরীতি যে জানে সে কেন করে না।
সে বিনে আমার প্রাণ আর তো চাহে না
আঁখিতে পরখিতে পারে যেই জন,
তার মনে মন দিতে সদা মনে আকিঞ্চন;
যতন করিয়ে তারে পাই যে যাতনা॥ ৫৬১॥

ঝিঝিট খাম্বাজ—মধ্যমান।

কেন ভালবেসে লাম তারে,
হেরিতে বাসনা হলে, ভাসি অকূল পাথারে।
যৌবন তরি আমার, ভেঙ্গেছে মাঝার তার,
কেমনে হইব পার, পড়েছি বিষম ফেরে॥
মুদিয়ে যুগল আঁখি, যদি স্থিরভাবে থাকি
তখনি তাহারে দেখি, উদয় হৃদি মাঝারে॥ ৫৬২॥

সরলার গীত।

কই কেউ বলে না আমায়, কাঁদো কাঁদো মুখে কেন ছল ছল চায়,
কাঁদে সে এরা কেন কেন কেঁদে ফিরে যায়॥
আপনার মত আসে, আপনারে ভাল বাসে,
পরেরি মতন শেষে কোথা ভেসে যায়।
আপনি কাঁদিয়ে কেন পরের কাঁদায়॥ ৫৬৩॥

পেশমানের—গীত।

(সে যে) ধরা দিতে ধরা নেয় না ; দেখা দিয়ে দেখা দেয় না।
শুধু আশায় ভাসায় ফরে চায় না ; পিয়াসী পিয়িতে সুধা পায় না,
তাই পিয়াসী পিয়িতে সুধা পায় না॥ ৫৬৪॥

ওসে ভালবাসে যদি তবে বলেনা কেন, মুখ ফুটে বলেনা কেন।
ভাসা ভাসা ভালবাসা সয়ো না যেন, আহা সই সয়ো না যেন।
দেখ ও দেখসে প্রাণ, লও কর প্রেমদান,
চেনা দিয়ে চিনে লও চতুরে হেন, চিতচোর চতুরে হেন॥৫৬৫॥

ছি ছি ছি নরের জন্ম নরের কর্ম্ম নরের ধর্ম্ম বোঝা ভার।
নোয়ে নর, প্রাণ পুরুষে কায়ায় পুষে কোচ্ছে সদা হাহাকার॥
কারুর হাসি কান্না, কান্না হাসি কেউ তোষে কেউ রোষের রাশি।
স্বর্গ নরক পুণ্য পাপে কেউ বোঝে না নাই বোঝাবার॥ ৫৬৬॥

তেলেঙ্গা—দাদরা।

কেন আর বাধবো বেণী বললো সজনী।
যদি বেণীর ডোরে বাধতে পারি গুণমণি॥
তাচ যদি না কেঁদে উঠে প্রাণ কেন আর হানবো নয়ন বাণ,
মান কিসের লো মধুর হাসির সে না রাখলে মান
যদি ধরতে পারি তবে নারীর গরব কিতা জানিনি॥ ৫৬৭॥

উপেন্দ্রনাথের—গীত।

—কান্না কিনে কাঁদ্‌বি যদি যায়, এথা বিনিমূলে বিকিয়ে যায়।
এ--সাধের কান্না ফুরাবে না সাথের সাথি হতে চায়॥
মার—সকলি ছিল হে, সকলি গিয়েছে, আছি তবু নাই হইয়া,
হাসি খুসি সব, হোয়েছে নীরব, আছি আঁখিজল লইয়া;
মানুষের বার, মানুষে কোরেছে, আশে পাশে ফিরি কাঁদিয়া॥
কাঁদি সেথা—কাঁদে যেথা প্রাণ।
হাসি ফেলে, আহা বলে, শোনে পেতে কান॥
আঁখি নীরে আঁখি নীর--করে হে প্রদান॥
সে সুচারুকারু তরে পূজি বিধাতায়;
বিধি-চাঁদ নিঙারিয়া তারায় মজিয়া, ফোটাফলে গঠি কায়—
বিধি -নব রবিকরে, জ্যোৎস্না মিশায়ে, রং ঢেলে দেছে তায়—
বিধি--তুলনা না পেয়ে, তুলেছে তুলিতে, তারে তারি তুলনায়॥
সে আমার--স্বপনের মত এল, স্বপনের মত গেল, সরিয়া;
এ ভাঙা পাঁজরে পোড়া---পোড়া পরাণী রে সার করিয়া॥
বুকের শোণিত নিয়া, আঁখির ভিতর দিয়া বাহিরে বহাব দুধারায়
দেখো সখে রেখো ধরে---সে রুধির ধারা না ফুরায়---
দর দর ধারে যেন ধায়॥ ৫৬৮॥

মুলতান।

ভালবাসিও না তারে আর, সে যে বোঝেনা লো দুঃখ তোমার।
সঁপেছিলে প্রাণ যারে সে বড় নিঠুর হায়,
তোমার মলিন মুখ, মনে ত পড়ে না তার॥ ৫৬৯॥

আমোদ—প্রমোদ।

ভাল চাওতো হে নাগর বড় চাইছে নাগরী,
ফিরে চাও চাও ফিরে চাউনি নিতে চাও সোহাগ করি।
ভুরুধনুকে দিয়ে টান, হান বাঁকা নয়ন বাণ,
ফিরে বাণ মেরে বাণ বুক পেতে নাও ত্বরাত্বরি॥ ৫৭০॥

খাম্বাজ—কাওয়ালী।

কি হেরিলাম আহা মরি! কিবা রূপের মাধুরী।
আসিতে না পারি ফিরে, এলেম ধীরে ধীরে।
দেখিতে রূপ প্রাণভরে, পারি নাহি লাজভরে;
যদি বিধি দয়া ক'রে, পুনরায় দেখায় তারে,
লাজের মুখে ছাই দিয়ে চাইব ফিরে ফিরে ॥৫৭১॥

খাম্বাজ—মধ্যমান।

কেন হেরেছিলাম তারে।
বিষম প্রেমের জ্বালা বুঝি ঘটল আমারে॥
সহজে অবোধ মন, না জানে প্রেম কেমন
সাধে হয়ে পরাধীন নিশিদিন ভাবে পরে।
কত করি ভুলিবারে মন ততো নাহি পারে
যবে যে ভাবনা করে সে জাগে অন্তরে।
সরমে মরম ব্যথা নারি প্রকাশিতে কোথা
জড়ের স্বপন যথা, মরমে মরি গুমরে ॥৫৭২॥

সাহানা খেমটা।

কাঁদিছে প্রাণ আমার কেন সখি তারি তরে,
বিচ্ছেদের শরানল দহিছে এ অন্তরে রে।
না জেনে তাহার মন, করেছি যে সমর্পণ,
কি করি প্রাণ সজনি, উপায় বলে দাও আমারে।
আমি থাকি আবাসে, সে কভু আসে না বাসে,
কেমনে বাঁচিব শেষে, উপায় বলে দাও আমারে ॥ ৫৭৩ ॥

সিন্ধু—মধ্যমান।

এ বিরহে যায় যদি প্রাণ,
তবু হেরবোনা তার ও বয়ান;
নিত্য নিত্য ঘরে পরে, কত সব অপমান।
শুন ওলো প্রাণসখি, মনোদুঃখ আর বলবো বা কি,
মরিলে হইব সুখী, তবু রাখবো আপনার মান ॥ ৫৭৪ ॥

বেহাগ—খেমটা।

কেন চুরি করে চায়। লুকাতে গিয়ে হাসি হেসে পলায়॥
বন পথে ফুলের মেলা, হেলে দুলে করে খেলা,
চকিতে সে চমকিয়ে কোথা দিয়ে যায়।
কি যেন গানের মত বেজেছে কানের কাছে,
যেন তার প্রাণের কথা আধেক খানি শোনা গেছে,
পথেতে যেতে চলে, মালাটা গেছে ফেলে,
পরাণের আশাগুলি গাঁথা যেন তায়॥৫৭৫॥

কবির সুর।

মনে রৈল সই মনের বেদনা,
প্রবাসে যখন যায় গো সে, তারে বলি বলি বলা হ'ল না,
সরমে মরমের কথা কওয়া গেল না!
যদি নারী হোয়ে সাধিতাম তাকে,
নির্লজ্জা রমণী বোলে, হাসিতো লোকে।
সখি, ধিক্ থাক্ তারে ধিক্ সে বিধাতারে,
নারী জনম যেন করে না॥ ৫৭৬॥

বেহাগ—আড়াঠেকা।

তারে ভুলিব কেমনে,
সে বিনে যাতনা যত সে কি তা জানে!
মিলনেরি দিন হইলে স্মরণ,
স্বপন অধিক ভাব হয় না লো প্রাণে!
মনে যত মান, যদি হয় মিলন,
উপহার ছলে, দিব লো চরণে॥ ৫৭৭॥

সিন্ধু ভৈরবী—মধ্যমান।

এখন কি তার আসিবার সময় হয় না গো,
ও সে কেমনে আমারে ভুলি রহিল কোথায় গো।
যদি থাকে প্রেম দাওয়া, ঘুচাব সেথানে যাওয়া,
না সরলা আমি, ও তার কেমন কঠিন প্রাণ গো॥ ৫৭৮॥

খাম্বাজ—কাওয়ালী।

আঁখিতে মানেনা সই মনেরে বুঝায়ে রাখি,
যে পথে গেছেন তিনি তার পানে চেয়ে থাকি,
অভাগীর অশ্রুজল, ঝরিতেছে অবিরল,
বহে অশ্রুস্রোত তায়, পদচিহ্ন দেখি দেখি;
যেন ভগীরথ পিছে গঙ্গা স্রোত বহিতেছে,
দেখা হলে বলো তারে অন্ধ হ'ল দুটি আঁখি ॥ ৫৭৯।

খাম্বাজ—মধ্যমান।

মন চুরি যে করেছে, তারে কি সই পাব আর,
বিধি কি সদয় হবে, সে মুখ হেরিব তার!
এ প্রাণ সঁপেছি যারে, সে ভাসায় অকুল পাথারে,
মন প্রাণ চুরি করে, সে গেছে যমুনা-পার!
আমার মন চুরি করে, সে গেছে সেই দেশান্তরে,
কেমন করে রব ঘরে প্রাণ বাঁচান হলো ভার ॥ ৫৮০।

মুলতান—আড়াঠেকা।

এ সময় রসময় দেখা দাও অবলায়,
জনমেরি মত তব প্রেমাধনী হয় বিদায়।
সখা হে দারুণ কাল, নাহি মানে কালাকাল,
তোমার বিচ্ছেদ কাল, দুইকালে প্রাণ যায়।
কর এক প্রিয়কাজ, জন্ম দুঃখিনীর;
মোহন বেশে গুণরাশি, মুখে মৃদু মৃদু হাঁসি,
সম্মুখে দাঁড়াও আসি, মনের কথা কই তোমায় ॥ ৫৮১।

ঝিঁঝিট—মধ্যমান।

যাবে যদি অবলা বধিয়ে,
তবে কি ফল বল এ দেহভার বহিয়ে।
দাঁড়াও দাঁড়াও প্রাণের প্রাণ,
সম্মুখে ত্যজিব প্রাণ,
শব দেখি যাত্রা কর, বামেতে রাখিয়ে ॥ ৫৮২।

সিন্ধু ভৈরবী—একতালা।

মিছে ভালবাসা, মনের আশা, মনে রহিয়ে গেল,
যাহার কারণ, আকুল পরাণ, সেতো বাসেনা ভাল।
প্রাণ সঁপিয়ে প্রেম লাভ, হইবে মনে ছিল,
যতন সকল বিফল তার, যাতনা সার হলো।
বিচ্ছেদ রূপ অনল জ্বলিছে,
প্রবল তাপে দেহ দহিছে, অবলা প্রাণে মলো॥ ৫৮৩॥

পূরবী—আড়াঠেকা।

কোথা গেলে প্রাণনাথ অভাগী কাঁদে কাননে,
ফুরাল কি জীবলীলা কঠোর কাল-শাসনে।
কে আছে আমার আর, তোমা বিনে শূন্যাকার,
কানন কমলাশ্রম সকলি হেরি নয়নে।
উঠ নাথ কথা কও, তাপিত প্রাণ জুড়াও,
নিবিড় আঁধারে কেন পড়িয়ে থাক বিজনে॥ ৫৮৪॥

ইমন কল্যাণ—একতালা।

সখি তার লাগি ভেবে ভেবে প্রাণ যায়,
মরি হায়, দুঃখ কব কায়, সতত বিষাদিত চিত্ত,
হলেম জ্ঞান হত, পাগলিনীর প্রায়।
কিসেরি তরে, নিদয় অন্তরে, বাঁধিল দারুণ বিচ্ছেদ শর,
কে কি বলে তায়, বিচ্ছেদ ঘটায়, শত্রু পায় পায়॥ ৫৮৫॥

সিন্ধু ভৈরবী—আড়াঠেকা।

করেছি প্রণয় বিসর্জ্জন যাবত জীবন,
প্রেম তত্ত্ব উত্থাপনে আর নাহি প্রয়োজন।
হয়েছি প্রেম-সন্ন্যাসী, নিরাশা কাননবাসী,
বিচ্ছেদের ভস্মরাশি অঙ্গে করেছি লেপন॥ ৫৮৬॥

খাম্বাজ—কাওয়ালী।

বিরহ জ্বালা প্রাণে কত সহিব,
মন দুঃখ অন্য কারে কহিব।
সে যদি আমারে সখি নিষ্ঠুরতা করে,
তবে কাহার লাগিয়ে ভার বহিব।
সহেনা সহেনা সখি আর দেহ মাঝে,
অধৈর্য্য হইয়ে ধৈর্য্য ধরি লোক লাজে;
শীঘ্রগতি কহ তুমি গিয়ে রসরাজে,
অবিরত দুঃখানলে আর কত দহিব॥ ৫৮৭॥

ঝিঁঝিট—কাওয়ালী।

হেরে ও বয়ান জুড়াই তাপিত প্রাণ,
এস হে বঁধু-এস এস।
হৃদয় সিংহাসন শূন্য আছে হে রাজা হয়ে বসো বসো
সেই ভাবে এ হৃদয়ে আবার এসে বসো বসো।
দারুণ বিচ্ছেদের নিদয় শাসন হে, অ[illegible] তারে নাশো নাশো॥ ৫৮[illegible]

যোগিয়া—মধ্যমান।

বিরহানলে সহরে রহে [illegible] জীবন,
তবেত সুখ [illegible] হয় সুধা অনুক্ষণ।
আশ্বাসে বিশ্বাস [illegible] [illegible] বিভাবরী,
অতি ক্লেশে প্রাণ ধরি [illegible] কার রোদন॥ ৫৮৯॥

ভৈরবী—[illegible]।

চল গৃহে [illegible] জ্বালা,
বিফল [illegible] [illegible];
বিধি বিরো[illegible] সুখ [illegible] তোমারি,
হয়েছে প্রেম সাধ [illegible] জ্বালা॥ ৫৯০॥

সিন্ধু ভৈরবী—কার্পা।

এত হবে তাত জানিনে।
না বুঝে পীরিতি মজে এখন প্রাণে বাঁচিনে।
তাহারি বিহনে, জীবনে কেমনে,
বহরে অবলা বালা এত সবে পরাণে॥ ৫৯১॥

সিন্ধু—মধ্যমান।

বিচ্ছেদ যাতনা অতিশয়, তাত নয় গো,
সুখের জলধি স্রোত নিরবধি বয় গো!
সদা নেত্র উন্মীলনে, হেরি সে মনোরঞ্জনে,
প্রতি পলক পতনে অঞ্জনে মিশায় গো!
যখন থাকি নিদ্রিত, স্বপনে প্রাণ পুলকিত,
সে হয় মনে উদিত, যেন কথা কয় গো॥ ৫৯২॥

খাম্বাজ—একতালা।

ও মরি মরি, কি করি কি করি, বলনা বলনা সই,
সরলা কি জানে নারী, পরের অধীন বই তো নই।
রে গান বসিয়ে বৃক্ষে, নাথ পড়ে মনে মরি মনোদুঃখে,
ণ কে করে রক্ষে, নাথ বিনে বল কি সুখে রই॥ ৫৯৩॥

খাম্বাজ—ঠুংরি।

প্রাণনাথ হে,
কোথায় তুমি রহিলে;
অবলারে অকুল পাথারে,
ভাসাইয়ে প্রাণনাথ, কোথা তুমি রহিলে।
ডাকি ডাকি, ঝরিতেছে আঁখি;
তবু তুমি গুণমণি, কথা নাহি কহিলে॥ ৫৯৪॥

ঝিঁঝিট খাম্বাজ একতালা।

যাতনা সহেনা, সহেনা সই,
আশার প্রবোধ আর অবোধ মন মানে না।
শুনেছি নিদাঘে সখী, চাতকী নীরদ মুখী,
নিদয় নীরদ নাকি, (ওগো) তথাপি বারি বর্ষে না।
আমায় সে নবঘন, কভু ত নহে তেমন,
শীতল বারি মিলন (তাতে) বঞ্চিত কভু করে না।
আজ সে জীবন কান্ত, কেন সখি হলো ভ্রান্ত,
তা ভেবে প্রাণ নিতান্ত, (বুঝি) এ দেহে রহে না॥ ৫৯৫

সিন্ধু ভৈরবী—আড়াঠেকা।

(তারে) এনে দে ওরে,
যারে না হেরিলে পলকে প্রলয়, ভাসি নয়নাধারে।
একে একে দিন যায়, তবু সে না আসে হায়,
কে বুঝি ধরেছে তায়, বধিতে আমারে।
করেছি কি অপরাধ, কে হেন সাধিল বাদ,
পাতিয়ে মন্ত্রের ফাঁদ, কাঁদালে আমায়;—
জীবন আকুল হ'ল, নয়নে ঝরিছে জল,
হ'তেছে মন চঞ্চল, কব বা কাহারে॥ ৫৯৬॥

বেহাগ—আড়াঠেকা।

মনের যে সাধ ছিল মনেতে রহিল,
তোমার সাধন করি সাধনা পূরিল।
সাধিয়ে আপন কাজ, এখন বাড়ল লাজ,
আমার গেল যে লাজ, বিষাদ রহিল॥ ৫৯৭

বসন্ত বাহার—আড়াঠেকা।

বিরহ যাতনা অতি বিষম হইল, আইল বসন্ত,
কুসুম সৌরভ, কোকিলের রব, সহেনা ও রব নিতান্ত।
সুধাকর দিবাকর সমমনে, জ্বালায় জীবন মন্দ মলয় পবন
উপায় ইহাতে না পাই দেখিতে, উপায় সেই প্রাণকান্ত॥ ৫৯৮

বাগেশ্রী—কানাড়া—মধ্যমান।

আঁধার করিয়া হৃদি চলেগেছে সেইজন।
যার দরশন বিনা করে আঁখি বরিষণ।
কাঁদ তরু কাঁদ লতা, গাও কেঁদে প্রাণের ব্যথা,
কাঁদ গে বিহগ তথা, যথা মম প্রাণধন।
[illegible]র হরষে, সহচরী পাশে, আছে বসি অনুক্ষণ ॥৫৯৯॥

খাম্বাজ—মধ্যমান।

মনের বাসনা সই সে জানে,
কাহারে কহিব আর কেহ নাহি জানে;
নয়ন আপন হয়ে প্রবোধ না মানে,
বিরহ অনল অতি বাড়ায় রোদনে।
অনল শীতল হয়, তার দরশনে,
সেই নয়নের নীরে সময়ের গুণে ॥৬০০॥

খাম্বাজ—মধ্যমান।

বিরহ-যাতনা সই সে জানিবে কেমনে,
জানিলে কি সদা আমি থাকি হে রোদনে।
[illegible]ানী সেই জন, তার কি মন মজে কোনখানে?
তার যেবা দেয় মন, সুখী কি কখনে ॥ ৬০১ ॥

জুল ঝিঝিট—কাওয়ালী।

[illegible] যাদুধন, কেন হেরি বিরস বদন।
হাসিনাই চাঁদমুখে কিসের কারণ ॥
কি দুঃখেও মুখশশী, হয়েছে যেন তমসা,
বৎস গুণরাশি, জুড়াক জীবন।
অন্ত মন সদা যেন, শ্বাস বহে ঘন ঘন,
কিকারণে অশ্রু নিরে ভাসে দুনয়ন ॥৬০২॥

ছায়ানট—তেতালা।

সতত বাসনা যারে হরিষে হেরিতে,
তাহার বদন, বিরস কখন নাপারি দেখিতে।
জীবন বহান মান, কোথা হুতাশনে,
শীতল হইতে কেহ, দেখেছ কখনে,
সুধাহারি-জন, কভু বিষপান, পারে কি করিতে ॥৬০৩॥

ভৈরবী—একতালা।

মনের কথা সই এমন অরি
না কহিলে মরি, তাহা কহিলেও মরি॥
যদি না চাহি কহিতে, চাহি গোপনে রাখিতে,
দহে হৃদি অনলের তেজ সে ধরি॥
কিঞ্চিৎ কহিতে যার কি কব যাতনা তার,
রসনা দহিয়া যায়, বল কি করি ॥৬০৪॥

আশা গৌরী—আড়া।

অস্থায়ী জলের দলে
নলিনী মলিনী ক্রমে বিষাদে সলিলে।
অবসান দিনমান শশী প্রকাশিত, কুমুদী হেরি হাসিলো,
যুবক যুবতী, হরষিত অতি, বিরহিনী ভাসিছে আঁখি জলে। ৬০

ঝিঁঝিট—কাওয়ালী।

প্রাণের লুকানো ব্যথা জানাব কেমন করে,
পারিলে হৃদয় ছিড়ে দেখাতেম সখি তোরে।
যে অনন্ত অনল মোরে দিবানিশি প্রাণ পোড়ে,
হায়রে কে সাধ করে, ঢাকি ঢাকি রাখে তারে।
জানিনা ত সর পারে, জানাতে পারিলে পরে,
প্রবলে যাতনা কত, ঢাকিলে কত সে বাড়ে।
কত ত জানাতে চাই, কত ত বুঝাতে চাই,
পারিবনা বুঝাইতে, পারিবে না বুঝিবারে। ৬০৬।

মূলতান—দ্রুতত্রিতালী।

নয়নের নীরে কি নিভে মনের অনল।
সাগরে প্রবেশি যদি না হয় শীতল।
তৃষায় চাতকী মরে, অন্যবারি নাহি হেরে,
ধারা জল বিনে তার সকলি বিফল॥ ৬০৭॥

সিন্ধু—মধ্যমান।

সখি কোথা সে জন।
সদা যারে পড়ে মনে; হারায়ে সে প্রাণধনে,
জীবন ধরি কেমনে, কোথা হৃদি রতনে,
হায় সখি বুঝ প্রাণ কে হরিল সে ধন॥ ৬০৮॥

লুম ঝিঝিট—কাওয়ালী।

না দেখিলে বলনা সই বাঁচিব কেমনে,
দিবানিশি সেইরূপ সদা পড়ে মনে॥
সতত কাতর প্রাণ, বারি সহিত নয়ন,
বিনা সে বিধুবদন প্রবোধ না মানে॥ ৬০৯॥

সখি নব শ্রাবণ মাস!
[illegible] ঘন ঘটা, দিবসে সাঁঝছটা, ঝুঁপ ঝুঁপ করিছে আকাশ
[illegible]মি কি ঝম ঝম, নিনাদ মনোরম, মুহুর্মুহু দামিনী আভাস!
[illegible] বহে মাতি, তুহিন কণাভাতি, দিকে দিকে রজত উচ্ছাস।
[illegible]জলে সরোবর, পত্র মর মর - কম্পে থর থর পান্থ নিরাশ!
[illegible]বতী যুবজনা, পরম প্রীতমনা, দুঁহু দোঁহে বাঁধা ভুজপাশ।
[illegible]হে যাপি যামী ঘুমায়ে ছিনু আমি, স্বপনেতে মিলন উল্লাস!
[illegible]হসা রক্তপাত কড়াকড় নাদ, কাঁপি উঠি, হৃদয়ে তরাস!
[illegible] মেলি চাই, কোথায় কেহ নাই, উথলিত আকুলিত নিশ্বাস!
আমার বঁধুয়া পরবাস॥ ৬১০॥

খাম্বাজ—আড়াঠেকা।

কি হলো প্রাণ সই, কিসে সই যাতনা,
ধৈরয ধরিতে নারি, একি ছলনা।
আমার যে মন প্রাণ, আমারে করি বঞ্চন,
হয়ে আছে পরাধীন, উপায় বলনা।
বহে গো পোড়া নয়ন, করেছে তায় নিরীক্ষণ,
দহিতেছে অনুক্ষণ, আরত সহেনা ॥ ৬১১ ॥

লুম ঝিঝিট—কাওয়ালী।

সজনি কি আমার এ ছার পীরিতে,
এ জনম গেল কেবল তার ভাবনা ভাবিতে ॥
প্রেম সুধা লভিবারে, মন প্রাণ দিয়ে তারে,
শেষ বিচ্ছেদ পাথারে মরি ভাসিতে ভাসিতে ॥ ৬১২ ॥

সিন্ধু কাফি—মধ্যমান।

অকারণে কেন হায়! নাথ ভুলিলে আমায়।
জানিনা কি দোষ আমি করিয়াছি তব পায় ॥
বিদায় হবার কালে, কত আশা দিয়াছিলে,
সকলি কি বিস্মৃত হলে?
আমি তো পারি না হে নাথ! তিলেক ভুলিতে তোমায় ॥ ৬১৩ ॥

বেহাগ।

বিরহ অনলে তনু হলো যে ভস্মরাশি
এই আরাধনা করি সমীরণে সম্ভাষি,
যদি বায়ু সখাবয়ে, এ ভস্ম কিঞ্চিৎ লয়ে,
দেয় নাথের অঙ্গেতে, এই মনে অভিলাষী ॥ ৬১৪ ॥

ঝিঁঝিট—কাওয়ালী।

প্রাণপতি বিনে সতীর বল কি আর আছে ধন।
পতি ধ্যান, পতি জ্ঞান, পতি পতিতপাবন।
পতি যার বিমুখ হবে, কি সুখ তার ছার বিভবে,
সুখ কি তার সম্ভবে, বিফল তার জীবন ॥ ৬১৫ ॥

খাম্বাজ—কাওয়ালী।

এ কেমন হইল আমার মন,
চকিতে তারে নয়নে হেরে
অন্তর বিদরে সদা উচাটন ॥ ৬১৬ ॥

খাম্বাজ—কাওয়ালী।

কান্ত যাবে যদি হইয়ে নিদয়, ফেলে অবলায়, বিচ্ছেদ জ্বালায়,
নিতান্ত অধিনী বলে মনে যেন রয়।
আশাপথ নিরখিয়ে, রইলাম মনে প্রবোধিয়ে
হয় না যেন বিন্ধ্যাগিরি অগস্ত্যের আশয় ॥ ৬১৭ ॥

কাফি—আড়া।

আসবো বলে গেছে চ'লে, আসা তো আর হলোনা।
চ'খের জল দেখে গেল, যুদ্ধেতো আর গেল না।
জীবন-কূলে সারারাতি, জ্বালিয়ে ব'সে আশার বাতি,
কত তরী ব'য়ে গেল, আমার সুখের তরী এলো না ॥ ৬১৮ ॥

লুম—খেম্‌টা।

ঝরিছে তব নয়ন, কি লাগিয়া প্রাণ।
কেন দুঃখে দুঃখী হয়ে আছ ম্রিয়মান ॥
বিধুমুখি অধোমুখে, কি কারণে আছ দুঃখে,
দারুণ মনে অসুখে, মানে হত জ্ঞান ॥ ৬১৯ ॥

খাম্বাজ—জলদ তেতালা।

মম যে দহে তার বিচ্ছেদ অনলে অন্তরে।
ফাটে বুক, এ সব দুখ, কিরূপে জানাব তারে॥
তাহার মিলন কালে, কথা হতো নানা ছলে,
কখন করুণা করি সাধিত সে হাতে ধরি,
এখন কেমন করি, থাকিব বল পাস'রে॥ ৬২০॥

মিশ্র—কাওয়ালী।

কেন বিষাদ সলিলে ভাস নয়ন লো!
কেন মলিন নিরখি বিধুবদন লো?
কি দুখ বলনা, ওলো সুলোচনা।
নাশি হৃদয় বেদনা চল বিপিনে লো॥ ৬২১

বেহাগ—মধ্যমান।

এ সুখ বসন্তে সই, কেনলো এমন আপন হারা, বিবশা আহামরি,
কুন্তল আলু থালু এলায়ে কপোল পরি।
হাসে চন্দ্র সুমন্ত জোছনা হাসি, ঢালে মল্লিকা সুরভি রাশি,
বোলে পাপিয়া পিউ পিউ,
কুজে কোয়েলিয়া কুহু কুহু রবে, কুঞ্জে কুঞ্জে।
যদি হাসে চাঁদ মধুর হাসিরে, মলিন কেন হেরি ও মুখ শশীরে
যদি গাহে পাখী, তবে কেন সখি নীরবে রহিবি হায়!
আয় কুঞ্জে, ফুটন্ত মালতী তুলি, গাঁথি মালিকা দুজনে মিলিয়ে
গানে গানে গাহাইব রজনী সজনীরে॥ ৬২২॥

সিন্ধু—ঝাপতাল।

কে তুমিলো ফুল-বালা উষার নীহারে ভাসি,
গগনে নয়ন রাখি, আলু-থালু-কেশ-রাশি।
বহিছে হতাশ শ্বাস, অধরে ঝরে না হাস,
প্রাবিয়াছে রাহু যেন পূর্ণিমা-সুচারু-শশী॥ ৬২৩॥

রাগিণী বেহাগ—আড়াঠেকা।

চিরতরে প্রেয়সীরে হারালেম এবার।
এ জনমে প্রাণধনে দেখিব না আর।
কোথা গেলে তারে পাব, কোথা গিয়ে প্রাণ জুড়াব,
অন্ধকার দেখি সব, মিছা এ স সার॥
যার সুধামাখা স্বরে, সব জ্বালা যেত দূরে,
সে বিনে শূন্য হ'লোরে, হৃদয়-আগার॥
উহু! সহেনা যাতনা, প্রাণে ধৈরব মানেনা
হায় জীবন যাপনা, হলো কঠিন ব্যাপার॥ ৬২৪॥

বাহারাড়া—কাওয়ালী।

আমারি মনেরি দুখ চিরদিন মনে রহিল।
ফুকারে কাঁদিতে নারি বিচ্ছেদে প্রাণ দহিল;
একবার ভাবি সখি, মনেরে বুঝায়ে রাখি,
প্রবোধ না মানে আঁখি, সদা করে ছল ছল॥৬২৫॥

ভৈরবী—জলদ্ তেতালা।

দেখনা সই প্রভাতে অরুণ সহ উদয় শশী।
নাস বিভাবরী, কাতর চকোরী এখন শশীরে পেয়ে, রহিল উপোসী।
নীরে প্রফুল্ল কমল, মলিন হৃদয়কমল,
নয়ের গুণ কি কব এখন, মিলনে অধিক দুখ হইল প্রিয়সী॥ ৬২৬॥

ঝিঁঝিট খাম্বাজ—মধ্যমান।

না হলে রসিকে বয়োধিকে প্রেম জানে না,
যেমন ভুজঙ্গ শিশু মহৌষধি মানে না।
নবীনেরি অহঙ্কার, প্রবীনের প্রেমাধার,
এ রস রসিকে বিনা অরসিকে সম্ভবে না॥৬২৭॥

খাম্বাজ—জলদ তেতালা।

মন যে দহে তার বিচ্ছেদ অনলে অন্তরে।
ফাটে বুক, এ সব দুখ, কিরূপে জানাব তারে॥
তাহার মিলন কালে, কথা হতো নানা ছলে,
কখন করুণা করি সাধিত সে হাতে ধরি,
এখন কেমন করি, থাকিব বল পাস'রে॥ ৬২০॥

মিশ্র—কাওয়ালী।

কেন বিষাদ সলিলে ভাস নয়ন লো!
কেন মলিন নিরখি বিধুবদন লো?
কি দুখ বলনা, ওলো সুলোচনা।
নাশি হৃদয় বেদনা চল বিপিনে লো॥ ৬২১

বেহাগ—মধ্যমান।

এ সুখ বসন্তে সই, কেনেলো এমন আপন হারা, বিবশা আহামরি,
কুন্তল আলু থালু এলায়ে কপোল পরি।
হাসে চন্দ্র মুমন্ত জোছনা হাসি, ঢালে মল্লিকা সুরভি রাশি,
বোলে পাপিয়া পিউ পিউ,
কুজে কোয়েলিয়া কুহু কুহু রবে, কুঞ্জে কুঞ্জে।
যদি হাসে চাঁদ মধুর হাসিরে, মলিন কেন হেরি ও মুখ শশীরে
যদি গাহে পাখী, তবে কেন সখি নীরবে রহিবি হায়!
আয় কুঞ্জে, ফুটন্ত মালতী তুলি, গাঁথি মল্লিকা দুজনে মিলিয়ে
গানে গানে পোহাইব রজনী সজনীরে॥ ৬২২॥

সিন্ধু—ঝাপতাল।

কে তুমিলো ফুল-বালা উষার নীহারে ভাসি,
গগনে নয়ন রাখি, আলু-থালু-কেশ-রাশি।
বহিছে হতাশ শ্বাস, অধরে ঝরে না হাস,
গ্রাসিয়াছে রাহু যেন পূর্ণিমা-সুচারু-শশী॥ ৬২৩॥

রাগিণী বেহাগ—আড়াঠেকা।

চিরতরে প্রেয়সীরে হারালেম এবার।
এ জনমে প্রাণধনে দেখিব না আর।
কোথা গেলে তারে পাব, কোথা গিয়ে প্রাণ জুড়াব,
অন্ধকার দেখি সব, মিছা এ সংসার॥
যার সুধামাখা স্বরে, সব জ্বালা যেত দূরে,
সে বিনে শূন্য হ'লোরে, হৃদয়-আগার॥
উহু! সহেনা যাতনা, প্রাণে ধৈরয মানেনা
হায় জীবন যাপনা, হলো কঠিন ব্যাপার॥ ৬২৪॥

বাহারাংড়া—কাওয়ালী।

আমারি মনেরি দুখ চিরদিন মনে রহিল।
ফুকারে কাঁদিতে নারি বিচ্ছেদে প্রাণ দহিল।
একবার ভাবি সখি, মনেরে বুঝায়ে রাখি,
প্রবোধ না মানে আঁখি, সদা করে ছল ছল॥৬২৫॥

ভৈরবী—জলদ্ তেতালা।

দেখনা সই প্রভাতে অরুণ সহ উদয় শশী।
গেল বিভাবরী, কাতর চকোরী এখন শশীরে পেয়ে, রহিল উপোসী।
নীরে প্রফুল্ল কমল, মলিন হৃদয়কমল,
সময়ের গুণ কি কব এখন, মিলনে অধিক দুখ হইল প্রিয়সী॥৬২৬॥

ঝিঁঝিট খাম্বাজ—মধ্যমান।

না হলে রসিকে বয়োধিকে প্রেম জানে না,
যেমন ভুজঙ্গ শিশু মহৌষধি মানে না।
নবীনেরি অহঙ্কার, প্রবীনের প্রেমাধার,
এ রস রসিকে বিনা অরসিকে সম্ভবে না॥৬২৭॥

খাম্বাজ—মধ্যমান।

মনের বাসনা সই সেই সে জানে,
কাহারে কহিব আর কেহ নাহি জানে।
নয়ন আপন হ'য়ে প্রবোধ না মানে,
বিরহ অনল অতি বারায় রোদনে ॥
অনল শীতল হয়, তার দরশনে,
সেই নয়নের নীরে সময়ের গুণে ॥ ৬২৮ ॥

অহং—একতালা।

হৃদয় চিরিয়ে মোর দেখ কত ভালবাসি!
ভেব না কঠিন, যদি নাহি তাহে পরকাশি ॥
কি ফল প্রকাশে আর, তুমি নহে আপনার,—
অন্তরে অন্তরে জ্বলে জান কি অনলরাশি?
জান কি তোমার লাগি কত চিত্ত অনুরাগী।
জান কি আছে এ ভস্ম কি স্ফুলিঙ্গ আবরিয়ে?
তুমি আপনার নয়, এ কথা কি প্রাণে সয়,
কি করি বিমুখ বিধি কাঁদি তাই লুকাইয়ে,
বিষাদে একাকী সদা নয়ন-সলিলে ভাসি;
হৃদয় চিরিয়ে মোর দেখ কত ভালবাসি ॥ ৬২৯ ॥

কালাংড়া—যৎ।

কতকাল আর জ্বালাবে বিরাহানলে অধিনীরে,
একবার দে'া দাও হে নাথ অধিনী ডাকে কাতরে ॥
যদি কোন অপরাধ করিয়ে থাকি হে নাথ,
মরণ সময়ে যেন দেখা দিও ধনীরে ॥
কেন কালার প্রেমে মজে, ও তুই কলঙ্ক রটালি ব্রজে।
তুই তো অনর্থের মূল, নিরমল গোকুল, ভাসালি কলঙ্ক-মাঝে ॥
তোরে আমি ভাল জানি, বৃন্দাবনের ঢাকবাজানি,
ঘর মজানি, পর-মজানি, ওলো ধনি,
ডাকিয়ে কুলকামিনী দিস্ কুকাজে ॥ ৬৩০ ॥

কাফি সিন্ধু—আড়াঠেকা।

আজি প্রেম অভিমুন্যে সপ্তরথী ঘিরেছে।
এ প্রেমে ভরসা নাই হে আশা কর মিছে॥
কর্ণ কুল, কৃপ শীল, ভয় দ্রোণ লজ্জা শৈল,
ধর্ম্ম অশ্বত্থামা বীর মনোরথে চড়েছে।
ক্ষমা দুঃশাসন রথী শান্তি দুর্য্যোধন ভূপতি।
জরদ্রথ-রথীপতি ব্যূহদ্বারে রয়েছে॥ ৬৩১॥

ভৈরবী—কাওয়ালী।

কেমন করে বল যাই সজনি ধনি।
একাকিনী অনাথিনী হইয়াছি পাগলিনী॥
ধৈর্য্য ধর সখি ভেবনা অন্তরে,
আসিবেন প্রাণনাথ, তুষিবেন তোমারে,
ঘুচিবে বিরহ-জ্বালা, পোহাবে দুঃখ রজনী॥ ৬৩২॥

সিন্ধু ভৈরবী—মধ্যমান।

কেমনে সে জনে এ জীবনে ত্যজিব।
মিলনে বিচ্ছেদ হল তা বলে কি ভুলিব!
বিচ্ছেদ মিলন জ্ঞানে, তারি জ্ঞানে তারি ধ্যানে,
সংগোপনে মনে মনে, মনানল মনে করিব;
বিচ্ছেদ মিলন সার, চাহি তাই অনিবার,
হৃদয়ে বিচ্ছেদ রাখি, সদা সেরূপ নিরখিব॥ ৬৩৩॥

জয়জয়ন্তী—একতালা।

সহিতে না পারি নাথ তোমার বিরহ-জ্বালা,
না জেনে পরেছি গলে, বিষম প্রেমের মালা।
প্রখর কুসুম-বাণ, শেল সম অনুমান
দহনে দহিছে প্রাণ, কেমনে বাঁচিবে বালা;
তুমি নাথ প্রাণধন, তোমা বিনে অকারণ,
বৃথা ধরি এ জীবন, হৃদয়ে হই চঞ্চলা॥ ৬৩৪॥

কোকভ—আড়াঠেকা।

একেলা ফেলিয়ে মোরে নাথ! কোথা পলাইলে;
বিষাদ-বারিধি-বুকে কেমনে ভাসায়ে দিলে॥
ত্রিভুবনে অবলার কে আছে বলহে আর?
ও পদ বিনে যে দাসী জানেনা;(নাথ হে) অভাগীর অশ্রুজল
কে তার মুছাবে বল?
কে আর প্রবোধ দিবে তুমি যদি তেয়াগিলে॥ ৬৩৫॥

কাফি—ঝাঁপতাল।

এ সুখ বসন্তে সখি কান্ত কোথায় রে।
কান্ত কোথায় হায় নিতান্ত নিদয় রে॥
এই যে সমীর, করে আমারে অধীর,
বহে কি তথায় রহে যে যথায় যথায় রে॥
চ্যুত মুকুল সৌরভ, গুঞ্জরে অলি সব,
কোকিল কুহরব জগত মাতায় রে;
এ সুখ মাঝার, সে প্রাণ আমার।
মুনিজন মন লয়ে দিন গুমার রে॥ ৬৩৬॥

ভৈরবী—যৎ।

সব সাধ ফুরাইল, সবদুখ ঘুচিল;
বিষাদ—বাড়বানল প্রাণ বন দহিল॥
মানস—কুসুম—আশি শুকাইল অকালে;
নিভিল আশার দীপ চির দুখ বেড়িল॥ ৬৩৭॥

বেহাগ—আড়া।

কি আছে কপালে মোর প্রাণ সখি নাহি জানি।
প্রাণেশ প্রমাদ গণি কেন কাঁদে মম প্রাণী॥
হারাব জীবন-মণি, দংশিবে বিচ্ছেদ ফণি।
হৃদয়, আকাশে যেন হতেছিল দৈববাণী॥ (ওসই)
নিশিতে দেখি স্বপনে কে যেন আসি শ্রবণে।
বলে তোর পতি-ধনে হারাবিলো অভাগিনী॥ (ওসই)॥ ৬৩৮॥

বেহাগ—আড়া।

এত দিনে প্রাণসখা বুঝিবা আমায় হে,
এ সংসার নিকেতন তেয়াগিতে হয় হে।
জগতে। সুখ সাধ, এ যে মম অবসাদ।
বিষাদ বিষম রাহু গ্রাসিতেছে হায় হে।
মিনতি তব সদনে, ক্ষমি দোষ নিজ গুণে,
জনমের মত দীনে, দেহ হে বিদায় হে॥ ৬৩৯॥

ভৈরবী—পোস্তা।

সঙ্গীরে!—কেন লো দক্ষিণ বাহু সহসা যে নাচিল?
নাচিল দক্ষিণ আঁখি, আবার দক্ষিণে দেখি,—
ভুজঙ্গ, জম্বুক যেন পাশকাটি ছুটিল,
কেন হেন অলক্ষণ আজ সখি ঘটিল?
কেন লো সে মুখখানি সে চারু চন্দ্রিমা—
থাকিয়া থাকিয়া মনে জাগিতেছে অনুক্ষণে,
পাষাণ-হৃদয়ে যেন অঙ্কিত সে প্রতিমা!
বিভাতিছে মৃদু মৃদু ছড়াইয়ে গরিমা॥ ৬৪০॥

ভৈরবী—পোস্তা।

মিছা মিছা কেন তুই আমারে জ্বালাস্ লো?
যাও, যাও, দূর যাও, আমারে কাঁদিতে দেও,
কাঁদিব যাবৎ দেহে রহিবে জীবন লো,
দেখ সখি মম লাগি সে না যেন কাঁদে লো॥ ৬৪১॥

সিন্ধু—আড়াঠেকা।

বিচ্ছেদ যাতনা হতে, মরণ যন্ত্রণা ভাল,
সে যে অনন্ত যাতনা, যাতনা অল্প কাল।
বিচ্ছেদের হুতাশন, করে প্রাণের দাহন,
মরণ যন্ত্রণা লঘু, নোলে তো ফুরায়ে গেল॥ ৬৪২॥

ঝিঁঝিট—কাওয়ালী।

বিরহ যন্ত্রণা সখা তুমি জানিবে কেমনে,
জানিলে আমি কি সদা থাকি হে রোদনে।
নানা স্থানী যেই জন; তার কি মন কখন,
স্থির কোন থানে, তারে যেবা দেয় মন সুখী কি কখনে॥ ৬৪৩।

পিলু খাম্বাজ—খেমটা।

বিচ্ছেদের এত দুঃখ জানিনে স্বপনে।
ভাল বেসে তারে এই হইল,
তাহারি ভালবাসা ভুলিব কেমনে?
কেন প্রেম নিধি সৃজিল বিধি,
সদা জাগিছে রূপ, আমারই নয়নে॥ ৬৪৪॥

সুরট—কাওয়ালী।

তোমায় বিরহ সয়ে বাঁচি যদি দেখা হবে,
হেন জ্ঞান হয় প্রিয়ে, দেহে প্রাণ নাহি রবে।
আমি মাত্র এই চাই মরি তাহে ক্ষতি নাই,
তুমি সুখে থাক প্রিয়ে, এ দেহে সকলি সবে॥ ৬৪৫॥

ওলো ব্যাকুলিত মন অগোচরে ধীরে ধীরে ঝরে দুনয়ন
শিহরে মরম তল, হৃদয়ে যাতনানল;
শোণিত শুখায়ে যায় স্মরি কুস্বপন, শূন্য নয়নে হেরি শূন্য ত্রিভুবন॥

সোণার শরীর কালি করোনালো নলিনী,
জাগিবে ভপনবঁধু প্রভাতিলে যামিনী।
নিরাশা তিমির যাবে উষার সমীর রবে;
হাসির লহরী পুনঃ উঠিবে বিনোদিনী॥
মাতিয়ে মাতোয়ানা প্রেম মিলনে বিরহিনী॥ ৬৪৭।

জেলেখার—গীত।

(ও সে) আমায় কেন কাঁদায় দিবা রাত।
(সে তার) প্রাণের প্রানে চাইলে বুকে সহায় শেলাঘাত॥
প্রাণেতে তার প্রেমের দিশানা, দেখতে পেয়ে চাই পেতে
তার মানি না মানা;
পাই কি না পাই, সাধ কোরে তাই কচ্ছি দেহ পাত॥ ৬৪৮॥

জেলেখার—গীত।

অভাগিনী জেলেখা না জীয়ে; চাহিয়ে চাহিয়ে
কাঁদে চকোরী, চাঁদে সুধা না পিয়ে॥
যৌবন জাগে, যাচে সোহাগে, প্রেমভিখারিণী নব অনুরাগে,
সাধে, বিষাদ আসে বাদ সাধিয়ে; অভাগিনী জেলেখা না জীয়ে।
থর থর কলেবর, নৈরাশ বিষধর, করিতে জর জর, রহিয়ে রহিয়ে।
ভালবাসা ভরা বুক দংশে আসিয়ে।
অভাগিনী জেলেখা না জীয়ে॥ ৬৪৯॥

পেশমানের—গীত।

বদেশী বঁধু বিদেশিনী চায়; বিদেশে নির'শে যেন জীবন না যায়॥
বিষাদিনী বিরহিনী, এলায়ে রেখেছে বেণী,
নয়ন সলিলে ধুয়ে ধরিয়ে ও পায়;
মুছাইয়ে কেশে শেষে ভালবাসা চায়;
বিদেশিনী ভালবাসা চায়॥ ৬৫০॥

ভৈরবী—মধ্যমান।

কেনলো শূন্য কানন হেরি। কোথা গেল নব নব নাগরী॥
সুখ প্রেমবনে, সুখে নাথ সনে, মজেছিল প্রেম ভাবে,
সুখ ভাসিয়ে মদনে মথিয়ে কোথা গেল নবীনা নাগরী॥ ৬৫১॥

ঝিঁঝিট খাম্বাজ—মধ্যমান ঠেকা।

প্রাণ মন বন মাঝে শূন্য দেহ চলে যায়।
প্রাণ বিনে কি দেহ চলে, তবে যায় কি কৌশলে?
গঞ্জনার ভয়ে চলে, বজ্রে সে ধরে আমায়।
অভাগিনীর ভাগ্যফলে, বিষম বিচ্ছেদানলে,
দিবানিশি অঙ্গ জ্বলে, সে যন্ত্রণা কব কায়;—
মিলন-স্নিগ্ধ-জলেতে শান্তি আশে ঝাঁপ দিতে,
এ পাপাঙ্গ পরশেতে, শুকাল জল সমুদায়॥ ৬৫২॥

ভৈরবী—একতালা।

উপায় কি করি মরি হায়, দেখে মুখ বুক ফেটে যায়,
সোণার কমল কেন ধূলাতে লুটায়!
সরোবর হৃদি মোর, তথা পর সে ফুল শোভা পায়—
সুবর্ণ বিবর্ণ দেখি মুদিত কমল আঁখি,
হৃৎ-পিঞ্জরের পাখী, বুঝি রে পলায়।
কোথা রে দারুণ বিধি, এই কি হল তোর বিধি,
করে মিলাইয়া নিধি, হরে নিল পুন তায়॥ ৬৫৩॥

ভৈরবী—আড়াঠেকা।

করি কি গো সখি! উপায় কি বল না;
উভয় সঙ্কটে পড়ে আমার প্রাণ ত আর বাঁচে না।
মন আমারে বলে এসে, প্রাণনাথের বামে বসে,
প্রেম আলাপে মনোল্লাসে পূরাও বাসনা;
পুড়ে মরি দুখানলে, শুভ কর্ম্মে শুভকালে,
লজ্জা-সহচরী বলে, এমন কর্ম্ম কর না।
চকোরী পড়েছে ফাঁদে সুধার আধার পূর্ণচাঁদে,
ঢেকে লজ্জা-জলদে, ত্যজ্য করে না;—
নিন্দাভয়-সমীরণ, বহিতেছে অনুক্ষণ,
ভিখারিণী চেয়ে রিণীর সুখ পান আর হল না॥ ৬৫৪॥

সিন্ধু খাম্বাজ—কাওয়ালী;

[illegible]নে প্রেমবশে দুনয়ন। আশারি আসার হারে করিছ রোদন।
[illegible] বিষম বাণে, ব্যথিত জীবন হায়, দিবানিশি হয় দহন ॥ ৬২৫ ॥

আহা আমার যে বোন্ সকলি ফুরায়,
যত সাধ মনে আজ মনেতে মিলায়।
আপনারে দিয়ে পরে, পরের আপনা কোরে,
মগ্ন প্রেম সুখ সুখে, চিনু এ ধরায়,
ভাঙ্গিল স্বপন সব ধুয়ে মুছে যায় ॥ ৬২৬ ॥

অহা নিরদয় দয়িত তুমি চিরতরে বিদায় দিলে,
মজিয়ে মমতা মায়া রূপ মোহে মোহিত হোলে।
গর্ভে সুসন্তান স্থান নাহি পায় মাতৃকায়া সহ মাতা তার যায়
জ্বলিতে না জ্বলিতে দীপ অবহেলে নিভায়ে দিলে।
খেলিতে না খেলিতে খেলা জীবলীলা হরিয়া নিলে ॥ ৬২৭ ॥

[illegible] বাণী, কেন বল দেবতোনি, কাঁদে তাহে শাকুল পরাণ।
জীবন সর্ব্বস্বধন স্নেহ কেন্দ্র ভবন, সঁপেছি তাহারে মন প্রাণ।
বিরাহ কাতরা হিয়ে, দেহ তারে মিলাইয়ে,
শোকরাশি হোক অবসান ॥ ৬২৮ ॥

সিন্ধু ভৈরবী—আড়াঠেকা।

সখি! সে কি তা জানে।
আমি যে কাতরা তারি বিরহ বাণে
নয়নেরি বারি, নয়নে নিবারি পারিতে নারি সেই জনে ॥
এখনও রয়েছে প্রাণ তাহারি ধ্যানে ॥ ৬২৯ ॥

জয়জয়ন্তী—আড়াঠেকা।

দুঃখিনী জীবন ধন ত্যজিয়ে সুখ কাননে।
কোথা গেলে অকস্মাৎ প্রবোধ মানে না মানে॥
বল দেখি বেগবতী কোথা মম প্রাণপতি,
বিয়োগ বিধুরা অতি হয়েছি প্রাণেশ বিনে।
কহেনারে এ যাতনা ব্যাকুলা বিরহ বাণে॥ ৫৪১॥

আমার সাধের সাধে কেরে সাধিল বাদ।
প্রমোদ বিষাদ মোর ঘটিল রে পরমাদ॥
বিজলী গেলরে ছেড়ে, জলদ রহিল পড়ে,
হতাশ হৃদয় জুড়ে বিষম বিষাদ॥
ওই ওই ওই যায়, ফিরিয়ে ফেরিতে চায়,
লাজবাদী হ'য়ে তায় করে গো মানা
যাই যাই আড়ে থাকি, দেখা দিয়ে মুখ দেখি,
নিয়ে ওর বুক থেকে দুখ অবসাদ॥ ৬৬০॥

ঝিঁঝিঁট—আড়াঠেকা।

হায়! কবে নাথ সনে হইবে মিলন,
আশার আশায় তার দেহে না রহে জীবন!
মম হৃদে নিরন্তর, আছে সে নিরন্তর,
তবু কেন এ অন্তর, হইতেছে জ্বালাতন॥ ৬৬১॥

বেহাগ।

কেন থেকে থেকে প্রাণ আকুল ব্যাকুল হয়।
কেন চারিদিকে হেরি তমোময় শূন্যময়।
বিদরিয়া হৃদি তটে, সহস্র তড়াগ ছোটে।
ভাঙ্গিয়া ধৈর্য্যের বাঁধ বিষাদের নদী বয়।
নীরবে হৃদয় তলে, যেন তুষানল জ্বলে
আশায় রহেনা সুখ, বিপদে না রহে ভয়।
সবি অন্ধকার যেন, অন্ধকার প্রাণ মন
নৈরাশ ঔদাস্য দূরে সর্ব্বত্র জাগিয়ে রয়॥ ৬৬২॥

ঝিঁঝিট—আড়াঠেকা।

বিরহ বেদনা কেমন।
সে জানে বিরহানলে জ্বলে যার মন।
দহন দাহন ক্লেশ, সেই জানে সবিশেষ,
কারেক দহনে দগ্ধ, হয়েছে যে জন॥ ৬৬৩॥

ঘঁারোয়া—ঠুংরি।

হৃদয় শশী কোথা হে এখন।
দেখে যাও নাথ যায় এ জীবন।
বিষাদ আগুণ মনে, জ্বলিতেছি অনুক্ষণ,
মন প্রাণ সে আগুণে, হতেছে দহন।
নাথ আশা নাহি আর, কেন বৃথা বহি ভার
দুঃখের জীবন আজি দিব বিসর্জ্জন॥ ৬৬৪॥

সিন্ধু—আড়াঠেকা।

আর আমি সইতে নারি, তোমার বিচ্ছেদ জ্বালা,
রমণীর কঠিন প্রাণ, সওয়া আছে সব জ্বালা।
মনে করি স্বর্ণকারে, গাঁথাইব স্বর্ণ-হারে,
হৃদয়ে রাখি তোমারে, নিভাব মনেরি জ্বালা।
শুন ওলো বিধুমুখী, ঘুমালে স্বপনে দেখি,
জাগ্রতে নেহারি যেন, করিতেছ কত খেলা॥ ৬৬৫॥

ঝিঁঝিট—মধ্যমান।

কেন আজি কাঁদে প্রাণ মন,
নিয়ত নাচিছে সখি মম দক্ষিণ নয়ন।
মনে নাহি সুখোদয়, কেন লো এমন হয়,
চারিদিক শূন্যময় করি দরশন।
কি আছে বিধির মনে, বল জানিব কেমনে,
হেন জ্ঞান হয় মনে, হারাই-বুঝি পতিধন॥ ৬৬৬॥

বেহাগ খাম্বাজ—কাওয়ালী।

আরত রহে না, সই লো এ পোড়া প্রাণ ;
আশার আশে, ক দিন থাকে জীবন ;
সাধে কি সখি, অভিলাষ করি মরণ।
যদি সে ধনে হৃদয় আসনে রেখে,
মম বাসনা না পূরে দেখে,
জগতে আর থেকে, মনে জ্বলে হুতাশন।
গড়েছে আমারে সহিতে দুঃখ,
ভালে কেমনে হইবে সুখ,
দুঃখানলে সজনি ফাটে বুক, বলি কারে এ বেদন ॥ ৬৬৭ ॥

আলেয়া—আড়াঠেকা।

উতলা হয়োনা ব্যাকুলা ললনা,
স্বামীর তরেতে বিরহে মগনা।
কমলিনী সোহাগিনী, আসিবে সে নৃপমণি,
ভেবোনা লো আর ভেবোনা ভেবোনা ॥ ৬৬৮ ॥

সিন্ধু খাম্বাজ—আড়াঠেকা।

মরি হায় প্রাণ যায় তার বিরহ বাণে ;
সে আমার আমি তার জানিতাম মনে।
সদা অন্তর অন্তরে, যতনে রেখেছি যারে,
কে জানে বিচ্ছেদ হবে তাহারি সনে ॥ ৬৬৯ ॥

ঝিঁঝিট—একতালা।

তোমার আশায় রয়েছে চারিজন ;
কে কে শোন্—আমার মন, প্রাণ, নয়ন আর শ্রবণ,
আশাতে আকাশে তুলে, শানে ফেলে আছাড়িলে,
ছি ছি নাথ কঠিন এমন ॥ ৬৭০ ॥

পুরবীমিশ্র—একতালা।

বনে বনে ফিরি, বনে বনে ঢুঁরি,
কার যেন অভাব নাই।
কি যেন হল না, কি যেন এলো না,
বনে বনে তাই কেঁদে বেড়াই।
নিরালয়ে ভাবি, আপন মনে,
প্রাণে প্রাণে কত কথা সুধাই।
চন্দ্র কিরণে, চন্দ্র বদনে,
কভু কভু যেন আভাষ পাই।
নিঝুম হইয়ে, যবে যাই চলে,
পদধ্বনি পিছে উঠে নানা তালে,
অমনি তখনি পিছনে চাই,
কই কই হায় কেউ যে নাই॥ ৬৭১॥

সিন্ধু—আড়খেমটা।

প্রণয় পিঞ্জর কাটি গেছে সে পাখী উড়ে,
রাখ্‌তেম যতনে যারে, অন্তরে অন্তরে।
চঞ্চল আনিয়ে তারে, বদ্ধ ছিল নয়ন দ্বারে,
পলকে কি গেল উড়ে, কোথা পাই তারে! ৬৭২।

খাম্বাজ—মধ্যমান।

হৃদয় পিঞ্জরের পাখী কোন্ দেশে উড়ে গেল!
তাহার বিরহ শোকে প্রাণ হয়েছে আকুল।
উভয়ে উভয় পাশে, ছিলাম মনের উল্লাসে,
সমভাবে ভাবি হয়ে, সুখে কাটাইতাম কাল।
ভাঙ্গিল সুখের বাসা, ঘুচিল আশা ভরসা,
কার মুখ চেয়ে এখন জীবন ধরিব বল।
প্রণয় প্রতিমা তার জাগিছে হৃদে আমার,
ভাসিছে নয়নে সদা হইয়ে উজ্জ্বল!
চির প্রেমের বন্ধনে, বাঁধা আছি তার মনে,
বিধি হেন জনে কোথায় লুকায়ে রাখিল॥ ৬৭৩॥

সিন্ধু ভৈরবী—মধ্যমান।

যতন করিতে তারে বাকি কি রেখেছি আমি।
আপনারি কর্ম্মদোষে সে হলো কুপথগামী॥
যে আমার প্রিয়জন, সে জানে আর জানে মন,
আর জানেন সেই জন, যে জন অন্তরযামী॥ ৫১২॥

সুরট তাল—একতালা।

কি কব চারু বদনে;
কি কষ্ট তব বিহনে, বনে বনে তাহা আজ,
জাগিছে মম মনে।
তব অদর্শন-বিরহ-শূল, যাতনা যে সহিতে নহে সে তুল,
দিবানিশি মন ছিল ব্যাকুল, গেছে সে দুঃখ মনে।
চাঁদ বদনা, কি যে সে ভাবনা, জান না তুমি বিরহ বেদনা,
হইত মনে আর পাবনা, প্রেয়সী প্রাণ-ধনে।
ভুলিত প্রিয়ে সদা সুখমনে, থাকিতে হরিষে অশোক বনে,
ভ্রমে ভুলে চন্দ্রাননে, ভাবতে না প্রিয়জনে॥ ৭৩২॥

কেন কেঁদে হবি সারা ধারা মুছে আয় মা।
কপালে কল্যাণী তোর সুমঙ্গল ভায় মা॥
যে আঁখি নাচিয়ে চায়, জলবিন্দু কেন তায়;
যে অধরে মাখা হাসি সে কেন শুখায় মা॥৫৬৬॥

ভৈরবী—মধ্যমান।

কেমনে বুঝাব মনে—এ মনে।
অধীর আমারি মন, আজি প্রবোধ না মানে।
যাঁর লাগি মম প্রাণ, অনুদিন হয় ক্ষীণ,
নাথেরে পাইব পুনঃ আশানাহি এক দিন,
দুঃখিনী আমা মতন, কেহ নাই এক দন,
দুঃখিনী আমা মতন, কেহ নাই এভুবনে॥ ৩৩৩॥

কমলার—গীত।

মাজা ঘসা এই মুখখানি আজ—মলিন কেন বোন্।
রাঙ্গা টুক্‌টুকে ঠোঁট শুক্‌নো কেন—সজল দুনয়ন॥
কি শূন্যমনে চাহি শূন্যপানে, মহাশূন্যে শেষে—ভেসে যাইগো মিশে
নাহি অন্য কেহ, নাহি অন্য দেহ, শুধু শূন্য-প্রাণী-মেশা-দশটি দিশে॥
ও বোন্— সইতে নারি কথার কথা—সইতে—পারি সব।
সব যাতনা সবাই সয় সইতে নারি রব॥
আমার আশার বাসা ভেঙ্গেছে বোন্—পাঁজর গেছে পুরে।
বনের পাখি মন কেড়ে নে—বনকে গেছে উড়ে॥
পোড়া প্রাণের কথা শুন্‌বে কি।
আমার সাধের বীণার তার ছিঁড়ে—তান থামিয়েছি।
এই গাল-ভরা প্রাণ—প্রাণের দায়ে—হারিয়েছি॥
আমার মনের মানুষ ভেসে যায়;
ধরি ধরি পাই না ধরা—ওরে— ধারে দেখে কে আমায়॥
হেথা যে যায় সে আসে ফিরে—ফিরে আসে যায়;
যায় যায় তার আর ফেরে না—তাইতে কান্না পায়॥৬৬৭॥

চিতাগৌরী—আড়াঠেকা।

হেরিয়ে দিবা অবসান। শাখী পরে পাখীকুল করিতেছে গান।
প্রফুল্লিত কুমুদিনী, বিষাদিত নলিনী, ভ্রমরের ব্যাকুল পরাণ
ভাবী বিচ্ছেদের তরে, দারুণ দুখ ভরে,
চক্রবাক বিরস বয়ান॥ ৩৩৩॥

যাক্ প্রাণ, প্রাণনাথ যেন সুখে রয়।
কে দেশান্তর, দহে নিরন্তর, তারে নিন্দে করি পাছে পতি নিন্দে হয়।
আমি মরি সহচরি তাহে করি নে সে ভয়।
দেখ আমি মোলে কত শত মিল্‌বে তার,
সখি সে বিনে, কে, আছে গো আমার।
আমায় ত্যজিলে ত্যজিতে পারে, কে দুষিবে তারে সই,
আমার পূজ্য ধন বই তো ত্যজ্য ধন নয়॥ ৪৪৪॥

কমলার গীত।

আমার দুঃখের হাসি দেখবি যদি আয়।
হাসি পাঁজর ভাঙ্গা বুকের মাঝে লুকিয়ে রাখা বিষম দায়॥
হাসি চোখের জলে ঠেলে ফেলে—উথলে ওঠে ঠোঁটের গায়।
ও বোন্ অফুরন্ত কান্না আমার সয় না।
ও বোন্ দুর্ভাবনা ভাবলে ভাবা হয়না!
হোয়ে আশায় নিরাশ আশায় নিরাশ—আশাও শেষে রয় না।
হেথা কেউ কাঁদ্‌তে পাবে না।
হাসো এস—বাসবো ভাল—কাঁদবে পীরিত থাক্‌বে না॥৩৬৭॥

ঝিঁঝিট—কাওয়ালী

যাবে কি পারিবে যেতে—ত্যজি চির বাসস্থান!
তোমার সাধের কুঞ্জ—চিরপ্রিয় লীলোদ্যান;
চিরকাল উষাপিয়ে, এবে যাবে তেয়াগিয়া,
কাঁদিবে না হৃদয় কি ব্যথিত হবেনা প্রাণ॥
আজি হতে ঘর দ্বার, হল আহা অন্ধকার,
গৃহের উজ্জ্বল আলো হলো আজি নিরবার;
তোমার এ গৃহে আর, ফিরিবে কি পুনর্ব্বার,
আবার আসিবে গৃহে তম হবে অবসান॥৩৬৮॥

সুরট মোল্লার—আড়া।

বিজন বিমনে বসি কেরে বিপিন বাসিনী।
এনব যৌবনে বল কি দুঃখে হলে যোগিনী
ত্যজি লোক সমাগমে, কেন এলে বনাশ্রমে।
কনক ত্যজিয়ে হলে বনফুলে সোহাগিনী।
মনের মানুষ কিরে, মিলেনা লোকমাঝারে।
বনদেবতার কাছে হয়েছ তাই ভিখারিনী॥৩৬৯॥

লুম ঝিঁঝিট—আড়াঠেকা।

বল, সই, কি কারণ দিবস যামিনী,
বিরলে নয়ন জল ফেল, সুভাষিণি ?
সোণার কমল সম, মুখ তব অনুপম,
কি লাগি মলিন হেরি, কেন বিষাদিনী ? ৩৩৪ ॥

বিভাস আড়াঠেকা।

পতি বিনে অবলার ভুবনে কে আর ?
ল'য়োনা সেধনে হরি করি দেব অবিচার !
প্রাণনাথে দাও ফিরে, বরঞ্চ এ অভাগারে,
তবালয়ে ল'য়ে চল—অকূল জলধি-পার ॥ ৩৩৫ ॥

সিন্ধু—আড়াঠেকা।

সে কি নিবিবার আগুন।
নিবাইতে গেলে পরে বাড়ে যে দ্বিগুণ ॥
নির্ব্বাণ হইবে তবে, এ হৃদি পিঞ্জর যবে,
প্রবল চিতা—অনলে, পুড়ে হবে চূণ ॥ ৩৩৬ ॥

যে করেছে যাহার সহ পীরিতি ব্যাভার,
সেই সে বুঝেছে সখি মরম তাহার।
পরেতে পরের মন, কে পেয়েছে কার ?
প্রণয় কারণে, উভয়ের দোষ গুণ না করে বিচার ॥ ৩৩৭ ॥

সিন্ধু ভৈরবী—মট্যমান।

মনের বেদনা কত মদে মনে নিভাইব।
কে আমার দুখেয় দুখী মন দুঃখ কারে কব ॥
যার সুখে সুখীমন, সে হইল অদর্শন,
না হেরে সে চন্দ্রানন, কিসে প্রাণ জুড়াইব ॥ ৩৩৮ ॥

সিন্ধু—আড়াঠেকা।

জীবন না যায় রে! যায় দিন যায়, দিনমণি যায়, নিবিয়া রে।
সাগর নীলিমে, বাড়ব অনল, মিশিয়া মিশায়রে।
যায় দিন যায়, দেখিতে দেখিতে ছায়াতে মিশায়রে।
সকলি ত যায়, কেবল দুখের জীবন না যায়রে! ৩৩৯।

ললিত—কাওয়ালী:

কি দোষে ত্যজিলে প্রিয়ে, এ অধীন জনে?
প্রেমে বাঁধা আরে মন তোমারই সনে।
কি দেখিলে মম দোষ, কহ কেন বৃথা রোষ,
ক্ষণমাত্র অপরাধ পড়েনা ত মনে॥ ৩৪০॥

আলেয়া—জলদ তেতালা

প্রেম বিচ্ছেদে কি যায়,
বিরহ না হলে, প্রেমে নাই সুখোদয়।
মিলনে থাকিলে পরে, ভাবে নাকো কেহ কারে,
পড়িলে বিচ্ছেদ নীরে, অঙ্কুর বাড়ায়॥ ৩৪১॥

পাহাড়ী—আড়া।

মনে কি পড়েনা প্রিয়ে সেই দিন সেই স্থান,
যে দিন তোমার হাতে দিয়েছিলাম মন প্রাণ।
দিবা অবসান হলে, সেই সে কদম্ব তলে,
প্রেমের পুতলী তুলে হৃদয়ে দিলাম স্থান।
সে রস নিরখি পাখী, শাখার উপরে থাকি,
আনন্দে অধীর হয়ে গেয়েছিল প্রেম গান।
প্রেমামৃত রস নিয়ে, ছিলেম বিভোর হয়ে,
আদর করিনি বলে করেছিলে অভিমান॥ ৩৪২।

পিলু—ঠুংরি।

সাধে কি কাঁদে আমার প্রাণ,
হৃদে হানিছে বিচ্ছেদ বাণ।
তাহারি কারণ, জীবন ধারণ,
তাহার অদর্শন মরণ সমান॥ ৬৪০॥

যোগিয়া।

সেই ত কাঁদিতে হল হায়! সেই ত কুসুম কলি ফুটিয়া ঝড়িয়া যায়;
সেই সুখ হর্ষ আশা, সে মধুর ভালবাসা,
কিছুই ত রহিল না সকলি ফুরাল হায়॥ ৬৪৪॥

সিন্ধু।

বলা হ'ল না ত সব কথা খুলে, অর্দ্ধেক শুনিয়া সে যে গেছে চলে;
সকলি বলিলে তারে, হয় ত করুণা ক'রে,
চাহিত মুখের পানে, দুটি আঁখি তুলে,
পাষাণে হৃদয় বেঁধে, রয়েছে সে ভুলে॥ ৬৪৫॥

ঝিঁঝিট—একতালা।

এত আশা ভালবাসা ভুলিলে কেমনে।
এই কালিন্দীর তীরে, এই কালিন্দীর নীরে,
এই তরুতলে এই নিবিড় কাননে।
বসি এই শিলা তলে, এই নির্ঝরিণী কূলে,
বলে ছিলে কত কথা ভুলিলে কেমনে॥ ৬৪৬॥

ভৈরবী—আড়াঠেকা।

কি হল কি হল আজ অভাগিনী কপালে,
ওরে পোড়া বিধি কেন এত বাদ সাধিলে।
অনেক যতন বিধি, দিয়ে হরে নিলি বিধি,
এই কি তোমার বিধি কাঙ্গালিনী করিলে॥ ৬৪৭॥

পূরবী—আড়াঠেকা।

বসন্তের কাল গেছে, কেন ফুল ফুটিবে আর।
ভানু গেছে অস্তাচলে হবে নাকি অন্ধকার?
ছিল প্রাণ সে দিয়াছে, দেহ কি আর দেহ আছে,
কাহারে কেমন আছ শুধাইছ বার বার॥ ৬৪৮॥

খাম্বাজ—মধ্যমান।

বিধি দিলে যদি বিরহ যাতনা,
প্রেম গেল, কেন প্রাণ গেল না?
হইয়া রহিয়া গেছে প্রেম ফুরায়েছে,
রহিল কেবল প্রেমেরি নিশানা॥ ৬৪৯॥

ভৈরবী কাঁপ্তিরী—খেমটা।

সই বুঝি পরাণ যায় লো।
এতকাল সংগোপনে, বিরহে জ্বলিছে প্রাণে,
আর মোরে বাসেনা ভাল, শুনে বুঝি প্রাণ বাঁচেনা।
মরমে মরিয়ে ছিনু, তবু আশা ধরিছিনু,
কি আশা চাহিয়ে আর, রাখি প্রাণ তাই বলনা॥ ৬৫০॥

পাহাড়ী—কাওয়ালী।

হৃদয় বন্ধু বিহনে সকল আঁধার রে,
লোকারণ্য মাঝে একা প্রাণ কেঁদে উঠেরে।
আত্মীয় কুটুম্বগণে, চাহিনে আর চাহিনে,
কপট প্রণয়ে মন তৃপ্ত কি আর হয় রে।
স্বার্থের সম্বন্ধ যত, ভাই বন্ধু দারাসুত, কেও নয় আপনার,
সব মায়ার বিকার রে।
মনের মানুষ পেলে, রাখি তারে হৃদকমলে,
উভয়ে প্রেমজলে এক হয়ে যাইরে।
সর্ব্বস্ব সঁপিয়ে তারে, ভালবাসি প্রাণভরে,
ইহ পরলোকে তার সঙ্গে বাস করি লো॥ ৬৫১॥

সিন্ধু ঝিঁঝিট—কাওয়ালী।

হাসি কেন নাই ও নয়নে!
ভ্রমিতেছ মলিন আননে।
দেখ সখি আঁখি তুলি।
ফুল গুলি ফুটেছে কাননে।
তোমারে মলিন দেখি ফুলেরা কাঁদিছে সখি,
সুধাইছে বনলতা কতকথা আকুল বচনে।
এস সখি এস হেথা, একটা কহ গো কথা,
বল সখি কার লাগি পাইয়াছ মনো ব্যথা,
বল সখি মন তোর আছে ভোর কাহার স্বপনে? ৬৫২॥

বসন্ত বাহার—একতালা।

প্রিয়ে কমলিনী! মনমোহিনী বাঁচি বল কিসে?
মরি বিরহ-বিষে!
দেখা দেও প্রাণেশ্বরি, সদা কেঁদে আকুল দুকুল ভাসে।
দেখিতে শরীর আমি, শরীরের প্রাণ তুমি, জান তা বিনোদিনী;
হয়ে সেই প্রাণহারা, দুঃখের নীরে এ শব দেহ ভাসে।
তুমি বাঞ্ছাকল্পতরু, প্রেমময়ী প্রেমগুরু,
তোমা বিনে নহি কারু, ধরেছি চরণ দুটি,—
আবার মান সেধেছি যোগীর বেশে॥ ৬৫৩॥

কাফি মিশ্র—দাদরা।

পীরিতি করে আমার মন ধরা, তাইতে নাম নিয়েছি মন ধরা।
মন কি আমার সাধে ধরেছে, অনেক জ্বালায় জ্বলেছে,
পরে তারে আপন করেছে,
কমলবনে বিষ ছড়াতে সাধ করে কি চাই
কই গো তারে পাই, দিবানিশি তাই আগুণ জ্বালাই,
যখন তাদের পীরিত মনে পড়ে সব দেখি বিষে ভরা॥ ৬৫৪॥

কালাংড়া—যৎ।

হারায়েছি হারায়েছিরে, সাধের স্বপনের ললনা!
মানস-মরালী আমার কোথা গেল বলনা!
কমল কাননে বালা, করে কত ফুল খেলা,
আহা, তার মালা গাঁথা হ'ল না!
প্রিয় ফুল তরুগণ, সুধাকর সমীরণ,
বল বল ফিরে কি আর পাবনা! কেন এল চেতনা! ৬৫৫।

মাঝ ঝিঁঝিট—মধ্যমান।

মন যারে চায় সে কি চায়।
না দেখে বাঁচিনে প্রাণে দেখিলে দ্বিগুণ দায়।
অযতনে যে যন্ত্রণা, সে যন্ত্রণা সে জানে না,
জেনে কি সে দিত বেদনা,
গণনা জেনে কি দিত, ব্যথিত হোত ব্যথায়॥ ৬৫৬।

ঝিঁঝিট খাম্বাজ—একতালা।

সকলি ফুরাল স্বপন প্রায়!
কোথা সে লুকালো, কোথা সে হায়!
কুসুম কানন হয়েছে ম্লান, পাখীরা কেনরে গাহনা গান,
(ও) সব হেরি শূন্যময় কোথা সে হায়।
কাহার তরে আর ফুটবে ফুল, মাধবী মালতী কেঁদে আকুল!
সেই যে আসিত তুলিতে জল, সেই যে আসিত পাড়িতে ফল
(ও) সে আর আসিবে না কোথা সে হায়! ৬৫৭।

ধুনা সিন্ধু—দাদরা।

পোড়া প্রেম করে এত জ্বালা কে জানে,
জ্বালায় জ্বলে মরি জ্বালা সইতে নারি,
জ্বালা হৃদে ধরি যতনে, পুড়ি প্রাণে,
নয়ন মজায়, ঠেকেছি দায়, নইলে শরে নল পড়ে কে চায়,
মন বিলায় পড়েছি উঠি আর কেমনে, মানে মানে। ৬৫৮।

শ্যামা-সঙ্গীত।

প্রসাদী—একতালা।

মন তোমার এই ভ্রম গেল না,
কালী কেমন তাই চেয়ে দেখ্‌লে না।
ওরে) ত্রিভুবন যে মায়ের মূর্ত্তি জেনেও কি তা জান না?
জগৎকে সাজাচ্ছেন যে মা, দিয়ে কত রত্ন সোনা,
ওরে, কোন্ লাজে সাজীতে চাস্ তায়,
দিয়ে ছার ডাকের গহনা।
জগৎকে খাওয়াচ্ছেন যে মা, সুমধুর খাদ্য নানা,
ওরে কোন্ লাজে খাওয়াতে চাস্ তায়,
আলো চাল আর বুট ভিজানা।
জগৎকে পাল্‌ছেন যে মা তাও কি জানিস না,
ওরে, কেমনে দিতে চাস্ বলি,
মেষ, মহিষ, আর ছাগলছানা? ৬৫৯॥

সিন্ধু—ঢিমে তেতালা।

মন ভেবেছ, কপট ভক্তি করে শ্যামা মাকে পাবে,
ও ছেলের হাতের মোয়া নয় যে ভোগা দিয়ে কেড়ে খাবে।
নাত পেঁয়ে আর মামদো বাজী, কেবা কারে ফাঁকি দেবে,
সে কড়ার কড়া তস্য কড়া, আপন গণ্ডা বুঝে নেবে।
আইন সুরত গঙ্গাজলি করেছ, সাবধান হবে,
তুমি মষ্টে মষ্টে মুখ মুছে খাও, এ কথা কি জান্‌তে রবে।
কমলাকান্তের মন এখন কি উপায় করিবে,
কালী নাম লও, সত্বর হও নামের গুণে তরে যাবে॥ ৬৬০॥

প্রসাদী—একতালা।

ডুব দে মন কালী বলে,
হৃদি রত্নাকরের অগাধ জলে।
রত্নাকর নয় শূন্য কখন, দু চার ডুবে ধন না পেলে,
তুমি দম-সামর্থ্যে এক ডুবে যাও, কুলকুণ্ডলিনীর কূলে।
জ্ঞান-সমুদ্রের মাঝে রে মন শক্তিরূপা মুক্তা ফলে,
তুমি ভক্তি করে কুড়িয়ে পাবে, শিব-যুক্তি মতন চালিলে।
কামাদি ছয় কুম্ভীর আছে, তারা আহার লোভে সদাই চলে
তুমি বিবেক-হলদি গায়ে মেখে যাও, ছোঁবেনা তার গন্ধ পেলে
রতন মাণিক্য কত, পড়ে আছে সেই জলে,
রাম প্রসাদ বলে ঝম্প দিলে, মিলবে রতন ফলে ফলে। ৬৬১।

বেহাগ—কাওয়ালী।

কিবা অপরূপ মরি হায় হায়,
কিবা রক্তোৎপল আভা, অতি মনোলোভা,
ঘন নূপুর শোভা পায় পায়।
নীলাম্বরী কভু দিগম্বরী, হলে মহেশ্বরী, শ্রীব্রজেশ্বরী,
বন নূপুর শোভা পায় পায়। ৬৬২।

খাম্বাজ—একতালা।

এই বেলা তারিণী, তার ভবরাণী,
এ ভব যন্ত্রণা আর না সহে।
নিশ্বাস পবন, বহিছে সঘন,
কি জানি কখন, রহে না রহে।
জলবিম্ব যেমন জল মধ্যে ভাসে,
তৃণাগ্রে শিশির, গো-শৃঙ্গে সলিলে,
(ওমা) তেমতি জীবন রসিকের দেহে। ৬৬৩।

প্রসাদী—একতালা।

মা আমায় ঘুরাবি কত।
কলুর চোক ঢাকা বলদের মত
ভবের গাছে জুড়ে দিয়ে মা, পাক দিতেছ অবিরত,
তুমি কি দোষে করিলে আমায়, ছটা কলুর অনুগত।
"মা" শব্দ মমতামৃত, কাঁদলে কোলে করে সুত,
দেখি ব্রহ্মাণ্ডেরই এই রীতি মা, আমি কি ছাড়া জগৎ।
দুর্গা দুর্গা দুর্গা বলে, তরে গেল পাপী কত,
একবার খুলে দে মা চোখের ঠুলি, হেরি মা তোর অভয় পদ।
কুপুত্র অনেক হয় মা, কুমাতা নয় কখন তো,
রামপ্রসাদের এই আশা মা, অন্তে থাকি পদানত॥ ৬৬৪॥

রামপ্রসাদী একতালা।

বল মা আমি দাঁড়াই কোথা,
আমার কেহ নাই শঙ্করী হেতা।
মার সোহাগে বাপের আদর, এ দৃষ্টান্ত যথা তথা,
যে বাপ বিমাতাকে শিরে ধরে, এমন বাপের ভরসা বৃথা,
তুমি না করিলে কৃপা, যাব কি বিমাতা যথা।
যদি বিমাতা আমায় করেন কোলে,
দেখা নাই আর হেথা সেথা।
প্রসাদ বলে এই কথা, বেদাগমে আছে গাঁথা
(ওমা) যেজন তোমার নাম করে,
তার হাড় মালা আর ঝুলি কাঁথা॥ ৬৬৫॥

সিন্ধু—ঢিমে তেতালা।

শুন গো মা, দেখ মা, আজি বিপদে,
যেন হরি হারা হইনে তারা, এই মিনতি ও পদে।
মা তুমি কৈলাসে কালী, কৃষ্ণকালী ব্রজেতে;
শ্মশানকালী, ভদ্রকালী, রক্ষাকালী জগতে।
ব্রজের কালাকালী তুমি, কালী তব কৃপাতে,
যদি ঘুচাও কালী মনের কালী, কালী বলবে জগতে॥ ৬৬৬

সুরট খাম্বাজ—একতালা।

মন কালী কালী বল,
গত হল কাল, জীবে কত কাল,
কাল পেয়ে কাল নিকটে এল।
কাল ভয়ে কালী হলো এ অঙ্গ,
কবে দংশিবে রে সে কাল ভুজঙ্গ,
কর সাধু-সঙ্গ, কালী নাম প্রসঙ্গ,
কালে ইহকাল সাঙ্গ হলো।
কালদণ্ড লয়ে কাল আসিবে,
কালের ভয় তখন কেবা নাশিবে;
কলুষনাশিনী সেই সবে শিবে,
কালিদাসে দিবেন চরণ-কমল। ৬৬৭॥

ঝিঁঝিট—খেম্‌টা।

যশোদা নাচাতো তোরে বলে নীলমণি,
সে বেশ লুকালি কোথা করালবদনী শ্যামা॥
শ্রীদামাদি সঙ্গে, নাচতে নানা রঙ্গে,
তেমতি তেমতি তেমতি করে নাচ্ দেখি মা।
(হাসি বাঁশি মিলাইয়ে নাচ্ দেখি মা)
গগনে বেলা বাড়িত, রাণী কেঁদে ব্যাকুল হত,
তা দেখে আসিত যত ব্রজের কামিনী শ্যামা! ৬৬৮॥

প্রসাদী সুর—একতালা।

কে জানে মা মহিমা তোমার।
কিঞ্চিৎ জানিয়ে শিব ঐ পদ করেছেন সার।
অন্ধে দৃষ্টি দিতে পার, পঙ্গুকে সচল কর,
অঘটন ঘটাতে পার, এমন করম তোমার॥
রাজ্যপদ কারে দাও, কার বা কাড়িয়া লও,
কারে বা ভিক্ষা করাও, তব মহিমা অপার।
এই জন্মে যাই হল, পরকাল খোয়া গেল,
যম দায় নিকট হল, এই বেলা নবীনে তার॥৬৬৯॥

প্রসাদী সুর—একতালা।

মন ভুলনা কথার ছলে,
লোকে বলুক মাতাল বলে।
সুধাপান করিনে রে আমি, সুধা খাই যে কুতূহলে।
আমার মন মাতালে মেতেছে আজ,
মদো মাতালে মাতাল বলে।
অহর্নিশি থাকব বসি, হরমহিষীর চরণ তলে।
মেলে ধরবে নেশা, ঘুচবে দিশা, বিষম বিষয় মদ খাইলে।
যন্ত্রভরা মন্ত্র যোড়া, অণ্ড ভাসে সেই জলে,
সে যে অকূলতারণ, কূলের কারণ, কূল ছেড় না পরের বোলে।
ত্রিগুণে তিনের জন্ম, মাদক বলে মোহের ফলে,
সত্ত্বে ধর্ম্ম, তমে কর্ম্ম, কর্ম্মী হয় মন রজ মিশালে।
মাতাল হলে বোতল পাবে, বৈতালী করিবে কোলে,
রামপ্রসাদ বলে, নিদান কালে,
পতিত হবে কূল ছাড়িলে॥৬৭০॥

প্রসাদী—একতালা।

মর্‌লেম ভূতের ব্যাগার খেটে,
আমার কিছু সম্বল নাইকো গেঁটে।
নিজে হই সরকারী মুটে; মিছে মরি বেগার খেটে,
আমি দিন মজুরী নিত্য করি, পঞ্চভূতে খায় গো ঘেঁটে।
পঞ্চভূত ছয়টা ঋপু, দশেন্দ্রিয় মহা লেটে,
তারা কারও, কথা কেউ শুনে না,
দিন তো আমার গেল খেটে।
যেমন অন্ধজনে হারা দণ্ড, পুনঃ পেলে ধরে এঁটে,
আমি তেম্নি মত ধর্ত্তে চাই মা, কর্ম্মদোষে যায় গো ছুটে।
প্রসাদ বলে ব্রহ্মময়ী, কর্ম্মডুরি দেমা কেটে,
প্রাণ যাবার বেলা এই করো মা
যেন ব্রহ্মরন্ধ্র যায় গো ফেটে॥ ৬৭১॥

জ লা—একতালা।

আর কাজ কি আমার কাশী,
মায়ের পদতলে পড়ে আছে গয়া গঙ্গা বারাণসী।
হৃদ্‌কমলে ধ্যান কালে, আনন্দ সাগরে ভাসি,
(ওরে) কালীর পদ কোকনদ, তীর্থ রাশি রাশি।
কালী নামে পাপ কোথা, মাথা নাই তার মাথাব্যথা,
(ওরে) অনলে দাহন যথা, হর রে তুলারাশি।
গয়ায় করে পিণ্ডদান, বলে পিতৃঋণে পাবে ত্রাণ,
(ওরে) যে করে কালীর ধ্যান, তার গয়া শুনি হাসি।
কাশীতে মোলে ত মুক্তি; এ বটে শিবের উক্তি,
(ওরে) সকলের মূল ভক্তি, মুক্তি হয় মন তার দাসী।
নির্ব্বাণে কি আছে ফল, জলেতে মিশায় জল,
(ওরে) চিনি হওয়া ভাল নয় মন; চিনি খেতে ভালবাসি।
কৌতুকে প্রসাদ বলে, করুণানিধির বলে,
(ওরে) চতুর্ব্বর্গ করতলে, ভাবিলে রে এলোকেশী ॥৬৭২॥

প্রসাদী—একতালা।

মন কেন মায়ের চরণ ছাড়া,
(ও মন) ভাব শক্তি, পাবে মুক্তি বাঁধা দিয়া ভক্তি-দড়া।
তনয়া থাকতে না দেখলে মন, কেমন তোমার কপাল পোড়া,
মা ভক্তে ছলিতে, তনয়া রূপেতে, বাধেন আসি ঘরের বেড়া।
মায়ে যত ভালবাসে, বুঝা যাবে মৃত্যুশেষে,
মোলে দশ-দুয়ার কান্নাকাটা, শেষে দিবে গোবর ছড়া।
ভাই বন্ধু-দারা সুত, কেবলমাত্র মায়ার গোড়া,
মোলে সঙ্গে দিবে মেটে কলসী কড়ী দিবে অষ্ট কড়া।
অঙ্গেতে যত আভরণ, সকলই করিবে হরণ,
দোসর বস্ত্র গায় দিবে, চারকোনা, মাঝখানে ফাড়া।
যেই ধ্যানে একমনে, সেই পাবে কালিকা-তারা,
জ্ঞেয় হয়ে দেখ কন্যারূপে, রামপ্রসাদের বাঁধছে বেড়া ॥৬৭৩॥

সিন্ধু ভৈরবী—ঢিমে তেতালা।

এবার জান্‌বো তারা, কেমন তুমি পতিত পাবনী,
অট্টাশে পুত পেয়েছ বুঝি, তাই বিভীষিকাতে পালাব আমি।
ধর্‌বো জটে, আনবো তটে, পালাতে পার্ব্বে না ছুটে,
ভক্তি-ডোরে বেঁধে এটে শিরে লব পা দুখানি।
বাক্য ব্যয়ে কি প্রয়োজন, ভক্তি সংগ্রামে কর্ব্বো রণ,
যোগ-ছাড়বো বাণ আকর্ষণে আসবো জননী।
তব পয়োধরের পয়, পান করে হই দিগ্বিজয়,
ঐ জোরে সর্ব্বত্র অভয় অভয় পদ মাগি আমি।
বাপের সু-কন্যা হয়ে, দ্বিজ নবীনে চরণ দিয়ে,
এসো বসো মম হৃদয়ে, হেরবো চরণ দুখানি॥ ৬৭৪॥

ভৈরবী—আড়াঠেকা।

আমার হৃদকমলে এস গো মা ভব দারা,
এলোকেশী ঘোরবেশী মহানিশা ভয়ঙ্করা।
ছয় জন শত্রু মিলে, কুপথেতে দেয় ঠেলে,
ডাকি কোথা তারা বলে, কেঁদে কেঁদে হই সারা।
পড়েছি ঘোর বিপদে, রাখ মা অভয় পদে,
সংসারী যে মহামদে, উন্মত্ত হইয়ে তারা।
শমন নিকট আসি, ভয়ে কাঁপি দিবানিশি,
হের গো মা মুক্তকেশী, রবিসুত ভয়-হারা॥৬৭৫॥

সিন্ধু—পোস্তা।

অন্নদার দ্বারে আজি পাতকী পেতেছি পাত।
পলাইতে পারিবে না, পরশিতে হবে ভাত।
চাই আমি সেই রাম প্রসাদ যাবে যাতে জন্মের সাধ,
যে প্রসাদ পেয়ে শিব নাচে, হয়ে উর্দ্ধহাত॥ ৬৭৬॥

সুরট মল্লার—আড়াঠেকা।

মনেরি বাসনা শ্যামা, শবাসনা, শোন মা বলি,
অন্তিম কালে জিহ্বা যেন বলতে পায় মা কালী কালী।
হৃদয় মাঝে উদয় হয়ো মা, যখন করবে অন্তর্জ্জলি।
তখন আমি মনে মনে, তুলব জবা বনে বনে,
মিশায়ে ভক্তি-চন্দনে, পদে দিব পুষ্পাঞ্জলি।
অর্দ্ধ অঙ্গ গঙ্গাজলে, অর্দ্ধ অঙ্গ থাকবে স্থলে,
কেহ বা লিখিবে ভালে, কালী নামাবলী।
কেহ বা কর্ণকুহরে, বলবে কথা উচ্চৈঃস্বরে,
কেহ বলবে হরে হরে, করে করে দিয়ে তালি। ৬৭৭।

মূলতান, খেমটা।

কত মায়া মহামায়া কে জানে তোমার,
কখন মানবীরূপ, কখন গাভী আকার।
কখন শৃগালরূপা, লোককে দেখাও বিভীষিকা,
ভয়ে হয় অনামিকা, নাহি পারাপার।
তোমার যতেক মায়া, কে জানে গো মহামায়া,
কলিতে মনদা দেবি ভবে কর পরে। ৬৭৮।

ঝিঁঝিট খাম্বাজ—আড়াঠেকা।

জেনেছি জেনেছি তারা, তুমি জ'ন ভোজের বাজী,
যে তোমায় যে ভাবে ডাকে তাতে তুমি হও মা রাজী।
সঙ্গে বলে ফরাতারা, গড্ বলে ফিরিঙ্গী যারা মা,
খোদা বলে ডাকে তোমায়, মোগল পঠান সৈয়দ কাজী।
শাক্তে বলে তুমি শক্তি, শিব তুমি শৈবের উক্তি মা,
সৌরী বলে সূর্য্য তুমি বৈরাগী কয় রাধিকাশী।
গাণপত্য বলে গণেশ, যক্ষ বলে তুমি ধনেশ মা,
শিল্পী বলে বিশ্বকর্ম্মা, বদর বলে নায়ের মাঝী।
শ্রীরামদুলাল বলে, বাজীনয় এ জেনো ফলে,
এক ব্রহ্মা বিধা ভেবে মন আমার হয়েছে পাজি। ৬৭৯।

প্রসাদি সুর—একতালা।

দুটো দুঃখের কথা কই, (শ্যামা)
কে বলে মা তোরে দীনদয়াময়ী।
যারে দিলে চিনি মোণ্ডা ম, খেতে খাসা দই,
আমি অন্ন বিনে উপবাসী দিনেক দুদিন রই
কারে দিলে হাতি ঘোরা মা পালকী বাধা ছই;
(ওমা) তার কি তোর বাপের ঠাকুর আমি কি কেউ নই?
প্রসাদ বলে সময় বুঝে মা সকল দুঃখ সই;
(ওমা) আমি কি দিয়াছি তোর পাকা ধানে মই॥ ৬৮০॥

কালাংড়া—তেতালা।

শঙ্করি করুণা কর, কিঙ্করে কেন বঞ্চনা,
কামনা পূরাতে কালী, কল্পলতিকা কল্পনা।
অতি অসাধ্য সাধন, বিনাশিতে দশানন,
পূজি জানকী-জীবনে, পূরিল মন বাসনা।
গোকুলে গোপিনী যত, করে কাত্যায়নী ব্রত
নিয়ে নারায়ণ ধন, ঘুচালে ব্রজ-ভাবনা।
শুম্ভ নিশুম্ভের রণে, রণশায়ী দৈত্যগণে,
শিবের শিবত্ব দিলে, নাশিতে যম-যন্ত্রণা॥৬৮১॥

খাম্বাজ—আড়াঠেকা।

কি হবে কি হবে ভবরাণী তবে,
আনিয়ে ভবে, ভাবালি আমায়!
না জানি ভজন, না জানি পূজন,
বিষয়-বিষ-ভোজন করে প্রাণ যায়।
কাতরেতে তোমায় ডাকি ভব-দারা,
কখন আছি কখন যেতে হয় মা তারা,
এ দেহ সন্দেহ, ত্বরায় দেখা দেহ,
রসিকের এই দেহ জলবিম্ব প্রায়॥ ৬৮২॥

বাংলা—একতালা।

মা যদি কেশে ধরে তোলে,
(তবে বাঁচি এ সঙ্কটে) ;
আমার একূল ওকূল দুকূল গেল,
পাথার মধ্যে সাঁতার হল।
সঙ্গী গুল হয় ছাই, তাদের সঙ্গে যাই,
ধর্‌তে গেলে আমায় ধরে ডুবে ডুবে প্রাণটা গেল।
করেছিলাম যে ভরসা, না পূরিল সে সব আশা,
ভুলালে তখন ডুবি যে এখন,
আর কখন্ কি কর্‌বে বল।
কবলাকান্তের ভার, মা বিনে কে লবে আর,
ও মা চরণ শরণ দিয়ে সঙ্গে লয়ে দেশে চল ॥৬৮৩॥

প্রসাদী সুর—একতালা।

সদানন্দময়ী কালী, মহাকালের মনোমোহিনী (গো মা)
তুমি আপন সুখে আপনি নাচ, আপনি দাও মা করতালি।
আদিভূতা সনাতনী, শূন্যরূপা শশীভালী,
ব্রহ্মাণ্ড ছিল না যখন মুণ্ডমালা কোথায় পেলি ?
সবে মাত্র তুমি মন্ত্রী, যন্ত্রে আমরা তন্ত্রে চলি,
যেমন রাখ তেমনি থাকি, যেমন বলাও তেমনি বলি।
অশান্ত কমলাকান্ত, দিয়ে বলে গালাগালি,
এবার সর্ব্বনাশি, ধরে অসি, ধর্ম্মাধর্ম্ম দুই খেলি ॥ ৬৮৪ ॥

খট ভৈরবী—পোস্তা।

জানি গো জানি গো তারা তোমার যেমন করুণা,
কেহ দিনান্তরে পায় না খেতে,
কারু পেটে ভাত, গেঁটে সোনা।
কেহ যায় মা পালকী চড়ে, কেহ তারে কাঁদে করে,
কেহ শালের দেয় দুশালা, কেহ পায় না ছেঁড়া টেনা ॥ ৬৮৫ ॥

ভৈরবী—যৎ।

আমি এবার মলে শত্রু হব, তোমার পুত্র হব না,
"মা" "মা" বলে ডাক্‌লে পরে, তারা কৃপা কর না।
যেমন শত্রুভাবে যুদ্ধ করে,
চরণ দিলি মহিষাসুরে;
এমনি ভাব্‌না না ভাব্‌লে পরে,
তোমার চরণ পাওয়া যাবে না।
মা যে ধরে তোমার ঢাল খাঁড়া,
তারে সদয় হও মা তারা;
আমার কেমন কপাল পোড়া,
আমি পূজে চরণ পেলেম না
বিশ্বনাথ এই বলে,
উচিত কথা কৈতে গেলে,
দেখ যেন ওগো শিবে, ক্রোধ করো না।
গণেশ তোমার কোলের ছেলে,
গজের মুণ্ড তারে দিলে;
এ দুঃখ যায় না মলে,
বিবাহ মা তাও দিলি না।
মা তোমার চরণ কমল,
লঙ্কেশ্বর পূজেছিল;
তার সোণার লঙ্কা দহে গেল,
সর্ব্বনাশী দেখ্‌লি না॥ ৬৮৬॥

কালাংড়া—একতালা।

শ্যামা ধন কি সবাই পায়,
অবোধ মন, বোঝ না একি দায়!
শিবের অসাধ্য সাধন মন, মজ না রাঙ্গা পায়
ইন্দ্রাদি সম্পদ সুখ তুচ্ছ হয় যে ভাবে মায়,
সদানন্দ সুখে ভাসে শ্যামা যদি ফিরে চায়
যোগীন্দ্র, মুনীন্দ্র, ইন্দ্র, যে পদ না ধ্যানে পায়,
নিগুণ কমলাকান্ত তবু সে চরণ॥ ৬৮৭॥

প্রসাদী—একতালা।

আমায় দেও মা তবিলদারী,
আমি নিমক্‌হারাম নই শঙ্করী।
পদ-রত্ন-ভাণ্ডার সবাই লুটে, ইহা আমি সইতে নারি।
তাঁড়ার জিম্মা যার কাছে মা, সে যে ভোলা ত্রিপুরারি,
শিব আশুতোষ স্বভাবদাতা, তবু জিম্মা রাখ তাঁরি॥
অর্দ্ধ অঙ্গ জায়গির, তবু শিবের মাইনে ভারি,
আমি বিনা মাইনার চাকর, কেবল চরণ ধূলার অধিকারী।
যদি তোমার বাপের ধারা ধর, তবে বটে আমি হারি,
যদি আমায় বাপের ধার ধর তবে তো মা পেতে পারি।
প্রসাদ বলে এমন পদের বালাই লয়ে আমি মরি,
ও পদের মত পাইতো, সে পদ লয়ে বিপদ সারি।৬৮৮

সিন্ধু—পোস্তা।

মজ্‌লো আমার মন-ভ্রমরা শ্যামা-পদ-নীল-কমলে,
যত বিষয়-মধু তুচ্ছ হলো; কামাদি কুসুম সকলে।
চরণ কালো, ভ্রমর কালো, কালোয় কালোয় মিশে গেল,
দেখ পঞ্চ তত্ত্ব প্রধান মত্ত, রঙ্গ দেখে ভঙ্গ দিলে।
কমলাকান্তের মনে, আশা পূর্ণ এত দিনে,
দেখ সুখ দুঃখ সমান হলো, আনন্দ সাগর উথলে॥ ৬৮৯॥

গৌরী—কাওয়ালী।

পতিতপাবনী তারা কেবল তোমার নাম সারা,
তবাসে আকাশে বাস, বুঝেছি মা কাজের ধারা।
বশিষ্ঠ চিনিয়াছিল, হাড় ভেঙ্গে শাপ দিল,
তদবধি হয়ে আছ ফণী যেন মণিহারা।
ঠেকেছিলে মুনির ঠাঁই কার্য্য কারণ তোমার নাই,
ওরাম, সয় তয়, রয় সেইরূপ বর্ণ পারা॥ ৬৯০॥

রামপ্রসাদী—একতালা।

কেন মিছে "মা" "মা" কর, মায়ের দেখা পাবে নাই,
থাক্‌লে আসি দিতো দেখা সর্ব্বনাশী বেঁচে নাই।
শ্মশানে মশানে কত পীঠস্থান ছিল যত,
খুঁজে হলাম ওষ্ঠাগত, কেন আর যন্ত্রণা পাই!
বিমাতার তীরে গিয়ে, কুশপুত্তুল দাহ করে,
অশৌচান্তে পিণ্ড দিয়ে, কালাশোচে কাশী যাই॥ ৬৯১॥

আলেয়া—একতালা।

শ্যামা কি তোর সকলি ভ্রান্ত,
পদতলে পড়ে আছেন শ্রীকান্ত।
নিজপতি মেনি, পতিহন্তা হলি,
পশুপতির বুঝি হলো প্রাণান্ত।
ভিক্ষা করি মাগো জুড়ি দুটা কর,
নৃত্য করোনা শিবের উপর,
মলো মলো রাজা ত্রিপুর-ঈশ্বর!
ক্ষেমঙ্করি! রণে হও মা ক্ষান্ত॥ ৬৯২॥

রামকেলি—আড়াঠেকা।

ঢুলিয়ে কে আসে,
গলিত চিকুর আসব-আবেশে॥
বামা রণে দ্রুত চলে দলে দাবানলে,
ধরি করতলে গজ গরাসে;
নীলকান্ত মণি নিতান্ত, নখর-নিকর তিমির নাশে,
বামার কি রূপছটা রে কি রূপঘটা রে,
ঘন ঘন ঘন উঠে আকাশে;
কালিয়া শরীরে, শোভিছে রুধিরে,
যমুনা কিংশুক ভাসে সলিলেতে।
কর রণশ্রম দূর, চল নিজ পুর,
নিবেদিছে রামপ্রসাদ দাসে॥ ৬৯৩॥

খাম্বাজ—একতালা।

দেখ্‌লি আমার কত বাজি, আর কি বাজির বাকি আছে,
আশীলক্ষ সং সেজেছি ব্রহ্মময়ী তোমার কাছে।
বড় লোকে বাজি করে, বাজিকরে বাজি করে,
কিঞ্চিত অর্থ দেয় মা তারে, লোকে নিন্দা করে পাছে।
কালাচাঁদের বাজি করা, এতে যদি পড়ি ধরা,
দূর করে দে ভবদারা, বাজি করা যাক্ মা ঘুচে। ৬১৪ ॥

প্রসাদী—একতালা

মন হারিলি কাজের গোড়া,
তুমি দিবানিশি ভাব বসি, কোথায় পাবে টাকার তোড়া।
চাকি কেবল ফাঁকি মাত্র, আমা মা মোর হেমের ঘড়া।
তুই কাচ মূল্যে কাঞ্চন বিকালি,
ছি ছি মন তোর কপাল পোড়া।
কর্ম্মসূত্রে যা আছে মন, কেবা পাবে তার বাড়া।
মিছে এ দেশ সে দেশ ক'য়ে ভাই, বিধির লিপি কপাল জোড়া।
কাল করচে হৃদয়ে বাস, বাজছে যেন শালের কোঁড়া।
ওরে সেই কালের কর বিনাশ, নাম ধর রে মন্ত্র সোঁরা।
প্রসাদ বলে ভাবছ কি মন, তুমি পাঁচ শোয়ারের তুর্কি ঘোড়া।
সেই পাঁচের আছে পাঁচা পাঁচি,
তোমার করবে তোলাপারা ॥ ৬১৫ ॥

প্রসাদী—একতালা।

অভয় পদ সব লুটালে, কিছু রাখ্‌লে না মা তনয় বলে,
দাতার কন্যা দাতা ছিলে মা শিবে ছিলে মায়ের স্থলে।
তোমার পিতা মাতা যেমনি দাতা, তেম্‌নি দাতা আমায় হলে।
ভাঁড়ার জিম্মা যার কাছে মা, সে জন তোমার পদতলে,
ঐ যে ভাঙ খেয়ে শিব সদাই মত্ত, কেবল তুষ্ট বিল্বদলে।
জন্ম জন্মান্তরেতে মা, কত দুঃখ আমায় দিলে,
রামপ্রসাদ বলে এবার মোলে, ডাক্‌ব সর্ব্বনাশী বলে। ৬১৭।

মু তান—একতালা।

আয় মা সাধন সমরে,
দেখি মা হারে কি পুত্র হারে।
আরোহণ করি পুণ্য-মনোরথে,
ভজন-পূজন দুটি অশ্ব যুরি তাতে,
দিয়ে জ্ঞান-ধনুকে টান, ভক্তি ব্রহ্মবাণ,
বসে আছি ধরে।
দেখবো আজি রণে, শঙ্কা কি মরণে,
ডঙ্কা মেরে লব মুক্তিধন ;—
বারে বারে রণে তু ম দৈত্যজয়ী,
এবার আমার রণে এসো ব্রহ্মময়ী,
ভক্ত রসিকচন্দ্র বলে, মা তোমারই বলে,
জিনিব তোমায় সমরে ॥ ৬৯৮ ॥

প্রসাদী—একতালা।

মা গো তারা ও শঙ্করী,
কোন্ অবিচারে আমার পরে, করলে দুঃখের ডিক্রীজারি ?
এক আসামী ছয়টা পিয়াদা, বল মা কিসে সামাল করি,
আমার ইচ্ছা করে ঐ ছটারে বিষ খাওয়ায়ে প্রাণে মারি।
পিয়াদার রাজা কৃষ্ণচন্দ্র, তার নামেতে নিলাম জারি,
ঐ যে পান বেচে খায় কৃষ্ণ-পান্তি তারে দিলে জমিদারী।
হুজুরের দরখাস্ত দিতে, কোথা পাব টাকা কড়ি,
আমায় ফিকিরে ফকির বানায়ে, বসে আছ রাজকুমারী।
হুজুরে উকীল যে জনা, ডিস্‌মিসে তার আশয় ভারি,
করে আসল সন্ধি সওয়াল বন্দি, কেরূপে মা আমি হারি।
পলাইতে স্থান নাই, মা, বল কিবা উপায় করি,
ছিল স্থানের মধ্যে অভাব টান, তাও নিয়াছেন ত্রিপুরারি ॥৬৯৯॥

ললিতা—একতালা।

তাই কালোরূপ ভালবাসি,
কালী জগমনোমোহিনী এলোকেশী!
মাকে সবাই বলে কালো কালো,
আমি দেখি অকলঙ্ক শশী।
বিষম বিষয়ানলে, দহে তনু দিবানিশি,
যখন শ্যামারূপ অন্তরে দেখি, আনন্দসাগরে ভাসি!
মনের তিমির খণ্ড খণ্ড করে মায়ের করের অসি;
মায়ের বদন-শশী মধুর হাসি
সুধা ক্ষরে রাশি রাশি।
কমল বলে কাশী যেতে, কভু নাহি ভালবাসি,
শ্যামা মায়ের যুগলপদে [illegible] বারাণসী ॥৭০০॥

প্রসাদী—একতালা।

জয় কালী জয় কালী বল, লোকে বলবে পাগল হলো,
লোকে মন্দ বলে বলবে তায় কিরে তোর বয়ে গেল।
আছে ভাল মন্দ দুটো কথা, যা ভাল তাই কর ভাল ॥৭০১॥

প্রসাদী—একতালা।

আমি কি আটাশে ছেলে,
ভয়ে ভুলবো নাকো চোক রাঙ্গালে।
সম্পদ আমার ও রাঙ্গাপদ, শিব ধরে যা হৃৎকমলে।
(ও মা) আমার বিষয় চাইতে গেলে, বিড়ম্বনা কতই হলো;
শিবের দলিল সৈ মোহরে, রেখেছি হৃদয়ে তুলে,
এবার কর্‌ব নালিশ নাথের আগে, ডিক্রী লব এক সওয়ালে।
জানাইব কেমন ছেলে, মোকদ্দমায় দাঁড়াইলে,
যখন গুরুদত্ত দস্তাবিজ, গুজরাইব মিছিলকালে।
মায়ে পোয়ে থোকদমা, ধুম হবে রামপ্রসাদ বলে,
আমি ক্ষান্ত হব, যখন আমায়, শান্ত করে লবে কোলে ॥৭০২॥

আলাইয়া—একতালা।

মা সে দিন প্রভাত কবে হবে,
করাল-বদনা লোল-রসনা,
পদতলে মোরে স্থান দিবে।
চরমকাল যখন হইবে আগত,
বন্ধু বান্ধবগণে আসিয়া তাবত,
গঙ্গাতীরে মোরে লইয়ে ত্বরিতে,
কর্ণে মম হরিনাম শুনাইবে।
মহেশচন্দ্র দাসের এই বাসনা,
পূর্ণ কর মম মনের বাসনা,
ওগো শবাসনা, করাল-বদনা,
প্রবঞ্চনা আর মোরে না করিবে॥ ৭০৩ ॥

ভৈরবী—একতালা।

আর কিছু নাই শ্যামা মা তোর কেবল দুটী চরণ রাঙ্গা,
শুনি তাও নিয়েছে ত্রিপুরারী, দেখে হলেম সাহস-ভাঙ্গা।
জ্ঞাতি বন্ধু সুত দারা, সুখের সময় সবাই তারা,
বিপদকালে কেউ কোথায় নাই,
ঘর বাড়ী ওর গাঁয়ের ডাঙ্গা।
নিজগুণে যদি রাখ, করুণ-নয়নে দেখ,
নইলে জপ করে যে তোমায় পাওয়া,
সে সব কথা ভূতের সঙ্গা।
কমলকান্তের কথা, মাকে বলি অনেক ব্যথা,
তোর জপের মালা ঝুলি কাঁথা, জপের ঘরে বৈল টাঙ্গা॥ ৭০৪ ॥

বাগেশ্রী—আড়াঠেকা।

কে জানে তোমায় তারা, তুমি সাকার কি নিরাকার।
বাক্যেতে কহিতে নারি, বর্ণিতে বর্ণিতে হারি,
ন যণ্ড ন পুমন্ নারী, ব্যোম আদি ধরা।
হিতার্থে উপাধি দিয়ে, কোন মতে নাম লয়ে,
হই যেন সারা॥ ৭০৫ ॥

পিলু—আড়াঠেকা।

কেবা জান্‌তে পারে গুণ তুমি ত্রিগুণধারিণী,
আশ্বিনে হও অম্বিকে, কার্ত্তিকেতে কালিকে,
অগ্রহায়নেতে তুমি গণেশ-জননী।
পৌষে লক্ষ্মী বরদা, মাঘে বাগ্‌বাদিনী সারদা,
ফাল্গুনেতে হও মা তুমি রাধা বিনোদিনী।
চৈত্রে হও বাসন্তী, বৈশাখে প্রখর চণ্ডী,
জ্যৈষ্ঠেতে মঙ্গলচণ্ডী, আষাঢ়ে রুদ্র-বাহিনী।
শ্রাবণে ঝুলনে দোল, ভাদ্রমাসে জন্ম হলো,
তাই তোমায় বলে মাগো যশোদা-নন্দিনী॥ ৭০৬॥

সোহিনী—একতালা।

আয় দেখি মন চুরি করি, তোমায় আমায় একত্রে,
শিবের সর্ব্বস্ব ধন মায়ের চরণ, যদি আনতে পারি হরে
জাগা ঘরে চুরি করা, হবে যদি পড়ি ধরা,
তবে মানব দেহের দফা সারা, বেঁধে নিবে কৈলাসপুরে
গুরুবাক্য দৃঢ় করে, যদি যাইতে পারি ঘরে,
ভক্তিবাণ হরকে মেরে, শিবপদ লব কেড়ে॥ ৭০৭॥

পিলু বাহার—যৎ।

তুই যারে কি করিবি শমন, শ্যামা মাকে কয়েদ করেছি
মনবেড়ী তার পায়ে দিয়ে, হৃদ্‌-গারদে বসায়েছি।
হৃদিপদ্ম প্রকাশিয়ে, সহস্রারে মন রেখেছি,
কুলকুণ্ডলিনী শক্তির পদে আমি আমার প্রাণ সঁপেছি।
এমনি করেছি কায়দা, পলাইলে নাইকো ফায়দা,
হামেশ রজ্জু ভক্তি পেয়াদা, ছনয়ন দ্বারবান দিয়েছি।
মহাজ্ঞর হবে জেনে, আগে আমি ঠিক করেছি।
তাই সর্ব্ব-জ্ঞর হর-লৌহ, গুরুতত্ত্ব পান করেছি।
শ্রীরামপ্রসাদ বলে, যাত্রা করে বসে আছি॥ ৭০৮॥

বেহাগ—আড়খেম্‌টা।

আমার কপাল গো তারা,
ভাল নয় মা, ভাল নয় মা, ভাল নয় মা কোন কালে।
শিশুকালে পিতা মলো, মাগো রাজ্য নিল পরে,
আমি অতি অল্পমতি, ভাসালে সাগরের জলে।
স্রোতের শেহলার মত, মাগো ফিরিতেছি ভেসে,
সবে বলে ধর ধর, কেউ নাহে না অগাধ জলে।
কবির পু[illegible]সাথী, মাগো আর দিব আমার মাথা,
রক্তচন্দন রক্তজবা, দিব মায়ের চরণতলে।
শ্রীরামপ্রসাদের বাণী, শোন গো মা নারায়ণী,
যেন অন্তকালে আমায়, ঠেলে ফেলো পদরাজীবে ॥৭০৯॥

প্রসাদী—একতালা।

বড়াই কর কিসে গো মা,
জানি তোমার আদি মূল, বড়াই কর কিসে?
আপ্‌নি ক্ষেপা প্রাত ক্ষেপা ক্ষেপা সঙ্গীসনে,
তোমার আদি অন্ত সকলই জানি, দাতা কোন পুরুষে।
মাগো মিনসে ঋণ্‌ড়া করে, বইতে নার বাসে,
মাগো তোমার মিনসে ভিক্ষা করে, ফিরে দেশে দেশে।
প্রসাদ বলে মন্দ বলি, তোমার বাপের দোষে,
মাগো আমার বাপের নাম লইলে, বিরাজে কৈলাসে ॥৭১০॥

ঝিঁঝিট—একতালা।

একবার ডাকুরে কালীতারা বলে, জোর করে রসনে,
ও তোর ভয় কিরে শমনে।
কাজ কি তীর্থ গঙ্গা কাশী, যার হৃদে জাগে এলোকেশী,
তার কাজ কি ধর্ম্ম কর্ম্ম ও তাঁর মর্ম্ম কেবা জানে?
ভজনের ছিল আশা, সুদ্ধ মোক্ষ পুর্ণ আশা;
রামপ্রসাদের এই দশা, দ্বিভাব ভেবে মনে ॥ ৭১১ ॥

প্রসাদী—একতালা।

মা হওয়া কি মুখের কথা,
(কেবল প্রসব করে হয় না মাতা).
যদি না বুঝে সন্তানের ব্যথা।
দশ মাস দশ দিন, যাতনা পেয়েছেন মাতা,
এখন ক্ষুধার বেলা সুধালে না এলো পুত্র গেল কোথা
সন্তানে কুকর্ম্ম করে, বলে সারে পিতা মাতা,
দেখ কাল প্রচণ্ড করে দণ্ড, তাতে [illegible] হয় না কথা
দ্বিজ রামপ্রসাদ বলে, এ চরিত্র শিখ্‌লে কোথা,
যদি ধর আপন পিতৃধারা, নাম ধরো না জগন্মাতা ॥

প্রসাদী—একতালা

আমি এত দোষী কিসে,
ওই যে প্রতিদিন হয় দিন যাওয়া ভার সারাদিন না [illegible]
মনে করি গৃহ ছাড়ি, থাক্‌ব না আর এমন দেশে,
তাতে কুলালচক্র ভ্রমাইল, চিন্তারাম চাপ্‌রাসী এসে
মনে করি গৃহ ছাড়ি, নাম সাধনা করি বসে,
কিন্তু এমন কল করেছ কালী, বেঁধে রাখে মায়াপাশে
কালীর পদে মনের খেদে, দীন রামপ্রসাদ ভাসে
আমার সেই যে কালী, মনের কলো হলেম কালী তারা বলে

প্রসাদী—একতালা।

তারা-তরী লেগেছে ঘাটে, যদি পারে যাবি মন আয় [illegible]
তারা নামে পাল খাটিয়ে, ত্বরায় তরী চলায়ে,
যদি পারে যাবি, দুখ মিটাবি, মনের গিরে দে রে কেটে
বাজারে বাজার কর মন, মিছে কেন বেড়াও ছুটে,
ভবের বেলা গেল, সন্ধ্যা হল, কি করবে আর ভবের হাটে
শ্রীরামপ্রসাদ বলে, বাধ রে বুক এঁটে সেঁটে,
(ওরে) এবার আমি ছুটিয়াছি, ভবের মায়াবেড়ী কেটে

জংলা—একতালা।

মন কেন রে পেয়েছ এত ভয়,
ও তুমি কেন রে পেয়েছ এত ভয়?
তুফান দেখে ডরো না রে, ও তুফান নয়,
দুর্গা নাম তরণী করে, বেয়ে গেলে হয়।
পথে যদি চৌকীদারে, তোরে কিছু কয়,
তখন ডেকে বলো, আমি শ্যামা মায়েরি তনয়।
প্রসাদ বলে ক্ষেপা মন, তুই কারে করিস্ ভয়,
আমার এ তনু দক্ষিণার পদে করেছি বিক্রয় ॥৭১৫॥

বসন্ত বাহার—একতালা।

কালী কালী বলরসনা,
কর পদধ্যান, নামামৃত পান, যদি হতে থাকে বাসনা।
ভাই বন্ধু সুত দারা পরিজন, সঙ্গের দোসর নহে কোন জন,
দুর্গা নাম দুখে বল একবার, সঙ্গের সম্বল দুর্গা নাম আমার,
অনিত্য সংসার নাহি পারাবার, সকলি অসার, ভেবে দেখ না।
গেল গেল কাল বিফলে গেল, দেখনা কালান্ত নিকটে এল,
যদি বলে ভাল, কালী কালী বল, দূর হবে কাল যমযন্ত্রণা ॥৭১৬॥

প্রসাদী—একতালা।

মা গো আমার কপাল দুষী, দুঃখী বটে গো আনন্দময়ি।
আমি ঐহিক সুখে মত্ত হয়ে, যেতে নারিলাম বারাণসী,
নৈলে অন্নপূর্ণা মা থাকিতে, মোর ভাগ্যেতে একাদশী।
অন্য ত্রাসে প্রাণে মরি, নানাবিধ কৃষি করি,
আমার কৃষি সকল নিল জলে, কেবলমাত্র লাঙ্গল চষি।
না করিলাম ধর্ম্ম কর্ম্ম, পাপ করেছি রাশি রাশি,
আমি যাবার পথে কাঁটা দিয়ে পথ ভুলে রয়েছি বসি।
জনমি ভারতভূমে মা কি কর্ম্ম করিলাম আসি,
আমার এ কুল ও কুল দুকুল গেল, অকূল পাথারে ভাসি ॥৭১৭॥

প্রসাদী—একতালা।

আমি কি এমনি রব (মা তারা), আমার কি হবে গো দীনদয়াময়ি।
আমি ক্রিয়া-হীন, ভজন-বিহীন দীন হীন অসম্ভব,
আমার অসম্ভব আশা পূরাবে কি তুমি আমি কি
ও পদ পাব, (মা তারা) ?
সুপুত্র কুপুত্র যে হই সে-হই, চরণে বিদিত সব,
কুপুত্র হইলে, জননী কি ফেলে, এ কথা কাহারে কব, (মা তারা)
প্রসাদ কহিছে তারা ছাড়া নাম কি আছে যে আর তা সব,
তুমি তরাইতে পার, তেঁই সে তারিণী,
নামটা রেখেছেন ভব (মা তারা) ॥৭১৮॥

টুরি জায়েন্‌পুরী—একতালা।

আমায় ছুঁয়োনা রে শমন আমার জাত গিয়াছে,
যে দিন কৃপাময়ী আমায় করেছে।
শোন রে শমন বলি, আমার জাত কিসে গিয়াছে,
(ওরে শমন রে) আমি ছিলেম গৃহবাসী দেখে সর্ব্বনাশী
আমায় সন্ন্যাসী করেছে।
মন রসনা এই দুজনা কালীর নামে দল বেঁধেছে,
(ওরে শমন রে)
ইহা করে শ্রবণ, ঋপু ছয়জন, ডিঙ্গা ছেড়েছে ॥৭১৯॥

প্রসাদী—একতালা।

(মা তোদের) ক্ষেপার হাট বাজার, গুণের কথা কব কাহে,
তোরা দুই সতীনে, কেউ বুকে কেউ মাথায় চড় তাঁর
কর্ত্তা যিনি ক্ষেপা তিনি, ক্ষেপার মূলাধার, (মা তারা)
চাকলা ছাড়া চেলা দুটো সঙ্গে অনিবার।
গজ বিনে গো আরোহণে ফিরিস কদাচার, (মা তারা)
মণি মুক্তা ছেড়ে পরিস্ গলে, নর-শিরহার।
শ্মশানে মশানে ফিরিস্, কার বা ধরিস্ ধার, (মা তারা)
রামপ্রসাদকে ভবঘোরে কর্ত্তে হবে পার ॥ ৭২০ ॥

লগ্নি—আড়াঠেকা।

মা বসন পর,
বসন পর, বসন পর, মাগো বসন পর তুমি,
চন্দন চর্চ্চিত জবা, পদে দিব আমি গো।
কালীঘাটে কালী তুমি, মাগো কৈলাসে ভবানী,
বৃন্দাবনে রাধা প্যারী, গোকুলে গোপিনী গো।
পাতালেতে ছিলে মাগো হয়ে ভদ্রকালী,
কত দেবতা করেছে পূজা, দিয়ে নরবলি গো।
কার বাড়ী গিয়াছিলে মা গো, কে করেছে সেবা,
শিরে দেখি রক্ত-চন্দন, পদে রক্ত জবা গো।
ডানি হস্তে বরাভয় মাগো, বাম হস্তে অসি,
কাটিয়া অসুরের মুণ্ড করেছ রাশি রাশি গো।
অসিতে রুধিরধারা মা গো, গলে মুণ্ডমালা,
হেঁটমুখে চেয়ে দেখ, পদতলে ভোলা গো।
মাথায় সোণার মুকুট মা গো, ঠেকেছে গগনে,
মা হয়ে বালকের পাশে, উলঙ্গ কেমনে গো।
আপনি পাগল, পতি পাগল, মাগো আরও পাগল আছে,
রামপ্রসাদ হয়েছে পাগল, চরণ পাবার আশে গো ॥৭২১॥

প্রসাদী—একতালা।

আমি তাই অভিমান করি, আমায় করেছ গো সংসারী।
অর্থ বিনা ব্যর্থ যে এই, সংসার সবারি,
ওমা তুমিও কোন্দল করেছ, বলিয়ে শিব ভিখারী।
জ্ঞান-ধর্ম্ম শ্রেষ্ঠ বটে, দানধর্ম্মোপরি,
ওমা বিনা দানে মথুরা-পারে যান্‌নি সেই ব্রজেশ্বরী।
নাতোয়ানী কাচ কাচো মা, অঙ্গে ভস্ম ভূষণ পরি,
(ও মা) কোথায় লুকাবে ধন, তোমার কুবের ভাণ্ডারী।
প্রসাদে প্রসাদ দিতে মা এত কেন হলে ভারি,
ভাল ভাল পদে, থেকে পদে, পদে পদে বিপদ সারি ॥৭২২॥

সোহিনী বাহার—আড়খেমটা।

(ও মা) হর গো তারা মনের দুঃখ,
আর তো দুঃখ সহে না।
যে দুঃখ গর্ভযাতনে, মাগো জন্মিলে থাকে তা মনে,
মায়া-মোহে পড়ে ভ্রমে, জন্ম বলে ওনা ওনা।
জন্ম মৃত্যু যে যন্ত্রণা, মা গো যে জন্মে নাই সে জানে না,
তুই কি জানিবি সে যন্ত্রণা, জন্মিলে না মরিলে না।
রামপ্রসাদে এই ভণে, দ্বন্দ্ব হবে মায়ের সনে,
তবু রব মার চরণে, আর না ভবে আসিব না॥৭২৩॥

গৌরী গান্ধার—একতালা।

মা মা বলে আর ডাকিব কাকে মা দিয়েছ দিতেছ কতই যন্ত্রণা।
ছিলেম গৃহবাসী, করিলে সন্ন্যাসী,
আর কি ক্ষমতা রাখ এলোকেশী;
ঘরে ঘরে যাব, ভিক্ষা মেগে খাব,
মা বলে আর কোলে যাব না।
ডাকি বারে বারে মা মা বলিয়ে, মা কি রয়েছে চক্ষু কর্ণ খেয়ে,
মা বিদ্যমানে এ দুঃখ সন্তানে,
মা মলে কি আর ছেলে বাঁচে না।
ভণে রামপ্রসাদ মায়ের একি সূত্র,
মা হয়ে হলি মা সন্তানের শত্রু;
দিবা নিশি ভাবি, আর কি করিবি,
দিবি দিবি পুন জঠরযন্ত্রণা॥৭২৪॥

প্রসাদী—একতালা।

কালি গো কেন নেটা ফেরে, ছিছি কিছু লজ্জা নাই তোমার।
বসন ভূষণ নাই তোমার মা, রাজার মেয়ে গৌরব কর,
মা গো এই কি তোমার কুলের ধর্ম্ম পতির উপর চরণ ধর।
আপনি নেংটা পতি নেটা শ্মশানে মশানে চর।
আমরা সবে মরি লাজে, এবার মেয়ে বসন পর॥ ৭২৫॥

প্রসাদী—একতালা।

সে কি শুধু শিবের সতী, যারে কালের কাল করে প্রণতি,
ষটচক্রে চক্র করি, কমলে করে বসতি।
সে যে সহস্রদলের দলপতি, সহস্রদলে করে স্থিতি।
সে টা বেশে শত্রু নাশে, মহান্ হৃদয়ে স্থিতি,
ওরে বল দেখি মন সে টা কেমন, নাথের বুকে মারে লাথি।
প্রসাদ বলে মায়ের লীলা, সকলি জানি ডাকাতী,
ওরে সাবধানে মন কর যতন, হবে তোমার শুদ্ধমতি ॥ ৭২৬॥

প্রসাদী—একতালা।

এই দেখ সব মাগীর খেলা, মাগীর আপ্ত ভাবে গুপ্ত লীলা।
সগুণে নির্গুণে বাধিয়ে বিবাদ, ভেলা দিয়ে ভাঙ্গোভেলা,
মাগী যকল বিষয়ে সমান বাজী,
মাগীর হয় সে কাজের বেলা।
প্রসাদ বলে থাক বসে, ভবার্ণবে ভাসাইয়ে ভেলা,
যখন জোয়ার আসবে উজিয়ে যাবে,
ভাটিয়ে যাবে ভাটার বেলা ॥ ৭২৭ ॥

প্রসাদী—একতালা।

এবার কালী কলাইব, কালি কোসে কালি বুঝে লব।
সে নৃত্য কালী কি অস্থিরা, কেমন করে তায় রাখিব,
আমার মনোযন্ত্র বাদ্য করে, হৃদি পদ্মে না চাইব।
কালী পদের পদ্ধতি যা, মন তোরে তা জানাইব।
আছে আর যে ছটা বড় ঠাঁটা সে কাঁটাকে কেটে দিব।
কালী তেবে কালী হয়ে, কালী বলে কাল কাটাব,
আমি কালাকালে কালের মুখে, কালী দিয়ে চলে যাব।
প্রসাদ বলে আর কেন মা, আর কত গো প্রকাশিব,
আবার কিল খেয়ে কিল চুরি তবু,
কাশী কালী না ছাড়িব ॥ ৭২৮ ॥

সৌহিনী বাহার—একতালা।

তুমি এ ভাল করেছ মা, আমারে বিষয় দিলে না,
এমন ঐহিক সম্পদ কিছু আমারে দিলে না।
কিছু দিলে না পেলে না, দিবে না পাবে না,
তায় বা ক্ষতি কি মার;
হোক দিলে দিলে বাজী, তাতেও আছি রাজি,
এবার এ বাজী জোর গো,
ও মা দিতিস দিতাম, নিতাম খেতাম, মজুরী করিয়ে তোর,
এবার মজুরী হলো না, মজুরী চাবি কি,
কি জোরে করিব জোর গো।
আছ তুমি কোথা, আমি কোথা, মিছামিছি করি শোর,
শুধু শোর করা সারা, তোর যে কুধারা,
মোর যে বিষম ঘোর গো।
ও মা ঘোর মহানিশি, মন যোগে জাগে, কি কাজ তোর কহে
আমার এ কুল ও কুল দুকুল গেল, সুধা না পেয়ে চকের জোর গো।
ও মা, আমি টানি কুলে মন প্রতিকুলে, দারুণ করম তোর,
রামপ্রসাদ বলে, পাড়ে ভুটানায়,
মরে মন তুঁড়া চোর গো॥ ৭২৯॥

প্রসাদী—একতালা।

তারা আর কি ক্ষতি হবে, ভবে গো জননী শিবে।
তুমি ভবে লবে বড়ই লবে প্রাণকে আমার লবে,
থাকে থাক্ যায় যাক্ এ প্রাণ যায় যাবে।
যদি অভয়পদে মন থাকে তো কাজ কি আমার ভবে,
বাড়ায়ে তরঙ্গ রঙ্গ আর কি দেখাও শিবে।
একি পেয়েছ আনাড়ী দাঁড়ী তুফানে তরাবে,
আপনি যদি আপন তরী ডুবাই ভবার্ণবে।
আমি ডুব দিয়ে জল খাব তবু অভয়পদে ডুবে,
দিয়েছি না যেতে আছি আর কি পাবে ভবে।
আছি কাঠের মুরদ খাড়া মাত্র গণনাতে সবে॥ ৭৩০॥

প্রসাদী—একতালা।

আমি অই খেদে খেদ করি,
ঐ যে তুমি মা থাকিতে আমার, জাগা ঘরে হয় চুরি।
মনে করি তোমার নাম করি, আবার সময়ে পাশরি!
আমি বুঝেছি পেয়েছি ঐ আশায়, জেনেছি তোমার চাতুরি।
কিছু দিলে না, পেলে না, নিলে না, খেলে না,
সে দোষ কি আমারি।
কি দিতে, পেতে নিতে খেলে, দিতাম খাওয়াইতাম তোমারি।
যদ্ম অন্নপান সুরসাস্বাদরস, সকলি রস তোমারি,
(ওঠগা) রসে থেকে রসভঙ্গ, কেনকর রসেশ্বরী।
প্রসাদ বলে-মন দিয়াছ মনেরি আ কঠারি,
(ওমা) তোমার সৃষ্টিবৃষ্টি-পোড়া, মিষ্টি বলে ঘুরে মরি ॥ ৭১ ॥

প্রসাদী—একতালা।

দুখের কথা শুন মা তারা, আমার ঘর ভাঙ্গ নয় পরাৎপরা।
তাদের নিয়ে ঘর করি মা, তাদের এমনি কাজের ধারা,
(ওমা) পাঁচের আছে পাঁচ বাসনা, সুখের ভাগী কেবল তাঁরা
অতিরিক্ত ঘরে বাস করিয়ে, মানব ঘরে ফেরা ঘোরা,
এই ম আরেতে সংসাজিয়ে, সার হলো গো দুখের ভরা।
রামপ্রসাদের কথা লও মা, এ ঘরে বসতি করা,
কর্ত্তা যে জন, স্থির নহে মন, ছয়জনেতে কল্লে সারা ॥ ৭২ ॥

প্রসাদী—একতালা।

মন তুই কাঙ্গালী কিসে ও তুই জানিস নারে সর্ব্বনেশে।
অনিত্য ধনের আশে, ভ্রমিতেছে দেশে দেশে,
ও তোর ঘরে চিন্তামণি নিধি দেখিস মা রে বসে বসে।
মনের মত মন যদি হও, রাখরে যোগেতে মিশে,
যখন অজপা পূর্ণিত হবে ধরবে না আর কালবিষে।
গুরুদত্ত রত্ন তোড়া, বাঁধরে যতনে কসে,
দীন রামপ্রসাদের এই মিনতি, অভয়চরণ পাবার আশে ॥ ৭৩ ॥

প্রসাদী সুর—একতালা।

মন গরিবের কি দোষ আছে,
তুমি বাজীকরের মেয়ে শ্যামা, যেমনি নাচাও তেমনি নাচে।
তুমি কর্ম্ম, ধর্ম্মাধর্ম্ম মর্ম্মকথা বুঝা গেছে,
(ওমা) তুমি স্থিতি, তুমি জন্ম, কল ফলাচ্ছ ফলা গাছে।
তুমি শক্তি, তুমি ভক্তি, তুমিই মুক্তি শিব বলেছে,
(ওমা) তুমি দুঃখ, তুমিই সুখ, চণ্ডীতে তা লেখা আছে।
প্রসাদ বলে কর্ম্মসূত্র, সে সুতার কাটনা কেটেছে,
(ওমা) মায়া-সূত্রে বেঁধে জীব, ক্ষেপা ক্ষেপি খেলা খেলিছে॥ ৭৩৪

প্রসাদী—একতালা।

দেখি মা কেমন করে আমারে ছাড়ায়ে যাবা,
ছেলের হাতের কলা নয় মা, ফাঁকী দিয়ে কেড়ে খাবা।
এমন ছাপান ছাপাইব, মাগো খুঁজে খুঁজে নাহি পাবা,
বৎস পাচ্ছে গাভী যেমন, তেমনি পাচ্ছে পাচ্ছে ধাবা।
প্রসাদ বলে ফাঁকী জুকি, দিতে পার পেলে হাবা,
আমায় যদি না তরাও মা, শিব হবে তোমার বাবা॥ ৭৩৫

প্রসাদী—খয়রা।

দুখ দিতে আর কম দিলি না, গেল দুখে দুখে জনম গো মা,
দুখের বোঝা বয়ে মরি, দেখেও তাই দেখিস না মা।
যেমন তোর নামেতে শমন পলায়, আমার নামে তেমন তুই মা,
অন্যে দুখ করে সুখ পায়, আমি পেলেম দুখে দুখ মা।
আমার পায়ের কাদা মাথায় উঠে, মাথার ঘামে পা ভিজে মা।
তুচ্ছ ধনের কাঙ্গাল হয়ে, দেশ বিদেশে ঘুরে মলাম,
ধূলার শয্যায় মশাতে খায়, হাত পা নাড়ি ঘুম আসে না,
তখন দুখের কথা মনে উঠে, চক্ষের জলে বুক ভাসে মা।
আমার ভাত হয়তো, ব্যঞ্জন হয়না, ব্যঞ্জন মিলে ভাত ঘটে না,
রাজমোহন কয় কেবল আমি নই,
কারেও সর্ব্বপুর দেখলেম না॥ ৭৩৬

খাম্বাজ—রূপক।

মা, কত নাচ গো রণে,
নিরুপমা বেশ বিগলিত কেশ,
বিবসনা হর হৃদে কত নাচ গো রণে।
সদ্য-হত দিতি-তনয়-মস্তক-হার-লম্বিত সুজঘনে,
কত রাজিত কটিতটে, নর-কর-নিকর কণক-শিশু শ্রবণে।
অধরসুললিত, বিম্ববিনিন্দিত, কুন্দ বিকসিত সুদশনে,
শ্রীমণ্ডল, কর্ণে নিরমল, সাট্টহাস সঘনে।
সরল জলধর, কান্তি সুন্দর, রুধির কিবা শোভা ও বরণে,
প্রসাদ প্রবদতি, মম মানস নৃত্যতি, রূপ কি ধরে নয়নে। ৭৩৭ ॥

কালী মুক্ত কর মা আমারে, সয়না ক্লেশ আর শরীরে,
বহুকাল বন্দী আছি সংসার-কারাগারে।
মায়া মোহ এমনি বেড়ী, সাধ্য কি যে এক পা নড়ি,
হাতে গলে দড়া দড়ী দারা সুত পরিবারে।
সাংসারিক কাজ খাটুনি, কারাগারে টানাটানি,
কামাই নাই দিবা রজনী অদৃষ্ট অনুসারে।
বন্ধন মোচনের উপায়, কেবল আছে ঐ রাঙ্গা পায়,
যে ধরে সে অনায়াসে পায়, শিব কন তত্ত্বসারে ॥ ৭৩৮ ॥

প্রসাদী—একতালা।

(ওমা) তোর মায়া কে বুঝতে পারে,
তুমি ক্ষেপা মেয়ে, মায়া দিয়ে রেখেছ সব পাগল করে।
মায়াভরে এ সংসারে, কেহ কারে চিনতে নারে,
ঐ যে এমনি কালীর কাপ আছে যে,
যেমনি দেখে তেমনি করে।
পাগল মেয়ের কি যন্ত্রণা, কে তার ঠিক ঠিকানা করে,
রামপ্রসাদ বলে, যায় গো জ্বালা, যদি অনুগ্রহ করে ॥ ৭৩৯ ॥

টুরিজায়েনপুরী—একতালা।

সময় তো থাক্‌বে না গো মা, কেবল কথা রবে,
কথা রবে, কথা রবে, জগতে কলঙ্ক রবে;
ভাল কিবা মন্দ কালী, অবশ্য এক দাঁড়া হবে,
সাগরে যার বিছানা মা, শিশিরে তার কি করিবে।
দুঃখে দুঃখে জরজর, আর কত মা দুঃখ দিবে,
কেবল ঐ দুর্গা নামে, শ্যামা নামে কলঙ্ক রটিবে॥৭৪০॥

প্রসাদী—একতালা।

সামাল ভবে ডুবে তরী, তরী ডুবে যায় জনমের মত
জীব তরী তুফান ভারী, বইতে নারি ভয়ে মরি,
ঐ যে দেহের মধ্যে ছয়টা রিপু,
এবার তারাই কচ্ছে দাগাদারী।
এসেছিলে, বসে খেলে মন, মহাজনের মূল খোয়ালি,
যখন হিসাব করে দিতে হবে মন, তখন তহবিল হবে খালি।
দীন রামপ্রসাদ বলে মন, নীরে বুঝি ডুবায় তরী,
তুমি পরের ঘরের হিসাব কর, আপন ঘরে যায় যে চুরি॥৭৪১॥

ইমন কল্যাণ—আড়াঠেকা।

এ নব বয়সে, এলোকেশে এল কে সে,
চতুর্হস্তা ভয়ঙ্করা ঘোরা ভীষণবেশে।
শ্যামাঙ্গে রুধিরাবৃত, নব ঘনতে তাড়িত,
বজ্রসম হু হু করিত, আসবপান আবেশে।
সমরে মহা অধীরা, ছিন্নমুণ্ড-অসিধরা,
রক্তে ধরা ভয়ঙ্করা মা ভৈঃ মা ভৈঃ সদা ভাষে।
ব্রহ্মাণ্ড করিতে নাশ, হলো কি মা তব আশ,
অভিলাষ হয় ধূর্জ্জটী পতিত ত্রাসে॥৭৪২॥

জলা—খয়রা।

কালী হলি মা রাসবিহারী, নটবরবেশে বৃন্দাবনে।
পূরক প্রণব, নানা লীলা তব, কে বুঝে এ কথা বিষম ভারী,
নিজ তনু আধা ভগবতী রাধা, আপনি পুরুষ আপনি নারী।
এলো বিবসন কটি, এবে পীতধড়া, এলো চুলে চূড়া বংশীধারী,
আগেতে কুটিল নয়ন অপাঙ্গে, মোহিত করেছ ত্রিপুরারি।
ছিল ঘন ঘন হাস, ত্রিভুবন ত্রাস,
এবে মৃদু হাস ভুলে ব্রজকুমারী।
পূর্ব্বে শোণিতসাগরে, নেচেছিলে শ্যামা,
এবে প্রিয় তব যমুনা-বারি।
প্রসাদ হাসিছে, সরসে ভাসিছে, বুঝেছি জননী মনে বিচারি,
মহাকাল কানু, শ্যাম শ্যামা তনু, একই বুঝিতে নারি। ৭৪৩ ॥

প্রসাদী—একতালা।

থাকি একখান ভাঙ্গা ঘরে, তাই ভয় পেয়ে মা ডাকি তোরে।
হিল্লোলেতে হেলে পড়ে, আছে কালীর নামের জোরে,
ঐ যে রাত্রে এসে ছয়টা চোরে,
মেটে দেওয়াল ডিঙ্গিয়ে পড়ে ॥ ৭৪৪ ॥

প্রসাদী সুর—একতালা।

মন করোনা দ্বেষাদ্বেষি, যদি হবি রে বৈকুণ্ঠবাসী।
আমি বেদাগম পুরাণে, করিলাম কত খোঁজ তালাশী,
ঐ যে কালী, কৃষ্ণ, শিব, রাম, সকল আমার এলোকেশী।
শিবরূপে ধর শিঙ্গা, কৃষ্ণরূপে বাজাও বাঁশী,
ওমা, রামরূপে ধর ধনু, কালীরূপে করে অসি।
দিগম্বরী দিগম্বর, পিতার চরণবিলাসী,
শ্মশানবাসিনী বাসী, অযোধ্যা গোকুলনিবাসী।
ভৈরবী ভৈরব সঙ্গে শিশু সঙ্গে একবয়সী,
প্রসাদ বলে ব্রহ্ম নিরূপণের কথা দেঁতোর হাসি,
আমার ব্রহ্মময়ী সর্ব্ব ঘটে, পদে গঙ্গা গয়া কাশী ॥ ৭৪৫ ॥

টোরী—কাওয়ালী।

ভাব নব জলধর বরণী রে
তরণীরে যদি তরিবে সমরে, দুখ-নাশিনী ঈশানী।
হৃদয় বাসিনী-পদ ভাবিলে ভাবনা যাবে দূরে,
ঈশ দনুজান্তকারিণী অন্তর-বাসিনী
কৃতান্ত-বারিণী শ্যামা মারে।
সে যে বাসনা-ফল-দায়িনী বাসনা পুরায় জননী,
বাম করে পতিবক্ষোপরে, সে যে অসিতবরণী অসি ধরে,
নরক-বারিণী নর-শিরে।
শিবে সঙ্কট-হরা নাম শত্রুর দারা নাম,
রসে বশ কর রসনারে, গত দিব ক্রতমতি
গতির নাহি সঙ্গতি দাশরথী কেন চিনতে নারে
শ্যামা জনম-মরণ হারিণীরে॥ ৭৪৬॥

প্রসাদী—একতালা।

মরি গো এই মনোদুঃখে, (ওমা) মা বিনে দুঃখ বলব কাকে
এ কি অসম্ভব কথা শুনে বা কি বলবে লোকে,
ঐ যে যার মা জগদীশ্বরী, তার ছেলে মরে পেটের ভুকে।
সে কি তোমার সাধের ছেলে মা, রাখ্‌লে যারে পরম সুখে,
(ওমা) আমি কত অপরাধী, লুন মেলেনা আমার শাকে
ডেকে ডেকে কোলে লয়ে, আছাড় মারিলে আমার বুকে
(ওমা) মায়ের মত কাজ করেছ, ঘোষিবে ভগতের লোকে॥ ৭৪৭॥

প্রসাদী—একতালা।

আর তোরে ডাক্‌বনা কালী,
তুই মেয়ে হয়ে অসিধরে, নেটা হয়ে রণ করিলি।
দিয়াছিলি একটা বৃত্তি, তাও তো দিয়ে হরে নিলি,
ঐ যে ছিল একটা অবোধ ছেলে, মা হয়ে তার মাথা খেলি।
দীন প্রসাদ বলে মা, এবার কালী কি করিলি,
ঐ যে ভাঙ্গা নায়ে দিয়ে ভরা, লাভে মূলে সব ডুবালি॥ ৭৪৮

মুলতান—একতালা।

তারা, তোমার আর কি মনে আছে,
(ওমা) এখন যেমন রাখ্‌লে সুখে, তেমনি সুখ কি পাছে।
শিব যদি হয় সত্যবাদী, তবে কি তোমায় সাধি,
(ওমা, ওমা, ফাঁকির উপরে ফাঁকি, ডান চক্ষু নাচে ॥ ৭৪৯ ॥

প্রসাদী—একতালা।

(ওরে) দেখি ভাই কি হয় মলে, এই বাদানুবাদ করে সকলে।
কেহ বলে ভূত প্রেত হবি, কেহ বলে তুই স্বর্গে যাবি;
কেহ বলে সালোক্য পাবি, কেহ বলে সাযুজ্য মোক্ষে।
বেদের আভাষ তুই ঘটাকাশ, ঘটের নাশকে মরণ বলে,
(ওরে) শূন্যেতে পাপ পুণ্য গণ্য মান্য করে সব খোয়ালে।
এক ঘরেতে বাস করিছে, পঞ্চজনে মিলে জুলে,
যে যে সময় হইলে আপনা আপনি, যে যার স্থানে যাবে চলে।
প্রসাদ বলে যা ছিলে ভাই, তাই হবি রে নিদান কালে,
যেমন জলের বিম্ব জলে উদয়, জল হয়ে সে মিশায় জলে ॥ ৭৫০ ॥

প্রসাদী—একতালা।

মন রে কৃষি কাজ জান না,
এমন মানব জমি রইলো পতিত,
আবাদ কল্লে ফল্‌তো সোনা।
কালী নামে দাওরে বেড়া, ফসলে তছরূপ হবে না,
সে যে মুক্তেকশীর শক্ত বেড়া, তার কাছেতে যম ঘেঁসেনা।
অদ্য অব্দ শতাব্দে বা, রাজাপ্ত হবে তা জান না,
এখন আপন ভেবে যতন করে, চুটিয়ে ফসল কেটে নেনা।
গুরু রোপণ করেছেন বীজ, ভক্তি বারি তায় সেঁচ না
(ওরে) একা যদি না পারিস মন,
রামপ্রসাদকে ডেকে দেনা ॥ ৭৫১ ॥

প্রসাদী—একতালা।

মায়ের চরণতলে স্থান লব, আমি অসময়ে কোথা যাব ?
ঘরে জায়গা না হয় যদি, বাহিরে রব ক্ষতি কি গো,
মায়ের নাম ভরসা করে উপবাসী হয়ে পড়ে রব।
প্রসাদ বলে উমা আমায়, বিদায় দিলেও নাইকো যাব ?
আমার দুই বাহু পসারিয়ে চরণতলে পড়ে প্রাণ ত্যজিব॥ ৭৫২।

আলিয়া—ঠুংরি।

শ্যামাধন সাধন কর, সামান্য ধনে কি হবে,
নিলে থুলে নিধন যে ধন, সে ধনে মন কাজ কি তবে।
অমর অসাধ্য খল বিরিঞ্চি বাঞ্ছিত ধন,
শঙ্করের সঞ্চিত যে ধন, সঙ্গেতে সঞ্চিত রবে।
ধনেশ্বর বল্‌বে ধনী, মহেন্দ্র মানিবে মানী,
সুরপুরে জয়ধ্বনি, সুরধুনী কোলে লবে।
ধান্য ধন ধরা ধন, হয় হস্তী গোধন পোষন,
জ্ঞান-তুলেতে কর ওজন, এ সব ধনে পাষাণ সবে।
রূপা সোণা মণি মাণিক, উপাসনা করে বণিক,
এ সব সম্পদ ক্ষণিক, ভাগীদারে ভাগ বসাবে।
ঢেকে রাখ্‌তে চাইনে সিন্ধুক চৌকী দিতে চাইনে বন্দুক,
তাঁর নামটী ভীমা ভয়ঙ্করী, ভয় করে যাঁরে ভৈরবে॥ ৭৫৩।

প্রসাদী—একতালা।

মন রে তোর চরণ ধরি।
কালী বলে ডাক্‌রে, ওরে মন, তিনি ভবপারের তরী।
কালী নামটী বড় মিষ্টি, বলরে দিবা শর্ব্বরী,
(ওরে) যদি কালী করেন কৃপা, তবে কি শমনে ডরি।
ভজ রামপ্রসাদ বলে, কালী বলে যাব তরি,
তিনি [illegible] বলে [illegible] এ ভবারি॥ ৭৫৪।

প্রসাদী—একতালা।

আমার জনের দুঃখ রইলো মনে, পূরলো নাকো মনের আশা।
দুঃখে দুঃখে কাল কাটালেম, সুখের আর কিবে ভরসা,
আমি বলব কি করুণাময়ী, সঙ্গে ছয়টা কর্ম্মনাশা।
শ্রীরামপ্রসাদ বলে মা, ভেবে ভেবে পাইনে দিশা,
মি অভয়পদে শরণ নিয়ে, ঘটলো আমার উলটা দশা॥ ৭৫৫॥

খাম্বাজ—ঢিমেতেতালা।

বামা ও কে এলোকেশে, সঙ্গিনী রঙ্গিনী,
ভৈরবী যোগিনী, রণে প্রবেশে অতি দ্বেষে।
কি সুখে হাসিছে, লাজ নাহি বাসিছে নাচিছে মহেশ-উরসে।
ঘোর রণে মগনা হয়েছে নগনা পিবতি সুধা কি আবেশে।
চলিয়া চলিয়া, যাইছে চলিয়া, ধরবে বলিয়া, ঘন হাসে,
কাহার নারীরে, চিনিতে নারি রে, মোহিত করেছে ছিন্নবেশে।
কারে আর ভজরে ও পদে মজ রে,
রূপে আলো করিছে দিক দশে
কি করি রণেরে, হয়েছে মনেরে,
প্রসাদ ভণেরে, চল কৈলাসে॥ ৭৫৬॥

মুলতানী ধানেশ্রী—একতালা।

করুণাময়ি কে বলে তোরে দয়াময়ী,
কারো দুগ্ধেতে বাতাসা, (গো তারা)
আমার এমনি দশা, শাকে অন্ন মেলে কৈ
কারে দিলে ধন জন মা, হস্তী অশ্ব রথচয়,
(ওগো) তারা কি তোর বাপের ঠাকুর
আমি কি তোর কেহ নই?
কেহ থাকে অট্টালিকায়, মনে করি তেমনি হই,
মাগো আমি কি তোর পাকা খেতে দিয়াছিলাম মই?
দ্বিজ রামপ্রসাদে বলে, আমার কপাল বুঝি অমনি ওই,
(মা) আমার দশা দেখে বুঝি, শ্যামা হলে পাষাণময়ী॥ ৭৫৭॥

ভৈরবী—কাওয়ালী।

আমি আছি গো তারিণী ঋণী তব পায় মা আমার অনুপায়,
ভজন পূজন বিসর্জ্জন দিয়ে জননী গো,
বিষয়-বিষ ভোজনে প্রাণ যায়।
জঠরে যাতনা পেয়ে বল্লেম,
এবার ভজিতে তোমায় আমি ভবে চল্লেম,
সুপুত্র হব রব স্বপদে, ত্রিপত্র দিব তব শ্রীপদে,
ওহে ধরায় পতিত হয়ে, রয়েছি পতিত হয়ে,
পতিতপাবনী ভুলে মা তোমায়।
হল না সাধন, আর সয় না,
হে দুর্গে, মা আমার দুখ ত আর সয় না।
অপার দাশরথী শঙ্করী, হয় না মানস বশ কি করি,
মা যদি মোরে মনে করি, স্বগুণে বন্ধন কার,
মুক্তকেশী মুক্ত কর, এ ভববন্ধন দায়॥ ৭৫৮॥

পরজ—ঝাঁপতাল॥

দে গো মা মা আমায় চরণতরী,
অকূল ভব-সাগরে কি রূপেতে তরি?
তুমি তরাও তবে তরি, নইলে কি তরিতে পারি?
দে গো বিচিত্র তরী, অচিরে বাসনা করি।
বিপদেতে ডাকি আমি, দুর্গে দুর্গতিনাশিনী,
স্বগুণে তারিবে তুমি, এই ভিক্ষা করি॥ ৭৫৯॥

ইমন পূরবী—আড়াঠেকা।

মা আমায় দিলে দুঃখ এত,
জগৎজননী তুমি মা আমি কি ছাড়া জগৎ?
কিবা জলে, কিবা স্থলে, যে জন দুর্গা দুর্গা বলে,
শমন পালায় ভয়ে, হয়ে অতি কম্পিত।
শুন গো জগতেশ্বরি, কটাক্ষে হেরিলে তরি,
মা হয়ে সন্তানে দুঃখ দেওয়া এতো অনুচিত॥ ৭৬০

ললিত—তেওট।

কুলবালা উলঙ্গ, ত্রিভঙ্গ কি রঙ্গ, তরুণ বয়েস,
কমুজদলনা, ললনা সমরে শবে, বিগলিত কেশ।
ঘন ঘোর নিনাদিনী, সমরে বিষাদিনী, মদনোন্মাদিনী বেশ।
ভূত পিশাচ প্রথম সঙ্গে, ভৈরবগণ নাচত রঙ্গে,
সঙ্গিনী বড় রঙ্গিনী, নর্ত্তনা সমান বেশ।
গজ রথ রথী করত গ্রাসে, সুরাসুর নর-হৃদয় ত্রাস,
দ্রুত চলত চলত রসে পর পর, মরকর কটিদেশ।
কহিছে প্রসাদ, ভুবনপালিকে, করুণাং কুরু জননী কালিকে,
ভব-পারাপার তরাবার ভার হরবধূ হর ক্লেশ ॥ ৭৬১ ॥

সিন্ধু ভৈরবী—তেওট।

দয়াময়ী গঙ্গে, প্রবল তরঙ্গে, অপাঙ্গে কর গো মা করুণা।
আগমে নিগমে যা তোমার মহিমে, অধীনে কি করিব বর্ণনা।
তব নিকটে থাকি, তব মৃত্তিকা মাখি,
তব নাম ডাকে যেন রসনা।
তোমা হীন দেশে গিয়ে, রাজ্যেশ্বর রাজা হয়ে,
থাকিতে না হয় মনে বাসনা।
তুমি মা সত্য তুমি মা সর্ব্বতীর্থ, কৃতার্থময়ী তা কেউ জানে না।
অধম কালিদাস বলে, মা আমার অন্তিম কালে,
পাপাত্মা বলে পদে ঠেল না ॥ ৭৬২ ॥

ভৈরবী—মধ্যমান।

কে ও বিহরে হর-হৃদিপরে, হর-মনোমোহিনী,
চরমে অরুণ রবিশশী যেন নখরে প্রখরে আপনি,
শোভিত প্রপদ, দেয় মোক্ষপদ, আপদে সম্পদদায়িনী
চরণে নূপুর আলো করে পুর, মণিময় পুরবাসিনী,
ধৃত শিখরে, করে অসি করে, শিশির-শিখর-নন্দিনী,
এল চরম সময়, মরমেতে হয়, কালী কালভয়বারিণী ॥ ৭৬৩

জয়জয়ন্তী—একতালা।

মা তোরে আর ডাক্‌বো কত আমার কণ্ঠে প্রাণ হল ওষ্ঠাগত।
কাণের মাথা খেয়ে শুনিস না মা তা কি
পাষাণ-নন্দিনী, ভুলি মমতা কি,
পাশরি সন্তানে পাষাণের মত ?
যে তোর শঙ্করি হয় আশার দাস,
সর্ব্বনাশী তার কর সর্ব্বনাশ,
হরিশ দীন হীন, পরাস তায় কপীন,
এইতো মা তোর করুণা, যত যাবে দিন।
দিন রবে না তারা, জানা গেল কেবল তারা নামের ধারা,
দুর্গা নামে মুক্তি এই শিব উক্তি,
হরিশের ভাগ্যে হল তা হত। ৭৬৪।

মুলতান—ঝাঁপতাল।

শ্যামাপদ আকাশেতে মন ঘুড়িখানি উড়তেছিল,
কুলুষের কুবাতাস পেয়ে গোপ্তা-মেরে পড়ে গেল।
মায়া কান্নি হল ভারী, আর আমি উঠাতে নারি,
দারাসুত কলের দড়ী, ফাঁস লেগে সে ফেঁসে গেল।
জ্ঞানসূত্র গেছে ছিঁড়ে, উঠিয়ে দিলে অমনি পড়ে,
বাধা নেই সে আর কি উড়ে, সঙ্গের ছজন জয়ী হল।
ভক্তি ডোরে ছিল বাঁধা, খেলতে এসে লাগলো ধাঁধা,
নরেশচন্দ্রের হাসা কাঁদা,—না আশা এ ছিল ভাল। ৭৬৫।

"ওরে তিনুরে—সুর"

যা অনায়াসে হয় তাই কর রে,
কাজ কি আমার কোশা কুশি, আয় মন বিরলে বসি,
ভাব শ্যামা এলোকেশী, বারাণসী পাবি রে।
ভস্মমাখা ত্রিলোচন, শিবের কোন্ পুরুষে ছিল ধন,
শ্যামা নির্ধনের ধন, তাই সদা জপরে। ৭৬৬।

সিন্ধু খাম্বাজ—একতালা।

জানি মা তোর জেতের ধারা,
কেন সোজা কথা শুন্‌বি তারা ?
বাপ পাষাণ মা পাষাণী, তুই হয়েছিস তার বাড়া,
অঙ্কলক্ষ্মী যার হয়েছিস্, করেছিস্ তায় লক্ষ্মীছাড়া।
যে শ্মশানে শ্মশানে ফিরে, ভিক্ষে করে পাড়া পাড়া,
তোর দয়া কি চাব মাগো করুণা তোর সৃষ্টিছাড়া।
ও তুই পেটের জ্বালায় আপনি খাস মা,
আপন মুণ্ডের রুধিরধারা।
হরিশ বলে ভাব ভেবে তোর, স্থির হয় দুটো আঁখিতারা।
আমি বুঝ্‌তে নারি ও শঙ্করী,
কে তোর নাম রেখেছে তারা॥ ৭৬৭॥

প্রসাদী—একতালা।

শ্যামা মা কি কল করেছে, কালী মা কি কল করেছে,
চৌদ্দপুয়া কলের ভিতর, কত রঙ্গ দেখাতেছে।
যে কলে চিনেছে তারে, কল হতে হবে না তারে,
কোন্ কলের ভক্তিডোরে আপনি শ্যামা বাঁধা আছে।
যতক্ষণ কালী কলে রয়, কুলের কল স্ববশে রয়,
কমল বলে কালী গেলে, কেউ না যায় সে কলের কাছে॥ ৭৬৮॥

বসন্ত বাহার—আড়াঠেকা।

তারা তুমি কত রূপ জান ধরিতে,
জননি গো জ্বালামুখী গিরি-দুহিতে।
লোমকূপে ধরা ধর ব্রহ্মময়ী পরাৎপর,
অসুর বিনাশ কর মা আঁধির নিমেষে,
তুমি রাধা, তুমি কৃষ্ণ, মহামায়া মহাবিষ্ণু,
তুমি গো মা রামরূপিণী, তুমি অসিতে। ৭৬৯॥

সোহিনী—আড়াঠেকা।

আর কত যন্ত্রণা শ্যামা দিবি গো আমারে,
সহে না জঠরব্যাধি জননী গো বারে বারে।
নিজ দোষেতে দূষিত হয়ে আছি জ্ঞানহত,
কৃতান্ত-ভয়জনিত, এ দুস্তারে কে নিস্তারে।
তবাঙ্ঘ্রি-কমলে, নাহি মতি গো বিমলে,
ত্রাহি অকিঞ্চনে ডাকে মা ভববন্ধনকূপেতে পড়ে ॥ ৭৭০ ॥

গারাভৈরবী—খয়রা।

চল যাই কাজ নাই তারার তালুকে রে,
কখন আছি কখন নাই, এ তালুকের মুখে চাই।
পঞ্চজনার জামীন দিয়ে, এসেছ বয়নামা লয়ে,
ভুলিলে বিষয় পেয়ে, শেষেতে পাবি সাজাই।
ষড় রিপু জ্যেষ্ঠ যে, কাসুনগুই হয়েছে সে,
হস্ত বুদে জব্দ করে ফিরিয়াছে সদাই।
ক্রোধ হল পট্টয়ারী, লোভ মোহ মোহকারী,
খাজাঞ্চী হয়েছে মদ মাৎসর্য্য এই দুটী ভাই।
যখন তোমার তশীল হবে, সঙ্গী সবে পলাইবে,
তখন কার দোহাই দিবে, আমার মা বিনে গতি নাই ॥ ৭৭১ ॥

মুলতান—একতালা।

মা আমার অন্তরেতে জাগো, জাগো গো মা কুলকুণ্ডলিনী।
তোমায় অন্তরেতে রাখি নিয়ত নিরখি,
অন্তর না করি দিবা রজনী।
ভক্তি-পুষ্প দিয়ে শ্রদ্ধা-চন্দন, তদঞ্জলি করি চরণে অর্পণ।
নেত্র মুদে, মনসাধে, করি কালীরূপ দরশন।
কামাদি ছয় বলি, দিব গো করালি,
বিবেক অসি করে ধারণ করি।
তাহে জ্ঞানাগ্নি জ্বালিব, হি সাহুতি দিব,
তবে ঘটে প্রবেশিবে শিবানী ॥ ৭৭২ ॥

ভৈরবী—আড়খেম্‌টা।

ওগো ত্রিনয়না মা তোমার কেমন মহিমা,
আমা হতে জানা যাবে গো এবার!
আত্মপুণ্যে নর হয় যদি উদ্ধার,
মাহাত্ম্য কি তোমার তাতে বল না?
আমি হীন-ভক্তি আমার দিতে মুক্তি,
আদ্যাশক্তি শক্তি হল না তোমার!
(মা গো) তুমি ধর্ম্মার্জ্জিত ধর্ম্ম সংঘটন,
তোমাতে উৎপত্তি স সার পালন,
কুমতি সুমতি তুমি সবার গতি,
যার প্রতি হয় যেমন দয়া;
মায়া-চক্রে আমায় ফেলি,
যেমন চালাও তেমনি চলি, যেমন বলাও তেমনি বলি
দুর্গা বলতে মুখে দাও না অবসর।
গভবাসী যখন মানস বৈরাগ্য,
ভবধামে এসে হলাম উপসর্গ,
তব মায়া পায় দিতে পাদ্য অর্ঘ্য, বাসনা ছিল না মনে।
(মা গো) ইহকাল গেল অসুখে,
বঞ্চিত হলেম পরলোকে,
কমলের কর্ম্মবিপাকে, কলুষ পাতকী হন মা উদ্ধার॥৭৭৩॥

ভৈরবী—মধ্যমান।

যদি ভবনদী পার হতে থাকে বাসনা,
দক্ষিণা কালীকে কৃষ্ণে ভেদ করো না!
অসিধারী বংশীধারী পীতাম্বর দিগাম্বরী,
দ্বভুজ মুরলীধারী, লোলয়সনা,
বনমালী মুণ্ডমালী, শিখিপুচ্ছ শিখিভালী,
মকরাকৃতি কুণ্ডল, কভু শবশিশু বলি,
দেখ ঐ কৃষ্ণকালী করি মনন॥ ৭৭৪॥

সুরট মল্লার—আড়াঠেকা।

কে রণ-রঙ্গিণী, যোগিনী, সঙ্গিনী হয়ে উলাঙ্গিনী, নাচিছে সম
পদতল নব প্রভাকরকর দশ সুধাকর, শোভিছে নখরে।
কিবা নীলাঙ্গী জ্যোতি তম-হর, চরণে পতিত শবরূপে হর,
জবা বিল্বদল কিবা মনোহর, শোভিছে ও পদে, সঁপিছে অম
কুন্তলজাল জিনি কাদম্বিনী, আরক্ত নলিনী দল ত্রিনয়নী,
লোল-রসনা করাল বদনী, শোণিতের ধারা বহে বিম্বাধরে।
দক্ষে কম্পে ধরণী সঘনে, করে হুহুঙ্কার-পাবক নিঃস্বনে।
কবে ইরম্মদ নয়নেরি কোণে, ক্ষণপ্রভা খেলে দশন উপরে।
ভয়ঙ্করা মূর্ত্তি দেখে লাগে ভয় কিন্তু ভক্তে বিতরিছে বরাভয়,
অকিঞ্চনে কয় সামান্যা তো নয়,
ব্রহ্মময়ী উদয় হয়েছেন সাকারে॥ ৭৭৫॥

পরজ—জলদ তেতালা।

মন মানসে জপ ন, কামারি-অঙ্গনা,
জপরে একান্তে, দিনান্তে নিশান্তে, প্রাণান্তে কৃতান্তে ছোঁবে না
সে পদ রাতুল, হয় স্থূল মূল,
জাতে না হেরি তার সমতুল, তারে কভু ভুলে থেকো না।
কালীপদ লাগিয়ে হলে চিন্তাকুল,
কালী সে কিঙ্করে হন অনুকূল,
অনায়াসে তারে কালী কুলীনকুল,
কভু প্রতিকূল থাকে না॥ ৭৭৬॥

মুলতান—ঝাঁপতাল।

কখন কি রঙ্গে থাক মা, শ্যামা সুধাতরঙ্গিণী,
লম্ফে ঝম্পে, অপাঙ্গে অনঙ্গে ভঙ্গ দেও জননী।
লম্ফে ঝম্প কম্পে ধরা, অসিধরা, করালিনী,
তুমি ত্রিগুণধরা, পরাৎপরা ভয়ঙ্করা কাল-কামিনী,
সাধকেরই বাঞ্ছা পূর্ণ কর, নানা-রূপ ধারিণী
কভু কমলের কমলে নাচ মা, পূর্ণব্রহ্ম সনাতনী॥ ৭৭৭॥

বাগশ্রী—আড়াঠেকা।

শিব সঙ্গে সদা রঙ্গে আনন্দে মগনা,
সুরা পানে ঢল ঢল, কিন্তু ঢলে পড়ে না।
বিপরীতরতাতুরা, পদভরে কাঁপে ধরা,
উভয়ে পাগলপারা, লজ্জা ভয় তো মানে না॥ ৭৭৮॥

সিন্ধু—আড়াঠেকা।

[illegible]লি এই করো কাল এলে,
ক [illegible]ল বিরবে যখন, দেখা দিও হৃদকমলে।
গুরুদত্ত ধন যেন আমার মন, শমন দেখে না যায় ভুলে॥
তারাদাসে বলে, অন্তে গঙ্গাজলে,
জিহ্বায় কালী কালী বলে॥ ৭৭৯॥

বাঁরোয়া—যৎ।

দুখের বাকী আছে কি;
বাকী টেনে উসুল দিয়ে [illegible] না মা কতো বাকি।
অন্ন বস্ত্র হলেম ছাড়া, নিরানন্দ ধরায় সারা,
চাইলি না মা ও গো তারা, কষ্ট দেওয়া উচিত কি?
অন্ন চিন্তা সদা করি, চিন্তা জ্বরে জ্বলে মরি,
ইচ্ছা হয় না তোর মুখ হেরি, কালঘাতী তাই ডাকি।
কপালের লিখন যাহা, খণ্ডন না যায় তাহা,
অনুযোগে করা বৃথা নবীন পদাকাঙ্ক্ষী॥ ৭৮০॥

সিন্ধু—কাওয়ালী।

দুর্গা দুর্গা বলে মা যদি মরি,
আমার এ দীনে, না তার কেমনে, জানা যাবে শঙ্করী।
আমি নাশি গো ব্রহ্মণ হত্যাকারী ভ্রূণ,
সুরাপান আদি দিবাশি নারী,
এ সব পাতক, ন ভাবি তিলেক, ব্রহ্মপদ তুচ্ছ করি॥৭৮১॥

মুলতান—একতালা।

দোষ কারু নয় গো মা, স্বখাত-সলিলে ডুবে মরি মা।
ষড়রিপু হল কোদণ্ডস্বরূপ, পুণ্যক্ষেত্রমাঝে কাটিলাম কূপ,
যে কূপ ব্যাপিল কালরূপ জল, কাল মনোরমা।
আমার কি হবে তারিণী ত্রিগুণধারিণী
বিগুণ করেছি স্বগুণে, কিসে এ বারি নিবারি,
ভেবে দাশরথীর অনিবার বারি নয়নে।
স্থায়ি ছিল কক্ষে, ক্রমে এল বক্ষে জীবনে জীবন নাহি হয় রয়ে,
তবে তরি, চরণ-তরী দিবে ক্ষেমঙ্করী করি ক্ষমা ॥৭৮২॥

ইমন-কল্যাণ—আড়াঠেকা।

রাখ মা মায়ের ধর্ম্ম জন্মশোধ দেখা দিয়ে,
রয়েছে কৃতান্তদূত শত পুরেতে ঘিরিয়ে।
মায়ের উচিত হয়, সন্তানে পাইলে ভয়,
মা ভৈঃ মা ভৈঃ মা ভৈঃ রবে ভয় নিবারে আসিয়ে।
সন্তানেরও এই রীতি, ক্ষুদা নিদ্রা তথা পাতি,
সময়ে মা বলে ডাকে, তা কি জান না জানিয়ে।
জ্বলিলে ক্ষুধাগ্নি কাল, মহানিদ্রা গত কাল,
করাল কিঙ্কর ঝাল উগ্রবেশে দাঁড়াইয়ে ॥৭৮৩॥

কর্ণাটি ঝিঁঝিট—কাওয়ালী।

বড় আশা করে এসেছি গো,
ডেকে লও ফিরায়ো না জননী,
দীনহীনে কেহ চাহে মা, তুমি তারে রাখিবে জানি গো।
আর আমি যে কিছু চাহিনে চরণতলে বসে থাকিব;
আর আমি যে কিছু চাহিনে, জননী বলে সুধু ডাকিব।
তুমি না রাখিলে, গৃহে আর পাইব কোথায়,
কেঁদে কেঁদে কোথা বেড়াব।
ঐ যে হেরি, তমসা-ঘন ঘোরা রজনী ॥৭৮৪॥

সুরট মল্লার—মধ্যমান।

তারা আপন জোরে লব শ্রীচরণ,
মাতৃধনে অধিকার, কভু না হয় পিতার,
পুত্রে প্রাপ্ত সুবিচার, দায়ভাগে এ লিখন।
পিতা দত্তা ধনহারী, উভয় পিতা মাতায়ি,
অন্তর্ধানে শ্রাদ্ধকারী, বিশেষ ভ্রান্তি কারণ।
ভাঙ্গড় সে ত্রিপুরারি, আজন্মকাল ভিখারী,
কিছু অংশ দেয় না তারি, বক্ষে মেখেছে কৃপণ।
পিতার লাগে পুত্রের শাপ, বুকে খেলে কাল সাপ;
ত্রিরাত্রিতে গেল পাপ, পিণ্ড দাও শ্যামাচরণ॥ ৭৮৫॥

খাম্বাজ—একতালা।

নামেরই ভাবনা কেবল কালী গো তোমার,
কাজ কি তোমার কোশাকুশী, দেঁতোর হাসি লোকাচার,
নামেতে কালপাশ কাটে, জোটে তা দিয়েছে রটে,
আমি তো সেই জটের মুটে, হয়েছি আর হব কার।
নামেতে যা হবার হবে, মিছে কেন মরি ভেবে,
নিতান্ত করেছি শিবে, শিবের বচন সার॥৭৮৬॥

প্রসাদী—একতালা।

[illegible] যাবে দিন এ দিন যাবে, কেবল ঘোষণা রবে গো,
তারা নামে অসংখ্য কলঙ্ক হবে গো,
এসেছিলাম ভবেরহাটে, হাট করে বসেছি ঘাটে,
(ওমা) শ্রীসূর্য্য বসিল পাটে, নায়ে লবে গো।
দশের ভরে নায়, দুঃখী জনে ফেলে যায়,
(ওমা) তার ঠাঁই যে কড়ি চায়, সে কোথা পাবে গো।
প্রসাদ বলে পাষাণ মেয়ে, আসন দে মা ফিরে চেয়ে,
আমি ভাসান দিলাম গুণ গেয়ে, ভবার্ণবে গো॥৭৮৭॥

কানেড়া মিশ্র—একতালা।

সাধে কিগো শ্মশানবাসিনী,
পাগলে করেচে পাগল, তাইত ঘরে থাকিনি।
সে কোথা একলা বসে, নয়নজলে বয়ান ভাসে,
আশা হারা দিশে হারা ডাকচে কত না জানি।
অই যেন সে সে পাগল আমার, দেখছি যেন মুখখানি তার,
ঘোর যামিনী একলা আছে, প্রাণের চিন্তামণি॥ ৭৮৮॥

সিন্ধু ভৈরবী—ঢিমেতেতালা।

পড়িয়ে ভবসাগরে ডুবে না তনুর তরী,
মোহ-ঝড়ে মায়া-তুফান, ক্রমে বাড়ে গো শঙ্করি।
একে মন মাঝী আনাড়ী, তাহে ছজন গোঁয়ার দাঁড়ী,
কুবাতাসে দিয়ে পাড়ী, হাবু ডুবু খেয়ে মরি।
ভেঙ্গে গেল ভক্তির হাল, ছিঁড়ে পড়্‌লো শ্রদ্ধার পাল
নৌকা হল বান্‌চাল, বল কি করি;—
উপায় না দেখি আর, অকিঞ্চন ভেবে সার,
তরঙ্গেতে দিয়ে সাঁতার, দুর্গা নামের ভেলা ধরি॥ ৭৮৯॥

ললিত ঝিঁঝিট—যৎ।

আর কি তারা ভয় বিপদে?
আমি নাম নিয়ে তোর
ঝাঁপ দিয়েছি দুঃখের হ্রদে।
নামেতে হৃদয় মগ্ন, দেহ পদে সমর্পিত,
দুঃখ তোর ভাঙ্গানে কত, দেখো মা মনেরই সাধে।
কালী নাম করি, সাঁতার ভাসাইলেম,
যা করাও মা তাই ক'রি, কিছু এই বিষয় সম্পদে;
বিষয়সুখ সব ত্যাগ হয়েছে, কালী নাম লেগেছে হৃদে॥ ৭৯০॥

গৌরী—একতালা।

কালী যে কেমন ধন কে জানে,
সে কি জানে, বাকা মনের অগোচর, আগমে যায় বাখানে।
চিন্ময়ী চিৎস্বরূপা, চিত্তক্ষেত্র-চারিণী,
ব্রহ্মমায়া বরপ্রদা ব্রহ্মরন্ধ্র বাসিনী,
সহস্রদলেতে সদা থাকেন ঈশান সনে।
প্রকৃতিপুরুষরূপে লীলায় করেন নৃত্য,
সুখ দুঃখ পাপ পুণ্য কিছুতে নন লিপ্ত,
কর্ম্মফলে ভূমণ্ডলে ভোগে মাত্র ভূতগণে
ঘটে, পটে, মঠে, কাটে, যে ভাবে যে কল্পনায়,
কর্ম্মফলে কালে আসি কালী দেখা দেন তায়,
পুরাতে সাধকের সাধ সাকারা হন স্বগুণে।
আশুতোষ অজ, ইন্দ্র, যাদবেন্দ্র যে মায়ায়,
মৃনালের তন্তুমধ্যে পলকেতে আসে যায়,
পাষণ্ড প্যারী তবে সে কালী পাবে কেমনে? ৭৯১।

কাফি মিশ্র—একতালা।

ওমা কেমন মা কে জানে,
মা বলে মা ডাক্‌ছি কত, বাজে না মা তোর প্রাণে।
মা বলেতো ডাকব না আর, লাগে কি না দেখবো তোমার,
বাবা বলে ডাকব এবার, প্রাণ যদি না মানে।
পাষাণী পাষাণের মেয়ে, দেখ নাক এবার চেয়ে,
পেত্নী নিয়ে ধেয়ে ধেয়ে বেড়াও ওগো শ্মশানে।৭৯২।

ভৈরবী—ঠেকা।

এই বলি চরণে তোমার, জঠর যন্ত্রণা আর দিবে কতবার।
মনের মতে হয়ে মত্ত, অপরাধ করিয়াছি কত,
নিকটে শমনাগত, ভরসা তোমার। ৭৯৩।

সিন্ধু—খয়রা ।।

আমার রসমার বাসনা আছে, ডাকি মা তোরে গো,
আমার মন পাজী, হয় না রাজী, বাদী দেখ মোরে গো।
দেহের মধ্যে রাজা মন, মন্ত্রী আছে ছয় জন,
প্রজা সব ইন্দ্রিয়গণ সদা ভয় করে গো ॥ ৭৯৪ ॥

ঝিঁঝিট—আড়া।

হে ভগবতি সতি, প্রজাপতি-দুহিতে।
কোটি উড়ুপতি জিনি, শ্রীমুখের জ্যোতি,
গুণাতীত গুণবতী প্রধান শকতি।
ওমা আমি জড়মতি, কিবা জানি স্তুতি,
গতি হীন অকিঞ্চনে তুমি মাত্র গতি। ৭৯৫ ॥

ভৈরবী—তিয়ট।

শুন হরদারা, কৃপা কর ত্বরা,
পাপী তাপীকে পশুপালিকে গো।
নাহি পুণ্যবল, কি হইয়ে বল, হইরে বিকল, ভাবি কালিকে।
কামাদি ষট্, তারা অতি শঠ, ঘটায় রিপুনাশিকে।
করুণাময়ি ত্রাণ, দেহি পদে স্থান,
তোর এ সন্তান, জগদম্বিকে ॥ ৭৯৬ ॥

টোরী—তেওরা।

রণে মত্তা দিগাম্বরী, নাচিছে শবোপরি;
হী হী অট্টহাসে আ মরি মরি।
এলোকেশী ভালে শশী, অসিধারিণী, রণমাঝে কে নাচিছে,
তাধিক তাধিক ধিক ধিক ধিক বাজিছে ভেরী ॥ ৭৯৭ ॥

ভৈরবী—আড়া।

কালী নাম অগ্নি লাগিল মম পাপ-কাননে।
প্রবল হতেছে অতি রসনা পবনে॥
কামাদি তরুবর, দগ্ধ হলো পরস্পর,
কুমতি কুরঙ্গী তারা বাঁচিবে কেমনে।
অবশিষ্ট মায়া মত, হইয়া বিহঙ্গ মত,
পলাইতে শূন্যপথে আছে আরাধনে,
কালী নাম লইলে মুখে, উঠে যে শিখে,
অমনি হইবে ভস্ম মহিমা গুণে॥ ৭৯৮।

ভৈরবী—ঢিমেতেতালা।

কি হবে উপায় বল মা তারা।
ভবভয়, কাতর অতিশয়, বিষম বিষয় ফাঁদে,
মন রইল বদ্ধ, কি অন্ধ তত্ত্বপথ হারা।
জনম অবধি করিয়ে, তব পদ না আরাধিয়ে,
দিনগত কলেবর, পাপে হইল ভরা,
ভরসা কেবল ভবদারা॥ ৭৯৯॥

সোহিনী - কাওয়ালী।

কিবা নাচিছে, সিংহাসুরে রাণী।
লক্ষ্মীগজানন গুহ, সুচারু চারুকেশী,
ভালেতে ভানু শশী শোভিছে রণে নাচিছে॥
কোটি যোগিনী লয়ে, জিতা [illegible] হয়ে,
হাসিতে [illegible]
কত [illegible]।
গাইছে [illegible]।
বিধাতা [illegible]
[illegible]
ভবব কি [illegible], এই [illegible]॥ ৮০০।

ভৈরবী—ঠুংরী।

ভয় কি রে ভ্রান্ত মন দুর্গা দুর্গা বল।
অমরে অভয়দাত্রী মহী দৈত্যবল॥
শমনেরি বলহরা দুর্ব্বলেরি বল,
শুনেছি দুর্ল্লভ নামে চতুর্ব্বর্গ ফল।
প্রাণভরা নাম করে মরণ মঙ্গল;
প্রসাদ বিষাদ রে মন সতত চঞ্চল।
স্থির নহে দাবানল কর হে॥ ৮০১॥

হাম্বির—একতালা।

মা যোগমায়া, যোগেশ জায়া, যোগযুক্ত বিনে,
কে হয় যোগ্য বল, দুর্গে ত্রিতত্ত্ব সাধনে॥
আমি দীন মূঢ় হয়ে মত্ত কুসঙ্গে করি মা ভ্রমণ,
তব তত্ত্ব শ্রুতি হারায়ে, অজ্ঞানান্ধ কূপেতে মগন,
যদি স্বীয় গুণে অকৃতি দুর্জ্জনে, প্রসন্না হও মা কৃপাবলে কবে
তবে অকিঞ্চন, পায় পরিত্রাণ, নিজ দুষ্কৃতি বন্ধনে॥ ৮০২।

পরজ জলদ—তেতালা।

কেরে বামা হর-হৃদি-পরে মগনা,
নাচিছে আনন্দভরে বাজিছে বাজনা।
ভুবন আলো নীলচাঁদে মুক্তকেশ নাহি বাঁধে,
আপনার রূপরসে আপনি মগনা।
কে কোথা দেখেছ ভাই, নবরস এক ঠাঁই,
চঞ্চলা কি ধীরা কিছু বুঝা গেল না,
কাল কি নির্ম্মল তনু, শশী কি উজ্জ্বল ভানু,
ও রূপ হেরিয়া দিব কিরূপে তুলনা,
বিধুমুখে মৃদুহাসে, সদা সুধানন্দে ভাসে,
হেরিলে না রহে মম তনু যাতনা।
ও রূপ নয়নে রাখি, হৃদয় মাঝারে দেখি,
কমলাকান্তের এই মনে বাসনা॥ ৮০৩।

সিন্ধু - আড়াঠেকা।

শ্যামাপদে রাখ রে মন, অনায়াসে যাবে তুমি কৈলাস ভুবন।
অনিত্য সংসারে আসি গৃহকর্ম্মে দিবানিশি,
বিষয়-মদে মত্ত হয়ে, না ভা বলাম ও চরণ,
দ্বিজ নবীনচন্দ্র ভণে, বাসনা এই মনে মনে,
অন্তিমকালেতে যেন, দেখি গো রাঙ্গা চরণ ॥ ৮০৪ ॥

পরজ—জলদ তেতালা।

বামা বয়সে নবীন, না জানি এমন মেয়ে সমরে প্রবীণ।
সুচারু অঙ্গের শোভা কটিতট ক্ষীণ,
সুরাসুরগণ মাঝে বসন-বিহীন।
বুঝি এলো দয়াময়ী হইয়া কঠিন,
চরণে ত্যজিব তনু আজি শুভদিন।
তনু দিয়ে তরে কত শত ক্রিয়াহীন,
কমলাকান্তের হবে মনে নলিন ॥ ৮০৫ ॥

খাম্বাজ - আড়াঠেকা।

তোমার অনন্ত মায়া কে জানে,
অনন্ত যাহারি অন্ত না পায় ধ্যানে।
মা, কি তব বিচিত্র মায়া, যার বশে মহামায়া,
পশ্বাদি কীট পতঙ্গ মা ভ্রমে অচেতনে।
সুরাসুর কিন্নর, গন্ধর্ব্ব অপ্সর নর,
মায়ায় মুগ্ধ চরাচর, কেবা সচেতনে।
আগম স্মৃতি বেদান্ত সে মর্ম্ম জানিতে ভ্রান্ত,
অচিন্ত্য পরম তত্ত্ব, মা অব্যক্ত ভুবনে।
চিন্ময়ী হয়ে প্রসন্ন, শ্রীশে দেও শ্রীচৈতন্য,
যেন মন মগন সদা থাকে শ্রীচরণে ॥ ৮০৬ ॥

খাম্বাজ—একতালা।

তার কি শমনে ভয় মা যার শ্যামা।
শ্রীহরেন্দ্র ভূপে কয়, ভবে কি আর আছে ভয়,
অন্তে যাব তাঁর ধামে বাজাইয়ে দামা॥ ৮০৭।

মালকোষ—কাওয়ালী।

ভয় কি শমন তোরে,
এলোকেশী শ্মশানবাসী যার হৃদয়ে বিরাজ করে।
কালী নামে মেরে ডঙ্কা, যমের শঙ্কা রাখব দূরে।
যমের তলব আসবে যখন, কালীসই চিঠি দেখাব তখন,
চিঠির মর্ম্ম পেলে পরে আস্তে আস্তে যাবে ফিরে।
দ্বিজ নবীন কালীর পুত্র, মা হয়ে মা হয় না শত্রু,
মায়ের কোলে থাকব বসে লয়ে যেতে কে পারে॥ ৮০৮।

পরজ—আড়াঠেকা।

তাই তারা তোমায় ডাকি।
পাছে শিববাক্য মিথ্যা হয়, শেষে দাও মা ফাঁকি।
তন্ত্রেতে শিবের উক্তি, তারা নাম নিলে মুক্তি,
তারিণী ব্রহ্মাণী বাণী, শুন ওগো ও ভবানী,
অন্তকালে ও রাঙ্গা চরণ যেন দেখি॥ ৮০৯।

মুলতান—একতালা।

কালী বল মন আমার,
ভয়ানক ভবনদী নির্ভয়ে যদি হবে পার।
সামান্য সরিতে নরে, ন চেপে তরণী পরে,
পার না হইতে পারে, দেখ প্রমাণ তার॥ ৮১০।

গুঞ্জরি—তেওতা।

কালত্রয়কারিণী, কপালিনী কালরূপিণী, কালকামিনী।
সম্ভুভামিনী শুম্ভঘাতিনী সমরবাসিনী সুরবন্দিনী।
স্মর- হর-মন-মোহকারিণী সত্যবাদিনী এ॥
তত্ত্বদায়িনী ত্রাসনাশিনী ত্রাণকারিণী তিমিরবরণী,
ত্রিগুণধারিণী ত্রিদিবজননী, এলোকেশী তেজোরূপিণী।
অন্নদায়িনী অমরপালনী, অসুরদলনী আদিকারিণী,
আশুতোষ হৃদিবিলাসিনী, আত্মরূপিণী এ॥ ৮১১॥

ইমন—আড়া।

কেমনে হব পার গো, এ ভবজলনিধি,
তোমার করুণা বিনে তারিণী এবার।
বিবিধ পাপে অতি ভার মম কলেবর,
নিমগ্ন হয়েছি দুর্গে কর গো উদ্ধার।
অষ্টাঙ্গ-যোগে সাধিয়ে, বিবেক নির্ম্মল হিয়ে,
হয় যার, সে কি আর তোমায় দিবে ভার।
অকৃতি নির্গুণ দীন, ক্রিয়াহীন কিঞ্চন,
তার তারে তবে জানি মহিমা তোমার॥ ৮১২॥

জংলা—একতালা।

মম ভ্রমে ভুলেছ কেনে!
তুমি নানা শাস্ত্র আলাপনে,
শ্রীনাথদত্ত প্রধান ভক্ত, দাস্য কর সেই চরণে।
যখন যারে ব্রহ্ম বল, সেই ব্রহ্ম সেই পুরাণে,
তোমার দৈত্য ভাবে দিবস গেল, চিদানন্দ রয় কেমনে॥
তন্ন তন্ন করি মনে, কি পেলে ছয় দরশনে,
তুমি বিদ্যা অবিদ্যারে জান মহাবিদ্যার আরাধনে।
কমলাকান্ত কালীর তত্ত্ব অনুমানে কিবা জানে,
তার আদি অন্ত মধ্য ন'ই নানা মূর্ত্তি নানা স্থানে॥ ৮১৩॥

মল্লার—একতালা।

সব আলো করে কার কামিনী।
সজল জলদ জিনিয়া কায়, দশনে প্রকাশে দামিনী॥
এলায়ে চাঁচর চিকুর পাশ, সুরাসুর মাঝে না করে ত্রাস,
অট্টহাসে, দানব নাশে, রণ প্রকাশে রঙ্গিনী॥
কিবা শোভা করে শ্রমজবিন্দু, ঘনতনু ঘোরে কমুদবন্ধু,
অমিয়া সিন্ধু, হেরিয়া ইন্দু, মলিন এ কোন মোহিনী॥
একি অসম্ভব ভব পরাভব, পদতলে শব সদৃশ নীরব,
কমলাকান্ত করে অনুভব, কে বটে গো গজগামিনী॥ ৮১৪॥

ললিত—একতালা।

কেন রে আমার শ্যামা মাকে বল কালো।
যদি কাল বটে তবে কেন ভবন করে আলো॥
মা মোর কখন শ্বেত, কখন পীত কখন নীল, লোহিত রে,
আমি বুঝিতে না পারি জননী কেমন, ভাবিতে জনম গেল।
মা মোর কখন প্রকৃতি, কখন পুরুষ, কখন শূন্য, মহাকাশ রে,
ওরে কমলাকান্ত ও ভাব ভাবিয়া, মহেশ পাগল হলো॥ ৮১৫॥

সিন্ধু—ঠুংরি।

এমন দিন কি হবে তারা,
যবে তারা তারা তারা বলে, তারা বেয়ে পড়বে ধারা।
হৃদি পদ্ম উঠবে ফুটে, মনের আঁধার যাবে ছুটে,
যখন ধরাতলে পড়বো লুটে, তারা বলে হব সারা।
ত্যজিব সব ভেদাভেদ, ঘুচে যাবে মনের খেদ,
(ওরে) শত শত সত্য বেদ, তারা আমার নিরাকারা।
শ্রীরামপ্রসাদে রটে, মা বিরাজে সর্ব্ব ঘটে,
(ওরে) আঁখি অন্ধ দেখ মাকে, তিমিরে তিমির-হরা।—॥ ৮১৬॥

মুলতান—একতালা।

মায়ের নাম লইতে অলস হইও না,
রসনা যা হবার তাই হবে।
দুঃখ পেয়েছে (আমার মন রে) না আরো পাবে।
ঐহিকের সুখ হলো না বলে কি, ঢেউ দেখে নাও ডুবাবে।
রেখো রেখো সে নাম সদা সযতনে,
নিওরে নিওরে নাম শয়নে স্বপনে।
সচেতনে থেক (মন রে আমার)
কালী বলে ডেক, এ দেহ ত্যজিবে যবে ॥ ৮১৭ ॥

প্রসাদী—একতালা।

তারে শমন সারে ফিরি, ও তোর যমের বাপের কি ধার ধারি,
পাপ পুণ্যের বিচারকারী, তোর যম হয় কালেক্‌টরি,
আমার পুণ্যের দফা সর্ব্বে শূন্য, পাপ নিয়ে যা নিলাম করি;
আমার কিসের শঙ্কা, মেরে ডঙ্কা, চলে যাব কৈলাসপুরী।
রামপ্রসাদের মা শঙ্করী, দেখ না চেয়ে ভয়ঙ্করী,
আমার পিতা বটেন শূলপাণি, ব্রহ্মা বিষ্ণু দ্বারের দ্বারী ॥ ৮১৮ ॥

বিভাস—ঝাঁপতাল।

তাই বলি মন জেগে থাক, আছে আছে রে কাল চোর,
কালীর নামের অসি ধর, তারা নামের ঢাল,
(ওরে) সাধ্য কি শমনে তোরে করতে পারে জোর।
কালী নামে নহবৎ বাজে করি মহা সোর,
(ওরে) শ্রীদুর্গা বলিয়া মন রজনী কর ভোর।
কালী যদি না তরাবে কলি মহাঘোর,
কত মহাপাপী তরে গেল, রামপ্রসাদ কি চোর ॥ ৮১৯ ॥

প্রসাদী—একতালা।

আমার সনদ দেখে যারে,
আমি কালীর সুত, যমের দূত, বলগে যা তোর যম রাজারে।
সনদ দিলেন গণপতি, পার্ব্বতীর অনুমতি,
আমার হাজির জামিন ষড়ানন, সাক্ষী আছে নন্দীবরে।
সনদ আমার উরস পাটে, যেমি সনদ তেমি টাটে,
তাতে স্ব অক্ষরে দস্তখৎ, করেছেন দিগম্বরে॥ ৮২০॥

মূলতান—একতালা।

কাল মেঘ উদয় হলো অন্তর অম্বরে,
নৃত্যতি মানস শিখি কৌতুকে বিহরে।
যা শব্দে ঘন ঘন গর্জ্জে ধরাধরে,
তাহে প্রেমানন্দ মন্দ হাসি, তড়িৎ শোভা করে।
নিরবধি অবিশ্রান্ত নেত্রে বারি ঝরে,
তাহে প্রাণ-চাতকের তৃষা-ভয় ঘুচিল সত্বরে।
ইহ জন্ম, পর জন্ম, বহু জন্ম পরে,
রামপ্রসাদ বলে আর জন্ম, হবে না জঠরে॥ ৮২১॥

প্রসাদী—একতালা।

আমি কি দুখেরে ডরাই,
ভবে দেও দুঃখ মা আর কত তাই।
আগে পাছে দুখ চলে মা যদি কোন খানেতে যাই,
তখন দুখের বোঝা মাথায় নিয়ে দুখ দিয়ে মা বাজরা মিলাই।
বিষের কুমি বিষে থাকি মা, বিষ খেয়ে প্রাণ রাখি সদাই,
আমি এখন বিষের কুমি মা গো, বিষের বোঝা নিয়ে বেড়াই।
প্রসাদ বলে ব্রহ্মময়ি, বোঝা নাবাও ক্ষণেক জিরাই,
দেহ-সুখ পেয়ে লোক গর্ব্ব করে, আমি করি দুখের বড়াই॥ ৮২

ললিত—একতালা।

আনন্দময়ী হয়ে গো আমায় নিরানন্দ করো না।
ভবানী ভাবিয়ে, ভবে যাব চলে, এই ছিল মনে বাসনা,
ভবের মায়ায় ডুবালি আমারে স্বপনেও ইহা জানি না।
আমি অহর্নিশি, দুর্গানামে ভাসি, তবু দুঃখেরাশি গেল না।
আমি যদি মরি ও হরসুন্দরি, দুর্গানাম কেহ লবে না॥ ৮২৩॥

প্রসাদী সুর—একতালা।

মন তোর এত ভাবনা কেনে।
একবার কালী বলে বস রে ধ্যানে॥
জাঁকজমকে করলে পূজা, অহঙ্কার হয় মনে মনে;
তুমি লুকিয়ে তাঁরে করবে পূজা, জানবে না রে জগজ্জনে।
ধাতু পাষাণ মাটীর মূর্ত্তি, কাজ কিরে তোর সে গঠনে;
তুমি মনোময় প্রতিমা করি, বসাও হৃদি-পদ্মাসনে।
আলোচাল আর পাকা কলা কাজ কিরে তোর আয়োজনে।
তুমি ভক্তি-সুধা খাইয়ে তাঁরে, তৃপ্তি কর আপন মনে।
ঝাড় লণ্ঠন বাতীর আলো, কাজ কিরে তোর সে রোশনাইয়ে,
তুমি মনোময় মাণিক জ্বেলে, দাও না জ্বলুক নিশি দিনে।
মেষ ছাগল মহিষাদি কাজ কিরে তোর বলিদানে;
তুমি জয় কালী জয় কালী বলে, বলি দেও ষড়রিপুগণে,
প্রসাদ বলে ঢাক ঢোল, কাজ কি তোর সে বাজনে;
তুমি জয় কালী বলি দাও করতালি,
মন রাখ সেই শ্রীচরণে॥ ৮২৪॥

গৌরী—একতালা।

আমার পাগল বাবা, পাগলী আমার মা,
আমি তাদের পাগল মেয়ে, আমার মায়ের নাম শ্যামা;
বাবা বো-বো-বোম বলে, মদ খেয়ে মা গায়ে পড়ে ঢোলে,
শ্যামার এলোকেশ দোলে;
রাঙ্গা পায়ে ভ্রমর বাজে, ঐ নূপুর বাজে শোন না॥ ৮২৫॥

সিন্ধু—তিওট।

কি শোভা মহিষমর্দ্দিনী।

হেরি ত্রিভুবনজন, আনন্দিত মন, পুলকে করে জয়ধ্বনি॥
দশভুজে, নানাবিধ আয়ুধ সাজে, কটিতে বাজিছে কিঙ্কিণী।
পরিধান বিচিত্র বসন, অতি সুশোভন,
অঞ্চলে দোলে গজমুক্তা-শ্রেণী॥
শিশু শশী ভালে, চাঁচর কুন্তলে, মণিতে গ্রথিত সুবেণী,
অরুণোপম, অবিবাদে রজনীকর, চরণগুণ গো এমনি;
অকিঞ্চন সন, প্রকাশ কারণ, ভবাব্ধি তরণে তরণী॥ ৮২৬।

সোহিনী কাওয়ালী।

তার গো তারিণী এ মা আমাকে।
আমি মূঢ়মতি গতিরহিত,
যদি বিতর করুণা গো এ জনে।
তবে সে মহিমা জানিবে জগজ্জনে কৃপাবতারিণী,
গিরিরাজনন্দিনী, দয়ানাথগৃহিণী, গণপতিজননী হয়ে;
কৃপণতা করিছ কেন, কৃপা বিতরণে অকিঞ্চনে॥ ৮২৭॥

প্রসাদী—একতালা।

এবার আমি ভাল ভেবেছি।
এক ভাবীর কাছে ভাব শিখেছি॥
যে দেশে রজনী নাই, সেই দেশের এক লোক পেয়েছি।
আমার কিবা দিবা, কিবা সন্ধ্যা সন্ধ্যাকে বন্ধ্যা করেছি॥
ঘুম ছুটেছে, আর কি ঘুমাই, যুগে যুগে জেগে আছি।
এবার যার ঘুম তারে দিয়ে সুমেরে ঘুম পাড়ায়েছি॥
সোহাগা গন্ধক মিশায়ে, সোণাতে রং ধরায়েছি।
মন্দির মেজে দিব, মনে এই আশা করেছি॥
প্রসাদ বলে ভক্তি মুক্তি, উভয়কে মাথে ধরেছি।
এবার শ্যামার নাম ব্রহ্ম জেনে, ধর্ম্ম কর্ম্ম সব ছেড়েছি॥ ৮২৮।

গয়ড়া ভৈরবী—আড়াঠেকা।

হৃদকমল-মঞ্চে দোলে করালবদনী শ্যামা,
মন পবনে দুলাইছে দিবস রজনী ও মা।
ইড়া পিঙ্গলা নামা, সুষুম্না মনোরমা,
তার মধ্যে পাঁখা শ্যামা ব্রহ্মসনাতনী ও মা।
আবির রুধির তায়, কি শোভা হয়েছে গায়,
কাম আদি মোহ যায়, হেরিলে অমনি, ও মা।
যে দেখেছে মায়ের দোল, সে পেয়েছে মায়ের কোল,
রামপ্রসাদের এই বোল, টোল মারা বাণী, ও মা॥ ৮২৯॥

প্রসাদী—একতালা।

আমায় কি ধন দিবি তোর কি ধন আছে।
তোমার কৃপাদৃষ্টি পাদপদ্ম বাঁধা আছে হরের কাছে॥
ও চরণ উদ্ধারের মা আর কি কোন উপায় আছে।
এখন প্রাণপণে খালাস কর, টাটে বা ডুবায় পাছে॥
যদি বল অমূল্য পদ, মূল্য আবার কি তার আছে,
ঐ যে প্রাণ দিয়ে শব হয়ে, শিব বাধা রাখিয়াছে।
বাপের ধনে বেটার সত্ত কাহার বা কোথা ঘটেছে,
রামপ্রসাদ বলে, কুপুত্র বলে, আমায় শিবশী করেছে॥ ৮৩০॥

প্রসাদী সুর—একতালা।

মন বল শ্যামা মার নিকটে, মা মোর অগতির গতি বটে।
যার যে বাসনা, মনেরি কামনা সেখানে সকলই ঘটে॥
অল্প পুণ্য ভরা সাজিয়ে পশার, এনেছ ভবের হাটে,
যা কর উপায়, পাঁচ সে মিলি খায় কলঙ্ক তোমার রটে।
কার রাজা লয়ে আনন্দিত হয়ে, রাজত্ব কর রে পাটে॥
আছে একজনা, লইতে খাজনা, জমী যে বিকাবে লাটে।
কমলাকান্ত কি ভাবনা ভাব দাঁড়ায়ে নদী তটে,
অকূল পাথার, না জান সাতার, স্মরণ নাই যে ঘাটে॥ ৮৩১॥

প্রসাদী—একতালা।

মনরে তোর বুঝি একি।
(ও তুই) সাপ ধরা জ্ঞান না শিখিয়ে, তল্লাস করে বেড়াস কাঁকি
ব্যাধের ছেলে পক্ষী মারে, জেলের ছেলে মৎস্য ধরে,
(মনরে) ওঝার ছেলে গরু হইলে, গোসাপে তায় কাটে না কি;
জাতি ধর্ম্ম সর্প খেলা, সেই মন্ত্রে করো না হেলা,
(মন) বলবে তাত সাপ ধরিতে, তখন হবি অধোমুখী ॥ ৮৩২ ॥

পিলু বাহার—যৎ।

ভবে আসা খেলব পাশা, বড়ই আশা মনে ছিল,
মিছে আশা, ভাঙ্গা দশা, প্রথমে পাঁজুরী পলো।
পো বার আঠার ষোল, যুগে যুগে এলেম ভাল,
শেষে কচেবারো পেয়ে মাগো, পাঞ্জা ছক্কায় বন্ধ হলো।
আমার খেলাতে না হলো যশ, এবার বাজী ভোর হলো ॥ ৮৩৩ ॥

প্রসাদী—একতালা।

মন কেনরে ভাবিস এত,
যেমন মাতৃহীন বালকের মত।
ভবে এসে ভাবচো বসে, কালের ভয়ে হয়ে ভীত,
(ওরে) কালের কাল মহাকাল, সেকাল মায়ের পদানত।
ফণী হয়ে ভেকের ভয়, এ যে বড় অদ্ভুত,
(ওরে) তুই করিস কি কালের ভয়, হয়ে ব্রহ্মময়ী সুত।
একি ভ্রান্ত নিতান্ত তুই হলিরে পাগলের মত,
(ও মন) যা আছেন যার ব্রহ্মময়ী,
কার ভয়ে সে হয় রে ভীত।
মিছে কেন ভাব দুঃখে দুর্গা বল অবিরত,
যেমন জাগরণে ভয় নাস্তি, হবেরে তোর তেম্নি মত।
দ্বিজ রামপ্রসাদে বলে, মন করবে মনের মত,
(ও মন) গুরুদত্ত তত্ত্ব কর, কি করিবে রবিসুত ॥ ৮৩৪ ॥

প্রসাদী—একতালা।

মন রে আমার এই মিনতি,
তুমি পড়া পাখী হও করি স্তুতি।
যা পড়াই তাই পড় মন পড়লে শুন্‌লে দুধি ভাতি
ওরে-) জান না কি ডাকের কথা, না পড়িলে ঠেঙ্গার গুতি।
কালী কালী কালী পড় মন, কালী পদে রাখ প্রীতি,
(ওরে) পড় বাবা আত্মারাম, আত্মজনের গতি।
উড়ে উড়ে, বেড়ে, বেড়ে, বেড়িয়ে কেন বেড়াও ক্ষিতি,
ওরে) গাছের ফলে কদিন চলে, করবে চার ফলের স্থিতি,
প্রসাদ বলে ফলা গাছে, ফল পাবি মন, শুন যুকতি,
(ওরে বলে, মুলে কালী বলে গাছ নাড়া দেও নিতি নিতি ॥৮৩৫॥

ললিতবিভাস—একতালা।

কেবল আসার আশা, ভবে আসা, আসা মাত্র হলো,
যেমন চিত্রের পদ্মেতে পড়ে, ভ্রমর ভুলে রলো।
মা নিম খাওয়ালে চিনি বলে, কথায়-করে ছলো,
(ওমা) মিঠার লোভে, তিত মুখে সারা দিনটা গেলো।
মন খেলবি বলে, ফাঁকি দিয়ে নাবালি ভুতলো,
এবার যে খেলা খেলালে মাগো, আশা না পূরিল।
রামপ্রসাদ বলে ভবের খেলায়, যা হবার তাই হলো
(এখন সন্ধ্যা বেলায়, কোলের ছেলে, ঘরে নিয়ে চলো ॥৮৩৬॥

প্রসাদী—একতালা।

কাজ কি রে মন যেয়ে কাশী, কালীর চরণে কৈবল্যরাশি।
সার্দ্ধ ত্রিশ কোটী তীর্থ মায়ের ও চরণবাসী,
যদি সন্ধ্যা জান, শাস্ত্র মান, কাজ কি হয়ে কাশীবাসী।
হৃদকমলে ভাব বসে, চতুর্ভুজা মুক্তকেশী,
রামপ্রসাদ এই ঘরে বাস, পাবে কাশী দিবানিশি ॥৮৩৭॥

প্রসাদী সুর—একতালা।

কে জানে গো কালী কেমন, ষড়্‌দর্শনে না পায় দরশন।
কালী পদ্মবনে হংস সনে, হংসীরূপে করে রমণ।
তাঁকে সহস্রারে মূলাধারে, সদা যোগী করে মনন।
আত্মারামের আত্মাকালী প্রমাণ প্রণবের মতন,
তিনি পটে ঘটে বিরাজ করেন, ইচ্ছাময়ীর ইচ্ছা যেমন।
মায়ের উদর ব্রহ্মাণ্ড ভাণ্ড, প্রকাণ্ড তা জান কেমন।
মহাকাল জেনেছেন কালীর মর্ম্ম অন্য কেবা জানে তেমন।
প্রসাদ ভাবে লোকে হাসে, সন্তরণে সিন্ধু গমন।
আমার প্রাণ বুঝেছে মন বুঝে না, ধর্ব্বে শশী হয়ে বামন ॥৮৩৮॥

প্রসাদী—একতালা।

এবার আমি কর্‌ব কৃষি, ওগো, এ ভবসংসারে আসি;
তুমি কৃপাবিন্দু পাত করিয়ে, বসে দেখ রাজমহিষী!
দেহ জমীন জঙ্গল বেশী, সাধ্য কি তা সকল চষি,
হৃদয় মধ্যেতে আছে, পাপরূপী তৃণরাশি;
তুমি তীক্ষ্ণ কাটারীতে মুক্ত কর গো মুক্তকেশী।
কাম আদি ছয়টা বলদ বহিতে পারে অহর্নিশি,
আমি গুরুদত্ত বীজ বুনিয়ে, শস্য পাব রাশি রাশি।
প্রসাদ বলে চাষে বাসে, মিছে মন অভিলাষী,
আমার মনের বাসনা তোমার ও রাঙ্গা চরণে মিশি ॥৮৩৯॥

প্রসাদী—একতালা।

ভাল নাই মোর কোন কালে,
ভালই যদি থাক্‌বে, আমার মন কেন কুপথে চলে।
হের গো মা দশভুজা আমার ভবে তনু হইল বোঝা,
আমি না করিলাম তোমার পূজা, জবা বিল্ব গঙ্গাজলে।
এ ভব সংসারে আসি, না করিলাম গয়া কাশী,
যখন শমনে ধরিবে আসি, ডাক্‌ব কালী কালী বলে।
দ্বিজরাম প্রসাদ বলে, তৃণ হয়ে ভাসি জলে,
আমি ডাকি ধর ধর বলে, কে ধরে তুলিবে কুলে? ৮৪০॥

প্রসাদী—একতালা।

গেল দিন মিছে রঙ্গ রসে,
আমি কাজ হারালেম কালের বশে।
যখন ধন উপার্জ্জন করেছিলেম দেশ বিদেশে,
তখন ভাই বন্ধু দারা, সুত, সবাই ছিল আমার বশে।
এখন ধন উপার্জ্জন না হইল দশার শেষে,
সেই ভাই, বন্ধু, সুত, নির্দ্ধন বলে সবাই রোষে।
যম আসি শিয়রে বসি, ধরবে যখন অগ্রকেশে,
তখন সাজায়ে মাচা, কলসী কাচা, বিদায় দিবে দণ্ডী বেশে।
হরি হরি বলে শ্মশানে ফেলি যে যার আপন বাসে,
রামপ্রসাদ বলো কাম্য গেল, অন্ন খাবে অনায়াসে ॥৮৪১॥

প্রসাদী সুর—একতালা।

এবার কালী তোমায় খাব।
(খাব খাব গো দীন দয়াময়ী),
তারা গণ্ডযোগে জন্ম আমার।
গণ্ডযোগে জন্মিলে, সে হয় মা-খেকো ছেলে ॥
আর তুমি খাও কি আমি খাই মা, দুটোর এক ১ করে যাব ॥
ডাকিনী যোগিনী দুটী, তরকারী বানায়ে খাব।
তোমার মুণ্ডমালা কেড়ে নিয়ে, অম্বলে সম্বরা চড়াব ॥
হৃদে কালী মুখে কালী, সর্ব্বাঙ্গে কালী মাখাব।
যখন আস্‌বে শমন বাধবে কসে, সেই কালী তার মুখে দিব ॥
খাব খাব বলি মা গো, উদরস্থ না করিব।
এই হৃদিপদ্মে বসাইয়ে মনোমানসে পুজিব ॥
যদি বল কালী খেলে, কালের হাতে ঠেকে যাব।
আমার ভয় কি তাতে কালী বলে, কালেরে কলা দেখাব ॥
কালীর বেটা শ্রীরামপ্রসাদ, ভাল মতে তাই জানাব।
তাতে মন্ত্রের সাধন শরীর পতন, যা হবার তাই ঘটাব ॥৮৪২॥

বিভাস—আড়াঠেকা।

করুণা কুরু মে করুণা,
করুণা দানে করুণা কৃপণতা করো না।
যাত্রা কল্লেম দুর্গা বলে সু-যাত্রায় কুযাত্রা ফলে,
তবে তোমায় দুর্গা বলে, কেউ আর তারা ডাকবে না।
বেদাগমে এই শুনি, দুর্গে দুর্গতি নাশিনী,
ও মা সি হলে সিংহবাহিনী, ঘুচাও দাসের যন্ত্রণা।
কালীদহে কালজলে কমলে কামিনী হলে,
নানা রূপ দেখাইলে, করে কত ছলনা।
দ্বিজ কিশোর তোমার পুত্র, পুত্র বৈ আর নয় মা শত্রু,
ঘুচাও পুত্রের কর্ম্মসূত্র, লোকে যেন হাসে না।৮৪৩॥

—

গারাভৈরবী—আড়াঠেকা।

কেন গো ধরেছ নাম দয়াময়ী তার,
(এ মা দয়াময়ী তায়।)
আমারে কি দিবে ধন, নিজে তোমার নাই বসন,
বসন থাকিলে কেবা উলঙ্গিনী রয়।
জনম ভিখারি পতি, জনক নিষ্ঠুর অতি,
এ কূলে ও কূলে তোমার দাতা কেহ নয়।
সৈয়দ জাফর তরে, কি ধন রেখেছ ধরে;
সম্পদ দুখানি পদ হরের হৃদয়।৮৪৪॥

—

প্রসাদী—একতালা।

আর ভুলালে ভুলব না গো।
আমি অভয়পদ সার করেছি, ভয়ে হেলব দুলব না গো।
বিষয়ে আসক্ত হয়ে, বিষের কূপে উলব না গো,
সুখ দুঃখ ভেবে সমান, মনের আগুন তুলবো না গো।
ধন লোভে মত্ত হয়ে, দ্বারে দ্বারে বুলব না গো,
আশা-বায়ুগ্রস্ত হয়ে, মনের কথা খুলব না গো।
মায়া পাশে বদ্ধ হয়ে, প্রেমের গাছে ঝুলব না গো,
রামপ্রসাদ বলে দুধ খেয়েছি, ঘোলে মিশে ঘুলব না গো॥৮৪৫॥

প্রসাদী—একতালা।

মা আমার অন্তরে আছ, তোমায় কে বলে অন্তরে শ্যামা।
তুমি পাষাণ-মেয়ে বিষম মায়া কত কাচাও মা কাচ,
উপাসনা ভেবে তুমি, প্রধানমূর্ত্তি ধর পাঁচ।
যে জন পাঁচেরে এক কোরে ভাবে, তার হাতে মা কোথা বাঁচ।
বুঝে ভার দেয় না যে জন, তার ভার নিতে হাঁচ।
যে জন কাঞ্চনের মূল্য জানে, সে কি ভুলে পেয়ে কাচ।
প্রসাদ বলে আমার হৃদয়, অমল কমল সাঁচ,
তুমি সেই সাঁচে নির্ম্মিতা হোয়ে, মনোময়ী হয়ে নাচ॥ ৮৪৭॥

প্রসাদী—একতালা।

নীতি তোরে বুঝাবে কেটা।
বুঝে বুঝলি না রে মনরে ঠেঁটা॥
কোথা রবে ঘর বাড়ী, তোর কোথা রবে দালান কোঠা॥
যখন আসবে শমন বাঁধবে কসে মন, কোথা রবে খুড়া জেঠা।
মরণ সময় দিবে তোমায় ভাঙ্গা কলসি ছেঁড়া চেটা।
(ওরে) সেখানেতে তোর নামেতে, আছেরে যে জাবদা আটা॥
যত ধন জন সব অকারণ, সঙ্গেতে না যাবে কেটা,
রামপ্রসাদ বলে দুর্গা বলে, ছাড়রে সংসারের লেটা॥ ৮৪৮॥

জংলা—একতালা।

সে কি এম্নি মেয়ের মেয়ে।
যার নাম জপে মহেশ বাঁচেন, হলাহল খেয়ে,
সৃষ্টি স্থিতি প্রলয় করে, কটাক্ষে হেরিয়ে,
সে যে অনন্ত ব্রহ্মাণ্ড রাখে উদরে পুরিয়ে।
যে চরণে শরণ লয়ে, দেবতা বাঁচেন দায়ে,
দেবের দেব মহাদেব, যার চরণে লোটায়ে,
প্রসাদ বলে রণে ছলে রণময়ী হোয়ে,
নিশুম্ভ শুম্ভেরে বধে হুহুঙ্কার ছাড়িয়ে॥ ৮৪৯॥

মূলতান—আড়া।

বামা কে রে এলো চিকুরে,
বিহরে আনন্দময়ী শবহৃদি পরে।
বসন নাহিক গায়, পদ্মগন্ধে অলি ধায়,
চলে যেতে টলে পড়ে আসবভরে
যে ঠেকেছে পায়, ইত দিতিসুতচয়,
স্পর্শমাত্র শিব হয় সমরমাঝারে॥
কমলাকান্তের ভাষি, সর্ব্বনাশী ধরে অসি,
করিলি সব কাশীবাসী জনমের তরে॥ ৮৫০॥

গাড়া ভৈরবী—ঠুংরি।

অপার সংসার, নাহি পারাপার,
ভরসা শ্রীপদ, সঙ্গের সম্পদ, বিপদে তারিণী, কর গো নিস্তার
যে দেখি তরঙ্গ অগাধ বারি, ভয়ে কাঁপে অঙ্গ ডুবে বা মরি,
তার কৃপা করি, কিঙ্কর তোমারি, দিয়ে চরণ তরী, রাখ এইবার
বহিছে তুফান, নাহিক বিরাম, থর থর অঙ্গ কাঁপে অবিরাম
পুরাও মনস্কাম, জপি তারা নাম, তারা তব নাম সংসারের সার
কাল গেল কালী হল না সাধন, প্রসাদ বলে গেল বিফলে জীবন,
এ ভব বন্ধন, কর বিমোচন মা বিনে তারিণী কারে দিব ভার॥ ৮৫১॥

প্রসাদী—একতালা।

এবার বাজি ভোর হলো,
মন কি খেলা খেলাবে বল।
শতরঞ্চ প্রধান পঞ্চ পঞ্চ আমায় দাগা দিল।
এবার ঘড়ের ঘর করে ভর, মরীটী বিপাকে মলো।
দুটী অশ্ব দুটী গজ ঘরে বসে কাল কাটাল,
তারা চলতে পারে সকল ঘরে, তবে কেন অচল হলো।
দুখান তার নিষক ভরি বাদাম ভুলি না চলিল
(ওরে) এমন সুবাতাস পেয়ে ঘাটের তরি ঘাটে রলো।
শ্রীরামপ্রসাদ বলে মোর কপালে এই কি ছিল:
ওরে অন্তকালে দোষের ফলে পীলের কিস্তে মাত হইল॥ ৮৫২॥

প্রসাদী—একতালা।

মন করো না সুখের আশা।
যদি অভয় পদে লবে বাসা॥
হোয়ে ধর্ম্ম তনয় ত্যজে আলয়, বনে গমন হেরে পাশা॥
হোয়ে দেবের দেব, সে দ্বিবেচক, তেঁইতো শিবের দৈন্য দশা।
সে যে দুঃখীদাসে দয়া বাসে, মম সুখের আশে বড় কসা॥
হরিষে বিষাদ আছে মন, করো না এ কথায় গোঁসা॥
(ওরে) সুখেই দুখ দুখেই সুখ, ডাকের কথা আছে ভাষা॥
মন ভেবেছ কপট ভক্তি করে পুরাইবে আশা।
লবে কড়ার কড়া তস্য কড়া এড়াবে না রতি মাসা।
প্রসাদের মন হও যদি মন, কর্ম্মে কেন হওরে চাসা,
(ওরে) মনের মতন, কর যতন, রতন পাবে অতি খাসা॥ ৮৫৩॥

পরজ—একতালা।

একা কে কাকের ধ্বজরথ আরোহিনী;
ধূমাবতী ভগবতী ধরাবরণী।
বিষ খাইতে নাহি ফুলায়, বামা করে করি কুলায়,
হেলায়ে দক্ষিণ কর, হেলায়ে সুবিস্তার বদনী।
জীর্ণ শীর্ণ বপুঃ অবয়বা, বৃদ্ধ বিধবা কতই বয়ঃ বা,
পবন-হিল্লোলে স্তনদ্বয় দোলে, জগত জননী॥
অন্নদায় এ যে দেখি অন্নদায়, মৃত্যুঞ্জয়আত্মা বৈধব্যদশায়,
পাগল হলো শিব (এই) অভিপ্রায়, গৃহিণী পালিনী॥ ৮৫৪॥

বাহার—খং।

ভুবনেশ্বরী মা রূপে নাই সীমা!
রক্তবর্ণা পদ্মাসনা, ত্রিলোচনী সুভূষণা,
প্রভাকরে উত্তমাঙ্গে অর্দ্ধভাগে চন্দ্রমা॥
পাশাঙ্কুশ বরাভয় চারিকরে শোভয়,
মণিময় অলঙ্কার নাহি তার উপমা।
মহাবিদ্যা আরাধিতে, সদাশিব সমাধিতে,
করতল ইহ সিদ্ধি, অষ্টসিদ্ধি অণিমা॥ ৮৫৫॥

সিন্ধু—আড়া।

চিন্ময়ী সনাতনী, নির্গুণা চৈতন্যরূপিনী,
কে বুঝিতে পারে তত্ত্ব অতি গহনা ॥
যোগীন্দ্র মুনীন্দ্রগণ, নিরন্তর ক'রি ধ্যান,
না পায় সন্ধান অহমাদি কি গণনা।
স্বগুণ রূপ সাধন, আগম নিগম প্রমাণ,
হরমনোমোহিনী রূপ মনেতে ভাবনা ॥
সদা করি এই অবলম্বন, লভিবে নির্ম্মল জ্ঞান,
হবে প্রাপ্ত অন্তে আকঞ্চন সে কামনা ॥ ৮৫৬ ॥

সিন্ধু—ঠেকা।

সে নদী সামান্য নয়, নৌকা নাই নিরাশ্রয়,
পাছে কোন বিঘ্ন হয়, কর প্রতীকার ॥
কাল-কুমীর আছে কূলে, গেলে জোরে ধরে গেলে,
কার শক্তি কে যাবে জলে, কে হইবে পার।
দয়াময়ীর দয়া যারে, সেইজন যেতে পারে,
পদতরী দেন তারে, কালী হয়ে কর্ণধার ॥
শয়নে স্বপনে, কালী জাগে যার মনে,
কি চিন্তা মরণে, শিববাক্য সার।
দ্বিজাধম পারী বলে, মা আমার আসন্নকালে,
জিহ্বা যেন বিল্বমূলে কালী বলে অনিবার ॥৮৫৭॥

প্রসাদী সুর—একতালা।

ভাল ব্যাপার মন কর্ত্তে এলে, ভাসিয়ে মানব-তরী ক'রণ-জলে
বাণিজ্য করিতে এলে, মন ভব-নদীর জলে,
ওরে কেউ করিল ছুনো ব্যাপার, কেহ হারালো মূলে।
ক্ষিতাপতেজমরুৎব্যোম বোঝাই আছে নায়ের খোলে,
ওরে ছয় দাঁড়ী ছয় দিকে টেনে, গুঁড়ায় পা দে ডুবিয়ে দিলে।
পাঁচ জিনিস নে ব্যবসা করা, পাঁচে ডেকে, পাঁচে মিলে,
যখন পাঁচে পাঁচ মিশায়ে যাবে, কি হবে তাই প্রসাদ বলে। ৮৫

মল্লার—একতালা।

কে ও রমণী নীরদবরণী, স্মরহরহৃদে সমরে নাচিছে।
চরণ তরুণ-অরুণ-কিরণ, নখরে নলিনী প্রকাশ হতেছে॥
শ্রীচরণগুণে, ত্রিতাল ত্রিগুণে, সুধীরে মধুর নূপুর বাজিছে।
শুনিয়ে সে ধ্বনি, কনক কিঙ্কিণী, ছলে সুরশ্রেণী শরণ লইছে॥
নাভিসরোবর সলিল আশয়, ত্রিবলীর ছলে করিকর ধায়,
কুচ কুম্ভর বিশ্বমূলাধার, যাঁর পয়োধর ব্রহ্মাদি যাচে।
নরশিরহার গলে সুশোভন, বরাভয় অসি শ্রীকরে ধারণ,
করাল বদন করি দরশন, দেব হৃষ্টমন, দানব কাঁপিছে।
হেরি বামার বাম উরু, জিনি রামরম্ভাতরু,
কাজে করি লাজে লুকায়েছে॥
কটিতট হেরি, সুচারু কেশরী, চির ব্রহ্মচারী বিধি করেছে।
সুচারু চাঁচর চিকুর কান্তি, চাহিতে চাতক জলদ ভ্রান্তি,
চরণ শান্তি, কর মা শান্তি, শ্রীশ মানস, আসন আছে॥ ৮৫৯॥

শট ভৈরবী—যৎ।

এখনো কি ব্রহ্মময়ী হয় নাই মা তোর মনের মত।
অকৃতি সন্তানের প্রতি যন্ত্রণা আর দিবি কত।
জ্ঞানরত্ন দিয়েছিলি, মসিল দিয়ে তশীল করিলি,
হিসাব কোরে দেখ দেখি মা, আমার দুঃখের বাকী কত।
ভুলাইয়ে ভবে আনিলি, বিষয় বিষ খাওয়াইলি,
বিষের জ্বালায় সদা জ্বলি, দুর্গা বলে ডাকব কত॥ ৮৬০॥

কালাংড়া—ঠুংরী।

হের কার রমণী নাচে রে ভয়ঙ্করী-বেশে।
কে রে নব-নীল-জলধর-কায় হায় হায়,
কে রে হর-হৃদি-পদ্মে দিক্‌বাসে॥ ৮৬১॥

প্রসাদী—একতালা।

আয় মন বেড়াতে যাবি,
কালী কল্পতরু তলে গিয়া, চারি ফল কুড়ায়ে পাবি।
প্রবৃত্তি নিবৃত্তি জায়া, তার নিবৃত্তিরে সঙ্গে লবি,
(ওরে) বিবেক নামে জ্যেষ্ঠ পুত্র তত্ত্ব কথা তায় সুধাবি।
অশুচি শুচিকে লয়ে, দিব্য ঘরে শুয়ে রবি,
যখন দুই সতীনে পিরীত হবে, তখন শ্যামা মাকে পাবি।
অহঙ্কার অবিদ্যা তোর পিতা মাতায় তাড়ায়ে দিবি,
যদি মোহ গর্ত্তে টেনে লয়, ধৈর্য্য খোঁটা ধরে রবি।
ধর্ম্মাধর্ম্ম দুটো অজা, তুচ্ছ হেড়ে বেঁধে থুবি,
যদি না মানে নিষেধ তারা, তীক্ষ্ণ খড়্গে বলি দিবি।
প্রথম ভার্য্যার সন্তানেরে দূরে রইতে বুঝাইবি,
যদি না মানে প্রবোধ, জ্ঞান-সিন্ধু মাঝে ডুবাইবি॥ ৮৩২।

প্রসাদীসুর—একতালা।

মায়ের এমি বিচার বটে।
যে জন দিবানিশি দুর্গা বলে, তারি কপালে বিপদ ঘটে।
হজুরেতে আরজী দিয়ে মা, দাঁড়িয়ে আছি করপুটে।
কবে আদালতে শুনানী হবে মা, নিস্তার পাব এ সঙ্কটে।
সওয়াল জবাব করব কি মা, বুদ্ধি নাইকো আমার ঘটে।
ও মা ভরসা কেবল শিব-বাক্য, ঐক্য বেদাগমে রটে॥
প্রসাদ বলে শমন-ভয়ে মা, ইচ্ছে হয় যে পালাই ছুটে।
যেন অন্তিমকালে, দুর্গা বলে, প্রাণ ত্যজি জাহ্নবীর তটে॥ ৮৩৩।

প্রসাদীসুর—একতালা।

জীব-মীন রে, জীবন গেল, পেয়ে হয়ে কাল কাল ধীবর এল।
বিষয়-বারি ক্ষেত্রে, টানে রে কর্ম্মসূত্রে, পাতিবে জঞ্জাল-জাল॥
কেন আশ্রয় করি এ সংসার-বারি,
কাল যাতে জাল ফেলতে অধিকারী,
এ পাপবারি পরিহরি কালীর চরণ-গভীর-জলে চল॥ ৮৩৪।

ঝিঁঝিট—ঝাঁপতাল।

একবার নাচগো শ্যামা।
যশোদা নাচাত গো মা, বলে নীলমণি, (গো মা,)
সে বেশ লুকালে কোথা করালবদনী।
একবার নাচ গো শ্যামা—
মি বাঁশী মিশাইয়ে, মুণ্ডমালা ছেড়ে (একবার) বনমালা পরে।
অসি ছেড়ে বাঁশী লয়ে আড়নয়নে চেয়ে চেয়ে, (একবার)।
গজমতি নাশায় দুলুক, (একবার)।
যশোদার সাজান বেশে অলকা আবৃত মুখে, (একবার)।
অষ্ট নায়িকা, অষ্ট সখী সঙ্গে, (একবার)।
যেমন করে রাসমণ্ডলে নেচেছিলি, (একবার)।
হৃদি-বৃন্দাবন মাঝে ললিত-ত্রিভঙ্গে,
চরণে চরণ দিয়ে, গোপীর মন ভুলানো বেশে,
একবার নাচ দেখি শ্যামা।
তেমনি তেমনি তেমনি করে, একবার নাচ্ গো, শ্যামা।
(দেখে নয়ন মন সফল করি,) বড় সাধ আজ মনে,
তুমি শিব বলরাম হক, (হেরি নীলগিরি আর রজতগিরি)।
একবার বাজা গো মা,—(সেই মোহন বেণু)।
যে বেণু রবে ধেনু ফিরাতিস্, (সেই মোহন বেণু)।
যে বেণুর রবে যোগীর মন ভুলাতিস্,
যে বেণুরবে যমুনার জল উজান ধরিত, (সেই মোহন বেণু)।
বাজুক তোর বেণু বলায়ের শিঙ্গে, (সেই মোহন বেণু)।
শ্রীদামের সঙ্গে নাচিতে ত্রিভঙ্গে গো মা, (একবার)।
তা থেইয়া, তা থেইয়া তা তা,
থেই থেই বাজত নূপুরধ্বনি,
শুনিতে পেয়ে আসতো ধেয়ে ব্রজের রমণী, (গো মা,) (একবার)।
গগণে বেলা বাড়িত, রাণী কেঁদে ব্যাকুল হত,
বলে ধর ধর, ধর ধর রে গোপাল,
ক্ষীর সর ননী; (একবার)।
এলায়ে চাঁচর কেশ রাণী বেঁধে দিত বেণী
একবার নাচ্ গো শ্যামা॥ ৮৬৫॥

পিলু বাহার—ঘৎ।

ওরে সুরাপান করিনে আমি, সুধা খাই জয়কালী বলে;
মন-মাতালে মাতাল করে, মদ মাতালে মাতাল বলে;
গুরুদত্ত গুড় লয়ে, প্রবৃত্তি-মসলা দিয়ে মা;
আমার জ্ঞান-শুঁড়ীতে চুয়ায় ভাঁটী পান করে মোর মন-মাতালে।
মূলমন্ত্র যন্ত্রভরা, শোধন করি বলে তারা মা;
রামপ্রসাদ বলে এমন সুরা খেলে চতুর্ব্বর্গ মেলে॥ ৮৬৬।

ঝিঁঝিট—মধ্যমান।

বদনে বল কালী, আজ ম'লে দু'দিন হবেরে কালি।
কালী কালী যদি বল্‌তেম রে সকালে,
তবে কিরে আমায় ছুঁতে পারে কালে,
আমায় নিয়ে দায় যমদূত কালে, সঘনে বদনে বল রে কালী
দাশরথীর মনে আছে রে এই কালী,
কালী কালী বলে ঘুচাও মনের কালী,
অঙ্গে লিখ কালী, মুখে বল কালী,
কালের মুখে এখন পড়িবে রে কালী। ৮৬৭॥

সিন্ধু—আড়াঠেকা।

কিঙ্করে কর দয়া দয়াময়ী দাক্ষায়ণী।
দয়া যদি না করিবে কলঙ্ক রবে জননী॥
আমি অতি মূঢ়মতি, ভজনবিহীন গতি,
গতি ত্বংহি গতি ত্বংহি, অগতির গতিদায়িনী।
ভেবে ভেবে হলেম সারা, অভয়পদ দে মা তারা,
সম্বল হইলাম হারা, কিসে তরিব জননী।
নবীনের সময় এমন, রাহুগ্রস্ত চন্দ্র যেমন, পাপগ্রস্ত দেহমলিন,
(ওগো) মুক্তি পদপ্রদায়িনী। ৮৬৮।

গৌরী—কাওয়ালী।

হর দুখ হর-মনোমোহিনী,
কলুষবারিণী, তব সুত রবিসুত ভয়ে ভীত ভবরাণী,
কি হবে উপায় নিরুপায় মা, পদ বিতর কাতর জনে আপনি॥
হলে অবসান দিবা, নয়ন মুদিলে কি বা,
যদিও অভয় দিবে ভবানী;
ডাকি বারে বার মম প্রতি কেনে প্রতিকূল আর,
হও মা পাষাণসুতা পাষাণী, তুমি ঈশানী ঈশ-হৃদয়বাসিনী:
আসি আশুতোষ আশুতোষ-রমণী॥
কি আছে মা মম বল, আর কারে বলি বল,
কেবল সম্বল তুমি শিবানী॥
যদি তার নিজগুণে, ব্রজমোহন নির্গুণ জনে,
দিয়ে মা বাঞ্ছিত পদদুখানি, এ ভবিবারি ভববারিতরণী,
হও বারেক কর্ণধার আপনি॥ ৮৬৯॥

জংলা—কাওয়ালী।

প্রাণ যায় রে কখন জানি যায়।
না যায় যে আশ্চর্য্য, নবদ্বার অনিবার্য্য,
হস্ত গেছে দান গ্রহণে, পদ ভেছে কুভ্রমণে,
জিহ্বা গেছে মিথ্যা কু-ভজনে;
নয়ন গেছে কু-দর্শনে, শ্রবণ গেছে কু-শ্রবণে,
মন গেছে কু-ভাব ভাবনায়॥ ৮৭০॥

রামকেলি—আড়া তেতালা।

তীর্থে কি হইবে ফল ভোলা মন তোর ভ্রান্তি কেনে,
কোটিকল্প তীর্থের ফল শ্যামা মায়ের শ্রীচরণে।
জ্ঞান-গঙ্গাতে কর স্নান, দেহ-কাশী কর ধ্যান,
বিশ্বসংসার-তারিণী আত্মরূপ ভাব মনে।
ষোড়শদল উপরে, বিশ্বেশ্বর বিরাজ করে,
মূলাধার হ'তে তারা, হের সহস্রার পানে॥ ৮৭১॥

আড়ানা বাহার—আড়া।

গিরিশ-গৃহিণী গৌরী গিরি-নন্দিনী,
গণপতিজননী গীর্ব্বাণগণ-পালিনী।
বিমলা বগলা উমে, বিশালনয়নী ধূমে,
বিধিবরদা বিশ্বজন-বন্দিনী।
সতী প্রজাপতি-কন্যা, সর্ব্বস্বরূপিণী ধন্যা,
সদাশিবশিরমান্যা, সুখশালিনী॥
অপর্ণা অপরাজিতা, অন্নদা অদ্ভুতা মাতা,
অনাথ অকিঞ্চন শোধাঘবারিণী॥ ৮৭২॥

কালাড়া—ঠুংরি।

জগদম্বার কোটাল, বড় ঘোর নিশায় বেরুলো,
জগদম্বার কোটাল! জয় জয় ডাকে কালী,
ঘন ঘন করতালি, বম্ বম্ বাজাইয়ে গাল॥
ভয়ে ভয় দেখাবারে, চতুষ্পদ শূন্যাগারে,
ভ্রমে ভূত ভৈরব বেতাল।
অর্দ্ধচন্দ্র শিরে ধরে, ভীষণ ত্রিশূল করে,
আপাদলম্বিত জটাজাল॥
শমন-সমান দর্প, প্রথমে চলে সর্প, পরে ব্যাঘ্র ভল্লুক বিশাল!
ভয় পায় ভূতে মারে, আসনে তিষ্ঠিতে নারে,
সম্মুখে ঘুচায় চক্ষুজাল॥
যে জন সাধক বটে, তার কি আপদ ঘটে
তুষ্ট হয়ে বলে ভাল ভাল!
মন্ত্র সিদ্ধ বটে তোর, করালবদনী ঘোর, তুই জয়ী ইহ-পরকাল।
কবি রামপ্রসাদ দাসে, আনন্দ-সাগরে ভাসে,
সাধকের কি আছে জঞ্জাল।
বিভীষিকা সে কি মানে, বসে থাকে বীরাসনে,
কালীচরণ করে ঢাল॥ ৮৭৩॥

সুরটমল্লার—মধ্যমানের ঠেকা।

সদা কালী কালী কালী বল মন,
কালী নাম স্মরণে হয় কালের দমন।
নাহি চাহে কালাকাল, কি সকাল কি বৈকাল,
কিবা সন্ধ্যা রাত্রিকাল, সর্ব্বকালে সে সাধন॥
কিবা বাল্য যুবাকাল, কিবা বৃদ্ধ অন্তকাল,
আজি কালি বলে কাল, করে আয়ুকে হরণ।
বৃথা গেল ইহকাল, না ভাবিছ পরকাল,
বর্ত্তমান কালে ত্রিকাল, দেখ করিয়ে গমন॥
কালী নামে মহাকাল, স্থিরতা চিরকাল,
কি সকাল কি অকাল, ভাব সে শ্যামাচরণ॥ ৮৭৪॥

ললিত—আড়াঠেকা।

অতি দুরারাধ্যা তারা ত্রিগুণা রজোরূপিণী।
না সরে নিগমপাশ বন্ধনে রয়েছে প্রাণী॥
চমকিত কি কৃষক, অজিত এ তিনলোক,
অহংবাদী জ্ঞানী দেখে তমোরজোতে ব্যাপিনী॥
বৈষ্ণবী মায়াতে মোহ, সচেতনা নহে কেহ,
শঙ্কর প্রভৃতি পশুলোনি।
দিয়া সত্য জ্ঞানাঙ্কুরোধ, কর দুর্গে দুর্গতি রোধ,
এবার জনমের শোধ মা বলে ডাকি জননী॥ ৮৭৫॥

শ্রীরাগ—চৌতাল।

এ মা ভবানী ভবরাণী শিবানী, সর্ব্বমঙ্গলা চপলা-বরণী।
ঈশান-হৃদি-পদ্মে স্থিতি, পাষাণ-দুহিতা সতী,
ত্বং হি গতি মাত, ভগবতী ভবভয়-নিবারিণী।
শঙ্কর সাবিত্রী অম্বে, জগদ্ধাত্রী জগদম্বে,
ত্বং হি উমে রমে ভীমে শম্ভু-গৃহিণী।
ব্রহ্মা বিষ্ণু আরাধিতে, অজিতে অপরাজিতে,
হরচন্দ্রে অন্তিমেতে, বাঞ্ছিত চরণ-তরণী॥ ৮

মূলতান—একতালা।

তারা কোন্ অপরাধে এ দীর্ঘ মেয়াদে,
সংসারগারদে থাকি বল।
পশিল ছয় দূত, তশীল করে কত, দারা সুত পায়ের শৃঙ্খল।
দিয়ে মায়া বেড়ী পদে, ফেলেছ বিপদে,
সম্পদে হারালেম মোক্ষফল।
এবার হল না সাধনা, ওমা শবাসনা, সংসারবাসনা প্রবল।
প্রাতঃকালে উঠি, কতই যে মা খাটি, ছুটাছুটি করি ভূমণ্ডল
হয়ে অর্থ-অভিলাষী, আনন্দেতে ভাসি,
সর্ব্বনাশী জানিস্ কত ছল॥
আমি ভূমণ্ডলে কতই দুঃখ দিলে, নীলাম্বরের জলে দুঃখানল
আর বাঁচিতে সাধ নাই, বাসনা সদাই,
ফণী ধরে খাই হলাহল॥৮৭৭॥

সিন্ধু—আড়াঠেকা।

সজল নয়নে ভাষি চাও মা তারা মুক্তকেশী,
ঘুচাতে হবে জননী গলদেশে মায়া-ফাঁসী।
কঠিন সঙ্কটে ফেলে, করেছ কলি মায়া-জালে,
জালমালায় হয়ে বেষ্টিত, কাঁদব কত দিবা নিশি।
ভবে ত্রাসিত জননী, তারা তারা ডাকি আমি,
পতিতপাবনী নাম,পতিতোদ্ধার কর আসি।
কারে দাও ইন্দ্রত্ব পদ, কারে কর তুচ্ছপদ,
এমন একচাকো মেয়ে, শিব লয়ে শ্মশানবাসী।।
সৎকর্ম্মেতে সুখভোগী, পাপকর্ম্মে চিররোগী,
ভাগ্যং ফলতি কার্য্যে, সঙ্গে ফেরে দাস-দাসী।।
দ্বিজ নবীন অতি দৈন্য, কি ভাবনা ভারি জন্য,
যদি পাই গো শ্যামাপদ, হই না ধনে অভিলাষী॥৮৭৮॥

আলেয়া—আড়াঠেকা।

ওহে মহারাজ! আজ কি হেরি নয়নে।
মুক্তকেশী কে ষোড়শী, হুঙ্কারে নাচিছে রণে।
লোলজিহ্বা শবাসনা, শব কর্ণে সুশোভনা,
ভালে চন্দ্র ত্রিনয়না মেঘবরণা—
বামা বাম দ্বিকরে, নৃমুণ্ড কৃপাণ ধরে,
বরাভয় দান করে, দক্ষিণ করে যতনে।
চৌষট্টী যোগিণী সঙ্গে, নাচিছে পরম রঙ্গে,
ভাসিছে রণ-তরঙ্গে ঘোর-বদনা।
মুণ্ডমালা দোলে গলে, দশনে রুধির গলে,
বনোয়ারী লাল বলে, রাখ দীনে শ্রীচরণে॥ ৮৭৯॥

প্রসাদী—একতালা।

কেন গঙ্গাবাসী হব, ঘরে বসে মায়ের নাম গাইব।
আপন রাজ্য ছেড়ে কেন, পরের রাজ্যে বাস করিব॥
কালীর চরণতলে কত শত গয়া গঙ্গা দেখ্‌তে পাব,
শ্রীরামপ্রসাদ বলে, কালীর পদে শরণ লব।
আমি এমন মায়ের ছেলে নই যে, বিমাতাকে মা বলিব। ৮৮০।

ভৈরবী—হরি।

কেও কামিনী শ্মশানবাসিনী,
শোভিত অলক্তরেখা চরণ দুখানি।
দ্বিভুজা নরশির করে, অভয়া সভয়া বরে,
আশুতোষ-হৃদি-পরে বিহারকারিণী।
মা ভৈ মা ভৈ রবে, হুহুঙ্কার করে শিবে,
নাচিছে ভবানী ভবে, শিব-সীমন্তিনী।
দ্বিজ কালিদাস কয়, মন মা ঐ পায়,
না রহিবে ভব-ভয়, শিব-বাক্য জানি॥ ৮৮১॥

জয়জয়ন্তী—ঝাঁপতাল।

শ্যামাঙ্গতঙ্গী, সুরঙ্গিমা দরশনে,
মাতঙ্গী নব-ষোড়শী রত্ন-পদ্মাসনে।
রক্ত অম্বরপরা, গলিত সুচারু করা,
পাশ অঙ্কুশধরা, চর্ম্ম খড়্গের সনে।
অর্দ্ধশশীভালিনী, সুবিশাল ত্রিলোচনী,
কালব্যালিনী জিনি বেণী বিশেষণে ;—
সকলগুণসাধিকে, অমর আরাধিকে,
ত্রাহি অপরাধিকে, শিবতত্ত্ব উপাসনে ॥ ৮৮২ ॥

রামপ্রসাদী সুর—একতালা।

আর কত কাল ভুগ্‌বো কালী, হয়ে আমি কুয়োর ঘড়া।
এই ভবকূপে কোনরূপে, নিবৃত্তি নাই ওঠা পড়া ॥
আশীলক্ষ পাটে ঠেকে সর্ব্বাঙ্গে পড়েছে কড়া।
আবার গলায় কণা, শক্ত ফাঁসা মায়ামোহ দড়ী দড়া।
যুগে যুগে মলেম ভুগে কিছুতে না নড়া চড়া।
শীতে কাঁপি জলে ভিজি রোদেতে হই বেগুন পোড়া ॥
রোগে-ছিদ্রতে, কালনিদ্রাতে, তখন থাকি হয়ে পোঁড়া।
জীবাত্মা কাঁসারী বেটা অমনি এসে দেয় মা জোড়া ॥
কি অপরাধ করেছি মা, এত কেন শাস্তি কড়া।
কবি কয় তোর পায়ে পড়ি, আর করো না ফোঁড়াছেঁড়া ॥ ৮৮

বিভাস—একতালা।

পার কর মা আমায় শ্যামা,
অপারে পড়েছি দুর্গে, চরণ দিয়ে কর ক্ষমা।
অশীতি লক্ষ যোনি ভ্রমণ করিয়ে, আবার আন্‌লি মানব দেহ-
পাপে দেহ পূর্ণ হল আমার গতি কি হল উমা।
দ্বিজ নবীনের মন, মিছে ভাব অকারণ,
ঐ পদে হবে মোক্ষপদ, পদাঙ্কেতে রাখবে বামা ॥ ৮৮৪ ॥

যোগীয়া বেহাগ—মধ্যমান।

চল ভবের হাটে,
মন করিব বাণিজ্য কায্য শ্যামা মায়ের নিকটে।
মন বোঝা নাহি যায় ভাবে, লাভ কি লোকসান হবে,
এখন এই সার কর যা থাকে ললাটে॥
মন হিসাব কিতাব আদি তার, শকনি তারার ভার,
তুমি কি মন বুঝিবে ভাব, সম্ভবনা নাইক ঘটে।
মন ফলিতার্থ যা হবে, তুমি কি তা দেখিতে পাবে,
তবে দেখ ওরে মন তুমি কেবল চিনির মুটে॥৮৮৫॥

খাম্বাজ—আড়াঠেকা।

কবে সে দিন হবে, তারিণী মোরে তারিবে,
অনন্যশরণ জনে চরণে রাখিবে শিবে,
রসনায় বসিবে তারা, নামাঙ্ক মধুরাক্ষরা,
তারা নাম বিনা শ্রবণ আর না শুনিবে॥ ৮৮৬॥

জংলা—একতালা।

অভয় পদে প্রাণ সঁপেছি, আমি আর কি যমের ভয় রেখেছি।
কালী নাম মহামন্ত্র, আত্মশির শিখায় বেঁধেছি,
আমি দেহ বেচে ভবের হাটে, দুর্গানাম কিনে এনেছি,
কালী নাম কল্পতরু হৃদয়ে রোপণ করেছি,
এবার শমন এলে হৃদয় খুলে, দেখাব তাই ভেবে আছি,
দেহের মধ্যে ছজন কুজন, তাদের ঘরে দূর করেছি,
রামপ্রসাদ বলে, এবার আমিযাত্রা করে বসে আছি॥ ৮৮৭॥

বাউলের সুর—একতালা।

মাক্ষধন তুই বন্ধ কর মন বাক্‌সেতে,
জগৎ আলো হবে যাহাতে।
অচিরাৎ তুই পাবি ফল রে ইহাতে।
ভুলালে ভুল্‌বি না, যাতে তাতে।
যেমন তাঁতির সূতা, তাঁত কাটিলে তাঁতিতে
গুরু বাক্য ধর, অভিমান ত্যাগ কর,
সতত সঙ্গ কর, পরিণামে তর্‌বি অবহেলেতে॥ ৮৮৮॥

বেহাগ—আড়াঠেকা।

ইচ্ছা আছে মা মনে, দুর্গানামে দীক্ষা হয়, যা থাকে সাধনে।
কালী নামে দিয়ে গণ্ডী, মধ্যে কর্‌বো পঞ্চমুণ্ডি,
যোগে এনে উগ্রচণ্ডী থোব হৃদি পদ্মাসনে॥
বাম নাসা শোষনেতে, উঠিবে আসন শূন্যেতে,
স্থিরভাবে কুম্ভকেতে, রেচকে স্বস্থানে॥
কুণ্ডলিনী সহযোগে জীবাত্মারে লয়ে যোগে,
পরমাত্মায় স্থান গেলে, রাখবে সমাধি করণে॥
দ্বিজ নবীনচন্দ্রে কয়, সেও তো সামান্য নয়,
যদি কালী কূল দেয়, আর যাব না পতনে॥ ৮৮৯॥

মুলতান—আড়াঠেকা।

কে রে বামা নিবিড় নীরদবরণী,
দেবদেবাদি পতি, মানসে পূজিতে নতি,
অপার মহিমা জেনে, পদতলে ত্রিশূলপাণি।
জগৎ-দুর্লভ তুমি, পুরাণে শুনেছি আমি,
অসার সংসার, সারাৎসার, হয়েছি আপনি।
দ্বিজ নবীন ভাবে তাই, শ্রীচরণ কবে পাই,
পাইলে জনম সফল, মোক্ষপদ সামান্য গণি॥ ৮৯০॥

টোরী—আড়া।

মৃগরাজোপরে কে রে বিহরে,
শ্যামা বিবিধ আয়ুধ ধরে অরি প্রাণ হরে।
নবীনা হেমবরণী, ত্রিগুণ-ধারিণী ত্রিনয়নী,
কোটি রবি শশী শোভে চরণ-নখরে ॥ ৮৯১ ॥

আলিয়া—কাওয়ালী।

কালী অকুল সাগরে কুল দেখিনে।
কি হবে কুলীনে, অকুল দেখি রে যদি অনুকূল হয়ে,
কুলকুণ্ডলিনী কুলা কুলবিহীনে;
আমি কুলহীন দীন ভ্রান্ত, কুলের পাবক মা হয়েছে একান্ত,
কাল-বেশ করিয়ে কালান্ত, কুলে এলাম হয়ে কুলশ্রান্ত,
হইয়ে প্রতিকূল, দাশরথি প্রতিকূল,
দে মা গিরিকুলোদ্ভবা স্বগুণে ॥ ৮৯২ ॥

প্রসাদী—একতালা।

ওরে মন কি ব্যাপারে এলি।
ও তুই না চিনিয়ে কাজের গোড়া, লাভে মূলে হারাইলি ॥
গুরুদত্ত রত্ন ভরে, কেন বা পায় না করিলি।
ও তুই কুসঙ্গেতে থেকে রত, মধ্যে তরী ডুবাইলি ॥
শ্রীরামপ্রসাদ বলে, সে অর্থ কেন না আনিলি।
তোর ব্যাপারেতে লাভ হবে কি, মহাজনকে মজাইলি ॥ ৮৯৩ ॥

বেহাগ—আড়া।

মা হেরম্ব-জননী হরহৃদি-মণি হৈমবতী হেমবরণী ॥
হিমকর ভালে, হিমগিরিবালে, হর মায়াজালে গো তারিণী ॥
হীরকাদি মণি, হিরণ্যরচিত হিরণী হলাহল ধরা পবিত্রিণী,—
হীনত মদনা, হিতকারিণী, মা হের অকিঞ্চনে দীনজননী ॥৮৯৪॥

বেহাগ—ঢিমে তেতলা।

ভুবন ভুলালে রে কার কামিনী ঐ রমনী
বামার করে করাল শোভিছে, ভালে করবাল যেন দামিনী
সজল জলদ শোণিত অঙ্গে, নাচে ত্রিভঙ্গে তাল বিভঙ্গ রে,
মায়ের শিরে শিশু-শশী ষোড়শী রূপসী, শশীমুখী কাশীবাসিনী
অট্ট অট্ট হাসিছে রে নাশিছে অসুর মা তৈ ভাসিছে রে,
শ্রীহরেন্দ্র কহিছে, হৃদি প্রকাশিছে,
তব রূপে ভবজননী॥ ৮৯৫॥

প্রসাদী সুর—একতালা।

অন্নপূর্ণার ধন্য কাশী।
শিব ধন্য কাশী ধন্য, ধন্য ধন্য গো আনন্দময়ী।
ভাগীরথী বিরাজিত হয়ে অর্দ্ধচন্দ্র আকৃতি,
উত্তরবাহিনী গঙ্গা জল চলেছে দিবানিশি।
শিবের ত্রিশূলে কাশী বেষ্টিত বরুণা অসি,
তন্মধ্যে মণিকর্ণিকা শিবের শরীরে মিশি।
কি মহিমা অন্নপূর্ণার, কেউ থাকে না উপবাসী,
ও মা রামপ্রসাদ অনুক্ষণ তোমার চরণধূলার অভিলাষী॥ ৮৯৬॥

বিভাস—একতালা।

ভাল সুখ পায় সুনিদ্রায় আছ মন,
হবে তোর অন্তিমকাল দেহ পতন।
তোর শয্যা কণ্টকময় হবে, ভূশয্যায় পড়ে রবে,
শীঘ্র [illegible] দন্ত আশয় [illegible] আয়োজন।
কালাকালে [illegible] পরম ধন, [illegible] রবিসুত
[illegible] অনুক্ষণ,
এ [illegible] সেই পরম রতন।
যার নাম [illegible] ত্রিনেত্র রবিপুত্র ধর রে দমন।
[illegible] কেবল [illegible] শ্রীচরণ॥ ৮৯৭॥

সিন্ধু খাম্বাজ—যৎ

এ নারীকে নারি চিনিতে কয় কার বনিতে।
শিরশ্ছেদ স্বয়ং করি, ছিন্নমস্তা ভয়ঙ্করী,
রক্তবর্ণা নগণা, মগনা শোণিতে॥
পদ্মমধ্যে কর্ণিকার, কিবা সাধ্য বর্ণিবার,
তিনগুণে শোভিত ত্রিকোণ যোণিতে।
কণ্ঠোত্থিত রুধির ত্রিধার,
তার একধার ধরে নিজ অধরে, কি মাধুরী জানিতে।
আরোহণ শবোপর, রুধির পানে তৎপর,
দুই ধার পিয়ে পাশে দ্বিযোগিনীতে।
বিপরীত সুরতে সুরত রতিপতি,
তদুপরি মূরতি কৃপাহি পাণিতে।
ছিন্নমুণ্ড করতলে, অস্থি মুণ্ডমালা গলে,
সুশোভিত যজ্ঞ-উপবীত ফণীতে,
অর্দ্ধকলা চন্দ্রাননে কি শোভিত,
কলানাথ ফলিত কপালমাঝে দিনমণিতে।
তবে তুমি স্বতঃসিদ্ধি, শিবে দে মা ইষ্টসিদ্ধি,
অন্তে যেন যায় প্রাণ সুরধুনীতে॥ ৮৯৮।

বেহাগ—আড়াঠেকা।

আমি কি করিব আর, ভবভার দিয়েছ গো মা হয়েছে অভাব।
অন্ন বিনে করে ফিরি জঠরজ্বালায় জ্বলে মরি,
দিনান্তে হয় না অন্ন, ডাকি মা তোয় বারে বার।
অন্ন বিনে চর্ম্মদড়ী, বেড়াই লোকের বাড়ী বাড়ী,
জিজ্ঞাসা করে না কেহ, কি হইল আজ তোমার।
দ্বিজ নবীনের ভার, যদি তোমার হয়েছে ভার,
তবে চরণতলে রেখো মাগো, ঘুচাও তুমি মনের ভাব॥ ৮৯৯।

প্রসাদীসুর—একতালা।

হয়েছি মা জোর ফরিয়াদী। এবার বুঝি বিচার কর শ্যামা;
ঐ যেমন করিছে জমিনদারী নেচে উঠে ছটা বাদী।
অবিদ্যা বিমাতার বেটা, তারা কাম আদি।
যদি তুমি আমি এক হই তো, পুর হতে দূর করে দি।
বিমাতা মরেন শোকে, ছয়টায় যদি আমল না দি।
সুখে নিত্যানন্দ পুরে থাকি, পার হ'য়ে যাই ভব-নদী॥
হুজুরে তজবিজ কর মা, হাজির করিয়াদী বাদী।
এই স্বোপার্জ্জিত ভজনের ধন, সাধারণ নয় যে তা দি॥
মাতা আদ্যা, মহাবিদ্যা, অদ্বিতীয় বাপ অনাদি।
ও মা, তোমার পুত্রে, সতীন-সুতে,
জোর করে কার কাছে কাঁদি॥
প্রসাদ ভণে, ভরসা মনে, বাপ তো নহেন মিথ্যাবাদী।
ঠেকে বারে বারে খুব চেতেছি,
আর কি এবার ফাঁদে পা দি। ৯০০॥

ঝিঁঝিট—আড়া।

সকলের প্রাণ তুমি বেদাগমে শুনি,
তবে কেন মতভেদ হয় গো জননি।
কেহ হয় ধনেতে রত, কেহ নারীর অনুগত,
কেহ হিংসাপরায়ণ, কেহ তত্ত্বজ্ঞানী॥
সর্ব্বস্বরূপিণী তারা, সর্ব্বে সর্ব্বরুচিকরা,
সর্ব্বভাবে ব্রহ্মসারা, দুলালের বাণী। ৯০১॥

আসোয়ারি—টোড়ী।

কেরে হর-উরসি।
শ্যামা মনোরমা গুণধামা, হাসিছে ভাসিছে সুধারাশি॥
নব জলধর আভা, মুনি-মনোলোভা;
পদযুগে শোভে ভানু শশী॥ ৯০২॥

সিন্ধু ভৈরবী—একতালা।

যে হয় পাষাণের মেয়ে, তার হৃদে কি দয়া থাকে।
দয়াহীন না হলে কি লাথি মারে নাথের বুকে॥
দয়াময়ী নাম জগতে, দয়ার লেশ মা নাই তোমাতে,
গলে পর মুণ্ডমালা, পরের ছেলের মাথা কেটে।
মা মা বলে যত ডাকি, শুনেও ত মা শুন না কি,
সবাই এমনি লাথি খেকো, তবু দুর্গা বলে ডাকে॥ ৯০৩॥

খাম্বাজ—মধ্য মান।

শুমা স্বর্গে স্বর্গে তব নাম আছে গাঁথা,
যোগে জাগে থেকে যদি নাহি কভি কথা।
খাও যে তুমি বেটার মাথা, বারে বারে খাওয়া মাতা,
নাহি তব স্নেহ মমতা ঐ কথা যথা তথা॥
রাখ গুরুর একটা কথা, চাইনে মা তোর ঝুলি কাঁথা,
থাকে না যেন কপটতা, ভক্তবাক্য নয় অন্যথা॥ ৯০৪॥

প্রসাদীসুর—একতালা।

কালী এরূপে আর গত হবে কত কাল।
কি সকাল কি বিকাল, সে ত নাহি মানে কালাকাল;
কালদণ্ড নিয়ে কাল, সঙ্গে সঙ্গে ভ্রমণ করে চিরকাল॥
জননী-জঠরে ছিলেম যতকাল,
আশা ছিল ভবে এসে, সাধনে কাটাব কাল,
প্রতিবাদী হলো তাহে রিপুকাল,
অজ্ঞানে বিফলে গেল বাল্যকাল।
গেল যুবাকাল যুবতী সঙ্গে, কাল কাটালেম রস-রঙ্গে,
জড়ায়ে পীড়াতে গেল বৃদ্ধকাল॥ ৯০৫॥

সিন্ধু—ঢিমেতেলালা।

মন পবনের নৌকা বটে, বেয়ে দে শ্রীদুর্গা বোলে।
মহামন্ত্র যন্ত্র যার, সুবাতাসে বাদাম তুলে॥
মহামন্ত্র কর হাল, কুণ্ডলিনী কর পাল;
সুজন কুজন আছে যারা তাদের দে রে দাঁড়ে ফেলে।
কমলাকান্তের মেয়ে, নঙ্গর তোল দুর্গা কয়ে,
পড়িবি তুফানে যখন, সারি সারি সবাই মিলে॥ ৯০৬॥

ইমন্—একতালা।

কে রে রণমাঝে, এ কার বামা রণ-সাজে?
আলুলিতকেশী বিবসনা বামা, নরশিরোমালা গলে অনুপমা,
শিব শিব করে নাচে শবোপরে,
শ্রুতিমূলে শবশিশু শোভিছে॥
রক্তজবা জিনি শোণিতাক্ত আঁখি,
সুশাণিত অসি শোণিতে মাখি,
বিদ্যুৎ আকার শোণিতের ধার জলদবরণী সাজে॥ ৯০৭॥

প্রসাদীসুর—একতালা।

এই সংসার ধোঁকার টাটি; ও ভাই আনন্দ বাজারে লুটি।
ও রে ক্ষিতি জল বহ্নি বায়ু, শূন্যে পাঁচে পরিপাটী।
প্রথমে প্রকৃতি স্থূলা, অহঙ্কারে লক্ষ কোটী॥
যেমন সরার জলে সূর্য্য ছায়া, অভাবেতে স্বভাব মেটী;
গর্ভে যখন যোগী তখন, ভূমে পড়ে খেলেম মাটী,
শুরে ধাত্রীতে কেটেছে নাড়ী, মায়ার বেড়ী কিসে কাটি?
রমণী-বচনে সুধা, সুরা নয় সে বিষের বাটী,
আগে ইচ্ছা সুখে পান করে, বিষের জ্বালায় ছটফটি॥
আনন্দে রামপ্রসাদ বলে, আদি পুরুষের আদি মেয়েটী,
ও মা যা ইচ্ছা তাই কর মা, তুমি গো পাষাণের বেটী॥ ৯০৮॥

কেদারা—খামাজ।

রতন-গৃহে কে রে রতন-সিংহাসনোপরে,
ষোড়শী সুরেশী শিবানী।
পীতাম্বরা পীতবর্ণা, যায় না সে রূপ বর্ণনা,
স্বর্ণালঙ্কার-ভূষিতা বালা চন্দ্রভালিনী;
কে রে দনুজ-রসনা ধরি, মুদ্গরেরে ঊর্দ্ধ করি,
রবিশশী অনল সে ভীত ত্রিনয়নী॥
ভবার্চ্চনা করে দুঃখ বিমোচন শিবের,
অভীষ্টসিদ্ধি অচিরে প্রদায়িনী॥ ১০৯॥

প্রসাদী সুর—একতালা।

কালী সব ঘচালে লেটা।
আগম নিগম শিবের বচন, মান কি না মানবি বেটা॥
শ্মশান পেলে ভালবাস মা তুচ্ছ কর মণি-কোটা।
আপনি যেমন ঠাকুর তেমন, ঘচলো না আর নিকি ঘোঁটা।
যে জন তোমার ভক্ত হয় মা, ভিন্ন হয় তার রূপের ছটা,
তার কটিতে কৌপীন মেলে না গায় ছাই আর মাথায় জটা;
ভূতলে আসিয়ে মা গো করালে আমায় লোহাপেটা।
আমি তবু কালী বলে ডাকি, সাহস আমার বুকের পাটা॥
চাকলা জুড়ে নাম রটেছে, নীর প্রসাদ কালীর বেটা,
এ যে মায় পোয়ে এমন ব্যবহার, ইহার মর্ম্ম বুঝবে কেটা॥ ১১০।

ভৈরবী—ঠুংরি।

হৃদি পদ্মাসনে কে রে মা ভৈরবী।
চতুর্ভুজা অক্ষ পুথি মালাবর মাতৈ রবী॥
রক্তবর্ণা ত্রিনয়না, নৃমুণ্ডমালা সুভূষণা,
ভালে খণ্ডশশী প্রতি পদ প্রভাকর রবি।
মনে মনে মনোযোগ, করি এই মনোযোগ,
যদি হয় যোগাযোগ শিব হয়ে পদে রবি॥ ১১১॥

গারা ভৈরবী—যৎ।

তীর্থবাসী হওয়া মিছে, তীর্থবাসী হওয়া মিছে।
শ্যামাচরণ বিনা রে মন কোন্ তীর্থ কোথায় আছে?
শুনেছি রে লোকে বলে, অযোধ্যা নগরে গেলে,
দেখিলে সে রামলীলে, সকল পাপ ঘুচে;
পুন মুনি লিখেন বেদে, সেই রাম পড়ে বিপদে,
দিয়ে রক্তজবা কালীপদে, তবে তো রাবণ বধেছে।
দ্বারকা মথুরাপুরী, শ্রীবৃন্দাবন আদি করি,
কৃষ্ণ যথা লীলাকারী, লীলা করেছে।
সেই কৃষ্ণের জন্ম যখন, কংস রাজা বধে জীবন,
যাতারূপা হ'য়ে তখন কৃষ্ণের জীবন বাঁচায়েছে।
শিবের কৃত কাশীক্ষেত্র, সকল তীর্থের সার তীর্থ,
যে দেখেছে সেই তীর্থ, মুক্তি পেয়েছে;
শম্ভু ভাবে দিবানিশি, যার কৃত সেই কাশী,
আপনি হয়ে শ্মশানবাসী শ্রীচরণ হৃদে ধরেছে॥ ১৯২॥

জংলা—কাওয়ালী।

দিন যায় মন তাই ভাবনা, ভাব কিসে হবে সম্ভাবনা।
এক টাকায় লাক টাকা পেলে, তবু আকাঙ্ক্ষার নিবৃত্তি হয় না
হওয়ার মধ্যে হয় না সাধন ভজন বাড়ে কেবল বাবুয়ানা॥
একতালা দালান না হইতে তে-মহলার বিবেচনা;
বুঝি সসাগরার রাজা হলে, তবু মনের সাধ মিটে না॥
বেদ পড়াই বেদাঙ্গ পড়াই, ব্যবস্থা দেই আপনা বিনা;
আবার পরকে ঠেকাই ফাঁকী করে,
আপনে ঠেকার ফাঁদ দেখি না॥
দানে ধ্যানে ভক্তি জ্ঞানে জেনে শুনে মতি যায় না!
যার পরের ক্ষতি পরের নিন্দায়, পরের নারীর কুল রাখে না॥
রাজমোহন কয় সংসারীতে সত্য কথার লেশ থাকে না;
সেই পরকে প্রবোধ সাধুর মতন,
আপনা প্রবোধ ছাই হল না॥ ১৯৩॥

খট্ ভৈরবী—যৎ।

নির্ব্বাণ গেরাবু খেলায় গীর্ব্বাণী দেখি সংশয়।
শত্রু সঙ্গে বসে আজি হই বুঝি মা পরাজয়॥
যুগে যুগে তাস তেসে, খেলতে হয় মা দশা দোষে,
বদ রঙ ঘুরে এসে, পাপ-পঞ্জা ছক্কা হয়।
ভক্তি হন্দর হাতে এলে, পাছে বাজী জিতি বলে,
হাতের পিট দেয় ফেলে, সাধ করে সাত তুরুপ কয়॥
দেখালে বিবেক-বিন্তি, বলে কি জন্মেছে ভ্রান্তি,
খেলাতে না দেখে শান্তি, ভবানী পেয়েছি ভয়।
চিত্তশুদ্ধি রঙ্গের ফেরাই, যোগে যোগে যদি ফেরাই,
বাসনা পঞ্চাশ হেঁকে, হাতের পাঁচ কেড়ে লয়॥
মন ছিল যে রঙ্গের গোলাম, সে হলো বিপক্ষ গোলাম,
দেখে শুনে হারা হলাম এ দুঃখ কি প্রাণে সয়।
পারী কয় তোর কৃপাবলে, তত্ত্বজ্ঞান রঙ পেলে,
ডঙ্কা মেরে যাই মা চলে, রিপুদলে করে জয়॥ ১১৪॥

জংলা—একতালা।

মন যদি মোর ভুলে,
তবে বালীর শয্যায় কালীর নাম দিও কর্ণমূলে।
এ দেহ আপনার নয় রিপু সঙ্গে টলে (চলে,)
আন রে ভোলা জপের মালা ভাসাই গঙ্গাজলে॥
ভয় পেয়ে রামকৃষ্ণ ভোলা প্রতি বলে॥
আমার ইষ্ট প্রতি দৃষ্টি খাট কি আছে কপালে॥ ১১৫॥

মূলতাল—আড়া।

মদন-মথন-মনোহারিণী, আতসীকুসুমসম-সুবর্ণবরণী;
চতুর্দ্দন্ত চারি শ্বেত, করীকরে বেষ্টিত,
রতনঘটে অমৃত, অভিষেকে শিবানী;
শোভে চারি করবরে, পদ্মদ্বয়ে অভয় বরে,
পাদপদ্ম পদ্মোপরে পদ্মসদ্মবিহারিণী॥ ১১৬॥

ইমন—আড়া।

কে রে নিরুপমা রূপ অনুপম্যামা তনু হেরি হেরি নয়ন জুড়ায়।
সজল কাদম্বিনী জিনিয়া কুন্তল,
তার মাঝে কামিনী সৌদামিনী খেলায় ॥
অঞ্জন অধর আভাসে মুকুতাফল, নীলকমল ভ্রমে অলিকুল ধায়,
ক্ষণে ক্ষণে হাস্য, কটাক্ষ করে কামিনী, শিবের মন সহজে ভুলায়।
মৃগাঙ্ক অরুণ চরণ-নখ কিরণ, রক্ত উৎপল দুটী পদতল তায়,
কমলাকান্ত অনন্ত না জানে গুণ, শ্রীচরণ মানবে কি পায় ॥ ৯১৭ ॥

কালাংড়া—ঠুংরী।

আদর করে হৃদে রাখ আদরিণী শ্যামা মাকে।
তুমি দেখ আমি দেখি আর যেন কেউ না দেখে ॥
কামাদিরে দিয়ে ফাঁকি, এস তোমায় আমায় জুড়াই আঁখি,
রসনারে সঙ্গে রাখি সে যেন মা বলে ডাকে।
অজ্ঞান কুমতী দেখ, তারে নিকট হতে দিও নাকো,
জ্ঞানেরে প্রহরী রাখ, সে যেন সাবধানে থাকে।
কমলাকান্তের মন, ভাই আমার এক নিবেদন,
দরিদ্র পাইলে ধন, সে কি অন্যের স্থানে রাখে ॥ ৯১৮ ॥

ভৈরবী—একতালা।

আমার মন মজিলো ভবমায়ায় কেন ওগো তারা।
লোভে পাপ পাপে মৃত্যু ঐ প্রবৃত্তিতে হলেম সারা ॥
সামান্য ধনের জন্য, অনর্থক কেন ভ্রমণ,
হবজদি সাধন ঐ ধনে বাদ হয়ে হারা!
বিষয়েতে মত্ত মন, তত্ত্বপথে হয় না জ্ঞান,
না করিলি কালী স্মরণ কিসে রক্ষা হয় সুতদারা ॥
তুমি গো রজোরূপিণী, সৃষ্টিস্থিতি-লয়কারিণী,
অশেষ পাপবিনাশিনী, উচিত নবীনে দয়া করা ॥ ৯১৯ ॥

বেলাওল আলাইয়া—হরি।

ওরে মন নীলবরণ চরণ কেন ভাব না।
ক্ষিতি অপ তেজ মরুৎ ব্যোমেতে ধারণা,
মিছা জন্য দেহ ভেবে দেখ না॥
মূলাধারে স্বাধিষ্ঠানে, মণিপুরে সার ধ্যানে,
অনাহতে বিশুদ্ধে মিলন;
আজ্ঞাচক্র করি দেখ না
কুণ্ডলিনী কালী কালী কালে মিশায় না॥
ইড়া সুষুম্না পিঙ্গলা, যোগপথ করি আলা,
আছে মন আমারো কেন পাইতেছ জ্বালা;
নিরবধি তাহে কেন লুকাইয়ে থাক না।
ইহা বই আরো নাহি, যোগপথের উপায় এহি,
ভাব পরাৎপর সেই কালী ব্রহ্মময়ী;
থাকিলে প্রবৃত্তি ভাবে নিবৃত্তি হবে না,
রামচন্দ্র স্থির হৈলে ফের আশা হবে না। ৯২০।

গারা ভৈরবী—যৎ।

কপালে যা আছে কালি তাই যদি হবে,
শ্রীদুর্গা, জয়দুর্গা বলে, কেন ডাকা তবে।
ললাটে লিখেছে বিধি, তাই বলবান্ যদি,
শিব তবে সত্যবাদী, কেমনে সম্ভবে॥ ৯২১।

বাগেশ্রী—আড়া।

কেহ কি আপনার আছে রে, শ্যামধন মিলায়ে দেয় আমারে।
ত্যজিয়ে তনুর আশা প্রাণ দিয়ে তোষিব তারে॥
আমিত ইন্দ্রিয়বশে, ভুলে আছি মায়া পাশে,
এমন সুহৃদ কেবা মনোদুঃখ কব কারে।
মন রে ইন্দ্রিয়রাজ, ঐ নহে অন্যের কাজ,
কমলাকান্তের ভার সাধিতে উচিত তোমারে॥ ৯২২।

টোরী—আড়া।

মন নয়ন অন্তরে সদাই কুলাও গো;
ভাবিলে না পাই দেখা এই কি সম্ভবে গো॥
দেখিতে যতন করি, তোমার ভুলে অন্তে হেরি,
থাকিলে অন্তরে শ্যামা কর গো চাতুরী;
তুমি তো বিষম মেয়ে কে তোমারে জানে গো॥
যে সূর্য্য প্রতিবিম্ব, প্রকাশরে যথা অম্বু,
অন্যথা অদৃষ্ট বস্তু দেখা নাহি যায়;
রামচন্দ্রে দর্পণেতে দেখাও রাঙ্গাপদ গো॥ ৯২৩॥

পরজ—কাওয়ালী।

তার শিবের নয়ন ভুলেছে।
নিরুপমারূপ চিকণ কালা হেরিয়ে॥
তা নইলে ত্রিলোচন, পরম যতনে কেন, শ্রীচরণ হৃদে ধরেছে।
চাঁদ ভ্রমে চকোরিণী, ঘন ভ্রমে চাতকিনী,
নলিনী ভরমে ভ্রমরিণী এসেছে (গো)
হারাইয়া নিজমণি, ব্যাকুল হইয়া ফণী, রূপ নিরখিয়া রয়েছে।
হেরিয়ে কুসুম ধনু, অভিমানে ত্যজি তনু,
বিরহিণী হৃদয়ে শরণ লয়েছে।
ও রূপ আনন্দ নিধি কমলাকান্তের হৃদি,
কমল প্রকাশ করেছে॥ ৯২৪॥

মোহিনী বাহার—জলদ তেতালা।

নিস্তার তারিণী তারা ভবেরি বন্ধন।
স্নেহ-মেঘে অন্ধকার হেরি সর্ব্বক্ষণ॥
মায়া-বিন্দু বরিষণে, ওষ্ঠাগত হয় প্রাণে,
কৃতান্তের পরশনে, কুন্তীর যেমন।
বিপ্রদাস এই ত্রাসে, পড়েছে চরণ আশে,
যেন পাই অবশেষে, ও রাঙ্গাচরণ॥ ৯২৫॥

দেশমল্লার—আড়া।

চরমে পরমপদ পাইবে কি কর আশা ?
তত্ত্বজ্ঞান পরিহরি মনমত্তে আছ ঠেসা।
মায়া মোহ এ সংসার, স্ত্রীপুত্র পরিবার,
(তবু) শবব্যস্ত জন্য তার, হয়ে একি দুর্দ্দশা।
মহাকাল মহাখল, ধরে লবে কুন্তল,
তাই বলি ভজ কালী, যেন ভুবন না হয় নিরাশা ॥ ১২৬ ॥

জ লা—একতালা।

নাই মন বিদেশ তোমার, দেখ ত্রিভুবন হয় যে শ্যামার ;
জলে স্থলে শূন্যে বনে, শ্যামা মা যে তোমার সনে,
ও তুই রাজার মেয়ের ছেলে হয়ে,
কি আর ধারিস্ রে ভাবনার।
যেখানে সেখানে রবি, মায়ের অঞ্চল ধ'রে চাবি,
ও তুই যা চাবি তাই খেতে পাবি,
ভবানী ভাব আপনার ॥ ১২৭ ॥

হাম্বির—একতালা।

কালীপদ পঙ্কজে মতি যার, ভবঘোরে সে ঘোরে না আর।
তার মনের মলা বিনাশেন বিমলা,
অন্তরে থাকে না অজ্ঞান অন্ধকার।
রণে রাজদ্বারে, শ্মশানে, মশানে, শূন্যাগারে,
শূন্যমার্গে, হুতাশনে, অস্ত্রাঘাতে, উল্কাপাতে,
বিষপানে, বিষস্ত্রীগমনে, বিঘ্ন নাইকো তার।
হস্তী-দন্তে, শৃঙ্গীশৃঙ্গে, নখী নখে,
নদী, নদে, হ্রদে, শৈলে, সমুদ্রকে,
রাক্ষসে কি খগে, পিশাচে পন্নগে
প্যারী বলে সে পার পারাবার ॥ ১২৮ ॥

মধুকানের—সুর।

এই বেলা মন নে রে ডেকে নীলাব্জবরণী মাকে।
নিলাম নিলাম কচ্ছে শমন, কখন নেবে নীলাম ডেকে॥
কাল নিলে নীলামে ডেকে, কার শক্তি কে রাখবে ঢেকে,
লয়ে যাবে ডাকে ডাকে, তখন আর কি হবে ডেকে।
জ্ঞাতি বন্ধুগণে ডেকে, কায়াটা কাপড় ঢেকে,
কাঁদবে সবে ডেকে, সারা কেউ পাবেনা ডেকে॥
চুল পেকেছে দাঁত পড়েছে, পরমায়ুর মেয়াদ গিয়েছে,
পরোয়ানা দেখ এসেছে, অতএব বলি তোকে॥ ৯২৯॥

বেহাগ—আড়াঠেকা।

এমন দিন মোর কবে হবে কালী বলে প্রাণ যাবে।
বন্ধুবর্গে আসি মোর কর্ণে তারানাম শুনাবে॥
অন্তে সজ্ঞান-গৌরবে, ঘেরে সবে বন্ধু সবে,
হরি হরি কালী রবে, উচ্চারিবে প্রেমভাবে॥
নিয়ে জাহ্নবীর জলে, গঙ্গা নারায়ণ বলে,
শুনাবে নাম কুতূহলে, সংকীর্ত্তন গুণ গাবে,—
মনেতে হয় নিষ্কামে, বলে কালী ব্রহ্মধামে;
প্রাপ্ত হব মুক্তিধামে, মগ্ন হয়ে জ্ঞানার্ণবে॥
দেখে কাল পদ্ম জয়, শ্রীশ্যামাচরণাশ্রয়,
সারতত্ত্ব সুধাময়, প্রাপ্ত সদ্গুরু-প্রভাবে। ৯৩০॥

ভৈরবী—সং।

কোথা গো দক্ষিণে কালী কালভয় নিবারিণী।
বারে বারে এত ডাকি মা দয়া নাহি নিলোচনী॥
যদি ভক্ত জন মুক্ত না করবে নিস্তারিণী।
(তবে) দুঃখেরই তরী ভাসে, কেউ লবে না তারিণী॥
দ্বিজ কেনারের এই বাণী, ও গো শিব-সমোহিনী,
বারেকমাত্র কর মা কৃপাদৃষ্টি কাত্যায়নী॥ ৯৩১॥

মল্লার—কাওয়ালী।

করালবদনী, কালী, কপালিনী
কালিকে করুণা করিতে, কেন কৃপণতা কর সুতে॥
জগৎ-জনন, জগদীশ্বরী যা কর, যতেক জীবের জীবন রূপে বিহরে
অখিল ভুবনে যত চরাচর সুর নর,
কে জানে মহিমা তব, তুমি সব, সব তোমাতে॥
দনুজদলনী দয়াময়ী দাক্ষায়ণী,
অশরণ জনের শরণ পরমেশ্বর-মোহিনী, হেম-ভূধর-দুহিতে।
চতুরানন পঞ্চানন গুণ গায়,
বৃহৎ তব মায়ায় শচীপতি হয় যার, দশশতবদন প্রণত যার পায়,
কি ভয় তোমার বিজ রামশঙ্করে হেরিতে॥ ১৩২॥

ভৈরবী—একতালা।

রি ভুবনে, কুরসাভিলাষে গো, মুগ্ধ হয়েছে মন আমার।
হিতাহিত কিঞ্চিৎ না করয়ে বিচার॥
মত্ত করিবর যেন কুপথে ভ্রময়ে মন,
বিবেক অঙ্কুশ বিনে, উপায় নাহিক আর।
দুর্মতি দুর্গতিহরা, তুমি ব্রহ্মময়ী তারা,
তব কৃপা-কটাক্ষ কিরণে, নাশে অজ্ঞান আঁধার।
কর যদি অকিঞ্চনে, করুণা করুণা-গুণে,
ঘোষে ত্রিভুবনে মা, অসীম মহিমা তোমার॥ ১৩৩॥

ঝিঁঝিট—আড়া।

অজ্ঞানতা বশতে দিন গো গেল বহিয়ে, ম চরমে কি হবে শিবে।
মানস তামস অতি, কুরসাভিলাষে কৃতি,
না চিন্তয়ে জনম মরণ দেখিয়ে,
নিদ্রা অবিদ্যা-বশ, পরনিন্দা পরিহাস,
অকিঞ্চনে ত্রাহি দুর্গে জ্ঞানদা হইয়ে॥ ১৩৪॥

বাহার—যৎ।

মহারাজ! কে কালকামিনী সমরে,
শবোপরে না দেখি এমন কালো, শোণিতাক্ত অঙ্গ কালো,
যেমন কাদম্বিনী কালো তড়িত ঘেরে॥ (মায়ের)
রক্তাবৃত পদকরা, রক্তাবৃত কলেবর, রক্তোখিত মুণ্ডমালিকে, মা
নয়নে আরক্ত শোভা, লোলিত আরক্ত জিহ্বা,
চন্দনাক্ত রক্তজবা, চরণোপরে। (মায়ের)
প্রচণ্ড কৃপাণ করে, করে মুণ্ড অভয় ধরে,
করে খণ্ড অসুর নরে, মা
গ্রাসে গজ রথীদল, গ্রাসে রথী মহাবল,
ত্রাসে ক্ষিতি রসাতল, চরণভরে॥ (মায়ের)
নীলকণ্ঠ পরে ধরা, শিরে সুরধুনী ধরা,
তৎপদ হৃদয়ে ধরা তার, মা;
হলধর হেরে অশান্ত, ঘুচাও কালী মনের ভ্রান্ত,
হয় যেন মা জীবনান্ত, ও পদ হেরে॥ (মায়ের)॥ ৯৩৫॥

গারা ভৈরবী—যৎ।

নেংটা মায়ের এত আদর, জোটে বেটা তো বাড়ালে।
নইলে কেন ডাকিতে হবে, দিবানিশি মা মা বলে॥
শ্রীরাম জগতের গুরু, জোটে বেটা তাঁর গুরু,
আপনি বেটা বুঝলে নাকো, রইল শ্যামার চরণতলে॥ ৯৩৬॥

সিন্ধু—মধ্যমান।

দুর্গতিনাশিনী দুর্গে করুণা কর মা,
সহে না সহে না আর সহে না যাতনা।
দুঃখে দুঃখে হলেম সারা, আর কত দুঃখ দিবি তারা,
কিঞ্চিৎ কটাক্ষপাতে, ভুবনে হের না॥ ৯৩৭॥

ঝিঁঝিট—আড়াঠেকা।

কর গো দক্ষিণে কালী আমার হৃদয়ে বাস,
চতুর্দ্দোলে শম্ভু লহ পুরাও মন অভিলাষ॥
তুমি ত মা জগদ্ধাত্রী, ত্রাণ কর ত্রাণকর্ত্রী,
মুক্তিপদ প্রদায়িনী, ঘুচাও আমার ভবের ত্রাস।
যোগেন্দ্র ফণীন্দ্র ইন্দ্র, ধ্যানে না পায় পূর্ণচন্দ্র,
তা জানিয়ে পদতলে পড়ে আছেন কৃত্তিবাস।
তত্ত্বজ্ঞান হয় না কেন, কুসঙ্গে এবানের মজিল মন,
ভবদারা ওগো তারা, শ্রীচরণে কর দাস॥ ৯৩৮॥

বাগেশ্বরী—একতালা।

এ কি বিচার শঙ্করী কৃপা তরী পেলে ধন্বন্তরী।
অনিত্য গৌরব সদা অঙ্গে দাহ, আমার কি ঘটিল পাপ মোহ,
ধন-জন-তৃষ্ণা না লয় বিরহ কিসে জীবন ধরি॥
ও মা অনিত্য আলাপ কি পাপ প্রলাপ, সদত গো সর্ব্বমঙ্গলে,
মায়ারূপ কাল-নিদ্রা সদা দাশরথীর নয়নযুগলে,—
কি সাকপ হল সেই উদরে কৃমি, মিছে কাজে আমি, সেই হল ভূমি
ও রোগে কি বাঁচি তন্ত্রমে অরুচি, দিবস শর্ব্বরী॥ ৯৩৯॥

ললিত বিভাস—আড়খেমটা।

কালীর নামে গণ্ডী দিয়া আছি দাঁড়াইয়ে
শুন রে শমন তোরে কই, আমি তো আপনে নই,
তোর কথা কেন রব সয়ে॥
ছেলের হাতের মোওয়া নয় যে খাবে হুমকো দিয়ে॥
কটু বলবি সাজাই পাবি, মাকে দিব কয়ে,
সে যে কৃতান্তদলনী শ্যামা, বড় ক্ষেপা মেয়ে॥
শ্রীরামপ্রসাদে কয়, শ্যামা মার গুণ গেয়ে,
আমি ফাঁকি দিয়ে চলে যাব চক্ষে ধুলা দিয়ে॥ ৯৪০॥

বেহাগ—জলদ তেতালা।

ও মা পরমেশ্বরী! কখন পুরুষ হও মা কখন ষোড়শী নারী।
অনাদ্যা শক্তিরূপিণী, ভক্তি প্রদায়িনী, তারিণী।
কৃতান্ত উপাধি দিয়ে, কোন মতে তারিয়ে,
নিস্তার ভব-সাগরে, দিয়ে শ্রীচরণ-তরি॥ ৯৪১।

গড়া ভৈরবী—যৎ।

ভেবে দেখ মন কেউ কার নয়, মিছে ফের ভূমণ্ডলে।
দিন দুই তিনের জন্য ভবে, কর্ত্তা বলে সবাই বলে।
আবার সে কর্ত্তারে দিবে ফেলে, কালাকালের কর্ত্তা এলে
যার জন্য মর ভেবে, সে কি সঙ্গে যাবে চলে।
সেই প্রিয়সী দিবে গোবর-ছড়া অমঙ্গল হবে বলে॥
শ্রীরামপ্রসাদ বলে, শমন যখন ধরবে চুলে।
তখন ডাকবি কালী কালী বলে, কি করিতে পারবে কালে॥ ৯

খাম্বাজ—একতালা।

মরি কি রূপ মাধুরী।
হিমগিরি রাজসুতা রাজরাজেশ্বরী॥
পদারবিন্দ পঙ্কে পঙ্কদেব মঞ্চে
বসে ত্রিপুরাসুন্দরী।
কত মায়া তত জ্ঞাত নাহি কালে,
বিধাতা বিদিত নাহি কোন কালে,
দক্ষযজ্ঞ কালে মায়ায় মহাকালে,
ভুলালেন ঐরূপ ধরি।
ও পদ মোক্ষপথী কেন চিত্ত শুনি,
যে পদ চিন্তাতে আছেন চিন্তামণি,
ব্রহ্মা চিন্তামণির চিন্তা নিবারিণী
ঐ বিশ্বগ্রামেশ্বরী॥ ৯৪৩।

মুলতান—একতালা।

কালী গুণ গেয়ে, বগল বাজায়ে,
এ তনু-তরণী ত্বরা করি চল বেয়ে।
ভবের ভাবনা কিবা, মনকে কর নেয়ে॥
দক্ষিণ-বাতাস মূল, পৃষ্ঠদেশে অনুকূল, কাল রবে চেয়ে।
শিব নহেন মিথ্যাবাদী, আজ্ঞাকারী অনিমাদি,
প্রসাদ বলে প্রতিবাদী পলাইবে ধেয়ে॥ ৯৪৪॥

বেহাগ—আড়াঠেকা।

কি কর দরশন। (রাজরাজেশ্বরী)
রক্তবর্ণ ত্রিনয়না, ভালে শশী সুশোভন॥
কমলজ কমলাক্ষ, রুদ্র ঈশ বিরূপাক্ষ,
পঞ্চপ্রেত নিরমিত বসিবার সিংহাসন॥
শোভাকরে চারিকরে, পাশাঙ্কুশ ধনুঃশরে
প্রতি অঙ্গে প্রভাকরে বিবিধ ভূষণ,
সৃজন পালন লয়, রাজকার্য্য এই হয়,
প্রজাপতি প্রজা তবু ভিখারী হরের ধন॥ ৯৪৫॥

খাম্বাজ—চৌতাল।

নীলবরণী নবীনা রমণী নাগিনী জড়িত জটা বিভূষণী।
নীল নলিনী জিনি ত্রিনয়নী, নিরখিনু নিশানাথ নিভাননী॥
নিরমল নিশাকর কপালিনী, নিরুপমা ভালে পঞ্চরেখা শ্রেণী
নিকর চারিকর সুশোভিনী লোলরসনা করালবদনী॥
নিতম্বে দুলিছে শার্দ্দুল ছাল, নীলপদ্ম করে করে করবাল,
নৃমুণ্ড খর্পর অপর দুকরে, লম্বোদরী লম্বোদর প্রসবিনী॥
নিপতিত পতি শবরূপে পায়, নিগম ইহার নিগূঢ় না পায়,
তার পাইতে শিবের উপায়, নিত্য সিদ্ধা তারা নগেন্দ্রনন্দিনী॥ ৯৪৬॥

ভৈরবী—মধ্যমান।

জনসমাজে ভবে, আমি পার হব মা কেমনে,
ওগো তারা ব্রহ্মময়ী হাসালি বুঝ শত্রুগণে।
আমার সময় কঠিন, পর উপাসনার অধীন,
গেল না মা মনের মলিন, দিন গত হয় অদিনে॥
ছিল আমার অন্নাশ্রয়, তাও ত কল্লি নিরাশ্রয়,
দিলি না মা পদাশ্রয়, আশ্রিত পীড়া কি কারণে॥
চিন্তার্ণবে কেন রবে, ডাক নবীন উচ্চরবে,
শুনেও যদি না শুনিবে, কি করিবে এ অধমে॥ ১৬৭॥

সিন্ধু ভৈরবী—মধ্যমান ঠেকা।

নীলবরণী কে কামিনী, কন্দর্প-দর্পহারিণী
নবঘনে সুশোভিত জিনি কোটী সৌদামিনী॥
কি কাজ ঘরে নগরে, ডোব সে রূপ-সাগরে
নামসুধা ধর অধরে, ভাব রে দিবাযামিনী।
কিবা ধর্ম্ম কাম অর্থ, মহাদেব যায় উন্মত্ত,
যোগীর যোগে পরম তত্ত্ব, নিত্য চিন্তেন চিন্তামণি॥
অন্তর্বাহ্য শাস্ত্র তর্কে, আধারাদি ষট্‌চক্রে,
দেখ চন্দ্রানন অর্কে, সহস্রদল যামিনী।
যাঁর মায়ায় মুগ্ধ জীব, যাঁর কৃপায় মুক্ত শিব,
সে নামে নাশে অশিব, শ্যামাচরণে তরণী॥ ১৬৮॥

ললিত খাম্বাজ—একতালা।

তিলেক দাঁড়াও রে শমন, বদন ভরে মাকে ডাকি রে।
আমার বিপদ কালে ব্রহ্মময়ী, এসেন কি না এসেন দেখি।
লয়ে যাবি সঙ্গে করে, তার একটা ভাবনা কি রে,
তবে তারা নামের কবচমালা, বৃথা আমি গলায় রাখিরে
প্রসাদ বলে মায়ের লীলা, অন্যে জানিতে পারে,
যার ত্রিলোচন পেলে না তত্ত্ব, আমি অন্ত পাব কি রে॥ ১৬৯

হাম্বির—মধ্যমান ঠেকা।

শক্তিমান মহামন্ত্র কর রে আশ্রয়,
শক্তিতে হইলে ভক্তি মুক্তি হইবে নিশ্চয়।
ব্রহ্মা বিষ্ণু লয়কারী, সকলের সংহারী,
মহাকাল ত্রিপুরারি, অন্তেতে শক্তিতে লয়॥
শক্তি পূজা শক্তি ধ্যান, শক্তি জ্ঞান রে শক্তি অজ্ঞান,
শক্তি ভিন্ন নাহি ত্রাণ, শক্তি যোগে কালে জয়,
শুচাশুচি কালাকাল, ত্যজ এই ভ্রমজাল,
উপাসনা সর্ব্বকাল, ভাল মন্দ অনিশ্চয়॥
নাহি তায় নিষেধ-বিধি, অবিধি সেই সুবিধি,
বিধি অপ্রাপ্তে বিধি, শ্যামাচরণ তে চিন্তয়॥ ১৫০॥

মুলতান—আড়া।

যদ্যপি আশা জীবন-আশা গেল না সকলই গেল,
কৌমার যৌবন গত জরা আগমন হল।
ছিল না মা জলপাত্র, করপাত্র ছিল মাত্র,
বাঞ্ছা ছিল জলপাত্র মাত্র হয় সম্পদ,
তা দিলে না দিলে ঘড়া, বাঞ্ছা তাতে হল বাড়া,
ব্রহ্মাণ্ড পাইলে তারা হয় সে ভাল॥
সমানবয়সী যত, প্রায়শঃ হইল হত,
ন্যূন জ্যেষ্ঠ গত কত, কত কহিব;
আপন পঞ্চত্ব হবে, মনে মনে জানি সবে,
তবু চিরজীবী ভাবে, ভ্রান্তি রহিল।
চক্ষের মা গেল জ্যোতি, শ্রবণের গেল শ্রুতি,
মনের গেল মা স্মৃতি চরণের গতি;
আছে কান্তা অভিলাষ, অদর্শনে আশার আশ;
দরশনে জরা বলে কি দায় হল।
তোমার মায়ার গুণে, পদ্মযোনি পঞ্চাননে,
ক্ষীরোদশায়ীর মনে ভ্রান্তে ভ্রমিল;
শ্রীরামদুলাল ভাষে, সুপ্রসন্ন হও দাসে,
বাঞ্ছা পূর্ণ কর এসে সেই যে মঙ্গল॥ ১৫১॥

ভৈরবী—আড়খেমটা।

কেন ভাবিলিনে ভাই. শ্যামা মায়ের চরণ দুটী,
ভাল ব্যাপার কল্লি এবার, ভবের হাটে উঠি।
ভবে জন্ম কাজ কি হতো, জলে জল মিশায়ে যেত
মনে ভাবিলে তারা জগত, তারা মা দিত তায় ছুটী।
মায়ের চরণ ভাবিলে পরে, ঘরের ছেলে যেতিস ঘরে,
ও তুই ঘর বুঝে না বসিতে পেরে, কাঁচালি পাকা ঘুঁটী॥ ৯৫

বাগেশ্রী—তিওট।

কাল হারালাম কালের বশে, আমার মন মজিল শ্রীরঙ্গরসে
অন্তিম কাল হবে যখন, আসিবে তখন বন্ধুজন,
ছেঁড়া চেটা ধরে মুড়ে, বাঁধবে আমায় আশে পাশে।
স্থির কর রে আপন মন, ভাব শয়নের শমন,
কালীনামে ভেলা বাঁধ, নিরুদ্বেগে থাকবে বসে॥
দ্বিজ নবীনচন্দ্রে বলে, দেহ মিশাবে ভূতলে,
মাটীর দেহ মাটী হবে, যাবে ছেড়ে অনায়াসে॥ ৯৫৩

ভৈরবী—ঠেকা।

ভৈরবী ভববন্ধন বিনাশিনী। ভীমা ভগবতী ভবসীমন্তিনী
ভবজায়া ভয়হারা বিশ্বের জননী,
ভ্রূভঙ্গে ভয় হর ভয়ঙ্করী ভবানী॥৯৫৪॥

কালাংড়া—ঢিমে তেতালা।

কেও গজেন্দ্রগামিনী বামা যোগেন্দ্রমোহিনী।
মগনা নগনা গলিত কুঞ্চিত কেশ ধাইয়াছে ধরণী॥
রবি শশী দহন, জিনিয়ে ত্রিনয়ন,
অট্ট অট্ট হাসে যেন ঘনে সৌদামিনী।
কিঙ্কর নখর বালা, অরি ছিন্ন করি বালা,
কণ্ঠে পরে শিরোমালা, এ কালকামিনী॥ ৯৫৫

টোরী - আড়া।

হের মা এ দীনে প্রসন্ন অধীন জনে,
তোমা বিনে, কে আছে তারিণী ত্রিভুবনে।
দুর্গে দুর্গতিনাশিনী অম্বে, জগদানন্দদায়িনী জননী জগদম্বে,
তনয়ে তার কৃপাবলম্বনে।
উমা ত্রিপুরহরজায়া, সুরেশ্বরী হরপ্রিয়া,
অসীম তব মহিমা কে জানে
অমল কমলে শশধর ভালে, গৌরী গিরীশগৃহিণী গিরিবালে,
ভবভয়ভঞ্জনে, ত্রাহি অকিঞ্চনে ॥ ৯৫৬ ॥

আলাইয়া—মধ্যমান।

ওমা কৃপণতা করো না মা এক্ষণে,
গুরুবাক্য শোন শিবরাক্য সত্যজ্ঞানে।
লয়েছি শরণ শ্রীচরণে,
আমি শুনেছি তোর পদ, সে নয় সামান্য পদ,
পায় কত ইন্দ্রপদ, ও পদ ধ্যানে।
আমার প্রার্থনা যে পদ, সে অতি সামান্য পদ,
নয় গো মা ব্রহ্মপদ, পদ আপদ নাই যে স্থানে ॥
আমি নিরন্তর ডাকি তুমি শোন না কাণে,
আছে শেষ কল্পে শিববাণী, মা নাই মা মনে জানি,
(ওগো জননি) যা থাকে অদৃষ্টে আমার,
করবো যত্নে আত্মশ্রাদ্ধ তিলকাঞ্চনে ॥ ৯৫৭ ॥

ললিত বিভাস—একতালা।

মন তার কি পুণ্য পাপ আছে, ও যে কালীপদে প্রাণ সঁপেছে।
সন্ধ্যা-পূজা জপ-তপ সে ত জলাঞ্জলি সব দিয়েছে ॥
হৃদি সরোরুহদলে, কালীরূপ ধ্যান কর্ত্তেছে।
নিত্র শত্রু শুভাশুভ, ও তার মান অপমান কি আর আছে,
নিন্দা প্রশংসাতে সমান সুখ দুঃখ সে এক করেছে ॥
অহর্নিশি জ্ঞানহীন ও সে মৃত্যুকে জয় করিয়াছে।
কালীনামামৃত-রস সদা পান করিতেছে ॥ ৯৫৮ ॥

ভৈরবী—ঠেকা।

এই সময় তারিণী তোমায় নিবেদন করে রাখি (গো মা
অকৃতি অধম দেখে, অন্তিমে দিও না ফাঁকী।।
তাতে না থাকিলে জ্ঞান, পাছে হই মা অপমান
কণ্ঠগত হবে প্রাণ, যখন তখন যেন মা বলে ডাকি ॥ ১৫৯

প্রসাদী সুর—একতালা।

রসনায় কালী কালী বল, আমি ডঙ্কা মেরে যাব চলে ॥
সুরাপান করি নে রে, সুধা খাইরে কুতূহলে,
আমার মন মাতালে, মেতেছে আজ,
মদ মাতালে মাতাল বলে ;
যা আছে কর্ম্ম, কে জানে মর্ম্ম, জানে কেবল সেই পাগলে
দেখা দেখি সাধয়ে যোগ, নিজে কায়া বাড়য়ে রোগ,
ও রে মিছে মিছি কর্ম্মভোগ, গুরু বিনে প্রসাদ বলে ॥ ১৬০

প্রসাদী সুর—একতালা।

দুর্গে দুর্গতিহারিণী। অনুগত প্রণত ভকতহিতকারিণী
চিন্ময়ী নির্গুণানন্ত গুণধারিণী।
অপার মহিমা, বেদাগমে তব নাহি সীমা,
আমি মূঢ় জ্ঞানহীন, তত্ত্ব কি জানি ;
মা স্বগুণে করুণা দানে হইও গো চরমে,
অকিঞ্চন চিত্তহারিণী ॥ ১৬১ ॥

ভৈরবী—কাওয়ালী।

যদি বাঁচিবে রে মন, সংসার-চিররোগে ॥
সুবিচার মহৌষধ করহে সেবন ॥
ভস্ম কর অহঙ্কার, চূর্ণ কর মমতার,
বিবেক রসেতে সাধু শীলে ঘরষণ।
অনুপান শুন মন, জগতে তুমি হবে বলী,
গুরুনামাবলী আর কর রে লিখন ॥ ১৬২ ॥

দেবগিরি ঝিঁঝিট—ঢিমে তেতালা।

আয় দেখি রে শমন একবার দুজনে পরীক্ষা করে।
শক্তি থাকতে লেগে দেখি বুদ্ধিবলে কেবা বাড়ে।
যখন শক্তি হয় গত, তখন এসে হও আগত,
তাইতে তোমার প্রতাপ এত, সে প্রভাব আর থাকিবে না রে।
অন্যায় করে গেলে পরে, তারা পদে নালিস করে,
আয় রে ওয়ারেণ্ট ধরে, বেঁধে রাখব কারাগারে॥ ৯৬৩॥

ভৈরবী—আড়া।

ভৈরবী ভবভাবিনী।
ভারতী ভবানী ভবরাণী, ভবসীমন্তিনী, ভবেশী ভীষণরূপিনী।
তামসী দুর্ভাবহারিণী, ভবভয়ভঞ্জিনী,
ভবানী ভবরাণী॥৯৬৪॥

খাম্বাজ—একতালা।

দীনতারিণী দুরিতহারিণী, সত্ত্ব রজঃ তমঃ ত্রিগুণধারিণী,
সৃজন-পালন নিধন কারিণী, সগুণা নির্গুণা সর্ব্বস্বরূপিণী।
তুমি হি কালী তারা পরমা প্রকৃতি, তুমি হি মীন কূর্ম্ম বরাহ প্রভৃতি,
তুমি হি জলস্থল অনিল অনল, তুমি হি ব্যোম ব্যোমকেশপ্রসবিনী।
সাংখ্য-পাতঞ্জল-মীমাংসক-ন্যায়,
তন্ত্র তন্ত্র জ্ঞানে ধ্যানে সদা ধ্যায়,
বৈশেষিক বেদান্ত, ভ্রমে হয়ে ভ্রান্ত,
তথাপি অদ্যাপি জানিতে পারিনি।
নিরুপাধি আদি অন্ত রহিত, করিতে সাধক জনে হিত,
গণেশাদি পঞ্চরূপে কাল পঞ্চ কালভয়হরা ত্রিকালবর্ত্তিনী।
সাকার সাধকে তুমি সে সাকার, নিরাকার উপাসকে নিরাকার,
কেহ কেহ কয়, ব্রহ্ম জ্যোতির্ম্ময়, সেই তুমি নগতনয়া জননি।
যে অবধি যার অভিসন্ধি হয়, সে অবধি সে পরমব্রহ্ম কয়,
তৎপরে তুরীয় অনির্ব্বচনীয়,
সকলি মাতা তারা ত্রিলোকব্যাপিনী॥ ৯৬৫॥

ভৈরবী—ঠেকা

কবে সমাধি হবে শ্যামা-চরণে,
অহং তত্ত্ব দূরে যাবে সংসারবাসনা সনে।
উপেক্ষিয়ে মহতত্ত্ব, ত্যজি চতুর্ব্বিংশ তত্ত্ব,
সর্ব্বতত্ত্বাতীত তত্ত্ব, দেখি আপনে আপনে।
জ্ঞানতত্ত্ব ক্রিয়াতত্ত্বে, পরমাত্মা আত্মতত্ত্বে,
তত্ত্ব হবে পরতত্ত্বে, কুণ্ডলিনী জাগরণে।
শীতল হইবে প্রাণ, আপনে পাইব প্রাণ,
সমান উদান ব্যান, ঐক্য হবে সংযমনে।
কেবল প্রপঞ্চ পঞ্চ, ভূত পঞ্চময় পঞ্চ,
পঞ্চে পঞ্চেন্দ্রিয়, পঞ্চ, বঞ্চনা করি কেমনে।
করি শিবা শিবযোগ, বিনাশিবে ভবভোগ,
দূরে যাবে অন্য ক্ষোভ, ক্ষরিত সুধার সনে।
মূলাধারে বরাননে, ষড়্দল লয়ে জীবনে,
মণিপুরে হুতাশন মিলাইবে সমীরণে।
কহে শ্রীনন্দকুমার, ক্ষমা দে হরি নিস্তার,
পার হবে ব্রহ্মদ্বার, শিবশক্তি আরাধনে॥ ৯৬৬॥

সুরট মল্লার—কাওয়ালি।

কি জন্যে ভবরোগে রে ভ্রান্ত মন।
ত্যজে দুষ্টাহার সংসার এখন,
তারা-নাম মহৌষধি কর রে সেবন।
কুমতি-চূর্ণ ভক্তি-মধু তার অনুপান।
যাবে সব বেদনা মনের মন বেদ,
তারা-নাম পাবকেতে করবে তনু-স্বেদ,
নয়ন-রোগনাশক, ধর গুরু চিকিৎসক,
তারাতে মিশিলে তারা তিনি দিবেন জ্ঞানাঞ্জন।
নিবৃত্তি-লঙ্ঘনে কর রসের দমন, ভবে হইবে প্রেমক্ষুধার উদ্দীপন,
যোগসুধা পথ্য করে, হবে বল হলে পরে,
আরোগ্য-নির্ব্বাণ পুরে দাশরথীর গমন॥ ৯৬৭॥

ভৈরবী—কাওয়ালী।

এ মেয়ে সমরে এলো কে, হবে ত্রিলোকপালিকে।
মরি কিবা আভা, কোটিচন্দ্র প্রভা, মুনির মনোলোভা,
নবীনবালিকে॥
মরি হায় কি রূপসী বয়সে ষোড়শী;
বিগলিতকেশী, মন্দ মন্দ ভাষি;
তাহে অট্টহাসি, প্রকাশিত শশী, করে ধরে অসি বিনাশিকে।
নাথের চরণকমলে কত মধুকরে, গুন্ গুন্ স্বরে মধুপান করে;
বলে রামকুমার দেখ রে শ্যামারে,
নাচে ভবোপরে ভব-আরাধিকে॥ ১৬৮॥

কেদারা—ঢিমে তেতালা।

দুর্গে দুর্গতিনাশিনী, দুস্তারে নিস্তারা তারা দনুজদলদলনী॥
দয়াময়ী দুঃখহরা, দাক্ষায়ণী ভবধারা,
দুস্তরে নিস্তার তারা, দুরূহ দূরকারিণী।
দুরন্ত কৃতান্ত ভয়ে, দুর্গে গো দহিছে হিয়ে,
দয়া কর ভবপ্রিয়ে ধূর্জ্জটি-মনোহারিণী।
দ্বেষ দ্বেষ ছয় জনে, দাসে ছয় দিকে টানে,
দাস্তীর্য্য গাম্ভীর্য্য হীনে, দুর্গে গো কম্পিত প্রাণী!
কহে দীন গণপতি, কি হবে দীনের গতি,
দীনতারিণী দেও সুমতি, দরিদ্রদুঃখতারিণী॥ ১৬৯॥

(এ সংসার ধোঁকার টাটীর উত্তর)

প্রসাদীসুর—একতালা।

এ সংসার সুখের কুঠি;
যার যেমন মন তেমি ধন, মন কর রে পরিপাটি।
ওহে মন অল্পজ্ঞান, বুঝ কেবল মোটামুটি॥
ওরে শিবের ভাবে ভাব না কেন, শ্যামা মায়ের চরণ দুটী।
জনকরাজা ঋষি ছিল, কিছুতে ছিল না ত্রুটি;
সে যে এদিক ওদিক দুদিক রেখে, খেতে পেতো দুধের বাটি॥ ১৭০

সিন্ধু ভৈরবী—একতালা।

কাশী কল্পতরুমূলে মন পাখী কর রে বাসা
ঘুচিবে ভব-পিপাসা, রবে না আর যাওয়া আসা॥
ক্ষুদ্র উদরেরি তরে, উড়িতেছ শূন্যভরে,
আধার আধার করে না পূরে প্রত্যাশা।
এখন উপায় কর, কালীপদ সার কর,
স্মর সেই মুরহর, সফল হইবে আশা॥৯৭১॥

যোগীয়া—একতালা।

অভয়ার অভয়পদ কর মন সার।
ভয় অভয় পেয়ে দূরে যাবে রে তোমার॥
অকর্ম্মজনিত ভয়, যদি ভোগাব ন হয়,
ভয়হারা তারা নাম গাইবে নিস্তার।
ভ্রান্তিযুক্ত শ্রা[illegible] [illegible]মায় হারালে দিন,
অধুনা বি[illegible] [illegible] আমার,
অচঞ্চল হয়ে [illegible] ধ্যান কর রে,
না হইও আ[illegible] [illegible]॥৯৭২॥

টোরী—কাওয়ালী।

কিবে রূপ জগত-[illegible]।
জগদম্বে প্রপন্ন-ভয়ভয়-ব[illegible]-[illegible] [illegible] হলে মহিষমর্দ্দিনী॥
সৌদামিনী জিনি উজ্জ্বলবরণী, [illegible] কত বেসর মণি,
বিবিধ আ[illegible] করে, পদতলে [illegible] ধরণী।
(এ মা) একরূপে কত গুণ প্রকাশ করে [illegible] তারা, মহেশ-মনোহরা
রিপুগণ ত্রাস করা, সুরভ[illegible] [illegible] [illegible]।
অনন্ত মহিমা বেদ শুনি কহে অকিঞ্চন,
তৃণ মহিষ নাশিতে এত আড়ম্বর কেন,
কা[illegible]ক্ষেতে বিশ্ব লয় হয় গো তারিণী॥ ৯৭৩॥

বেহাগ—একতালা।

কে রে বামা বারিদবরণী, তরুণী ভালে ধরেছে তরনী,
কাহারো ঘরণী, আসিয়ে ধরণী, করিছে দনুজজয়।
হের হে ভূপ, কি অপরূপ নাহি স্বরূপ,
মদন-নিধন-করণ-কারণ চরণ শরণ লয়
বামা হাসিছে ভাসিছে লাজ না বাসিছে,
হুহুঙ্কার রবে বিপক্ষ নাশিছে গ্রাসিছে বারণ হয়।
বামা টলিছে, চলিছে, লাবণ্য গলিছে,
সঘনে বলিছে, গগনে চলিছে,
কোপে জ্বলিছে, দনুজ দলিছে, ছলিছে ভুবনময়॥
করে ললিত রসনা, বিকট-দশনা,
করিয়ে ঘোষনা প্রকাশে বাসনা,
হয়ে শবাসনা বামা বিবসনা, আসবে মগনা রয়॥১৭৪॥

সিন্ধু—আড়াঠেকা।

কোথায় ওরে শ্রান্ত মন শ্যামা মাকে ডাক দিকি রে,
যাঁর সনেতে ভোলানাথ, কৈলাসেতে বিরাজ করে।
যদি দেখা পাই রে মাকে, মনের কথা বলি তাঁরে,
নিজগুণে কৃপাময়ী যদি দাসে রক্ষা করে॥
দ্বিজ কেদার বলে মা, মা নয় সামান্য ধন,
ভক্তিভাবে ডাকলে পরে, তার মনোবাঞ্ছা পূর্ণ করে॥১৭৫॥

মুলতান—একতালা।

জীব সাজ সমরে, রণবেশে কাল প্রবেশে ঘরে।
ভক্তিরথে চড়ি করি জ্ঞান তুণ, বাস ধনুকে বেঁধে প্রেমগুণ,
কালীর নাম ব্রহ্ম অস্ত্র তাতে সংযোগ করে॥
আর এক যুক্তি রণে চাই না রথরথী,
শব শত্রুনাশের হবে সুসঙ্গতি,
জীবে রে রণ-ভূমি যদি পায় দাশরথী, ভাগীরথীর তীরে॥ ১৭৬॥

রামপ্রসাদী ছটা।

চল মন সুন্দরবারে, যথা কোটনামি কারো খাটে না রে।
দেওয়ান যথা ভ ঘমাথা, কপট ভক্তি জানে না রে।
সেথা লেংটা গেলে আদর আছে, ধন কড়ি তায় লাগে না রে
দুলাল বলে কেন ফির, টাকা দিয়ে মিলে না রে,
তথায় হাজির বাণী জানাইলে দয়াময়ী দয়া করে॥ ৯৭৭॥

জ লা—একতালা।

সার করেছি আমি শ্যামাপদ।
শিবের উক্তি, ডাক্‌লে মুক্তি, চায় যদি পায় দেয় মোক্ষপদ।
কালী নাম অমৃত তুল্য মন, রসনাতে দিয়ে কর রে পান;
অসীম মহিমা নামে ও নামে কি হয় বিপদ॥
যে করেছে কালীর নাম সাধন, সাধক হয়েছে তার জীবন,
শিব আরাধিত ধন, সে ধনে হবে না বাদ।
দ্বিজ নবীন দীনহীন জন, দিলে না দিলে না মা দিন,
দীনের দিন দে মা একদিন, পূরাই আমি মনের সাধ॥ ৯৭৮॥

জ ল,—কাওয়ালী।

রে জীব অন্তকালের পন্থা কি করিলি।
তবে কি ভাব ভাবিয়ে মজে রলি॥
যে কালে ধরিবে কালে, কি করিবি সেই কালে,
এককালে কালের হাতে ঠেকালি;
কালের কাল মহাকালী, তুচ্ছ করে না ভজিলি,
আপনা দোষে আপনা কপাল খালি॥
যখন দেহ অবশ হবে, বুকে পিটে খিল দিবে,
শব্দ বন্ধ হয়ে চক্ষু ঘুরাবি, হাহাকার কত করবি,
যম-যাতনায় জ্বলে মরবি, তখন বুঝবি কেমন গৃহস্থালী।
বলে রাজমোহন তোর যত ধন পরিবার,
কেহ নয় কার, সময়ের সকলি, না বুঝিলি মায়ায় ভুলি,
কেন আলি কেন গেলি, না চিনিলি অন্তের বন্ধু কালী॥ ৯৭৯।

পুরবী—একতালা।

ভবে সেই সে পরমানন্দ, যে জন পরমানন্দময়ীরে জানে।
সে যে না যায় তীর্থ পর্য টনে, কালী কথা বিনা না শুনে কাণে,
সন্ধ্যা পূজা কিছু না মানে, যা করে কালী ভাবে সে মনে॥
যে জন কালীর চরণ করেছে স্থল, সহজে হয়েছে বিষম ভুল,
ভবার্ণবে পাবে সে কূল, বল সে মূল হারাবে কেমনে॥
রামকৃষ্ণ কয় তেমনি জানে, লোকের নিন্দা শুনিবে কেনে,
আঁখি ঢুলু ঢুলু রজনী দিনে,
কালীনামামৃত পীযুষ পানে॥৯৮০॥

প্রসাদী সুর—একতালা।

মন তুমি খেলাও না পাশা। এম্নি ত্বরাত্বরি ফেলবি পাশা,
যেন স্বচে যায় মনের আশা॥
দুর্গা নামে বেঁধে পাটা, চারি পাটীর ঘরে বসিয়ে ঘুটী,
সতেরো আঠার দান মেরে ভেঙ্গে দাও যমের বাসা।
ছক্কাড়ি পঞ্জুড়ি ফেলে পরে, বাজি তলাড়ু হয়ে যাবে,
আছে আমার ঘরে দুজন রিপু, করবে তারা হাসি হাসা।
অদানের দিন নষ্ট, দানেতে দুর্গতি ভ্রষ্ট,
তাই দান মেরে নবীন তুলে দেরে ঘরে পাশা॥ ৯৮১॥

আলিয়া কাওয়ালী—আড়া।

শঙ্কর মনোমোহিনী তারা ত্রাণকারিণী,
ত্রিভুবন দুঃখ নিবারণী ভব জননী।
ভবানী ভয়ঙ্করী ভীমে বাণী ভয়হারিণী॥
অর্পণা অপরাজিতা, অন্নদা অম্বিকে সীতা,
অসিতা অভয়া বিশ্বানন্দদায়িনী।
বৃন্দাবন রস রসিক বিলাসিনী।
রাম ভাব শত্রু রাম [illegible]শনী,
কমলাকান্ত [illegible] তিমির হর বরদায়িনী॥ ১৮২॥

পূরবী—একতালা।

দিন যায় দীনতায়, ভাবনা মন তায়, কর না তার উপায়।
দিনের দিন হয় তনু হীন ক্ষীণ, কবে হবে আর এ দীনের দিন,
মানে না দিন ক্ষণ শমন প্রবীণ কবে নিয়ে যায়॥
পরিবারের প্রতি সদা টানে মন,
কেশে ধরে আবার টানিছে শমন,
কোথা যাই বল একা রাজমোহন, কব কায় হায় হায়॥ ১৮৩॥

বিভাস—একতালা।

জাগ জাগ কুলকুণ্ডলিনী।
চতুর্দ্দল যুতে, স্বয়ম্ভু সহিতে নিদ্রিত রবে কি জননী।
পদে পদে পৃথক মূর্ত্তি, সিতাসিতে নানা জ্যোতি,
চাও গো ব্রহ্মাণ্ডকর্ত্রী, জ্ঞাননেত্রাবলোকনে।
এসো গো শিরসি সরজোপরি, বিরাজ কর গো শ্রীনাথ উরে,
ডাক গো আনন্দা আনন্দ ভরে, সদা সিন্ধু রসদায়িনী॥১৮৪॥

সিন্ধু ভৈরবী—যৎ।

কেরে বাম-করে অসিধারা, রুধির পড়িছে ধারা,
কণ্ঠদেশে শিরধারা, মায়ের চরণেতে শির ধারা।
একি গো তোর জেরের ধারা, প্রাণ-পতিরে প্রাণে সারা,
দেখি যে তোর কেপনের ধারা, অন্তর হতেছে ধরা॥
কেদারনাথের এই নিবেদন, কৈদারনাথকে কর মা মোচন,
তুই কালি মা রণে মত্ত, কেদারনাথ তেথ গেল মারা॥১৮৫॥

খট্‌ভৈরবী—খেমটা।

নব সজল জলদকায়, কালো হেরিলে আঁখি জুড়ায়।
কপালে সিন্দুর কতই সুন্দর রতন নূপুর পায়॥
মৃদু মৃদুহাসি দন্তম্ম নাশিছে রুধির লেপিয়ে যায়।
চরণ যুগল অতি সুশীতল প্রভুর কমল প্রায়।
কমলাকান্তের মন ও চরণে অমর হইতে চায়॥ ১৮৬॥

সিন্ধু—ঠেকা।

সুরশাখীমূলে ত্রিপঞ্চারে বিহরে কার বামা।
সহাস্যবদনা, সুধা পানে সদা মগনা,
কালরূপেদিক্ আলো করে শ্যামা॥
ইন্দ্রাদি বিবুধগণ, গন্ধর্ব্ব সিদ্ধচারণ,
পুটাঞ্জলি হয়ে স্তুতি করে অবিরাম।
ত্রিগুণী নির্গুণ সগুণ রূপ দরশনে হয় অকিঞ্চন সিদ্ধকামা॥১৮৭।

বেহাগ—একতালা।

কিরূপ অনুপমা মা মহেশ মনমোহিনী।
কলঙ্করহিত পরিণত শত বিধুনিন্দিত বদনী॥
যেরূপ কিরণে হয় হীরকাদি, রত্ন ভূষণে ভূষণী,
মঞ্জীর চরণে বাজে রুনু রুনু মণি মুকুতা গাঁথনী॥
দশকরা বিবিধাস্ত্র ধরা, সবলে দনুজ বিনাশ করা,
পদভরে কাঁপে ধরা, দেব দেবী দেয় জয়ধ্বনি।
আদ্যাশক্তি তুমি ভগবতী, কে জানে মা তব স্তুতি,
অকৃতি কুমতি অকিঞ্চন প্রতি প্রসীদ বিশ্বজননী॥ ১৮৮।

খাম্বাজ—কাওয়ালী।

শঙ্করে করে বাস বিবসনা।
কে লোলরসনা, পূরাও কার বাসনা,
জবা দিয়ে পদোপরে কে করে উপাসনা।
দনুজ রণে প্রবেশি, নাচে উন্মত্তা রেণী, ঘোরধ্বনি সঘন ঘোষণা।
অতি প্রকট ভঙ্গিমা নানা বিকট দশনা॥
যদি কোপান্বিতা ধনী কেন সাহাস্যবদনী
বরাভয় যোগে সুরে সম্ভাষণা।
শব অঙ্গ সব স্থলে, যুগল শ্রুতি মণ্ডলে,
শবদোলে তাহে শবাসনা।
দাশরথীর দুঃখহারা শিবহারা বিভূষণা॥ ১৮৯।

খাম্বাজ—রূপক।

নলিনী নবীনা মনোমোহিনী।
বিগলিত চিকুর ঘটা, গমনে বরটা, বিবসনা শবাসনা মদালসা।
ষোড়শী ষোড়শকলা, কুশলা সরলা,
ললাটে বালার্ক বিধু, শ্রুতিতলে ব্রহ্মাবিধু,
মনুজ্ঞা মধুর মুখী মধুর লালসা॥
সোমমৌলি প্রিয়া নাম, রবিজ মঙ্গল ধাম,
ভজে বুধ বৃহস্পতি হীন কর্ম্মনাশা;—
হরিণাক্ষি হারমধ্যা, হরি হর ব্রহ্মারাধ্যা
হরি পরিবার সেই যে ভজে দিবাসা॥ ৯১০॥

খাম্বাজ—ঢিমে তেতালা।

এ শশী কে মসীবর্ণা মুক্তকেশী ত্রিনয়না।
ভালে শশী করে অসি, ষোড়শী দিক্‌বসনা॥
বরাভয় মুণ্ডধরা, রুধির ধারা অধরা,
পদভরে কাঁপে ধরা ভীমরাবিণী ভীষণা॥
কটিতে কর কিঙ্কিনী, হর উরে একাকিনী,
মুণ্ডমালা বিভূষিণী অতি বিস্তার বদনা॥
হেরিতে সদা ওরূপ, মহিমানাথ লোলুপ,
আহা কিবা অপরূপ কালিকে লোলরসনা॥ ৯১১॥

খাম্বাজ—কাওয়ালী।

আমি পতিত পতিতপাবনী।
মম জন্ম অনিত্য অবনী গুণহীন পাপ নৈপুণ্য বা প্রসন্নে,
দিয়ে পদ অর্পণে, যদি সাধ পূর্ণ কর আপনি॥
যদি কর এ দুরাচার, নির্গুণের গুণ বিচার,
প্রচার তবে না কর গো মা শিবসুন্দরী শ্যামা॥
হেতু দাশরথীর ত্রাণ, জীবনান্ত দিনে যেন,
[illegible] ৯১২॥

খাম্বাজ—ঢিমে তেতালা।

কে ইন্দীবর নিন্দি কান্তি বিগলিত কেশ বসন বিহীনা কেরে সমরে
মদনমথন উরসী রূপসি, হাসি হাসি বামা বিহরে ॥
প্রলয়কালীন জলদ গর্জ্জে, তিষ্ঠ তিষ্ঠ সতত তর্জ্জে,
জন মনোহরা শমন সোদরা গর্ব্ব খর্ব্ব করে ॥
অস্ত্র শস্ত্রে প্রথম দীক্ষা, প্রথম বয়সে বিপুল শিক্ষা
ক্রুদ্ধ নয়নে নিরখে যে জনে গমন শমন নগরে,—
কলয়তি প্রসাদ হে জগদম্বে, সমরে নিপাত রিপু কদম্বে,
সম্বর বেশ কুরু কৃপালেশ, রক্ষ বিবুধ নিকরে ॥ ১৯৩॥

খাম্বাজ—তিওট।

চিকণ কালরূপা সুন্দরী, ত্রিপুরারী হৃদে বিহরে।
অরুণ কমলদল, বিমল চরণতল, হিমকর নিকর রাজিত নখরে ॥
বামা অট্ট অট্ট হাসে, তিমির কলাপ নাশে,
ভাসে সুধা অমৃত ক্ষরে।
ভ্রমি কোকনদদল, মধুকর চঞ্চল,
লঘুগতি পতিত যুবতী অধরে ॥
সহজে নবীনা ক্ষীণা, মোহিনী বসনহীনা কি কঠিনা দয়া না করে।
চঞ্চলাপাঙ্গ প্রাণহর, বরষিত খরশর কত কত শত শত রে।
কহে রামপ্রসাদ কবি, অসিত মায়ের ছবি,
ভাবিয়া নয়ন ঝরে,—
ও পদ পঙ্কজে বিহরতু মানস, মানস আশ ধরে ॥ ১৯৪ ॥

ঝিঁঝিট খাম্বাজ—আড়াঠেকা।

নিবিড় নিতম্বিনী কে রমণী সমরে।
অম্বর করেছে আলো নাচে এলো চিকুরে ॥
বয়সে বালা ষোড়শী, মুখে মৃদু মৃদু হাসি
উদয় হয়েছে শশী আসি পদ নখরে ॥
বাম করে অসি ধরি, রণমাঝে দিগম্বরী,
নাচে অসুর সংহারী মগ্না হয়ে রুধিরে ॥১৯৫ ॥

বারোয়া—ঠুংরী।

কেন মা তোর পাগলিনীর বেশ।
রাজারনন্দিনী হয়ে শ্মশানে প্রবেশ॥
এলথেলো চাঁচর চুল, কে দিয়েছে জবাফুল,
কাণেতে নাসিকার দুল চরণে মহেশ॥
একি দেখি অসম্ভব, পদতলে পড়ে ভব,
নরমুণ্ড করে ধরা লগ্ন কটিদেশ॥ ৯৯৬॥

পরজ—মধ্যমান।

ঐ ভয়ে মুদিনে আঁখি।
নয়ন মুদিলে পাছে তারা হারা হয়ে থাকি॥
একদিন ঘুমায়ে ছিলাম, স্বপ্নে তারা হারাইলাম,
সেই অবধি তারা নাম যতনে হৃদয়ে রাখি॥ ৯৯৭॥

ঝিঁঝিট—একতালা।

কে মোহিনী ভালে কালশশী পরম রূপসী।
বিহরে সমরে বামা বিগলিত কেশী॥
তনু তনু অমানিশা, দিগম্বরী বালা কৃশা,
সব্যে বরাভয় বামকরে মুণ্ড অসি।
মরি কিবা অপরূপ, নিরখ দনুজভূপ,
সুরী কি অসুরী কি পন্নগী কি মানুষী;—
জয়ী হবে যার বলে, সেই প্রভু শবছলে
পদে মহাকাল কালরূপ হেন বাসি॥
নানারূপ মায়া ধরে, কটাক্ষে মানস হরে,
ক্ষণে বপু বিরাট বিকট মুখে হাসি।
ক্ষণে ধরাতলে ছুটে, ক্ষণেকে আকাশে উঠে,
গিলে রথ রথী গজ বাজী রাশি রাশি॥
ভণে রামপ্রসাদ সার, না জান মহিমা মার,
চৈতন্যরূপিনী নিত্য ব্রহ্ম মহিষী।
যেই শ্যাম সেই শ্যামা অকার আকারে বামা,
আকার করিয়া লোপ অসি ভাব বাঁশী॥ ৯৯৮॥

সিন্ধু ভৈরবী—আড়াঠেকা।

যে ভাল করেছ কালী, আর ভালতে কায নাই।
ভালয় ভালয় বিদায় দেমা, আলোয় আলোয় চলে যাই॥
মা তোমার করুণা যত, বুঝিলাম বিধি মত,
জানিলাম শত শত, কপাল ছাড়া পথ নাই॥
জঠরে দিয়েছ স্থান, কোর না মা অপমান,
কিসে হবে পরিত্রাণ, নরচন্দ্র ভাবে তাই॥ ৯৯৯॥

সিন্ধু ভৈরবী—আড়াঠেকা।

সাধে কি করুণাময়ী, করি তব উপাসনা।
কাল ভয় না থাকিলে কেহ তোমায় সাধিত না॥
শুন গো মা আদ্যাশক্তি, করিতে জীবের মুক্তি,
কার হেন আছে শক্তি বিনা তুমি ত্রিনয়না॥ ১০০০॥

খাম্বাজ জংলা—একতালা।

সে কি পায় শ্যামা সামান্য লোকে।
প্রেমে মত্ত চিত্ত যে ধন ত্রিলোচন রাখেন বুকে॥
ওমা কালী কালহারিণী, কালের শঙ্কা কেনা রাখে,
তোর ধরবে চরণ ক'র এত জোর, হাত দিবে সে কালের বুকে॥
অভয়া তোর অভয় চরণ, অধিকারী তার হবে কে।
তুই দিয়েছিস্ মা শিবকে। [illegible] সহস্র সনন্দ লিখে॥ ১০০১॥

সিন্ধু [illegible]—[illegible]।

এত কি করেছি [illegible] মা তব শ্রীপদে।
ফেলে ভবাব্ধি অকূলে [illegible] দাও পদে পদে॥
রচিয়ে ভৌতিক দেহ, অহরহ দুঃখ দেহ,
সংসার মায়ায় গেহ পূর্ণ করেছ বিপদে॥
কুলাল চক্রের মত, [illegible] মোহ চক্রগত,
ঘুরাইছ অবিরত আর ত না সহে হৃদে॥
যত না দেহ যাতনা, ডাকিতে মা ছাড়িব না,
মায়ে করিলে তাড়না সন্তানে মা বলে কাঁদে॥ ১০০২॥

ভৈরবী—কাওয়ালী।

তা কি হবে না মার্জ্জনা। (অপরাধ আমার মা)
কত শত হয় বয়ে যায়, মায়ের কোপ থাকে না॥
আমি মা অজ্ঞান শিশু, না দিলি জ্ঞান কল্লি পশু,
সেই কি আমার দোষ, সেত তোরি বিড়ম্বনা॥
ফেলে মায়াময় হ্রদে, কে কোথা সন্তানে বধে,
কার বা সন্তানের প্রতি হয় অকরুণা।
শুন গো পাষাণের মেয়ে, থেক না পাষাণী হয়ে,
ভেকেরে বধিতে ব্রহ্ম-অস্ত্র জুড় না॥ ১০০৩॥

বেহাগ—মধ্যমান।

মন চল ভবের হাটে।
করিব বাণিজ্য কার্য্য শ্যামা মায়ের নিকটে॥
মন বুঝা নাহি যায় ভাবে, লাভ কি লোকসান হবে,
এখন এই সার কর যা থাকে ললাটে॥
মন হিসাব কিতাব, আদি তার, সকলি তারার ভার,
তুমি কি বুঝিবে ভাব,
সম্ভাবনা নাই বটে, ফলিতার্থ যাহা হবে, তুমি কিতা দেখ্‌তে পাবে
তবে দেখ ওরে মন তুমি কেবল চিনির মুটে॥ ১০০৪॥

বাগেশ্রী—আড়াঠেকা।

বুঝ না মন বুঝাইলে, পরমার্থ না চিন্তিলে।
দিনান্তে মনের ভ্রান্তে, কালী বলে না ডাকিলে॥
জঠরস্থ ছিলে যোগী, জন্মমাত্র কর্ম্ম ভোগী,
শ্যামা নামামৃত ত্যাগী বিষয় সম্ভোগী হলে॥
অকিঞ্চনের সম্মতি, ত্যজ কামাদি সংহতি,
ছয় জনার ছয় রীতি, সম্প্রতি তোমায় মজালে।
ইন্দ্রিয় বশে ইন্দ্রত্ব, পেয়ে হয়েছ উন্মত্ত,
পড়ে রবে ইন্দ্রত্ব দশেন্দ্রিয় অবশ হলে॥১০০৫॥

বাগেশ্রী—আড়া

কেন বাঁধা মায়াপাশে, ও অবোধ মন।
নেহার নয়ন মিলি, শ্যামা মায়ের শ্রীচরণ ॥
যাই যে হেরিছ ভব,অনিত্য অসার তব, রজ্জুতে সর্পের তব ভ্রম দরশন ॥
বিষয় বিভব বল, সকলি এ হলাহল,
কোথা রবে দেহ বল, মুদিলে এ দুনয়ন।
ধর্ম্ম অর্থ মোক্ষ কাম, যদি চাও তবে নাম,
জপ আদ্যাশক্তি বিনি অনাদি কারণ ॥১০০৬॥

সাহানা—একতালা।

কালী বলনা দিন রবে না, আমার মন ভেবনা ভয় কি।
কালী নাম সত্য যে জানে তথা তাঁর বিপত্তি রয় কি ॥
জলধি মন্থনে দেখ পঞ্চাননে হলাহল পানে হল কি।
যে কালী বলে ছিল,তাই তার গেল,নতুবা সে শিব বাঁচে কি ॥১০০৭

খাম্বাজ—তিওট।

কে হরহৃদে বিহরে।
তনুরুচির সজল ঘন নিন্দিত চরণে উদিত বিধু নখরে ॥
নীলকমল দল, শ্রীমুখমণ্ডল, শ্রমজল শোভে শরীরে।
মরকত মুকুরে মঞ্জু মুকুতা ফল, রচিত কিবা শোভা মরি মরি রে ॥
গলিত চিকুর ঘটা নব জলধর ছটা, কাঁপল দশদিশি তিমিরে ॥
গুরুতর পদভর, কমঠ ভুজগাবর, কাতর মূর্চ্ছিত মহীরে ॥
ঘোর বিষয়ে মজি, কালীপদ না ভজি, সুধা ত্যজি বিষপান করি রে ॥
ভণে শ্রীকবিরঞ্জন, দৈব বিড়ম্বন, বিফলে মানব দেহ ধরিয়ে ॥ ১০০৮ ॥

পরজ—মধ্যমান।

কি ধন আছে দিবি গো আমায়।
ভিখারী তোমার পতি অম্বর নাহিক গায় ॥
নাম ধর অন্নপূর্ণ, কি তার রেখেছ চিহ্ন,
তবে কেন গঙ্গাধর ক্ষুধাতে গরল খায় ॥ ১০০৯ ॥

ইমন—আড়াঠেকা।

শঙ্কর উরে বিহরে রণরঙ্গিনী।
কেরে নীলকান্তমণি নিতান্ত নিবিড় গুরু নিতম্বিনী॥
বামা, না বাঁধে চিকুর না পরে বাস, ও বিধুবদনে মধুর হাস,
কিবা সৌদামিনী সুধাংশু সহিত মিলিল কাদম্বিনী॥
চরণ তারণ কারণ যস্য, যে জন না জানে সে জন ভ্রান্ত,
নিতান্ত শ্রান্ত করে কৃতান্ত কমলাকান্ত বন্দিনী॥১০১০॥

ইমন—একতালা।

কার রমণী নাচে সমরে।
বিগলিত কেশ, হাসিয়ে কে সে বর দেয় অমরে॥
দনুজ যারে শমনে, রক্তপিয়ে খগগণে,
নাহি হেরি ত্রিভুবনে এ বামার সমরে॥১০১১॥

ইমন কল্যাণ—একতালা।

হর উরোপরে কে বিহরে ললনা, তিমিরবরণা দিগ্‌বসনা।
করে করবাল, কাল শশী শোভে শিরে,
লোলরসনা অতি বিস্তৃত বদনা॥
অসংখ্য দনুজদল সমূলে বিনাশ হল,
শোণিত হিল্লোলে মহি প্রায় যে মগনা,—
মম হৃদি পদ্মাসনে বিশ্রামহ শ্যামা,
অকিঞ্চন দীনের এই নিতান্ত বাসনা॥১০১২॥

কল্যাণ—একতালা।

কি হেরিলাম কামিনী।
নহে মানবিনী জ্ঞান হয় ব্রহ্ম সনাতনী॥
চরণ কমলে রুধির লেগেছে, কালজলে রক্তজবা ভাসিছে,
এমন মেয়ে আর কি আছে, চিনিতে না পারি জগত জননী॥
শুন হে রাজন করি নিবেদন, সাধ যদি থাকে রাখিতে জীবন,
ধর গিয়ে শিরে বামার চরণ বানা নয় কালভুজঙ্গিনী॥১০১৩॥

কেদার—আড়াঠেকা।

কে রণ তরঙ্গে উলঙ্গী ভীমভঙ্গিনী।
কুরঙ্গনয়নী নীরদাঙ্গী শবচারিণী॥
পদভরে কাঁপে ধরা, করে অসি মুণ্ড ধরা
প্রত্যঙ্গে রুধির ধারা, নরশির হারিণী॥
একা রণ অসহনে, করিছে ক্ষয় রিপুগণে,
বিকট দশন বদনাভি বিস্তারিণী,—
রূপ হেরি অকিঞ্চন, চরণে সঁপেছে মন,
দীনে কুরু কৃপা কালি, কলুষনাশিনী॥১০১৪॥

সুরট—ঝাঁপতাল।

ভবোপরে ত্রিভঙ্গিনী, ভব বিপদভঞ্জিনী,
ভক্ত মন রঞ্জিনী নাচে দৈত্য রণ জিনি।
পদভরে কাঁপে মেদিনী, ঘন ঘন ভীষণ ধ্বনি,
দেখাইছে দৈত্যদলে ভুবনান্ধকার ধ্বনি।
কটিতটে বেষ্টিত কর, করে মুণ্ড শোভাকর,
কপালে শিশু সুধাকর এলোকেশী উলঙ্গিনী॥
অসিতা অসি প্রহরণে, সব প্রায় নাশিল রণে,
শরণ বিনে ত্রাণ এ রণে, নাই রে দাশরথী বাণী॥১০১৫॥

মল্লারণে—কাওয়ালী।

এলোকেশে কে রণে এলরে বামা।
নখর নিকর হিমকরবর রঞ্জিত মন তনু মু[illegible] হিমধামা॥
নব নব সঙ্গিনী নবরসরঙ্গিনী হাসত ভাষত নাচত বামা
কুলবালা বাহুবলে, প্রবল দনুজ দলে, ধরাতলে হত রিপু সমা॥
ভৈরব ভূত প্রমথগণ সঙ্গে রবে রণজয়ী শ্যামা
করে করে ধরে তাল, বম বম্ বাজায় গাল,
ধাঁ ধাঁ ধাঁ গুড়্ গুড়্ বাজিছে দামামা॥
ভবভয় ভঞ্জন, হেতু কবিরঞ্জন মুঞ্চতি করম সুনামা।
তব গুণ শ্রবণে সতত মম মানে ঘোর ভবে পুনরপি গমনবিরামা॥১০১৬॥

মল্লার—যৎ।

মোহিনী আশা বাসা ঘোর তমোনাশা বামা কে।
ঘোর ঘটা কান্তি ছটা ব্রহ্মকটা ঠেকেছে॥
রূপসী শিরসী শশী, হরোরসী এলোকেশী,
মুখ ঝালা সুধা ঢালা কুলবালা নাচিছে॥
দ্রুত চলে আস্য টলে, বাহুবলে দৈত্যদলে,
ডাকে শিবা যাব কিবা দিবানিশি করেছে।
ক্ষীণ দীন ভাগ্যহীন, দুষ্টচিত্ত সুকঠিন,
রামপ্রসাদে কালীর পদে কি প্রমাদে ঠেকেছে॥১০১৭॥

বসন্ত—একতালা।

ওরে রসনা রসনা বুঝে কেন কুরসে মজেছ ভাই।
ডাক তারা তারা বলে, তারা চিরকালে, আমি যেন তাই পাই॥
তারানাথ বাণী তারা নাম রস, পাইয়ে সুরস সুরেশাদি বশ,
তা ত্যজিয়ে কেন অন্য রসে রস সে রসে পৌরুষ নাই॥
রসময় বাক্য ভাষ যদি তবে,
রসজ্ঞ বলিয়া যশ দিবে সবে,
দাশরথীর অন্তে বিরস ঘটাবে তোর নাকি অন্তরে তাই॥ ১০১৮॥

বাগশ্রী—আড়াঠেকা।

ভাব বসে, মদনান্তক রমণী মম মানসে।
নাহি পর্যাটন শ্রম, প্রেমগন্ধ ভাব কুসুম,
তেজ ধূপ দীপ প্রাণ আছে রে তব পাশে।
সহস্রারা মৃতে পাদ্য অর্ঘ দেহ মন, ভাবরূপ নৈবেদ্য করহে অর্পণ।
কাম আদি ছয় জন বলির এই নিরূপণ
জ্ঞান কৃপাণে ছেদন কর অনায়াসে॥
হোমকুণ্ড কর শ্রদ্ধা সমিধ সমাধি
ব্রহ্ম অগ্নি জ্বাল তায় মন এই বিধি,
হোতা হও ত্যজ কর্ম্ম দার্ঢ্য ঘৃতে রাখি মর্ম্ম
আহুতি দাও ধর্ম্মাধর্ম্ম মন রে হেসে॥ ১০১৯॥

মল্লার—একতালা।

সমর আলো করে কার কামিনী।
সজল জলদ জিনিয়া কায়, দশনে প্রকাশে দামিনী॥
এলায়ে চাঁচর চিকুর পাশ, সুরাসুর মাঝে না করে ত্রাস,
অট্ট হাসে দানব নাশে রণ প্রকাশে রঙ্গিনী॥
কিবা শোভা করে শ্রমজবিন্দু, ঘন তনু হেরে কুমুদ বন্ধু,
অমিয় সিন্ধু হেরিয়ে ইন্দু মলিন এ কোন মোহিনী॥
একি অসম্ভব ভব পরাভব, পদতলে শব সদৃশ নীরব,
কমলাকান্ত করে অনুভব, হইবে জগত জননী॥১০২০॥

সুরট মল্লার—একতালা।

কার বনিতে ভাসিছে শোনিতে বিকশিত যেন নীল নলিনী।
চরণেরি তল, মার্ত্তণ্ড মণ্ডল, হেরিয়ে উজ্জ্বল প্রফুল্ল পদ্মিনী॥
কত শত শশী, নখরেতে বসি,
দিবা বিভাবরী নিভাতে প্রকাশি,
রবি রাশি নাশি, ষোড়শী রূপসী ভুভার হরিতে উদয় মোহিনী॥১০২১॥

বেহাগ—আড়াঠেকা।

জননী হইয়ে করে, ধরেছ মা অসি।
বল তবে কে তারিবে ও গো মুক্তকেশি॥
তোমার ঐ রাঙ্গা চরণ, শিবের বাঞ্ছিত ধন,
তাই ভেবে ত্রিলোচন হয়েছে শ্মশানবাসী॥ ১০২২॥

দেশ মল্লার—কাওয়ালী।

কেরে অঞ্জন গঞ্জন বরণী।
বামা নিরুপমা মোহিনী॥
কেরে রবিশশী বিশরণ বিজলী ঐ চরণ,
করি অরি জয় করি কটি সুশোভন;
মৃণাল নিন্দিত করে, অতুলনা পয়োধরে,
আশুতোষ হৃদিপরে বিহরে কার কামিনী॥১০২৩॥

দেশমল্লার—কাওয়ালী।

রণে বিরাজ করে কামিনী কার।
এলে সমরে অমরে নাই নিস্তার॥
চরণ চালনে ধরা অধীরা কম্পিত কায়,
অধরে মধুর হাসি রুধির বহিছে তায়,
অসি করে তাহে করে শশী করে মসীপ্রায়,
অঘোর পড়িয়ে পদে ভাবিছে অপার॥ ১০২৪॥

জয়জয়ন্তী—একতালা।

লম্বিত মুণ্ডমাল দম্ভিত ধনী মুখ করাল।
স্তম্ভিত পদে মহাকাল, কম্পিত ভয়ে মেদিনী॥
দিগবসনী চন্দ্রভাল, আলুয়ে পড়ে কেশজাল,
শোভিত অসি করে কপাল, প্রখরা শিখরনন্দিনী।
চারিদিকে যত দিকপাল, ভৈরবী শিবা তাল বেতাল,
একি অপরূপ রূপ বিশাল, কালী কলুষখণ্ডিনী॥১০২৫॥

দেশ মল্লার—মধ্যমান।

শবোপরে নাচে শ্যামা মগনা হয়ে।
লাজেরে দিয়েছে লাজ কেমন মেয়ে॥
ভয়ঙ্করা অসিধরা, মুক্তকেশা দিগম্বরা,
অধরে রুধির ধারা পড়িচে বেয়ে॥
দনুজ নাশে সমরে, বরাভয় দেয় অমরে,
কাঁপে ধরা পদভরে সদা সভয়ে॥১০২৬॥

খাম্বাজ - জৎ।

কে সমরে শবোপরে নবঘনবরণী।
রূপ নিরখি নিন্দিত যেন নীলনলিনী॥
প্রভাত ভানুর আভা, চরণ কিরণ শোভা,
রণশোভা করিছে ঐ রণরঙ্গিনী।
দ্বিজ দাশরথী কয়, সামান্যা প্রকৃতি নয়,
করে ধরে নরশির হরঘরণী॥ ১০২৭॥

খাম্বাজ—একতালা।

শ্মশানে কেন মা গিরিকুমারী, কেন মা তোমার এমন বেশ।
সুরসুদিপরে দিয়েছ চরণ, নাহিক তোমার লাজের লেশ।
দিয়েছ চরণ হরেরি উপর, উলঙ্গিনী অঙ্গে না পর অম্বর,
লহ লহ জিহ্বা করিছে তোমার, এলায়ে পড়েছে চাঁচর কেশ।
ভৈরবী ভবানী ভবের কারণ, কয়ে করি মাংস করিছ চর্ব্বণ,
নরপাত্র করে করিয়া ধারণ, যোগিনী সঙ্গে নাচিছ বেশ॥ ১০২৮॥

পরজ কালাংড়া—আড়াঠেকা।

পতিতে তারিতে এত কি কাতরা হলে জননি।
তবে কেন ধরেছ মা, নাম তব নিস্তারিণী॥
পুণ্য পুঞ্জ করে যারা, নিজগুণে তরে তারা,
নামের মহিমা তারা কোন্ গুণে মা বলাও শুনি॥ ১০২৯।

বেহাগ—আড়াঠেকা।

বিধি যা লিখে ললাটে তাই যদি হবে শঙ্করী।
তবে তোমায় মিছে কেন ডাকি গো মা দিগম্বরী॥
যদি হয় নিয়তির কার্য্য, তবে তুমি কিসে পূজ্য,
জানি রাবণের সাহায্য বস তারে কোলে করি।
পারে না তারে রাখিতে, রাষ্ট্র আছে এ জগতে,
রাবণ মলো সবংশেতে তুমি গেলে মা লঙ্কা ছাড়ি॥ ১০৩০॥

পূরবী—কাওয়ালী।

ভাব কি, ভাবনা মন ভবানীরে।
গেল দিন দীনতারিণী পদ, ভজিতে তর না মন ভবনীরে॥
ওরে মন মধুকর, কি কর রে সুধাকর;—
শেখর রমণী নাম সুধা পান কর গান কর
দুস্কর ভাস্কর তনয় ভাবনা যায় দূরে॥ ১০৩১॥

মূলতান—কাওয়ালী।

আপদের আপদ তারিণী পদ।
চিন্ত ভ্রান্ত মন, যে জন যতনে ভাবে তারা পদ
তারা হবে তার আপদ॥
যে পদ বাঞ্ছিত রে যোগীন্দ্র মুণীন্দ্র
ভাবিলে যে পদ ভবসাগর গোষ্পদ বোধ
যে পদ সদা শিবের সম্পদ।
দেবের দেবত্ব যখন হরিল দৈত্য, পদ ভেবে পায় অমরে সম্পদ,
যে পদ স্মরণে পরমার্থ কৃতার্থ যথার্থ দোষ পদে পদে কেনে,
নিরন্তর পদ ধ্যানে দাশরথীর কর মতি নিরাপদ॥ ১০০২॥

টোড়ী—কাওয়ালী।

মনমথ মথন মোহিনী।
পরিণত কলানাথ শত নিন্দিত হসিতবদনী॥
শতদল জিনি তব চরণ দুখানি, সাধকজন মনোরঞ্জিনী,
অপার সংসার পারাবার দুস্তার তারিণী॥
প্রণতপালিনী প্রপন্ন জনগণ সহায়িনী;
পার্ব্বতী প্রকৃতিপরা পরমানন্দদায়িনী পরম ঈশানী॥
শ্রান্ত ভ্রান্ত নিতান্ত কুপথ গত,
সদা অকিঞ্চন মন মা হয় যে ভীত,
দুর্জ্জনে তোমা বিনে উদ্ধারে কে তারিণী॥১০০৩॥

টোড়ী—কাওয়ালী।

কলুষ বিনাশিনী কালী।
কৃষ্ণরূপে বৃন্দাবনে ব্রজাঙ্গনার মন ভুলালি॥
কখনো বা করে অসি কখনো মুরলী,
কভু মুণ্ডমালা গলে কভু বনমালী॥
হইয়ে বামনরূপ ছলে ছিলে বলি,
রাম অবতারে মাগো রাবণ বধিলি॥
প্রকৃতি পুরুষ তারা দুই তোমায় বলি,
সৃজন পালন লয় মা তুমি সকলি॥১০০৪॥

টোড়ী—কাওয়ালী।

জয়দে মাতা জগদম্বে জননী, যোগেশ রমণী জয়া জগদানন্দকারী।
দাঁহনী জগজ্জন প্রসবিনী, মা যমযন্ত্রণা বারিণী, যোগমায়া জগদীশ্বরী
মা যশোদানন্দিনী যশপ্রদা যোগেন্দ্রাণী,
জীবের জীবাত্মারূপা যজ্ঞেশ্বরী
জগদ্ব্যাপিণী জলদরূপিণী জাহ্নবী,
জীবের জনমবারিণী, জগততারিণী জহ্নুকুমারী ॥১০৩৫॥

মেঘ—ঝাঁপতাল।

করালবদনা কালী, কালভয় নিবারিণী।
চতুর্ভুজে রক্তবীজে বিনাশহ মহেশানি ॥
প্রবল হইল দৈত্য, বলে নিল স্বর্গ মর্ত্ত্য,
সুরাসুর রণে মত্ত নাহি কহে ধরণী ॥
এমা গুণাতীত গুণ তব, ভেবে ভব পরাভব,
অসম্ভব গুণ সব পুরাণেতে শুনি।
সেবিয়ে ও অভয়পদ, ব্রহ্মা পেলেন ব্রহ্মপদ,
পেয়ে পদ ত্যজে মদ, শবরূপ শূলপাণি ॥১০৩৬॥

ছায়ানট—তিওট।

এমা কালিকে কালভয়নাশিনী।
কালবারিণী মহাকাল মোহিনী ॥
করাল বদনা বিকট দশনা,
লোল রসনা আর রুধিরে মগনা,
বামা শবাসনা তারিণী ত্রিনয়না বিবসনা
ঘোরবরণা ঘনগভীর নিনাদিনী ॥১০৩৭॥

সাহানা—যৎ।

জয় কালী জয় কালী বলে যদি আমার প্রাণ যায়।
শিবত্ব চইব প্রাপ্ত কায কি বারানশী তায় ॥
অনন্তরূপিণী কালী, কালীর অন্ত কে বা পায়।
কিঞ্চিৎ মাহাত্ম্য জেনে শিবে পড়েছেন রাঙ্গা পায় ॥১০৩৮॥

ঝিঁঝিট—পোস্তা।

মেয়ে হয়ে রণসজ্জা লাজের মাথা খেয়েছে কি।
ছি মা, ও মা একি গো মা এমন মেয়ে দেখেছ কি॥
বাম হাতে অসি ধরা, দন্ত জিহ্বা বাহির করা,
নর করে কটি ঘেরা কপালে উঠেছে আঁখি॥
একি অসম্ভবা মেয়ে, পুরুষের বুকে পদ দিয়ে,
নাচিতেছে খেয়ে খেয়ে আর কি রেখেছ বাকি॥ ১০৩৯॥

ঝিঁঝিট—আড়াঠেকা।

হের কৃপা নয়নে তারা সাধন হীনে।
কে লবে দীনের ভার ঈশানী বিনে॥
খাতক দেখিয়া ভারি, ভয় করোনা ভয়ঙ্করী,
কৃপাবিন্দু শুকাবে না কণিকা দানে॥
কলুষেতে পূর্ণ আমি, কলুষনাশিনী তুমি,
তাই মা তারিতে হবে দুলালে ভণে॥ ১০৪০॥

খাম্বাজ—একতালা।

তারা কে পারে তোমায় চিনতে।
তুমি গো মা উমা, ব্রহ্মময়ী শ্যামা কটাক্ষে পার মা ত্রৈলোক্য জিনিতে
আমি দীন দুরাচার কি জানি বলনা,
ভবে এসে সাধন হলনা হলনা, কোর না ছলনা কি দিব তুলনা,
দনুজ দলনা ভুল না ভুল না রসিকে অন্তে॥ ১০৪১॥

মুলতান—একতালা।

কার বা চাকরি কর।
ওরে তুই বা কে তোর মনিব কেরে হলি কার নফর॥
মহছিবা দিতে হবে, নিকাশ তৈয়ার কর,
ও তোর আমদানিতে শূন্য দেখি কর্জ্জ জমা ধর॥
দীন রামপ্রসাদ বলে, তারার নামটি সার
ওরে মিছে কেন দারা সুতের বোঝার খেটে মর॥ ১০৪২॥

কানাড়া—ঝাপতাল।

কেও ললনা, নলিনী বদনা, দানবদলনা, বল রে আমায়।
হরি কি মাধুরী, যেন স্বর্ণগিরি, রবি শশী হাসি, পতিত পায়।
গলিত চিকুরে শ্রীঅঙ্গ প্রভা, নীল নব ঘনে চপলার আভা,
রক্তোৎপল কমলে, অনিল হিল্লোলে, অলঙ্কার ছলে, মধুপ ধায়।
রাজে মৃগ রাজে সাজে অপরূপ, সমর অলকে সুধায় লোলুপ,
হুঙ্কার ধ্বনি, কাঁপিছে মেদিনী, চরণে বিপিন স্মরণ লয়॥ ১০৪৩।

সিন্ধু ভৈরবী—আড়াঠেকা॥

সকলি তোমার ইচ্ছা, ইচ্ছাময়ী তারা তুমি,
তোমার কর্ম্ম তুমি কর মা! লোকে বলে করি আমি।
পঙ্গুকে কর করী, পঙ্গুকে লঙ্ঘাও গিরি, কারে দাও রাজত্ব পদ মা।
কারে কর অধোগামী।
যে বোল বলাও তুমি, সেই বোল বলি আমি,
তুমি তন্ত্র তুমি মন্ত্র, তন্ত্রসারে সার তুমি॥ ১০৪৪॥

গারা ভৈরবী—একতালা।

জগত তোমাতে, তোমারি মায়াতে, মোহিত জগত জন!
রবি শশী তারা, আজ্ঞাকারী তারা, সদা নিয়ম করে পালন।
সংসার খেলনা দিয়া সুত সবায়,
ভুলায়ে রেখেছ (মা) মোহ ঘোর কুহকে; তুমি দিতেছ যে খেলা,
আমি খেলি মা কুতূহলে, কুহকে হরি খেলা নিত্য ধন।
ভ্রমাসনি! তব ইচ্ছায় মা হয়, কিছু হই আমিরা মা তব মহিমায়;
মা নিয়ে যাও যে পথে, আমি যাই মা সে পথে, মোহে অন্ধ অনুক্ষণ॥

পরজ—একতালা।

মা শিবসুন্দরী।

শুভকারিণী ত্রিতাপহারিণী নাম নিলে ভবসিন্ধু তরি॥
অনন্যারাধ্যে প্রধানা শক্তি, তুমি মা জীবের কর মুক্তি,
যে করে ভক্তি শিবের উক্তি, সেই পায় পদ জগদীশ্বরী॥ ১০৪৬॥

আলাইয়া—একতালা।

শ্যামা! শিব মনোমোহিনী।
তুমি থাক মা অন্তরে, সদানন্দ ভরে, (ওগো!)
সারদে শুভদে জয়দে জননী॥
ওগো কুলকুণ্ডলিনী! কালদ্রা স্বরূপিনি,
কালভয় ভুজঙ্গিনি! কাল সঙ্গিনি,—
যন্ত্রীরূপা তুমি শরীর যন্ত্রে, সত্ত্ব রজ তম ত্রিগুণ তন্ত্রে,
ভ্রের ভ্রান্তে না পারি চিন্তে, ওগো অচিন্ত্যরূপিনি? ॥ ১০৪৭॥

বেহাগ—কাওয়ালী।

শঙ্করী, সুরেশী শুভঙ্করী সর্ব্বাণী সর্ব্বেশ্বরী সুরশরণী।
শিশু শশধর শির সুশোভিনী, শরণাগত জনে সকল সম্পদদায়িনী।
সিংহবাহিনী শূল শক্তি ধ রিণী, শত সৌদামিনী জিনি সুন্দর, সুন্দরবরণ
সারদা সুখদা সদানন্দ স্বরূপিণী,
অকৃত অকিঞ্চনে সদয় হও নিজগুণে শিবে শমনদমনকারিণী॥১০৪৮॥

সোহিনী—কাওয়ালী।

শৈলসুতে স্মরহর দয়িতে মা।
শিশু শশধর শিরসি শোভিতে, শমন সদন গমন বারণ,
কারণ স্মরণ তোমার মা॥
সুরাসুরে শুভাশুভদায়িনী, শিবে সাধক শরণাগত সম্পদবর্দ্ধিনী
সর্ব্বেশ্বরী শ্যামা সুন্দরী শঙ্করী অকিঞ্চনে, তার মা॥ ১০৪৯॥

সোহিনী বাহার—আড়াঠেকা।

শঙ্করী ভগবতী মা গ তদায়িনী।
ভব তারা ভবদারা বিশ্বজননী॥
তুমি অনাদ্যে নিত্যসিদ্ধে মহাবিদ্যে,
কৃপাকরে তোমায় আরাধ্যে দুঃসাধ্য সাধিনী॥ ১০৫০।

পরজ মধ্যমান।

মা তুমি সর্ব্বঘটে।
বিশ্বরূপে বিরাজিছ তিলক্রান্তি কড়া বটে॥
যে দিকে যখন যাই, যখন যে দিকে চাই,
তোমারে দেখিতে পাই বিরাজিত বিশ্ব পটে॥
কিবা জলস্থল, কি অনিল কি অনল,
তোমারি রূপ সকল অখিল সংসার॥
কি ভূধর জলচর, খেচর কিবা ভূচর,
তুমি সকলে বিচর চরাচর চারু মাঠে। ১০৫১॥

ললিত—লাড়াঠেকা।

কি কুহক তারা তোমার ত্রিলোকে কেহ না জানে।
বলে ক্ষিপ্ত লোকে তারে যে থাকে ঐ সন্ধানে।
দ্বিধা ভাবে এক শক্তি, জননী রমণী উক্তি,
ঐক্য করে ক্ষেপা ব্যক্তি অনৈক্য হয় ভ্রান্তি জ্ঞানে॥
বৈষ্ণবী মায়াতে মোহ, সচৈতন্য নহে কেহ,
শঙ্কর প্রভৃতি পদ্মযোনি,
কুহকে কুহক দিয়ে, মায়ায় মায়া আচ্ছাদিয়ে,
চাহ মা সদয় হয়ে শ্রীরামদুলাল পানে॥ ১০৫২॥

ঝিঁঝিট খাম্বাজ—মধ্যমান।

জানি না কি বলে ডাকি তোরে।
কখন শঙ্কর বামে কভু হর হৃদিপরে।
কখন বিশ্বরূপিনী কভু বামা উলঙ্গিনী,
কভু শ্যাম সোহাগিনী, কভু রাধার পায়ে ধরে॥
কখন বিশ্বজননী, পঞ্চভূত নিবাসিনী,
কভু কুল কুণ্ডলিনী, চতুর্দ্দল বিশোপরে॥
যে যা বলে শুনিব না, মা নামের নাই তুলনা,
তাই ডাকি মা বলে মা মা ঐ অভয় চরণ পাবার তরে॥ ১০৫৩॥

আলাইয়া—ঢিমে তেতালা।

রণে কে নীলবরণী চেন উহারে।
কে হরে বিহরে, বুঝি হরের মহিষী
হাসিতে হাসিতে আসি অসিতে নাশিতে অসি প্রহারে॥
নিতান্ত মরি বুঝি সদলে, কৃতান্তদলনী বুঝি দনুজ দলে,
ত্রিপথ প্রভৃতি শতদলে চরণ পূজিছে অমর দলে॥
সবে জীবন আপনারি, চিনিতে নারি এবে নারি
জীবনারি জেনেছি ব্যবহারে॥ ১০৫৪॥

আলাইয়া—একতালা।

বামারে কেউ পার রে চিনতে।
এর সনে রণ মরণ চিন্তে,
মদন নিধনকারী ত্রিপুরারী শরণ লয়েছে চরণোপান্তে॥
বামার একি অসম্ভব ভাব দেখি, ক্রোধে রক্তজবা প্রভা তিন আঁখি
উষাকালে যেন হাস্যমুখী চপলা খেলিছে বিকট দন্তে॥১০৫৫॥

আলাইয়া—একতালা।

কে শবোপরে রূপসী বিহরে মুখমণ্ডলে জগৎ আলো করে।
কালী কি করালী রাধা চন্দ্রাবলী অনুমান নাহি হইল রে॥
অলক্ত হলকে চপলা ঝলকে, নাসা নলকে মরি গো মরি গো ঠমকে
মরাল থমকে কটি হেরি হরি ভুলিল রে॥
কুবলয়হর নিন্দি নয়ন, গৃধিনী-পক্ষিত যুগল শ্রবণ,
স্বপন দাড়িম্ব দন্তবদন, হাসি ফলে সুধা ঢালিল রে॥
অকিঞ্চন ভাবে দিয়ে জলাঞ্জলি, ও চরণদ্বয়ে দেয়ে জবাঞ্জলি,
শিবের পাইবি মন তোরে বলি, ভব ভেবে পাগল রে॥১০৫৬॥

টোরী—কাওয়ালী।

রণ তরঙ্গে তরঙ্গী, (একও)
নাহি লজ্জা কি সাজ, রমণী হইয়ে কেন শবাসনা বিবসনী।
মায়ের রুধিরাক্ত নেত্রতারা, নীলাঙ্গে রুধির ধারা,
পদভরে কাঁপে সদা অধীরা ধরণী॥ ১০৫৭॥

মুলতান—কাওয়ালী।

কি ধন তোমারে দিতে পারি।
নয়ন মুদে দেখলাম ও মা ব্রহ্মাণ্ড তোমারি॥
কি দিব মা রত্নধন, রত্নাকর তব দাস,
স্বর্ণ কাশীপুরে বাস অন্নপূর্ণেশ্বরী॥
কে বলে ভিখারী হরে, কুবের যার ভাণ্ডারী ঘরে,
ব্রহ্মা বিষ্ণু যার দ্বারে চরণ ভিখারী॥ ১০৫৮॥

ভৈরবী—কাওয়ালী।

এ মেয়ে সমরে এল কে, হরে ত্রিলোকপালিকে।
হরি কিবা আভা, কোটিচন্দ্র প্রভা মুনি মনোলোভা নবীন বালিকে॥
মরি হায় কি রূপসী, বয়সে ষোড়শী,
বিগলিত কেশী মন্দ মন্দ ভাষী তাহে মৃদু হাসি,
প্রকাশিত শশী করে ধরে অসি, অসুর বিনাশিকে॥
মায়ের চরণকমলে কত মধুকরে, স্তন্ স্তন্যরে মধুপান করে,
বলে রামকুমার দেখরে শ্যামারে,
নাচে ভবোপরে ভব আরাধিকে॥ ১০৫৯॥

বিভাস—ঢিমে তেতালা।

শ্যামা বামা কে বিরাজে ভবে।
বিপরীত রীড়া ব্রীড় গতা শবে।
গদ গদ রসভাবে, বদন ঢুলায় হাসে,
অতনু সতনু জনু অনুভবে,
রবিসুতা মন্দাকিনী, মধ্যে সরস্বতী মানি,
ত্রিবেণী সঙ্গমে মহাপুণ্য লভে॥
অরুণ শশাঙ্ক মিলে, ইন্দীবর চাঁদে গিলে,
অনলে অনল মিলে অনল নিভে;
কলয়তি প্রসাদ কবি, ব্রহ্ম ব্রহ্মময়ী ছবি,
নিরখিলে পাপ তাপ কোথায় রবে॥ ১০৬০॥

ললিত বিভাস - ঠুংরী।

কালরূপে রণভূমি আলো করেছে।
সমরে কে কার বালা, নয়ন বিশাল বদন করাল নরশির মালা পরেছে
শিবা সবে ঘোর রবে ঘন নাচিছে,
তার মাঝে মাঝে বামা অট্ট হাসিছে,
চাঁচর চিকুর জাল এলায়ে দিয়েছে,
কমলাকান্তের মন মগন হয়েছে॥ ১০৬১॥

সাহানা—জৎ।

দুখ্ পাসরা নয়ন তারা, তারা ঘরে এসেছে।
দেখসিয়ে প্রতিবাসি! চাঁদের উদয় হয়েছে।
গগণের যত তারা, চন্দ্র ঘেরে আছে তারা,
আমার ঘরে দেখ তারা, তারাও মলিন হয়েছে॥ ১০৬২॥

টোরী—কাওয়ালী।

বিবসনী কার বামা, নব জলধরবরণী শ্যামা।
করালবদনী, ভয়ঙ্করনাদিনী, বিশালনয়নী কে ভীমা॥
আপাদলম্বিত বেণী, সমরে উন্মত্তবেশী
সদাশিব উরসী নৃত্যতি অবিরামা,—
ব্রহ্মময়ী কালীরূপা, কুরু অকিঞ্চনে কৃপা নির্গুণা অনন্ত গুণধামা॥ ১০৬৩

সোহিনী—আড়াঠেকা।

নবাভ্র বরণী কার বামিনী, নাচে উলঙ্গিনী?
বিকট অট্ট হাস, নাহি লাজ ভয়লেশ,
একি বেশ এলো কেশ, রণ উন্মাদিনী?
নারীর এমন সাজ, অসম্ভব মহারাজ! যুদ্ধে নাহি কাজ,
বুঝি হবে সর্ব্বস হারিনী;—কহে অকিঞ্চনে, কি ভাব রে দৈত্যগণে?
যে ভব ভাব মনে, সেই ভবভাবিনী॥ ১০৬৪॥

পরজ—কাওয়ালী।

কার বামা রণে নাচিছে॥
সুধাপানে ঢল ঢল ঢলে পড়িছে।
একে ও নীরদ কায়, ত্রিভঙ্গ ভঙ্গিমা তায়,
কালিন্দী সলিলে যেন জবা ভাসিছে॥ ১০৬৫॥

পরজ—কাওয়ালী।

কামিনী যামিনী বরণে রণে। (এল কে?)
এলোকেশী, বাম করে ধরে অসি, উল্লাসিতা দানব নিধনে।
পদভরে বসুমতী, সভীতা কম্পিতা অতি,
তাই দেখে পশুপতি, পতিত চরণে রণে।
দীন রামপ্রসাদ কয়, তবে আর কিরে ভয়?
অনায়াসে যম জয়, জীবনে মরণে রণে॥ ১০৬৬॥

কালাংড়া—কাওয়ালী।

ভুবন মোহন কামিনী।
বিহরে অমরে, অসিত বরণা অসিধারিণী।
অসংখ্য অবশ অঙ্গ, শবোপরে করে রঙ্গ,
মুক্তকেশী দিগম্বরী শঙ্করী রণরঙ্গিনী।
তার চরণতলে মৃত্যুরাজ, বিপরীত তার কাজ,
দশন নখরাঘাতে বিদরে দনুজসমাজ;—
তার সঙ্গিনীগণ যোগিনী মেঘে যেন সৌদামিনী,
নাচিছে হাসিছে আসিছে ভ্রমেও নাহি লাজ,—
ঘন ঘন হুঙ্কারে, গম্ভীর গর্জ্জন করে,
ভুবন কাঁপে থরে থরে প্রলয় সময় জানি॥ ১০৬৭

আড়ানা-ঢিমা তেতালা।

নিন্দি ঘোর ঘন ঘন ঘটা বরণী?
উলঙ্গিনী কার কামিনী?
বাম করে অসি ধরে, অসুর বিনাশ করে,
অপানে মগনা কে সমরে! হুহুঙ্কার রবে সদা কাঁপাইয়ে মেদিনী॥১০৬৮

আলাইয়া—ঢিমে তেতালা।

কালী আমারে কি কালের হাতে সঁপিলে।
কালে শাপ হানিলে এমা, কৃতান্তের নিতান্ত পথ,
লয়ে করিবে গমন, নাহি মানে নিবারণ বুঝালে।
কালভয় কি করি বলনা, এমা কাল গেল কাল এলে
কালাকাল সে মানে না,
কালীর নাম সাধন তখন হবে না, শুনালে শ্রবণে শুনতে পাবে না
যখন অন্তিম সময় হবে, শ্মশানেতে লয়ে যাবে,
তখন আমি কারে ডাকব মা বলে॥ ১০৬৯॥

আলাইয়া—একতালা।

মরি হায় হায় রাঙ্গা পায় কে দিয়েছে জবা।
যেন কনক অচলে অরুণ প্রভা॥
পুজিল চরণ সেই বিশ্বারদ, তাহারি হৃদয় হরের আস্পদ,
এ ভব সাগর বিপদ গোস্পদ মোক্ষপদ তার দুর্লভ কিবা॥
ভাগ্যে থাকে পদ পাব দরশন, ভব-নীতি বাণী ভুলনারে মন
শ্যামা চরণের স্পৃহা কেমন চকোর চন্দ্রিমা সুধারি লোভা॥ ১০৭০

টোরী—কাওয়ালী।

মন সিদ্ধে মায়ের ভজনা।
হলনা সাধনা, একি তব বিবেচনা
পাইয়ে অনিত্য দেহ ধনে বাসনা॥
বাল্যাদি যৌবন কাল, কুরসাভিলাষে গেল,
নিকট হইল কাল ভেবে দেখনা,—
তথাপি চঞ্চল চিত্ত না হল চেতনা॥
ভবসিন্ধু তরিবার, উপায় নাহিক আর,
বিনা শ্যামা মায়ের শ্রীচরণ সাধনা।
অতএব অবিশ্রাম, মুখে বল কালী নাম,
যেই শ্যামা সেই শ্যাম দ্বিধা ভেবোনা।
অন্তে পাবে মে ধাম রবে না ভব যন্ত্রণা॥ ১০৭১॥

মূলতান—একতালা।

মন মজ অভয়া পদে, যদি পার পাবে ঘোর ভয়াপদে।
শমন দমন ঐ শ্রীচরণ ভাব মন নিরাপদে॥
যে পদ বিভব, ভাবে ভাবে ভব, ভাবিলে ভাবেতে ভাব অসম্ভব,
অভাবের অভাব সব হয় সুলভ সম্পদ পদে পদে॥
বল বল করি বলরে রসনা, শ্যামা বিবসনা শিবে শবাসনা,
শবাসনা করি তব উপাসনা, অঘোরে বরদে বর দে॥১০৭২॥

কালাংড়া—একতালা।

বিহরে রণ মাঝে। (রণরঙ্গিনী শ্যামা)।
রতন নূপুর, বাজে সুন্দর, হরহৃদি সরোজে বিরাজে।
গজ বাজি ধরি, বয়ানেতে পূরি, বিরাসে দারুণ সমরে;
সঙ্গে সহচরী, নাচে দিগম্বরী, রণজয়ী মাদল বাজে।
নব জলধর, বরণ সুন্দর, বরণী (স্বয়ং) লম্বিত চিকুরে;
কমলাকান্তের মন মধুকর মগন চরণ সরোজে॥ ১০৭৩॥

ললিত ত্রিতাল॥

ও কার রমণী সমরে নাচিছে?
লোলরসনা দিগে স্বরোপরি শোভিছে।
তনু নব জলধর, রুধির ধারা নিকর,
কালিন্দীর জলে কি শুক ভাসিছে।
বদন বিমল শশী, কণ্ঠ সুধা ক্ষরে হাসি,
কালরূপে তমো রাশি, রাশি নাচিছে,—
কহে কবি রামপ্রসাদে কালিকা কমলপদে,
মুক্তপদ হেতু যোগী হৃদে ভাবিছে॥ ১০৭৪॥

ঝিঁঝিট—আড়াঠেকা।

তাঁতে আমার মন, কালবরণ ভালবাসে।
ত্রিগুণে তি মরে শ্যামা, তিমির নাশে অনায়াসে।
সত্ত্ব রজঃ তমোগুণে, বিহরে যে ত্রিভুবনে,
ব্রহ্মচারী দীপ্তকারী মন! ছেড়ে দাও আমার পাশে॥ ১০৭৫॥

বিভাস—আড়াঠেকা।

আর কত ঘুমাবি কুল কুণ্ডলিনী, মূলাধারে।
জাগ মম অন্তরে জাগ, জাগ জাগ সহসা রে॥
আমায় দিয়ে মায়া নিদ্রা, মা তোমার কি কপট নিদ্রা,
আমার আগত যে মহানিদ্রা অজপা ফুরাইবারে।
কিবা রাত্রি দিনের বেলা একি ঘুম তোর দিনের বেলা,
আমি কাল ভয়ে গিরিবালা মা মা বলে ডাকি তোরে।
এ মা মাধব অভিলাষী, আশী লক্ষ ভ্রমি আসি,
আমায় মুক্ত কর মা মুক্তকেশী, যেন আর না আসি এসংসারে॥১০

ললিত—তিওট।

শ্যামে গদ হলে, ময়না রিপুদলে, বিগলিত কুন্তল জাল।
বিমল বিধুবর, শ্রীমুখ সুন্দর, তনুরুচি বিজিত তরুণ তমাল।
যোগিনী সকল ভৈরবী সমরে, করে করে ধরে তাল;
ক্রুদ্ধা মানস উচ্চ শোণিত, পিবতি নয়ন বিশাল।
নিগম স ঋ গ ম, গণ গণ গণ, অবয়ব যন্ত্র মণ্ডল ভাল;
তাতা থেই থেই ত্রিমিকি ত্রিমিকি, ধা ধা ডক্ক বাদ্য রসাল।
প্রসাদ কলয়তি, হে আমা সুন্দরি! রক্ষ মম পুরকাল;
দীনহীন প্রতি, কুরু কৃপা লেশ, বরাহ কাল করাল॥ ১০৭৭॥

সিন্ধু কাফি—ঢিমা তেতালা।

আপনারে আপনি দেখ দেওনা মন কারো ঘরে।
যা চাবে এইখানে পাবে, খোঁজো নিজ অন্তঃপুরে॥
পরম ধন পরশ মণি যে, অমনি ধন দিতে পারে,
এমন কত মণি পড়ে আছে চিন্তামণির নাচদুয়ারে॥
তীর্থ গমন দুঃখ ভ্রমণ, মন উচাটন হইও নারে,
তুমি আনন্দ নিকেতনে যাও হওনা সুরাধারে॥
কি দেখ কমলাকান্ত, নিত্যে নাহি এ সংসারে
ওর বাজিকরে চিনলে না কে তোমার ঘটে বিরাজ করে॥ ১০৭৮

ভৈরবী—একতালা।

রক্ষাকালী বাণী ভবানী সে বাণী বলনা রসনা অনিবার।
ভব তরিবার তরণী তারিনী চরণ স্মরণ কর সার॥
মন তাঁরা তারা বল, বল পাবে হবে সম্বল পথ চলিবার॥
নিত্য ধন ত্যজি অনিত্য আশ্রয় কেন পাপচয় কররে সঞ্চয়,
দারা সুতচয় পথের পরিচয়, পরিণামে বাদী পরিবার।
ভব নিবারণ অভয় চরণ, চরণ অভয়ার।
মন ভয়ে ভীত হইয়ে, আশ্রিত দাশরথী শ্রীচরণে চায়। ১০৭৯।

ভৈরবী—মধ্যমান।

ভুবন ভুলাইলি গো ভুবনমোহিনী।
মূলাধারে মহোৎপলে, বীণাবাদ্য নিনাদিনী॥
শরীরে শরীরী যবে, সুষুম্নাদি পর তবে,
গুণভেদে মহামন্ত্রে তিনগ্রাম সঞ্চারিনী॥
আধারে ভৈরবাকার, ষড়দলে শ্রীরাগ আর,
মণিপুরেতে মল্লার, বসন্তে হংস প্রকাশিনী॥
বিশুদ্ধ হিন্দোল সুরে, কর্ণাটক আজ্ঞাপুরে,
তাল মান লয় সুরে ত্রিসপ্ত স্বরভেদিনি॥
মহামায়া মোহপাশে, বদ্ধ কর অনায়াসে
তত্ত্বলয়ে তত্ত্বাকাশে স্থির আছে সৌদামিনী,—
শ্রীনন্দকুমার রায়, তত্ত্ব না নিশ্চয় হয়,
তব তত্ত্ব গুণ এর বাসী মুখ আচ্ছাদিনী॥ ১০৮০॥

গৌর সারঙ্গ—তিওট।

শিবে শবাসনা।

লজ্জারূপা নাহি লজ্জা, মেয়ে হয়ে রণসজ্জা, একি বিবেচনা॥
অভয়ে সভয় বক্ষে, সতী নিজ পতি পরে রুধিরে মগনা॥
কহিছে গোপীমোহনে, ঐরূপ পড়ে মনে,
বামা ত্রিলোচনা॥১০৮১॥

ভৈরবী—কাওয়ালী।

সিংহোপরি বিকশিত পদ্মাসনে, জগদ্ধাত্রী দুর্গা বিহরে।
চরণ কমলে প্রতি দলে, শশী নখছলে,
হেরিয়ে ভুলে মধুপ চকোরে॥
পরিণত বিধুশত নিন্দিত বদনী,
বিচিত্র বসন কিবা উরগ পরিধিনী,
কুসুমরচিত চঞ্চল চিকুর বেণী, দোলনে স্মরহর মনহরে॥
বিবিধ রতনভূষণে চতুর্ভুজ সাজে,
সুমধুর নূপুর পদে কি মধুর বাজে,
প্রসন্ন হইয়ে গো গিরিজা এইরূপে,
কর স্থিতি অকিঞ্চন হৃদয় মাঝারে॥১০৮২॥

যোগিয়া—ঢিমা তেতালা।

মহিষমর্দ্দিনী রূপে ভুবন করে উজ্জ্বল।
অমল কমল দল, নিন্দিত চরণতল,
শশধর নিকর নখররূপে প্রকাশিল॥
রতন নূপুর সাজে কটিতটে কিঙ্কিনী বাজে,
বিরাজে যোগিনী মাঝে করি কুতূহল,
মৃদুহাস সুধাভাষ, হর নর ত্রাস নাশ,
এই অকিঞ্চন আশ দেহি শ্রীচরণে স্থল॥১০৮৩॥

ঝিঁঝিট—কাওয়ালী।

সমর করে ও কে রমণী।
কুলবালা ত্রিভুবন মোহিনী॥
ললাট নয়ন বৈশ্বানর বামবিধু বামেতর তরণী,
মরকত মুকুর বিমল মুখমণ্ডল নূতন জলধর বরণী॥
শবশিব শিরে মন্দাকিনী রাজত, চল চল উজ্জ্বল বরণী,
উরোপরি যুগপদ রাজিত কোকনদ সুচারু নখর নিকর সুধাধারি
কলয়তি কবিরঞ্জন করুণাময়ী করুণাকুরু হরমোহিনী।
গিরিবরক ন্যে নিখিল শরণ্যে মম জীবন ধন জননী॥১০৮৪॥

গায়ত্রী।

ভাব সেই পরমেশ্বরী।
ভবে ভ্রান্ত হয়ে ভুলনারে মন ॥
প্রভাতে বালিকাকৃতি, আদিত্য মণ্ডলে স্থিতি,
রক্তবর্ণা পরমা কুমারী,—
মধ্যাহ্নে যুবতী রামা, শ্যামবর্ণা নিরুপমা,
সায়ং বৃদ্ধা সিতাঙ্গিনী নারী ॥
ব্রহ্মরূপা নাভিমূলে, বিষ্ণুরূপা হৃদকমলে,
ললাটে হয় শিব ত্রিশূলধারী ॥
সহস্র দল কমলে, পরং ব্রহ্ম বেদে বলে,
নিত্য সুখময়ী দিগম্বরী ॥
দ্বিজ শম্ভুচন্দ্রের বাণী, নিশুম্ভ শুম্ভনাশিনী,
শম্ভু মনোহরা শাকম্ভরী,—
বাঞ্ছিতপদ, সুধাপংক্তি কোকনদ, বিরাজে তায় গঙ্গা গোদাবরী।

লগ্নী ভৈরবী—যৎ।

হারে! উন্মত্তা ছিন্নমস্তা এ রমণী কার।
লোহিতাঙ্গ নগ্না মগ্না রক্তে তার ॥
নিজমুণ্ড এক করে, আর করে অসি ধরে,
অস্থি মুণ্ড মালা পরে, বিবসনা ভীমাকার ॥
কামে রতি কামে মতি, বিপরীত রমারতি,
তদুপরি সে মূরতি বিকৃতি আকার ॥
আর এক চমৎকার, ক্ষণেতে রক্তোপবাত,
সে তনু হতে সঘনে, প্রবল বেগ ধারণে,
ধাই ছ ঊর্দ্ধপানে রবির ত্রিধার ॥
একধার নিজে পিয়ে, দ্বিধার যোগিনী পিয়ে,
বুঝিতে নারি ভাবিয়ে এ কেমন ব্যবহার ॥
যে শক্তি ধরে সে শক্তি, বর্ণিতে কার আছে শক্তি,
নাহি হেরি হেন শক্তি ত্রিভুবনে আর,
ভক্তি মুক্তি গতি নর পায়, জ্ঞানহীনে কিসে তা পায়,
ভব পায় কিসে পায় বিনা কৃপায় নিরুপায় ভুবনে পার ॥১০৮৬॥

গারা ভৈরবী - বৎ।

মন! তুমি একাল দেখে, সাধনায় কি পেলে ফল।
কাল রূপের আভা দেখে, নয়ন মন সব ভুলে গেল।
ছিল রামা কার ঘরে? কেমন করে আন্‌লি ওরে?
কাল নয় পূর্ণিমার শশী, হৃদয় মাঝে করে আলো।
অরুণ যেমন প্রভাত কালে, তেম্‌নি মায়ের চরণতলে,
দ্বিজ শম্ভুচন্দ্র বলে, (ও পদে) জবা দিলে সাজে ভাল ॥১

আলাইয়া—খেম্‌টা।

নবীন নীরদ বেশে, সেজেছে কার কামিনী?
বাম করে অসি ধরে, রণমাঝে উলঙ্গিনী।
নাচিয়া নাচিয়া রণে, ন'শে সদা দৈত্যগণে,
সে যে চামুণ্ডা প্রচণ্ডা মূর্ত্তি, সাজে কালরূপিণী।
রূপের নাই অন্ত, দেখে হয় ভ্রান্ত, দেখ অনেকে অনন্তরূপ
ক্ষণে হয় দিগ্বসনী; চতুর্ভুজা হয় রণে, কুঞ্জকুমার ভণে,
তাহার ভয়ঙ্কর রূপ নেহারি, কম্পিত হয় মেদিনী ॥১০৮৮॥

পরজ—আড়াঠেকা।

হের মহারাজ! নারী দনুজ দলে।
জ্ঞান হয় রবি শশী, দীপিছে পদকমলে।
এলান চিকুর জাল, গলে শোভে মুণ্ডমাল, শিরে শোভে অর্দ্ধ ই
করতলে করবাল—নারী কি হবে যক্ষিনী ইন্দ্রাণী কিবা বা
মায়াবিনী কুহকিনী, একাকিনী রণস্থলে ॥১০৮৯॥

কেদারা—আড়াঠেকা।

নাচে কার রমনী রণে।
নিবিড় নীরদ রূপ হেরি নয়নে।
সর্ব্বাঙ্গ শোণিত ধারা, শোণিতাক্ত পয়োধরা,
লোল জিহ্বা ভয়ঙ্করা, শব বাহনে।
কোটরাক্ষি লম্বোদরী, শুষ্ক মাংসা ভয়ঙ্করী, দেখি গে
নারী ত্রাসে মরি-রুধির ঝরে বদনে ॥১০৯০॥

মুলতান—একতালা।

শবাসনে বিবসনা কে রমণী সমরে ?
যোগিনীগণ বেষ্টিত, মৃগনাঙ্গ রুধিরে।
নরাস্থি কঙ্কালে পূরিত খর্পর, বাম করে ধরে সাপটি শঙ্কর,
সুধা বোধে সদা পূরেছে উদরে, লোল রসনা অধরে।
দেখ রে মেয়ে সামান্যও নয়, ধূমাবতী যেন ধূসরিত কায়,
অনুচরগণে প্রসন্না সদা, প্রমথেরে ডাকে আদরে ॥১০৯১॥

গৌরী আড়াঠেকা।

কে এল বলরে কার কামিনী ?
এলোকেশে কে সে রণরঙ্গিনী।
রবির করে ধরি, খরধার অসি ধরি, নৃত্য করে নৃমুণ্ডমালিনী।
টি বেড়া কোটি কর, বরাভয় কর, ভয়ঙ্করী দিগম্বরী দিগম্বর মোহিনী
তীক্ষ্ণ অসিতে, অসুর নাশিতে, এল এলোকেশী অসুরনাশিনী।
সুরাসুর নর করে, সে পদ সাধনা ; ওমা শবাসনা !
উমানাথের বাসনা, সেই শ্রীপদ দুখানি ॥১০৯২॥

কালাংড়া—ঠুংরী।

পারিনা পারিনা চিন্তে অচিন্ত্যরূপিণী, বামা কার।
নিরখি পদ পল্লব হরেমন অন্ধকার ॥
কিবা অতুল বরণ, নিন্দি তরুণ অরুণ,
রক্তবস্ত্র পরিধান গলে গজমতি হার ॥
নখ করি করী আর, আরোহণ করি করী,
ক্রোধ করী কর কুম্ভ করিছে বিদার,—
তদুপরি সবসিজে, হরিষে বামা বিরাজে,
আহা কি অপূর্ব্ব সাজে মোহ যায় ত্রিসংসার।
চতুর্ভুজা সুনির্ম্মাণ, শঙ্খচক্র ধনুর্ব্বাণ,
ধারণ করেছে চারি করে তার,—
যদি হবে জগদ্ধাত্রী, জগন্মাত্রা জগৎকর্ত্রী
তবে কোন ভুবন প্রতি দিতে এত দুঃখভার ॥১০৯৩॥

ঝিঁঝিট—কাওয়ালী।

শ্যামা বামা রণে কে।
তনু দলিতাঞ্জন শরদ সুধাকর মণ্ডল বদনী রে,
কুন্তল বিগলিত, শোণিত শোভিত,
তড়িত জড়িত নবঘন ঝলকে॥
বিপরীত একি কাজ, লাজ ছেড়েছে দূরে,
ঐ রথ রথী গজবাজী বয়ানে পূরে,
মমদল প্রবল, সকল হ'ত বল, চঞ্চল বিকল হৃদয় চমকে।
প্রচণ্ড প্রতাপ রাশি মৃত্যুরূপিণী, ঐ কাম রিপু পদে এ কেমন কামিনী
লঙ্ঘে গগন, ধরণীধর সাগর, ঐ যুবতী চকিতে নয়নপলকে॥
ভীমভবার্ণব তারণ হেতু, ঐ যুগল চরণ তব করিয়াছে সেতু,
কলয়তি কবি রামপ্রসাদ কবিরঞ্জন,
কুরু কৃপালেশ জননী বালিকে॥১৯৮॥

তিলোক কামোদ—একতালা।

কে রে রমণী ভুবন মোহিনী?
রূপের ঝলকে, ত্রিলোকে আলোকে মহাকালী মহাকাল বরণী।
রক্ত কোকনদ লোহিত লোচনা, এলোকেশী সুলোচনী দিগবসনা,
হসিত আননা বিকট দশনা শবশিবা করা শবাসনাসিনী।
অঞ্জন গঞ্জন বরণী প্রবরা আমি মা সাহারা ভীমা ভয়ঙ্করা,
ললিত শরীরা হয়দারা তারা আনন্দা বরদা, রবিজশ শিনী॥১৯৯॥

গাম্বার—একতালা।

ভবসিন্ধু মাঝে কি শোভে তারিণী।
পদযুগল বিচিত্র তরণী॥
যদি হবি পার, এ অপার সংসার পারাবার, কর সার চরণ দুখানি
ওরে মূঢ় মন শুন, বলি তোমায় পুনঃ পুনঃ বৃথা কেন ভ্রমিছ অবনী
অকিঞ্চনে বিস্তর বিচার করে, নিস্তার তারা কর্ণধার স্বরূপিণী॥১০০

ভৈরবী—একতালা।

দীনতারা ভবতারা ভবদারা গুণালাপে দিন হর রে।
সার করহে শমন ভবন, গমন বারণ কারিণী তারিণী,
ত্রিতাপ হারিণী যে তারিণী পদ তরণী বিপদ সাগরে॥
আপনি আপন এপণ স্বপন, বৃথা আপাপন ছাড়রে,
সদা ধর ধর গঙ্গাধর প্রিয়ে ধরাধর মেয়ের, গুণ অধরে॥
ত্যজ মায়ানিদ্রা হয়ে জাগরণ, করহে স্মরণ জননী চরণ,
জন্মিবে সুখ জনম বারণ, বারম্বার জঠরে।
সঘন সে ঘনবরণী সুরেশ শরণীয় গুণস্মর রে।
লয় কালে, নাহি লয় কালে, কালিদাস বলে দাশরথীরে॥১০৯৭॥

গারা—আড়াঠেকা।

মন কি ভুলে ভুলিয়াছ, ভুলে কি ভুলিতে নাই,
ভুলে মূল হারায়ে পাছে, মূলেরি সন্ধান কর॥
ভাই বন্ধু দারাসুত, পরিবার আছে যত,
যাকে অতি ভালবাস সেরূপ ভাব মায়ের।
পিতা বস্তু পরমাণু, যার চরে হয় তনু,
সংযোগ হইলে প্রবাস ভেবে দেখ কেবা কার॥
শ্রীরামদুলাল রটে, সদা ফির মাঠে ঘাটে,
ব্রহ্মময়ী সর্ব্বঘটে ভাব তুমি সেই সার॥ ১০৯৮॥

ইমণকল্যাণ—একতালা।

তব চরণ দুখানি, অতি বিচিত্র তরণী, দুস্তর ভবার্ণবে করিতে
গো পার। (মা!)
স্মরণ মনন, তরণী বাহকগণ, শ্রীগুরু চরণ, কর্ণধার।
একান্তে যেই জন, ইহাতে করে দৃঢ় মন
অনায়াসে তারিণী সে হইবে উদ্ধার।
ভবান্ধ কূপে মগন, মূঢ়মতি অকিঞ্চন,
তব কৃপা বিনে গতি নাহি আর॥ ১০৯৯॥

খট—একতালা।

মম সুখোদয় যে দিনে উদয় হবে গো জননী জানি সমুদয়।
এ ভব সংসার সকলি আসার, হবে নৈরাকার জলে জলময়॥
সরস্বতীর হবে বেদে অবিচার, কমলার হবে কুভক্ষ্য আহার,
অনাদির হবে জীবন সংহার পশ্চিমেতে হবে ভানুর উদয়॥
পবনের যে দিন গতিরোধ হবে, ভুজঙ্গেতে যে দিন গরুড়ে দংশিবে
পতঙ্গেতে যে দিন মাতঙ্গে নাশিবে, সিংহেরি হবে শৃগালের ভয়
চন্দ্রের যে দিন হবে অসিত বরণ, ব্রহ্মার যে দিন হবে অনলে মরণ
জীবনেতে যাবে বরুণের জীবন, দয়াময়ীর হবে কঠিন হৃদয়॥
দিবাভাগে রাত্রি রাত্রিভাগে দিন, জলাভাবে নষ্ট সমুদ্রের মীন,
আদ্যাশক্তি যে দিন হবে শক্তিহীন, যুধিষ্ঠিরে হবে পাপের লক্ষ্য॥
ভূমিকম্প যে দিন হবে কাশীধামে, সাধু রুষ্ট হবে রাধাকৃষ্ণ নামে
যদি রাজা হই হইব সে দিনে, দীনহীন দ্বিজ নরশ্চন্দ্র কয়॥ ১১০০

প্রসাদী সুর—একতালা।

তাই কালরূপ ভালবাসি।
মা জগন্মনমোহিনী এলোকেশী॥
কালোর গুণ ভাল জানে শুক শম্ভু দেব ঋষি,
যিনি দেবের দেব মহাদেব কালরূপ তাঁর হৃদয়বাসী॥
কালবরণ ব্রজের জীবন ব্রজাঙ্গনার মন উদাসী,
হলেন বনমালী কৃষ্ণকালী বাঁশী ত্যজে করে অসি॥
যতগুলি সঙ্গী মায়ের তারা সকল এক বয়সী,
ঐ যে তার মধ্যে কেলে মা মোর বিরাজে পূর্ণিমার শশী॥
প্রসাদ ভণে অভেদ জ্ঞানে কালরূপে মেশামিশি,
ওরে একে পাঁচ পাঁচেই এক মন কোরনা দ্বেষাদ্বেষী॥ ১১০১॥

মুলতান—আড়াঠেকা।

আর কত দুঃখ মোরে দিবি মা জননী তারা।
ভ্রমিতেছি বিষয়ারণ্যে তত্ত্বজ্ঞান হয়ে হারা॥
দুঃখ কি আমারি তরে, সৃজিলে গো এ সংসারে,
তাই ডাকি জননী তোরে ওমা দুর্গে দুঃখ হরা॥ ১১০২॥

রাগেশ্রী—আড়াঠেকা।

ঊর্ধ্বারাধ্যে ভবোপরে শোভে ভবভাবিনী।
শ্বেত সরোবর মাঝে যেন নীল নলিনী॥
তরুণ অরুণ জিনি, শোভে চরণ দুখানি,
বালেন্দু নখর শ্রেণী, বিবসনা উলঙ্গিনী।
উরু তরু রম্ভা সম, নাভি সরোবরোপম,
অসুর নিকর কর কটিতে কিঙ্কিনী॥
কিবা অমৃত আধার, শোভে পীন পয়োধর,
পায় প্রীতি সুরনর যাহা পানবারি—
চারি করে শোভা পায়, অসিমুণ্ড বরাভয়,
রিপুভীতি স্থল সদা ভক্তে অভয়দায়িনী॥
করালবদনী বামা, লোহিত লোলরসনা
তীর্থ দশন দশনা, অট্ট অট্ট হাসিনী,
রবিশশী বৈশ্বানর, ত্রিনয়ন শোভাকর,
ভালে সিন্দুর সুন্দর, অর্দ্ধেন্দুধারিনী॥
যুগল শ্রবণ মূলে, শবশিশু যুগ দোলে,
সৌদামিনী সদা খেলে অধর হাসিতে,—
বিমুক্ত কুন্তল রাশি, চরণে পড়েছে আসি,
যেন মত্ত মধুকর ঘেরিয়াছে পঙ্কজিনী,
বরণ নবনীরদ, অতুল শোভা আস্পদ,
সাধকগণ সম্পদ যোগীন্দ্র হৃদয় ধন,—
কালিকে কালবারিণী, ত্রিতাপ পাপনাশিনী,
জীবে মোক্ষ প্রদায়িনী, পূর্ণব্রহ্ম স্বরূপিণী॥ ১১০৩॥

ঝিঁঝিট খাম্বাজ—মধ্যমান।

জামাই আর নাই মা তোর ভিখারী।
কাশীতে রাজরাজেশ্বর তোর মেয়ে রাজরাজেশ্বরী।
অন্নশূন্য শুনতে সদা, কাশীতে তোর মেয়ে অন্নদা,
ব্রহ্মা বিষ্ণু ইন্দ্র আদি সকলে তার আজ্ঞাকারী॥ ১১০৪

ললিত—আড়াঠেকা।

ঘনরুচি এলোকেশী, নাচিছে কে রণে
নাচিছে কে রণে বামা নাচিছে কে রণে॥
হুহুঙ্কার ঘোরময়, বিনাশিছে সৈন্যচয়,
এ বামা সামান্য নয় হয় অনুমাণে,—
অব্যক্তা হইয়ে ব্যক্তা, হইবে সুরহি সক্তা
এরণে জীবিত ত্যক্তা হবে দৈত্যগণে॥
শ্যামাঙ্গে রুধির চিহ্ন, প্রত্যঙ্গে শোভিছে ভিন্ন;
যেন জবাদল ছিন্ন যমুনা জীবনে,—
কিবা হাসির হিল্লোলে, মেঘকোলে তারা খেলে,
ও রূপ হৃদিকমলে স্থাপে অকিঞ্চনে॥ ১১০৫॥

প্রসাদী সুর—একতালা।

তোমার কে মা বুঝবে লীলে।
তুমি কি নিলে কি ফিরিয়ে দিলে॥
তুমি দিচ্ছ দিয়ে নিচ্ছ তুমি, বাছ রাখ না সাঁজ সকালে,
তোমার অসীম কার্য্য অনিবার্য্য মাপাও যেমন যার কপালে।
তোমার অভিসন্ধি পদে বন্দি ভোলানাথই যাচ্চে ভুলে।
তুমি যেমন দেখাও তেমনি দেখি, জলেই তুমি ভাসাও শীলে॥
তোমার জারিজুরী আমার কাছে খাটবে না মা কোন কালে।
ও সব ইন্দ্রজালে মন্ত্র জালে, রামপ্রসাদ যে তোমার ছেলে॥ ১১০৬

পিলু বাহার—যৎ।

জানিলাম বিষম বড় শ্যামা মায়ের দরবার রে।
সদা ফুকারে ফরিয়াদী বাদী, না হয় সঞ্চার রে॥
আরজবেগী যার শিবে, সে দরবারে ভাগ্য কিবে,
ও মা দেওয়ান দেওয়ানা নিজে আস্থা কি কথায় রে।
লাখ উকীল করেছি খাড়া, সাধ্য কি মা ইহার বাড়া,
তোমায় তাঁরা ডাকে ডাক আমি কাণ নাই বুঝি মার রে॥
গালাগালি দিয়ে বলি, কাণ খেয়ে হয়েছ কালী,
রামপ্রসাদ বলে হাড় কালি করিল আমার রে। ১১০৭॥

ঝিঁঝিট—ঠুংরী।

হেরি কি রূপ চমৎকার।
সমুৎপন্না এক শক্তি বীজেতে হুঙ্কার॥
জিনি কোকনদ দল, মনোরম পদতল,
হেরিয়ে নখর আলো সুধাকর সুধাকার॥
লম্বোদরী ত্রিলোচনা, বাঘাম্বর পরিধানা,
মহাঘনবরণা ষোড়শী আকার॥
একক্ষেত্রে প্রভাকর আর ক্ষেত্রে নিশাকর,
আর নেত্রে বৈশ্বানর কিরণ সঞ্চার॥
শিবরূপী শবাসনা, লোলজিহ্বা বরাননা,
ফণীরূপে অক্ষোভ্য ঋষি শিরে জটাভার॥
মুদ্রারূপে ভাল মাঝে, নর অস্থিপঞ্চ রাজে,
ভয় হয় কাণে কাণে দেখে ব্যবহার॥
শ্বেতপীত নীলরঙ্গে, বিষধর নানা রঙ্গে
বিভূষিত তার অঙ্গে যেন অলঙ্কার॥
বর্ণিতে সেরূপ সাধ, ত্রিভুবনে সাধ্য কার,
যার লাগি মহাযোগী শিব শবাকার॥
মুণ্ডমালা সুশোভিতা, বরাভয় চতুর্হস্তা,
বাম করে নীলোৎপল তদধঃ খর্পর, দক্ষিণ ঊর্দ্ধ করে, কৃপাণ ধারণ করে
তারি অধঃ আর করে কাটারী সুধার॥
ধ্যানে বুঝি হবে তারা, মহাবিদ্যা সারাৎসারা,
ব্রহ্মময়ী পরাৎপরা [illegible] আধার,—
শ্রীগুরুর শ্রীচরণে, মিনতি করে ভুবনে,
দুরারাধ্যে তারাধনে [illegible] হবে তার॥ ১১০৮॥

সাহানা—জৎ।

কিঙ্করে করুনাময়ী ধন দিবি তোর কি ধন আছে।
সবে মাত্র রাঙ্গাচরণ তাও বাঁধা শিবের কাছে॥
যদি পেতাম যোগেরাগে, বিষ খেয়ে শিব আছেন জেগে,
নিদ্রা নাই তার ধনের লোভে ঘুমের ঘুম পাড়ায়েছে॥ ১১০৯॥

"এবার কালী তোমায় খাব" উত্তর।

প্রসাদী সুর—একতালা।

সাধ্য কি তোর কালী খাবি।
ওরে রক্তবীজের বংশ খেলে, তার মুণ্ডমালা কেড়ে নিবি॥
সর্ব্বাঙ্গে নয় উভয় গালে ভূষো কালী মেখে যাবি,
আবার কালেরে দেখাতে কলা, নিজে কলা যে দেখিবি॥ ১১১১

"ডুব দে মন কালী বলে" উত্তর।

প্রসাদী সুর—একতালা।

ডুবিস্ নে মন ঘড়ি ঘড়ি।
দম আটকে যাবে তাড়াতাড়ি॥
একে তোমার কফো নাড়ী, ডুব দিও না বাড়াবাড়ি,
তোমার হলে পরে জ্বর জারি যেতে হবে যমের বাড়ী॥
অতি লোভে তাঁতি নষ্ট মিছে কষ্ট কেন করি,
ও তুই ডুবিস্ নে মন ধর্‌গে ভেসে শ্যাম কি শ্যামার চরণ তরি॥ ১১১১

প্রসাদী সুর—একতালা।

বাসনাতে দাও আগুন জ্বেলে ক্ষার হবে তায় পরিপাটী।
কর মনকে ধোলাই আপদ বালাই মনের ময়লা ফেল কাটি॥
কালীদহের কূলে চল, সে জলে ধোপ ধর্‌বে ভাল,
পাপ কাষ্ঠের আগুন জ্বালে চাপায়ে চৈতন্য ভাটি॥ ১১১২॥

প্রসাদী সুর—একতালা।

মন যদি মোর ওষুধ খাবা।
আছে শ্রীনাথ দত্ত পটল সত্ত মধ্যে মধ্যে ঐটি চাবা॥
সৌভাগ্য করে দূর মৃত্যুঞ্জয়ের কর সেবা।
রামপ্রসাদ বলে তবেই রে মন ভবরোগে মুক্ত হবা॥ ১১১৩॥

প্রসাদী সুর—একতালা।

মন তুমি দেখরে ভেবে।
ওরে আজি অদ্য শতান্তে বা অবশ্য মরিতে হবে॥
ভবময়ে হয়ে রে মন, ভাবলে না ভবাণী ভবে।
সদা ভাব সেই ভবানী পদ যদি ভব পারে যাবে॥ ১১১৪॥

"আয় মন বেড়াতে যাবি" উত্তর

প্রসাদী সুর—একতালা।

কেন মন বেড়াতে যাবি।
ওরে কথায় কোথাও যাস্‌নে রে তুই, মায়ের মাঝে মারা যাবি।
প্রবৃত্তি নিবৃত্তিরে মন নিজে কভু না চিনিবি,
ও তুই মদের ঝোঁকে ডুব্‌তে পারিস্ মাঝ গাঙ্গেতে ভরা ডুবি।
বাঁশবনে গিয়ে ডোম কাণা হয় এ তত্ত্ব কবে বুঝিবি।
যে কল্পতরুর তলায় গিয়ে কি ফল নিতে কি ফল নিবি॥ ১১১৫।

প্রসাদী সুর—একতালা।

মন যদি মোর ভেয়ান্ করিস্।
ওরে কালীর নাম কাশীর চিনি, বদন খোলাতে চালিস্॥
বর্ণমালা উড়কি করে, ক্রমে ক্রমে তাতে রাখিস্।
আর আলস্য ত্যজিয়ে সদা রসনা তাড়ুতে নারিস্॥
ভ্রূমধ্যে দ্বিদল চক্রে চন্দ্রবীজের সুধা রাখিস্।
সেই সুধাপানে অমর হয়ে অমর নগরে বসিস্॥ ১১১৬॥

খাম্বাজ—একতালা।

ঝোরে সদা আঁখিনীরে কত কাল দেখিনি রে।
হেরিব কি আর ভবানীরে, যে উদ্ধারে ভবনীরে॥
পড়ে মায়ার ঘূর্ণজালে, গেল আশাতরি রসাতলে,
মন মাঝি আমায় ডুবালে, হাল ছাড়িয়ে জলে পরে॥১১১৭॥

আলাইয়া—যৎ।

এলোকেশে এমন বেশে কোথা যাও মা জননি।
শিবকে ছেড়ে যাবে কোথা, শিব মনোমোহিনী॥
তুমি মা কৈলাসেশ্বরী, ত্যজিয়া কৈলাসপুরী,
কোথা যাও মা রক্ষাকালী নিগূঢ় কথা না জানি।
জানি জানি ওমা তারা, সদাশিবের নয়ন তারা,
তোমা ধনে হয়ে হারা, সারা হবেন শূলপাণি॥ ১১১৮॥

পরজ কালাংড়া—একতালা।

এমনি মহামায়ার মায়া, রেখেছে কি কুহক করে।
ব্রহ্মা বিষ্ণু অচৈতন্য, জীবে কি তা জানতে পারে॥
গুট পোকায় গুটি করে, কাটিতে সে ত কাটিতে পারে,
মহামায়ায় বদ্ধ গুট আপনার নালে আপনি মরে॥
বিল করে ঘুনি পাতে, মীন প্রবেশ করে তাতে,
যাওয়া আসার দোয়ার খোলা তবু মীন পলাতে নারে॥ ১১১৯॥

ঝিঁঝিট খাম্বাজ—মধ্যমান।

মরণ ত এড়াবার নয়।
সাধক মরণ কালী যদি স্মরণে মরণ হয়॥
জন্মিলে মৃত্যু আছে, চিরকাল নাহি বাঁচে,
সেই ভয় হয় পাছে ভুলি কালী এ সময়॥ ১১২০॥

খাম্বাজ—একতালা।

সার ভাবে যে তারাপদে।
বিপদে যে জন পড়ে পদে পদে তারা হবে তারা পদে॥
পলকে যেমন নয়ন ঢাকে, বিপদকে তেমন সে তারা রাখে,
তারা হারা হয়ে যে জন থাকে, জ্ঞান হারা হয়ে পড়ে বিপদে॥
হরি হর কাল স্মরি ঐ পদ, শিবের সতত ও পদ সম্পদ,
জীবের সতত হয় আপদ, অপার সাগরে ভাবে গোষ্পদে॥ ১১২১

জয়জয়ন্তী—ঝাঁপতাল।

মন কেন এখন দুঃখ পেয়ে রোদন কর বসে।
জাননা কে অভয়ার অপ্রিয় হয়েছ নিজ দোষে॥
রিপুবশে তাজে ধর্ম্ম, হত ক'রে সে গত জন্ম,
ভেবে না করেছ কর্ম্ম করে ভাবিছ এসে॥
যখন পেলে অন্ম আবনীতে, দুর্লভ মানব যোনিতে,
কেন দুর্নীতি হারালি দিন দুর্জ্জন সহবাসে।
সদা করেছ পরানিষ্ট, পরমেষ্ঠ পরদেবে জিজ্ঞাসারে দুষ্ট,
দাশরথী যে পরে কষ্ট, [illegible] না তা মানসে॥ ১১২[illegible]

মূলতান—কাওয়ালী।

শমন নিকটে গো শঙ্করী।
কি হবে হারাশাম পরিণাম তথান না করি॥
না ভাবি তচ্চরণ, তত্রাম উচ্চারণ, মুঢ়মতি আমার
তৎস্মরণ বিস্মরণ, বিরণ দিবস বিভাবরী॥ ১১২৩॥

বাহার—আড়াঠেকা।

ত্রিপুরা ত্রিলোক তারা ধরাধরনন্দিনী।
হাস্যযুত পূর্ণেন্দুবদনী হরমোহিনী॥
প্রকৃতির পরা বিশ্বধরী সুরবন্দিনী,
ভবহৃদিচরা বরা ধারাধরবরণী,
দশকরা নানা অবরা, রিপু ভয়ঙ্করা
অক্ষরা অমরামর বরাভয়দায়িনী॥ ১১২৪॥

সিন্ধু—পোস্ত।

মা কর গো দুর্গে! ভব ভাগে দুঃখহরা তুমি।
করিয়ে কুকর্ম্ম অঙ্গ ঢেলেছি তরঙ্গে আমি।
নিত্য ধন না করি তত্ত্ব, নীচ কর্ম্মান্বিত নিত্য, সাধিলাম অনিত্য অর্থ,
ব্যর্থ এসে কর্ম্মভূমি॥ ১১২৫॥

খাম্বাজ—কাওয়ালী।

দুর্গে পার কর এ ভবে।
দেখে পাপের ভার, কুব্যাভার তুমি ভার হলে মা, কে আর ভার সবে॥
রাজন ভাজন কিংবা অভাজন, কে তব অপ্রিয় কেবা প্রিয় জন,
কি সুজন দীনজন কি দুর্জ্জন, সুজন তোমারি সবে॥
যা কর মা শমন এল শীঘ্রগতি, দেও যদি মা
গতি গতিকে দেখে দুর্গতি,
নৈলে দাশরথীর গতি অনঙ্গতি দুর্গতি সদত রবে॥ ১১২৬॥

ঝিঁঝিট খাম্বাজ—যৎ।

ছলনা করিতে মাগো হন্দ ছদ্মবেশ ধরা।
তুমি ছলিতে ছিন্নমস্তা হয়েছ ভীষণাকারা॥
কে তোমারে প্রণামিবে, সর্ব্বনাশী তুমি শিবে,
স্বীয় শির কাটে শিবে স্বীয় করে অসি ধরা॥
স্বরুধিরে অঙ্গধারা, বহে তারা ভবদারা,
ভব ভয়ে জ্ঞানহারা, হয়ে আরাধিল তারা॥ ১ ২৭॥

ঝিঁঝিট খাম্বাজ—মধ্যমান।

বুড়ো মেরে কেন খুনের দায়।
বক্ষে চেপে আছ কত কাল, মহাকাল যায়॥
কণ্ঠাগত প্রাণ হেরি, নয়ন মুদ্রিত করি,
মৃত্যুঞ্জয়ের একি হেরি, মৃত্যুতে না রক্ষা পায়॥
মুখে নাহি সরে বাক্, তোলো পদ সরে দেখ,
না হয় আমার বুকে রাখ যাবে যাউক এ প্রাণ যায়॥
দেখে শিবের দুর্দ্দশা, আপ্ত প্রাণের নাই ভরসা,
যে তোমার করে আশা তার কি দশা এই হয়॥ ১১২৮॥

খাম্বাজ—খেমটা।

কালী কাণা বোবা মেয়ে, সর্ব্বশক্তিময়ী বলে।
মা জানি কি গুণে তার, ভোলানাথ থাকে ভুলে॥
শুনে না দেখে না চেয়ে, কয় না কথা কাল মেয়ে,
নিজ তমোগুণ লয়ে অহঙ্কারে সদা চলে॥
চিন্ময় পরা প্রকৃতি, যে জানে তারে দেন গতি,
কৈবল্য প্রদানে সতী সত্য ব্রহ্মময়ী মূলে॥
কেহ কয় অজ্ঞানে উদয়, জ্ঞানে নাশ আপনি পায়,
কেহ কয় জ্ঞানে উদয় সত্য মিথ্যা উভয় মেলে॥ ১১২৯॥

খাম্বাজ—কাওয়ালী।

তারা পতনে পেলে ত ছাড় না।
করে পেলে কর তাড়না।
হও নিদয় হৃদয়, কোনো কালে নও সদয় পাষাণী নাম গেল না॥
হরিকে ভাসালে জলে হরকে শ্মশানে দিলে,
বিধি কমণ্ডলু নিলে দণ্ডধারী যন্ত্রণা।
(ওমা) পিশাকে সাজালে অজশিরে, করী মুখ গণেশেরে,
স্বদেহ মা নর শিরে, ফণী ভূষণ হর শিরে,
রেখে ঘরে ধনেশেরে হরের ভিক্ষা যোজনা॥ ১১৩০॥

ইমনকল্যাণ—কাওয়ালী।

ত্রাণ কর তারা ত্রিনয়নি! (এ মা)
ভবাণি ভবরাণি, ভবভয় নিবারিণি! ভয়ঙ্করি ভীমে ভূভারহারিণি,
ত্রিভুবন তারিণি ত্রিগুণধারিণি! ত্রিজন সৃজনকারিণি!
সারদে বরদে সদা সুরেন্দ্র পালিকে, গিরীন্দ্রবালিকে কালিকে!
যোগেন্দ্র মনোমোহিনী!—এ শিবে সর্ব্বাণি গিরিজা গীর্ব্বাণি;
নির্ব্বাণ পদদায়িনি!—ছারা! এ ভব দুস্তার, দাশরথীরে তার,
ভবাব্ধিকাণ্ডারিণি॥ ১১৩১॥

রামকেলী—ঢিমা তেতালা।

কি হবে গো তারা! আমার এবার?
আমি দীন হীন স্ত্রীণ মতি দুরাচার।
বিষয়াবৃত কুপথে রে মন রত, নাহি ভাবে পরমার্থতত্ত্ব একবার;
অগতির তুমি গতি, কি করিব স্তব স্তুতি,
রবিসুত দূত ভীতি আশু কর পার॥ ১১৩২॥

ভৈরবী—আড়াঠেকা।

তারিতে হবে মা তারা! হয়েছি শরণাগত।
অনায়াসে তরে গেল, কত পাপী আমার মত।
অসংখ্য অপরাধী আমি, জ্ঞানশূন্য মিছে ভ্রমি,
মায়াতে মোহিত হয়ে, বৎসাহারা গাভীর মত॥ ১১৩৩॥

সিন্ধু ভৈরবী—আড়াঠেকা।

হল মা দিবা অবসান।
কিঞ্চিৎ বিলম্ব আছে মুদিতে নয়ন।
শুন গো মা ভবদারা, অ[illegible] হইল সার, কৃপা করে দে মা তারা,
ঐ চরণে স্থান॥ ১১৩৪॥

মুলতান—কাওয়ালী।

হের মা কাতরে হরমোহিনি!
ডাকি সভয়ে রাখ গো মা অভয়ে! পড়ে বিপদে ডাকি মা
বিপদভঞ্জিনি!
আমি অধম পামর জন, ভজন পূজন হীন, দুস্তারে নিস্তার নিস্তারিণি
স্বকর্ম্মে হয়ে পতিত, রয়েছি হয়ে পতিত,
মনেতে ভরসা পতিত পাবনী;
রাখ স্বগুণে নির্গুণে ত্রিগুণধারিণী॥ ১১৩৫॥

গারা ভৈরবী—একতালা।

জয় দে গো মা কালি।
শিবে সর্ব্বস্বরূপিণি, আদ্যে সনাতনি, অচিন্ত্যাব্যক্ত করালি!
দল বল সব যোগিনী সঙ্গে, মাভৈঃ মাভৈঃ ভ্রূকুটি ভঙ্গে।
বারেক করুণা কর অপাঙ্গে, করি কৃতাঞ্জলি॥ ১১৩৬॥

পূরবী—কাওয়ালী।

তব সুতের অবসান হল গো দিবে।
হে শিবে সঙ্কটনাশিনি! ও পদ কি এ দীন অধমে দিবে?
দুর্লভ নরোদরে জন্ম লইয়ে ও গো ব্রহ্মরূপিণি!
কিন্তু ধর্ম্ম হল না ত্রিধর্ম্মে অধর্ম্মে ভ্রমণ ভবে॥
জনমে নাহি মতি গতিপথে গতি, দাশরথীর গতি মা কি হবে?—
ভক্ত মানস অনুরক্ত পাতকে, ও গো মুক্তিদায়িকে,
নাম উক্তি এ মুখে নাহি, মুক্তি কি পাবে পাপযুক্ত জীবে? ১১৩৭॥

ইমন—একতালা।

কোথায় গো মা কালি! ঘুচাও মনের কালি।
জঠরে যন্ত্রণা যে কালি, বলেছিলাম ভজ্‌ব কালী,
এখন তাতে দিয়ে কালি, বসে আছি মেখে কালি।
ভাব্‌ছি বসে মা ত্রিকালি, হল আমার কি নাকালি?
যেতে হবে আজ কি কালি, চিরকালি নহে কেহ চিরকালী॥ ১১৩৮॥

ঝিঁঝিট খাম্বাজ—মধ্যমান।

সেইত তারা তরাতে হবে।
তবে কেন বিলম্ব আর করিছ কি মনে ভেবে॥
ত্বরিত দানে মহাপুণ্য, আমারে কর মা ধন্য,
কে আছ মা তোমা ভিন্ন দুখার দুখে কাতর হবে॥১১৩৯॥

খাম্বাজ—মধ্যমান।

করুণা কর মা গতিবিহীনে।
তুমি কৃপা না করিলে, কে উদ্ধারে এ দীনে।
তুমি মা তারিণী জানি, ত্রিতাপনাশিনী শুনি,
কৃপা কর মা কৃপাণি দিয়ে স্থান চরণে॥
যার আছে পুণ্যফল, তার মুক্তি করতল,
আমি যে যাই রসাতল, পাপের ভার বহ্‌নে॥ ১১১০॥

সুরট—আড়াঠেকা।

তারা কর ভবে পার।
তোমা বিনে ধর্ম্মের নাহিক নিস্তার॥
পড়িয়ে ভবসাগরে, আছি মা বিপদ ঘোরে,
তোমা বিনে এ সংসারে কে করে উদ্ধার।
নিরাশ্রয়ে এ বল্লভে, দেহ মা পদ পল্লবে,
বল তারা কেবা লবে, আমার এ ভার॥১১৪১॥

ঝিঁঝিট—যৎ।

আ মরি কি লাজের কথা মিন্‌সের উপর মাগী।
ও তার পদতলে পড়ে আছে অদ্ভুত এক যোগী॥
নয়নে না দেখে চেয়ে, ভব আছেন শব হয়ে,
একি অসম্ভব মেয়ে লজ্জা ভয় ত্যাগী॥১১৪২॥

খাম্বাজ—কাওয়ালী।

কে রমণী মহাকালের ঘরে।
অসি ও বাম র বাম করে॥
পরবাসে স্ববাসে কি কানন বাসে,
লাজ নাহি বাসে বামা তেয়াগিয়া বাসে, কৃত্তিবাসের হৃদে বাস করে
শিরে তরঙ্গিণীর কত তরঙ্গ, তাই শিবের রসরঙ্গ,
সপত্নী সহিত দ্বন্দ্ব, নিরখিয়া সদানন্দ ভাসিছেন সদানন্দ সাগরে॥১১৪

বেহাগ—আড়াঠেকা।

আজি কেন লোলরসনা, দিগবসনা, শবাসনোপরে,
হরহৃদে কেন গো জননী।
নিবিড় নীরদ কায়, রুধির লেগেছে তায়,
উন্মত্তা যেন পাগলিনী॥
নেচ না জননী আর, ধরাতে না সহে ভার,
অস্থির কম্পিত করি সহ কূর্ম্ম ফণী,—
কমলাকান্তের এই নিবেদন ব্রহ্মময়ী ধীরে ধীরে নাচ গো ত্রিনয়নী॥১১৪৪

বেহাগ—আড়াঠেকা।

তারা কর গো মা পার।
মায়ানদী মধ্যে পড়ে ভাবি অনিবার॥
স্নেহের তুফান তায়, বেগে বহে অতিশয়,
ডুবি তাহে নাহি ভয় কলঙ্ক যে মহিমার।
জলচর পরিজন মনেরে করে দংশন,
বিনা তব শ্রীচরণ নাহি কর্ণধার,—
শিবচন্দ্রের এই ত্রাস, নিশ্বাসে নাই বিশ্বাস,
যাইতে কালের পাশ নাহিক নিস্তার॥১১৪৫॥

সুরট খাম্বাজ—একতালা।

আমার এমন দিন কি হবে।
হইয়ে সন্ন্যাসী, হব কাশীবাসী বারাণসী ধামে জীবন যাবে॥
ষড়রিপু ভয় নাহিক তথায়, হবে জয় যথা আছেন মৃত্যুঞ্জয়,
রবির উদয় যেন তেজোময় পাপতিমির তায় দিন শিবে॥
ত্যজি সুখ বাসনা শিব উপাসনা, পুরাব তথায় মনের বাসনা,
অন্নপূর্ণা মাকে ডাকিবে রসনা যাতনা সব ঘুচিবে।
বসি অসি ঘাটে জাহ্নবী নিকটে, শিব পূজা সেবা করে করপুটে,
কালীদাস কহে কালীখণ্ডে রটে, বিষম সঙ্কটে ত্রাণ পাইবে॥ ১১

পরজ—একতালা।

তারা এই বাসনা করি।
অন্তিমকালে গঙ্গাজলে জ্ঞানযোগে যেন মরি॥
আপনি যাইব চলে, অর্দ্ধ অঙ্গ জলে স্থলে,
শ্রীনাথ দাঁড়াবেন কূলে, হেরিব নয়ন ভরি।
ভাই বন্ধু সুত দারা, চৌদিকে বেড়িয়ে তারা,
কানের কাছে শুনাইবে গঙ্গা নারায়ণ হরি॥১১৪৭॥

পরজ—কাওয়ালী।

তারা এবার আমারে কর পার।
তরঙ্গে পড়েছি শ্যামা না জানি সাঁতার॥
একে দেহ জীর্ণ তরি, তাহে পাপে হইল ভারি,
কি ধরি কি করি ভব জলধি অপার॥
ভেবেছিলাম যাব কাশী, হয়ে রব কাশীবাসী,
কাল সিন্ধুনীরে আসি পশিলাম আবার॥
একূল ওকূল হারা আমি, মাঝামাঝে মাঝী তুমি
কালির ভরসা কেবল কালী কর্ণধার॥ ১১৪৮॥

সুরট মল্লার—আড়াঠেকা।

অধমে পদান্তে অন্তে রেখো মা তারিণী॥
কলুষনাশিনী দুর্গে ত্রিতাপহারিণী॥
কাঁপিতেছে এ অন্তর, কালভয়ে নিরন্তর,
কর মা সে ভয় অন্তর কাল বিমর্দ্দিনী॥
হেরিয়ে ভব তরঙ্গে, কাঁপিতেছে প্রাণ আতঙ্কে,
পারের সম্বল নাই মা সঙ্গে কি হবে জননী।
যেন মা অন্তিম কালে, গোঁসাইদাস ঐ নামের বলে,
ভব জলধির জলে, পায় চরণ তরণী॥১১৪৯॥

ছায়ানট—কাওয়ালী।

হেরম্বজননী হের মা দীনে।
হে দীনতারিণী দুঃখ দিও না আর দীনে॥
যায় যায় যায় প্রাণ দেহ দহে পাপাগুণে,
ডাকি অনিবার একবার কৃপা নয়নে,
কর দৃষ্ট দুরদৃষ্ট হরা তারা ভূভারহারিণী,
তোরে কি ভার দীনের ভারে,
সুধাকরে করে ধরে করুণা হলে বামনে॥১১৫৩॥

বাহার—আড়াঠেকা।

মা মনে যত আশা করি, তবে পূর্ণ হয়।
বাণী তুল্য পাই বিদ্যা, শিবতুল্য হয় সিদ্ধি,
পিতামহ সম আয়ু ধনেশের ধনচয়॥
মা মনে যত আশা করি, হয় না হয় করি কবী
কি করি কি করি দয়াময়ী,
শ্রীরামদুলাল কয়, মানবে কি ইচ্ছা হয়,
দেচ্ছেন আত্মপরিচয় মন মহাশয়॥ ১১৫৪॥

সুরট খাম্বাজ—একতালা।

গিরিশরাণি পরমেশানি মা সম্প্রতি হের।
দীন দয়াময়ী হের ময়ি দিনে, দিন গত দিন দেহ মা সুদীনে
দিনমণি সুত এল দিনগুণে নির্গুণে নিস্তার॥
মা তুমি যা কর শিবরতনয়া প্রবল কলুষে দহে মম কায়া,
গুণ হীন দোষ নিজগুণে নিবার।
স্মরণ মনন সাধন না জানি, দাশরথী অতি ভীত মা ভবানী
শঙ্কাকারিণী শঙ্কররাণি সঙ্কটে উদ্ধার॥১১৫৫॥

আলাইয়া—একতালা।

গুণ শুনে যার মন ভুলিল, না জানি তার রূপ কেমন।
হল উচাটন কোথায় গমন, করিলে তার পাব দরশন॥
কেহ বলে মেলে গহন বনে গেলে, কেহ বলে মেলে হর হৃদি কমলে
সর্ব্বভূতেশ্বরী যোগীগণে বলে, ভক্তেরি হৃদয়ে থাকে সে গোপন।
আলো করা রূপ কাল মনোহরা, কাল নিবারিনী ভালে শশীধরা,
মায়াতে আবৃত করে নয়ন তারা, হেরিতে না দেয় সে তারা কেমন

সুরট—মধ্যমান।

অন্তে যেন ও চরণ পাই। (তারা)
কৃপণতা কর যদি শিবের দোহাই॥
শিব যদি হন সত্যবাদী, তবে কি তোমারে সাধি,
পরাণনন্দিনী তুমি তাই সে ডরাই॥ ১১২৪॥

বাগেশ্রী কানেড়া—আড়া।

ওগো মুক্তিপ্রদা মুক্তকেশী করালবদনী,
শবে শিবে হবে ভবে, ভবনিস্তারিণী,
তারা কে জানে তোমার কর্ম্ম, তুমি তারা তুমি ব্রহ্ম,
ইচ্ছা সুখে কর কর্ম্ম, ইচ্ছারূপিণী।
কমলাকান্তের এই, শুন দীন দয়াময়ী,
চরমকালেতে দিও, চরণ দুখানি॥ ১১২৫॥

বিভাস—মধ্যমান আড়া।

কোথায় গো মা ভবদারা ভবার্ণবে ডুবে মরি;
দয়া করে দেও মা তারা তোমার ঐ চরণতরী॥
তুমি মা ভগবদ্দুর্গা ভীমকারা ভীমবর্গা,
ডাকি গো মা দুর্গা দুর্গা, দুর্গমে উপায় না হেরি।
দয়াময়ী নাম ধর, কটাক্ষে সঙ্কট হর,
হর গো মা দুঃখ হর, ক্ষমাগুণে ক্ষেমঙ্করী॥ ১১২৬॥

ললিত—আড়াঠেকা।

মজিলে মজালে মন নব অনুরাগ ধরি।
দুজনারে সঙ্গে লয়ে, ভ্রমে ভ্রম রঙ্গ করি॥
উপদেশ বিনে সাধক, ভেবেছ হয়েছ ভাবক,
সেটা মাত্র মেটা সখ্ যথেচ্ছা আচারী।
মরি কি তোর অপার লীলে, কালী নাম ভুলে না নিলে,
গিরীশ বলে পরকালে কালি দিলে ভাল করি॥ ১১৫৭॥

জয়জয়ন্তী—যৎ।

এ সংসারে ডরি কারে, রাজা যার মা মহেশ্বরী।
আনন্দে আনন্দময়ীর খাস তালুকে বসত করি॥
নাইক জরিপ জমাবন্দী, তালুক হয় না লাটে বন্দী।
আমি ভেবে কিছু পাই না সন্ধি, শিব হয়েছেন কর্ম্মচারী॥
নাইক কিছু অন্য লেঠা, দিতে হয় না মাথট বাটা,
জয় দুর্গার নামে জমা আঁটা এটা করি মাল গুজারি॥
বলে দ্বিজ রামপ্রসাদ, আছে এই মনের সাধ,
আমি ভক্তির ডোরে কিন্‌তে পারি ব্রহ্মময়ীর জমিদারী॥ ১১৫৮॥

সুরট—কাওয়ালী।

তারা দীনতারা দীন দুঃখবারিণী।
দুস্তরে তরণী, ভবনীরে মা মোর মানব তরণী॥
বে কলুষ ভারে, কামাদি রিপু ব্যাভারে ভার কে লবে ভব দুস্তারে।
ভয়ে ডাকি তোমারে ভবঘোরে ভরসা তোমার গো ভবানি॥
স্মরণ মনন ধ্যান জ্ঞান বিহীন,
ক্রিয়াহীন মা মতি, কিং কারণ ভবে মা মম গতি,
পাপগুণে মন দহতি, দ্বিজ দাশরথী দীন দুঃখ হর হররাণি॥ ১১৫৯॥

আলাইয়া—একতালা।

গুণ শুনে যার মন ভুলিল, না জানি তার রূপ কেমন।
হল উচাটন কোথায় গমন, করিলে তার পাব দরশন॥
কেহ বলে মেলে গহন বনে গেলে, কেহ বলে মেলে হর হৃদি কমলে,
সর্ব্বভূতেশ্বরী যোগীগণে বলে, ভক্তেরি হৃদয়ে থাকে সে গোপন।
আলো করা রূপ কাল মনোহরা, কাল নিবারিনী ভালে শশীধরা,
মায়াতে আবৃত করে নয়ন তারা, হেরিতে না দেয় সে তারা কেমন॥

সুরট—মধ্যমান।

অন্তে যেন ও চরণ পাই। (তারা)
কৃপণতা কর যদি শিবের দোহাই॥
শিব যদি হন সত্যবাদী, তবে কি তোমারে সাধি,
পাষাণনন্দিনী তুমি তাই সে ডরাই॥ ১১২৪॥

বাগেশ্রী কানেড়া—আড়া।

ওগো মুক্তিপ্রদা মুক্তকেশী করালবদনী,
শবে শিবে হবে ভবে, ভবনিস্তারিণী,
তারা কে জানে তোমার কর্ম্ম, তুমি তারা তুমি ব্রহ্ম,
ইচ্ছা সুখে কর কর্ম্ম, ইচ্ছারূপিণী।
কমলাকান্তের এই, শুন দীন দয়াময়ী,
চরমকালেতে দিও, চরণ দুখানি॥ ১১৫৫॥

বিভাস—মধ্যমান আড়া।

কোথায় গো মা ভবদারা ভবার্ণবে ডুবে মরি;
দয়া করে দেও মা তারা তোমার ঐ চরণতরী॥
তুমি মা ভগবদ্দুর্গা ভীমকারা ভীমবর্গা,
ডাকি গো মা দুর্গা দুর্গা, দুর্গমে উপায় না হেরি।
দয়াময়ী নাম ধর, কটাক্ষে সঙ্কট হর,
হর গো মা দুঃখ হর, ক্ষমাগুণে ক্ষেমঙ্করী॥ ১১২৬॥

ললিত—আড়াঠেকা।

মজিলে মজালে মন নব অনুরাগ ধরি।
দুজনারে সঙ্গে লয়ে, ভ্রমে ভ্রম রঙ্গ করি॥
উপদেশ বিনে সাধক, ভেবেছ হয়েছ ভাবক,
সেটা মাত্র মেটা সখ্ যথেচ্ছা আচারী।
মরি কি তোর অপার লীলে, কালী নাম ভুলে না নিলে,
গিরীশ বলে পরকালে কালি দিলে ভাল করি॥ ১১৫৭॥

জয়জয়ন্তী—যৎ।

এ সংসারে ডরি কারে, রাজা যার মা মহেশ্বরী।
আনন্দে আনন্দময়ীর খাস তালুকে বসত করি॥
নাইক জরিপ জমাবন্দী, তালুক হয় না লাটে বন্দী।
আমি ভেবে কিছু পাই না সন্ধি, শিব হয়েছেন কর্ম্মচারী॥
নাইক কিছু অন্য লেঠা, দিতে হয় না মাথট বাটা,
জয় দুর্গার নামে জমা আঁটা এটা করি মাল গুজারি॥
বলে দ্বিজ রামপ্রসাদ, আছে এই মনের সাধ,
আমি ভক্তির ডোরে কিন্‌তে পারি ব্রহ্মময়ীর জমিদারী॥ ১১৫৮॥

সুরট—কাওয়ালী।

তারা দীনতারা দীন দুঃখবারিণী।
দুস্তরে তরণী, ভবনীরে মা মোর মানব তরণী॥
ডুবে কলুষ ভারে, কামাদি রিপু ব্যাভারে ভার কে লবে ভব দুস্তারে।
ভয়ে ডাকি তোমারে ভবঘোরে ভরসা তোমার গো ভবানি॥
স্মরণ মনন ধ্যান জ্ঞান বিহীন,
ক্রিয়াহীন মা মতি, কিং কারণ ভবে মা মম গতি,
পাপাগুণে মন দহতি, দ্বিজ দাশরথী দীন দুঃখ হর হররাণি॥ ১১৫৯॥

ঝিঁঝিট খাম্বাজ—মধ্যমান।

ভ্রান্তে কালী কর না স্মরণ।
আজি কালি করে কাল গেল অকারণ॥
জপরে ত্রিসন্ধ্যা কালি, হয়েছে তোর সন্ধ্যাকালি,
হয়ত তোরে বেঁধে কালই দেখাবে শমন।
বলিতে বলিলে ক'লী, মায়াবশে কাটাও কালই,
সাধন কর সকালি কালীর চরণ॥
কে ঘুচাবে মনের কালী, পাপেতে মন পাকালি,
কালী পদে না তাকালি দুখনিবারণ॥ ১১৬৭॥

খট ভৈরবী—যৎ।

যা হল হল তারা যদি একবার কাছে যেতে পারি।
পুনরায় পাঠালে আনব চরণ ধূলি শিরে করি॥
ও পদ সরোজ রজ, আপদুদ্ধারের বীজ,
সম্পদে বিপদে কবে, লাগিবে গো শঙ্করি।
পদতল সাধ করে, শিব রেখেছে বুকে ধরে,
কিঞ্চিৎ রজ পেলে পরে স্বকার্য্য সাধন করি॥
আমার এ দরিদ্রের প্রাণ, অধিক নাহি প্রয়োজন,
চড়ই পাখীর যেমন স্নান অল্প জলে তৃপ্ত করি॥ ১১৬৮॥

জংলা—একতালা।

গেল না গেল না দুখের কপাল।
গেল না গেল না, ছাড়িয়ে ছাড়ে না,
ছাড়িয়ে ছাড়ে না মাসী হল কাল।
আমি মনে সদা বাঞ্ছা করি সুখ, মাসী এসে তাহে দেয় ন'না দুখ,
মাসীর মায়া জ্বালা, করে নানা খেলা,
দেয় দ্বিগুণ জ্বালা বাড়ায় জঞ্জাল॥
দীন রামপ্রসাদের মনে এই ত্রাস, জন্মে মাতৃকুলে না করিলাম বাস,
পেয়ে দুঃখের জ্বালা, শরীর হল কালা,
তোলা দুধে ছেলে বাঁচে কত কাল॥ ১১৬৯॥

প্রসাদী সুর—একতালা।

এলোকেশী দিগম্বরী কালী পুরাও মোর বাসনা।
যে বাসনা মনে রাখি, তার লেশ মা নাহি দেখি,
আমায় হবে কি না হবে দয়া বলে দে মা ঠিক্ ঠিকানা।।
যে বাসনা মনে আছে, বলেছি মা তোমার কাছে,
এ মা তোমা বিনে ত্রিভুবনে এ বাসনা কেউ জানে না ॥ ১১৭০ ॥

প্রসাদী সুর—একতালা।

মুক্ত কর মা মুক্তকেশী, ভবে যন্ত্রণা পাব দিবানিশি।
কালের হাতে সঁপে দিয়ে মা ভুলেছ কি রাজমহিষী।
তারা কত দিনে কাটবে আমার এ দুরন্ত কালের ফাঁসি ॥
প্রসাদ বলে কি ফল হবে হই যদিগে কাশীবাসী।
ঐ যে বিমাতাকে মাথায় ধরে পিতা হলেন শ্মশানবাসী ॥ ১১৭১ ॥

খাম্বাজ—আড়খেমটা।

শ্যামা মার পদ আমার ভব তরি সার হয়েছে।
তরিব ভবরারি কাণ্ডারি মন তায় চড়েছে।।
রসনা তার আগের দাঁড়ি, বসে আছে কর ধরে সারি সারি,
তারা নামের সারি গেয়ে তায় চলেছে ॥ ১১৭২ ॥

রামপ্রসাদী সুর—একতালা।

ভাল ভেবেছি এত দিনে।
আমি আপন পথ লব চিনে।
তোমারে মা না বলিব, বিমাতারি কাছে যাব,
যার দর্শনে পর্শনে অব, মুক্তিপথ লব কিনে।
হয়ে আমি তোমার ছেলে, বিমাতারি শরণ নিলে,
সে ত, তোমারি অখ্যাতি ব'লে, ভেবে তুমি লবে টেনে ॥ ১১৭৩ ॥

দশ মহাবিদ্যা।

রাগশ্রী—মধ্যমান।

বিহরসরসীরুহে দিক্‌বেশে শিরতাঙ্গে।
জগন্মনমোহিনী শ্যামা সকরুণে কঙ্করালে॥
শুম্ভ নিশুম্ভের রণে, নাশিতে দানবগণে,
ভুবন মোহিলে যথা দশরূপে গিরিবালে॥ ১১৭৪॥

প্রথমে কালিকাবেশ, ঘনবর্ণা মুক্তকেশ,
শব রূঢ়া করকাঙ্কিত শবশিশু কর্ণপুরা,—
ভালে অর্দ্ধচন্দ্রোদয়, খড়্গ মুণ্ড বরাভয়,
চতুর্ভুজে শোভে কিবা ত্রিনয়না মুণ্ডমালে॥ ১১৭৫॥

দ্বিতীয়ে তারা ভীষণা, এক জটা বিভূষণা
লোলজিহ্বা নীলবর্ণা লম্বোদরী কৃত্তিবাসা,—
চতুর্ভুজ সুশোভন, শিবোপরি আরোহন,
অর্দ্ধচন্দ্র পঞ্চতত্ত্ব ত্রিনয়ন ভাল ভালে॥ ১১৭৬॥

তৃতীয়ে রাজরাজেশ্বরী, রক্তবর্ণা শুভঙ্করী,
বিধি বিষ্ণু রুদ্র ঈশ ঈশ্বর এ প্রেতপঙ্কে,—
সিংহাসন নিরমিত, চতুর্ভুজে সুশোভিত,
পাশাঙ্কুশ ধনুঃশর ত্রিনেত্র শশী কপালে॥ ১১৭৭॥

চতুর্থে ভুবনেশ্বরী, আসন অম্বুজোপরি,
রক্তবর্ণা ত্রিনয়না, অর্দ্ধেন্দু ঘটাললাটে,—
অলঙ্কার মণিময়, ভুবন প্রদীপ্ত হয়,
পাশাঙ্কুশ বরাভয় চতুষ্কর জিতনালে॥ ১১৭৮॥

পঞ্চমে ভৈরবী মায়া, লোহিতবরণ কায়া,
চতুর্ভুজ মুণ্ডমালে ত্রিনয়না পদ্মাসনা,—
অক্ষমালাভয় বড়, গ্রন্থযুক্ত চতুষ্কর,
শিরে শিশু শশধর সুশোভিত কেশজালে॥ ১১৭৯

ষষ্ঠে ছিন্নমস্তা বেশ, উপবীত শোভে শেষ,
নিজ মুণ্ড খড়্গে ছেদি, বাম করতলে ধরি,
রক্ত উঠে তিন ধার, নিজমুখে এক তার,
আর দ্বিধারাপায়িনী দ্বিসখী মুখবিশালে ॥ ১১৭০ ॥

সপ্তমেতে ধূমাবতী, যমের বরণবতী,
কাকধ্বজ রথারূঢ় বৃদ্ধা নিলে দোলে স্তন,
বিধবা ক্ষুধায় আকুলা, কলমালা আর কুলা,
দ্বিভুজে শোভিছে কিবা ক্ষালনে কাল জঞ্জাল ॥ ১১৮১ ॥

অষ্টমে বগলামুখী, পীতবর্ণ মহাসুখী,
রত্নগেহে রত্নাসনে ভূষিতা নানা রতনে,—
সোম সূর্য্যাগ্নি নয়ন, চন্দ্রার্দ্ধ ভালে শোভন,
দৈত্য রসনা মুদল দ্বিভুজে সমরকালে ॥ ১১৮২ ॥

নবমে মাতঙ্গী বামা, নানাগুণ গুণধামা,
খড়্গ চর্ম্ম পাশাঙ্কুশ চতুর্ভুজে ধৃতকারি,
রত্ন পদ্মাসনস্থিতা, রক্তবাস বিশোভিতা,
ত্রিনেত্রা অর্দ্ধেন্দু ভালে, বরণ ত্রিনি তমালে ॥ ১১৮৩ ॥

মহালক্ষ্মী দশমেতে শোভিত মেদ ভুজেতে,
বরাভয় পদ্মদ্বয় চারুমূর্ত্তি পদ্মাসনা,—
রত্নকুম্ভে চারি করী, অভিষেকে মৌলীপরি,
সুবর্ণ তরুণ প্রানি সুবর্ণ যামিনী জ্ঞানে ॥ ১১৮৪ ॥

ঝিঁঝিট—আড়াঠেকা।

কামনাবিহীন হয়ে ভেবে তোমায় ব্রহ্মকৃপা।
নিষ্কামে জপি মা তারা, না কর আর কর কৃপা ॥
কামনায় কিছু না মিলে, যা ভাগ্যে থাকে তা ফলে,
খণ্ডিবার নয় কোন কালে, আশায় জীবে করে ক্ষেপা ॥ ১১৮৫

ঝিঁঝিট খাম্বাজ—মধ্যমান।

মুখে বল কালী সদা সুখেতে হবে মরণ।
যে নাম জপে নারদ লয় সুখেরি কারণ॥
কভু না হবে অসুখ, সুখে মোক্ষধামে সুখ
এড়াইবে ভবশোক কররে স্মরণ॥ ১ ৮৬॥

ঝিঁঝিট খাম্বাজ—মধ্যমান।

ভ্রমে পড়ে মন ভ্রমর ভ্রম নিরবধি।
কালীপাদপদ্ম মধুপানে যাবে ক্ষুধা ব্যাধি॥
বিষয় বনে ভ্রম সদা, তাহে নাহি পাবে সুধা,
যাবে না ভবের ক্ষুধা বাড়ে নিরবধি॥
শঙ্কর ভ্রমর ছলে, পড়েছে যে পদতলে,
তুমি সেই পদমূলে থাক সুখসাধি॥ ১১৮৭॥

ঝিঁঝিট—খেমটা।

কালরূপে এত আলো করে মনোমোহিনী।
গৌরাঙ্গিনী হলে আরো কত হ'তো না জানি॥
অশনি অনল ছাড়ে, সে তেজ আঁখি না ধরে,
এতেজ মা কলেবরে স্থির সৌদামিনী,—
বরং কালোয় দেখায় ভাল, তাইতে তেজ সম্বরিল,
ভক্তের আশা পুরাইল, কালরূপধারিণী॥ ১১৮৮॥

খাম্বাজ—কাওয়ালী।

কেশরী পৃষ্ঠোপরি, বিহরে রূপমাধুরী।
সুবর্ণ চম্পকরূপ স্বরূপ তার নাহি হেরি॥
শিশুভানু পদতলে, শশীকর নখে খেলে,
কটিতে মৃগেন্দ্র ভুলে বাহন হইল তারি॥
চতুর্ভুজা কে ললনা, সুশোভনা ত্রিলোচনা,
জগদ্ধাত্রী পদ্মাসনা জ্ঞানানন্দদাত্রী হেরি॥ ১১৮৯॥

কেদার—কাওয়ালী।

নাচে শ্যামা রঙ্গে, যোগিনী সঙ্গে।
প্রমত্ত রঙ্গিনী, মত্ত মাতঙ্গিনী, না হেরে কৃপাপাঙ্গে ॥
কার দুর্ম্মতি নিরখি ললনা, ক্রোধে প্রজ্বলিত হ'ল বিবসনা,
এলোথেলো কেশ, পাগলিনী বেশ, দশনে কাটিছে লোলরসনা ॥
পদভরে দাপে, সর্ব্বসহা কাঁপে, অভাব্যভাবিনী হ'ল শবাসনা।
এরূপ কৈলাস, চিন্তে অনায়াস, তরিবে শমনাতঙ্গে ॥ ১১৯০ ॥

টোরী—ঝাপতাল।

কালিকে কালকা'মনী।
কালরূপ কাদম্বিনী, কালভয় নিবারিণী কলুষ কৃপাকারিণী ॥
কর কৃপা কাত্যায়নী, কালী কৈবল্যদায়িনী,
কাতরে কৃপাকারিণী তুমি কমলেকামিনী ॥
কুলহীনে কুলদায়িনী, কুহকী কুলকামিনী,
কুমারী কুণ্ডলিনী, অকূলে কুলদায়িনী ॥
কল্যাণদায়িনী কালী, কঙ্কালী করালিনী,
কল্মষ কৃশকারিণী কারাগার বিমোচিনী ॥ ১১৯১ ॥

সোহিনী বাহার—আড়াঠেকা।

শঙ্কর মনোরমা অপরূপ বেশ।
চরণে অরুণ শোভা তরুণ বয়েস ॥
ত্রি আঁখি করি দর্শন, ত্রিকাল কর দর্শন
ভূতাগত বর্ত্তমান জান সবিশেষ ॥
পরিপাটি নরকরে, কটিতট আছ ঘিরে,
বরাভয় অসি ধরে লুলায়িত কেশ ॥
ত্রিজগত প্রসবিনী, বয়েস অধিক জানি,
ষোড়শীবেশে জননী, রণেতে প্রবেশ ॥ ১১৯২ ॥

খাম্বাজ—কাওয়ালী।

মহাকাল জায়া, কাল ভয় হরা, ত্ব হি পরাৎপর শ্যামা ;
কেমনে কহি মা, তোমার মহিমা, হিমগিরি সুতা বামা ॥
তড়িতস্বরূপী, তিমির হারিণী, তপনতনয়ে তাপিতে তারিণী,
তৃষিতজনের তৃপ্তিকারিণী ত্রিলোচন মনোরমা ॥
হের হের না মা হরমনোরমা পরমা রূপিসী বামা।
কালিকে বালিকে শশীকপালিকে, ভুবনপালিকে জীবনপালিকে
পুলকে পলকে ত্রিলোকনাশিকে, শ্মশানমশানবাসিনী উমা ॥১১৯

সুরট মল্লার—ঝাঁপতাল।

সাধন হলে সে ধন মিলে, বদন ভরে ডাক তারা।
মদন নিধনকারী ত্রিপুরারীর মনোহরা ॥
ওহে দুরিত দমনী তিনি, দুরাশা দূরকারিণী,
দয়াময়ী দিনদায়িনী, দীনের দারিদ্র হরা ॥
কালদারা কালাঙ্গিনী, কালভয় নিবারিণী,
কালী কাত্যায়নী তিনি কাতরে করুণাকরা ॥
অকূল কূলদায়িনী, ব্যাকুল পরিতোষিণী,
থাকিতে হেন জননী, কৈল স হয় দুখে সারা ॥১১৯৪ ॥

সাহানা—আড়াঠেকা।

গাওরে মানস বীণে তারে তারে কে তারা।
তবে জানি আছে গুণ তুমি সুখের সেতারা ॥
বেঁধে সত্ত্ব গুণ তারে, কালীনাম মহামন্ত্রে,
শরীর যন্ত্রে কাজ তারা আদরে ;
অনুরাগে বাজ তুমি, সে সুর না হবে হারা ॥
পঞ্চমে গাওরে বীণে, তারা দুখে হরা
সাহানা রাগে সুরে হবে পীর মন,
গম্ভীর নাদে বাজ তারাতে কি উদারা ॥ ১১৯৫ ॥

সুরট মল্লার—যৎ।

পাতকী চাতকী ওরে মন।
তুমি সঘনে সে ঘনরূপা, শ্যামা কর দরশন॥
তৃষিত হইয়ে কেন, আতুরে চাতকী মন,
করে ঘনরূপা ঘন কৃপাবারি বরিষণ,—
কি দৃষ্টে ও চাতক, আপাতক চেয়ে থাক,
তৃষিত জনেরে দেখ, হবে কৃপা বিতরণ॥১১৯৬॥

"মনরে আমার এই মিনতি" (উত্তর)।

প্রসাদী সুর—একতালা।

হৈও না মন পড়া পাখী।
ওরে বন্দী হলে হয় না সুখী॥
পাখী হলে তত্ত্ব ভুলে, দিন যাবে পিঞ্জরে থাকি,
তুমি মুখে বলবে পরের বুলি পরম তত্ত্বের জানিবে কি॥
ভক্তি গাছে মুক্তি ফলে কে বলে উড়ে খাওগে দেখি।
খেলে মায়ার ফাঁদে পড়বে না আর শমন ব্যাধে দিবে ফাঁকি॥১১৯৭॥

প্রসাদী সুর—একতালা।

মাগো শ্যামার খেলা হ'ল।
(খেলা হ'ল গো আনন্দময়ী)
ভবে এলাম করতে খেলা, কল্লেম কত ধূলা খেলা,
এখন কাল পেয়ে পাষাণের বালা কাল যে নিকটে এল॥
বাল্যকালে কত খেলা, মিছে খেলায় দিন গোঁয়াল,
পরে মায়ার সঙ্গে লীলা খেলায় অজপা ফুরায়ে গেল॥
প্রসাদ বলে বৃদ্ধকালে, অসক্ত কি করি বল,
ও মা শক্তিরূপা ভক্তি দিয়ে মুক্তি জলে টেনে ফেল॥ ১১৯৮॥

প্রসাদী সুর—একতালা।

রইলি না মন আমার বশে।
ত্যজি কমলদলের অমল মধু, মত্ত হলি বিষয় রসে॥
শক্তি কুল কুণ্ডলিনী, তারেও ত মন জাগালিনী,
হেরে গুড়ের কলস হলি অলস, এমন অলস হলি কিসে॥
এ দেহ পাঁচফুলের সাজি, তুই হলিনে কাযের কাযী
প্রসাদ বলে রত্ন ত্যজি ঘুরে মর কর্ম্মদোষে॥১১৯॥

পিলু বাহার—যৎ।

তুমি কার কথায় ভুলেছ রে মন, ওরে আমার শুয়া পাখী
আমারি অন্তরে থেকে আমাকে দিতেছ ফাঁকি॥
কালী নাম জপিবার তরে রেখেছি পিঞ্জরে পূরে,
ও তুই আমাকে বঞ্চনা করে, অসি সুখে হলি সুখী॥
শিব দুর্গা কালী নাম, জপ কর অবিশ্রাম,
তোমার জুড়াবে তাপিত অঙ্গ একবার শ্যামা বল দেখি॥১১৯০॥

ইমন কল্যাণ—আড়ঠেকা।

দেখরে নয়ন মন তারা মাখা ত্রিভুবন।
ভুবন ভবন বন, ছাড়া নাহি কোন স্থান॥
মুদিয়ে নয়ন তারা, নিরীক্ষণ কর তারা,
যদি নাহি দেখ তারা চক্ষে মাখ জ্ঞানাঞ্জন॥
যে রঙ্গের কাচ নয়নে, রাখিবে হে দরশনে,
সেই রূপ ত্রিভুবনে করিবে হে নিরীক্ষণ॥
তাই বলি নয়ন তারায়, যতনে রাখিবে তারায়,
তবেত দেখিবে ত্বরায় তারা ঘেরা জগজ্জন॥ ১২০১॥

কেদারা—আড়াঠেকা।

থাকিতে এ দেহে প্রাণ ছেড় না মন কালীপদে।
অহর্নিশি জপ বসি, লভিবে সব সম্পদে।
মায়া নিদ্রা বশে মন, সতত দেখ স্বপন,
ধন জন পরিজন ভাবিয়ে থাক আহ্লাদে।
কৈবল্য-দায়িনী কালী, কৈ বল তারে ভজিলি,
কেবল মম মজিলি বিবিধ সম্ভোগে সংধে।
প্রাণ তোর যবে যাবে, সম্মতি তোর নাহি লবে,
তাই বা কখন যাবে অস্থির হবে বিপদে॥ ১২০২॥

ইমন কল্যাণ—আড়াঠেকা।

জলদবরণী হেরে বরিবে কেন নয়ন।
তাহে যে তড়িত খেলে আলো করে ত্রিভুবন॥
বহিছে মন পবন, আনি দিল নবঘন,
হৃদয় আকাশে ঘন, কর মন দরশন॥
হেরে মেঘ মনোহরে, শশধরে প্রভাকরে,
অবিরোধে প্রভাকরে কভু না হেরি এমন॥
যে পায় তার কৃপাবারি, সফল জনম তারি,
কৈলাস হের এই বারি শ্যামা মায়ের চরণ॥ ১২০৩॥

জলা—একতালা।

মা তোমারে বার বারে জানাব আর দুঃখ কত।
ভাসিতেছি দুঃখনীরে স্রোতের সেহলার মত॥
আমার সেমা মুল বাঁধা নাই কোথায় যেতে কোথায় দাঁড়া,
ছয় দিকেতে ছয় রিপুতে [illegible] পড়ে হলেম হত॥
দ্বিজ রামপ্রসাদ বলে, মা তুমি নিদয়া হলে,
দাঁড়ি ও একবার হৃদকমলে দেখে যাই জনমের মত॥১২০৪

জংলা—একতালা।

যাও গো জননী জানি তোরে।
তারে দাও দ্বিগুণ সাজা মা যে তোর খোসামুদি করে॥
মা মা বলে পিছু পিছু যে জন স্তুতি ভক্তি করে,
দুঃখে শোকে দগ্ধে তারে দাখিল করিস্ যমের ঘরে॥
অল্পে কারে পাওয়া যায়, ক্ষীণ আলে বারি ধায়,
যে জন হয় মা শক্ত চিরকাল তার ত্রিকাল মুক্ত জোরজবরে।
চোকে আঙ্গুল না দিলে পরে, দেখবি না বিচার করে,
হর আরাধ্যপদ ভয়ে দিলি মহিষাসুরে॥
যে দুকথা শুনাতে পারে, যে জনা হেতের ধরে,
তার হয়ে আশ্রিত সদা থাকিস মা পরাণের ডরে।
রামপ্রসাদ কৃতার্থ হবে, কৃপা কণার জোরে,
সাধরে শ্যামার পদ এ নব ইন্দ্রিয় পুরে॥১২০৫॥

সিন্ধু ভৈরবী—যৎ।

কে জানে তারা তুমি ধর কত বেশ।
কখনো প্রকৃতি হও মা কখনো পুরুষ॥
কেহ বলে নিরাকারা, ব্রহ্মময়ী পরাৎপরা;
কেহ বা বলে সাকারা, কত মূরতী প্রকাশ॥
কখনো বা দশভুজা, কখনো বা অষ্টভুজা,
কালী রূপে চতুর্ভুজা করে অসি এলোকেশ॥
কখনো বা অসি ধরে, কখনো বা বাঁশী করে,
কৈলাসের অন্তঃপুরে কালীরূপে বারেক এস॥১২০৬॥

আলাইয়া—আড়াঠেকা।

তারা দর্পণ সম্মুখে মন অর্পণ কর কৌতুকে।
যতেক পদার্থ স্বর্গ মর্ত্ত্য, সব অনিত্য দেখিবে সুখে॥
সে মুকুরে নাই পারার বিকার, ভব পারাপার করেছ স্বীকার,
নয়নে আর বাঁধাতে পারা ভার কোটি সূর্য্য প্রভায় ঝলসে চোকে

প্রসাদী সুর—একতালা।

মন রে আমার ভোলা মামা।
ও তুই জানিস্‌না রে খরচ জমা॥
যখন ভবে জমা হলি, তখন হতে খরচ গেলি,
ওরে জমা খরচ ঠিক করিয়ে বাদ দিয়ে তিন শূন্য নামা।
বাদে হলে অঙ্ক বাকি, তবে হবে তহবিল বাকি,
তহবিল বাকি বড় ফাঁকি হবে না তোর লেখার সীমা॥
দীন রামপ্রসাদ বলে, কিসের খরচ কাহার জমা,
ওরে অন্তরেতে ভাব বসি কালী, তারা ও মা শ্যামা॥ ১২০৮॥

প্রসাদী সুর—একতালা।

মা আমার বড় ভয় হয়েছে।
সেথা জমা ওয়াশীল দাখিল আছে॥
রিপুর বশে চলেম আগে, ভাবলেম না কি হবে পাছে,
ঐ যে চিত্রগুপ্ত বড়ই শক্ত যা করেছি তাই লিখেছে।
জন্ম জন্মান্তরের যত বকেয়া বাকি শেষ টেনেছে,
যার যেমন কর্ম্ম তেমনি ফল কর্ম্মফলে ফল ফলেছে॥
জমার কমি খরচ বেশী তরব কিসে রাজার কাছে,
যে রামপ্রসাদের মনের মধ্যে কালী নাম ভরসা আছে॥ ১২০৯॥

আলাইয়া—আড়াঠেকা

পাষাণী [illegible]
কোমল [illegible]
মায়া রজ্জুতে [illegible]
অথচ [illegible]
বাঘিকে সংহার [illegible]
যারে মার [illegible]
সব তব অসম্ভব, [illegible]
কোমল হৃদয় [illegible]

শিব-সঙ্গীত।

ভৈরবী—একতালা।

ত্রাণ কর হে শঙ্কর।
আশুতোষ নাম, গুণে গুণধাম, হর মম দুঃখ হর হর ॥
বিপদ কাণ্ডারী প্রভু ত্রিপুরারি, বিখ্যাত গুণ ত্রিপুর
পাপে হয়ে ভারি, ভবে ডুবে মরি, ওহে গঙ্গাধর ধর ধর।
ওহে ত্রিনয়ন ত্রিতাপহারি, ত্রিপুরান্তক ত্রিশূলধারি;
ত্রিজগত পাপ তাপ নিবার, কৃপা নয়নে হের,
কি করি শঙ্কর, শমন কিঙ্কর, বান্ধে কর হে কি কর ॥
কর কর শত্রু জয়, ওহে মৃত্যুঞ্জয়,
দাশরথী কাঁপে থর থর ॥ ১২১১ ॥

আলাইয়া—চৌতাল।

শিব শম্ভু সদানন্দ, শূলপাণি সর্ব্বেশ্বর।
ব্যোমকেশ বৈদ্যনাথ, বৃষভবাহন বক্রেশ্বর ॥
বামদেব বপু বিহীন বসন, বিশ্বেশ্বর ভব ভয় ভঞ্জন,
ভক্ত বৎসল দীননাথ দুঃখ মোচন, দক্ষ দলন দিগম্বর ॥
পরম যোগী পরমাত্মা, পশুপতি পরশুকর,
গিরিজাপতি গঙ্গাধর, গিরিশচন্দ্র গোপেশ্বর,
আদিনাথ অম্বুজাক্ষ, আশুতোষ অলকেশ্বর ॥ ১২১২ ॥

ভৈরবী—একতালা।

যোগীবর হলে রাজরাজেশ্বর, আসি কাশীধামে।
হয়ে শ্মশানবাসী, স্বর্ণপুরী কাশী, অন্নপূর্ণা স্থাপন কর বামে ॥
যত বসতি ভক্ত, নহেত অভুক্ত, রক্ত বিরক্ত সবে দেখ সমে।
কীট পতঙ্গ পূত পাপাঙ্গ সমভাবে তরে তোমারি নামে ॥ ১২১৩ ॥

বেহাগ—একতালা।

হর ফিরে মাতিয়া, শঙ্কর ফিরে মাতিয়া।
শিঙ্গা করিছে ভভ ভম্ ভম্, ভোঁ ভোঁ ভোঁ ববম্ ববম্,
ববববম্ ববববম্ গাল বাজিয়া।
মগন হইয়ে প্রমথনাথ, ঘটক ডমরু লইয়া হাত,
কোটি কোটি কোটি দানব সাথ, শ্মশানে ফিরিছে গাহিয়া ;—
কটিতটে কিবা বাঘের ছাল, গলায় দুলিছে হাড়ের মাল,
নাগ যজ্ঞোপবীত ভাল, গরজে গরব মানিয়া।
শশধর কলা ভালে শোভে, নয়ন চকোর অমিয় লোভে,
স্থির গতি অতি মনের ক্ষোভে, কেমনে পাইব ভাবিয়া ;—
আধ চাঁদ কিবা করে চিকিমিকি, নয়নে অনল ধিকি ধিকি ধিকি,
প্রজ্বলিত হয় থাকি থাকি থাকি, দেখে রিপু যায় ভাগিয়া।
বিভূতিভূষণ মোহন বেশ, তরুণ অরুণ অধর দেশ,
শব আভরণ গলায় শেষ, দেবের দেব যোগিয়া ;
বৃষভ চলিছে ধিমকি ধিমকি, বাজায়ে ডমরু ডিমিকি ডিমিকি,
ধরত তাল দ্রিমিকি দ্রিমিকি, হরিগানে হর নাচিয়া।
বদন ইন্দু ঢল ঢল ঢল, শিরে দ্রবময়ী করে টল টল,
লহরী উঠিছে কল কল কল, জটাজুট মাঝে থাকিয়া ;—
প্রসাদ কহিছে এ ভব ঘোর, শিয়রে শমন করিছে জোর,
কাটিতে নারিল করম ডোর, নিজ গুণে লহ তারিয়া ॥ ১২ ১২ ॥

ভয়রোঁ—ঝাঁপতাল।

শশধর তিলক ভাল, গঙ্গা জটা পর,
করে ধরি ত্রিশূল রুদ্রাক্ষ রাজে।
ভস্ম অঙ্গ ছায়া, গলে রুণ্ডকি মালা,
ভৈরব ত্রিনয়ন হরযোগী সাজে ॥
বৃষভবাহন আসন বসন মৃগছায়া
কালকূট কণ্ঠেপর তিমির লাজে।
করত হরিনাম সদা, শ্রবণে অতি কোমল,
ধ্যায়ত তান রাগ নিত্য হৃদয় মাঝে ॥ ১৩ ১৫ ॥

আলাইয়া—একতালা।

শিখরনাথ হে শিখরনাথ, শঙ্কর অপার পার মহিমে,
আদ্যাবন্ধু হে অনাদ্য, পাদপদ্ম দেহিমে।
লট্ট পট্ট জটাজুট, শূল হস্ত ধারিনে;
দেব উক্ত পঞ্চ বক্ত্র, ভক্ত মুক্ত কারিনে।
ভালে ভাল শোভা সিন্ধু-সুত ইন্দু কিরনে;
দেবাদিদেব সর্ব্ব গর্ব্ব খর্ব্ব কারিণে।
বিশ্বনাথ শ্রীঅঙ্গ ভূষণ ভস্ম ভূনিণে;
সর্ব্বত্রাতা মোক্ষদাতা, করতা ত্রিভুবনে।
রঙ্গে ভঙ্গে ভূত সঙ্গে যজ্ঞ ভঙ্গ মানিনে;
ব্যোমকেশ ভীম ঈশ, পতিত উদ্ধারিনে।
প্রসীদ প্রসীদ প্রভু, হে পতিত পাবনে!
দুঃখে রক্ষ বিরূপাক্ষ, ত্রৈলোক্য পোষিণে॥ ১২১৬॥

সিন্ধু—ঝাঁপতাল।

শিব শঙ্কর শশধর ধর, হে গঙ্গাধর হর
অশেষ গুণ ধর, শেষ বিষধর ধারি।
গিরিশ গৌরীশ, অশেষ কলুষ কৃশ কর,
ত্রিপুরহর আশুতোষ, এ শিশু দোষ বিনাশ,
করিতে তোষ হে মহেশ, আশু দুঃখহারি।
কাল ভয়ে শরণাগত, প্রণত কিঙ্কর ভীত,
রক্ষাং কুরু ওহে কাল কালবারি!—
ও পদে মতিহীন মূঢ়মতি, গতিবিহীন আমি হে অতি-
স্বগুণে গুণবিহীন, দীন দাশরথীরে,
তুমি ত্রাণ কর যদি ভব ভয় বারি॥ ১২১৭॥

খাম্বাজ—কাওয়ালী।

শঙ্কর শিবে সঙ্কট হারি।
নিস্তার প্রভো জয় দেব দেব।
সংসার সিন্ধু সেতু, কে করে পার, তোমাবিনে আর।

পূরবী—আড়াঠেকা।

হে শিব শঙ্কর, হর হর বিশ্বেশ্বর।
কাশীপতি আশুতোষ গঙ্গাধর।
বাজিছে বিবিধ তান, শুনিতে অতি রসাল,
বব বম্ বাজে গাল, শুনিতে কি সুমধুর।
যে জপে তোমার নাম, রাঙ্গা পায়ে তারই ধাম,
ধর্ম্ম অর্থ মোক্ষ কাম দেহ তাহে মহেশ্বর।
তুমি না করিলে দয়া, কে দিবে আর পদছায়া,
তব বশ মোহমায়া, তুমি প্রভু সারাৎসার॥ ১২১১॥

ভৈরবী—একতালা।

শঙ্কর হর ভাং বিভোর, আধমগন আঁখি বিশাল।
ধুতুরা কর্ণ রজতবর্ণ, কটিতটে শোভে বাঘ্র ছাল॥
ভাঁও ভাঁও ভাঁও বাজে ভোরঙ্গ, ডমরুতে ধরে তাল।
তাহে ববম্ ববম্ ববম্ বলে বাজিছে গাল॥
কুল কুল জটাতে গঙ্গা, ফং ফং ফণীরব ভয়াল।
যোগ নিরত পরম যোগী ঝলকে বঙ্কিম তিলক ভাল॥
নন্দী ভৃঙ্গী বিষম রঙ্গী, সঙ্গে সঙ্গী প্রমথজাল।
তাতাথৈ তাতাথৈ তাতাথৈ নাচে তাল বেতাল॥ ১২২০॥

পরজ বাহার—ঝাঁপতাল।

দীনে কৃপা কর!
হর গঙ্গাধর দিগম্বর, অশিব নাশিয়ে শিব, দীনে নিস্তার।
কি কহিবে নরাধম, তুমি হে দেব উত্তম,
কে আছে তোমারি সম, মনের ম কলেবর।
মহাযোগী যোগবলে, যোগে সিদ্ধ ভূমণ্ডলে,
যজ্ঞেশ্বর নাম বলে, দেব সর্ব্বত্র;—
ত্যজিয়ে কৈলাস কাশী, হইলে শ্মশানবাসী,
অঙ্গে মাখ ভস্মরাশি, সংসার জানি [illegible]॥

সিন্ধু—আড়খেটা।

তোমায় বলে কেদার কেদার পঞ্চস্বরে ডাকে লোকে।
ভেবে তোমায় বধির বিভু অধীর হয়ে লোকে বকে॥
কর্ণাদি ইন্দ্রিয় কয়, ইন্দ্রিয়ের বিষয় চয়,
ভোগ্য ভোক্তা হও উভয়, অহঙ্কারে জীবে বকে॥
চেতনরূপে তব স্থিতি, দশ ইন্দ্রিয়ে চিতে গতি,
যজমান পশুপতি, অষ্টমূর্ত্তি শ্রুতি লেখে॥
হৃদে বসে অন্তর্যামী, কর্ণাদিকে শুনাও তুমি,
ভ্রান্তি বসে ডেকে আমি ভাবি শুনাই শুনে লোকে॥১২২২॥

বসন্ত বাহার—আড়াঠেকা;

দেহ গতি পশুপতি অগতির গতি।
হে হর কলুষ বিনাশ কুমতি॥
তুমি দেব মহাদেব, তুলনা কার সহ দেব,
তোমায় পূজে বাসুদেব হন ত্রিদিবপতি।
শঙ্কর পাপ সংহার, হর হর স্মরহর,
দুর্ম্মতি দুর্গতি হর তার হে তারাপতি॥১২২৩॥

বসন্ত—কাওয়ালী।

কাতরে উদ্ধার হে উমাকান্ত।
গেল দিন ত নিকট কৃতান্ত॥
হরপাপ কৈলাসবিহারী পাপহারী,ফণীহার হর নৈলে আমি এ জনম হারি
কে আর লইবে ভার, কে আর করিবে পার,
অপার সংসার সাগর ঘোর, হর তুমি যদি কর দুখের অন্ত।
তৎপদ বিহীন ভক্তি অতি, কাতর অতি দাশরথী দেহ রথে
আমার অজ্ঞান সারথি;—মন অশ্ব বাঁধা তাতে,
অসার সারথি মতে, না চলে ভক্তিপথে,
মজালে সুতে করে কুপথ গমনেতে কালান্ত॥ ১২২৪॥

খাম্বাজ—মধ্যমান।

নও তুমি কেবল কাশীবাসী।
যেখানে ভ্রমণ করি সেই বারানসী॥
তব রাজ্য সম্পূর্ণ, নানা রত্ন পরিপূর্ণ,
প্রকৃত অন্নপূর্ণ তুমি ব্রহ্মাণ্ডনিবাসী॥
স্নান তীর্থ নাহি দেখি, চিত্ত তীর্থ সদাসুখী,
অনমান চাহি না হে শান্তি অভিলাষী॥১২২৫॥

খাম্বাজ—কাওয়ালী।

হর অশেষ ক্লেশ মম হর,
ভব রোগ হর, হর শোক হর, বিড়ম্বনা আর করো না বারম্বার,
রং মেখে সং সেজে কত আসিন শঙ্কর।
কৃপা করা কৃত্তিবাস, ঘুচাও দাসের গর্ভবাস,
কর্ম্মফাঁসে কণ্ঠ ছেদ কর।
ওহে ত্রিনেত্র, দাও দিব্য নেত্র,
পাপরে করুণানিধি, করুণাকণা বিতরি।
বিরূপাক্ষ বামদেব, কোপ ভস্ম কামদেব, কামাদিরিপুসংহার।
মম তমোগুণ, হর ভমোগুণ,
পড়িয়ে যন্ত্রণাজালে জর জর কলেবর।
আমি অতি হীনমতি, না জানি ভকতি স্তুতি,
তুং গতি পরমেশ্বর॥ ১২২৬॥

ইমন কল্যাণ—একতালা।

নমো নমো শশাঙ্ক শেখর, নমো বাঘাম্বর, নমো বৃষভবাহন।
নমো গদাধর, নমস্তে শঙ্কর, নমো বিভূতিভূষণ।
শিব শম্ভু হর, নমো যোগীশ্বর, নমো মদনশাসন।
রজত ভূধর, জগত ঈশ্বর, ফণীভূষা শবআসন।
নমামি ঈশান, বাদন বিধান, নীলকণ্ঠ নমো নমো;
অতি দীন দাস, পদে তব আশ, দেখো নাহি জন্মে ভ্রম॥ ১২২৭॥

নটবেহাগ—ঝাঁপতাল।

জয় শিব শঙ্কর, হর ত্রিপুরারি।
পাশী পশুপতি, পিনাকধারি॥
শিরে জটাজুট, কণ্ঠে কাল কালকূট, সাধকজনগণ মানসবিহারী,
ত্রিলোকতারক, ত্রিলোকনাশক পরাৎপর প্রভু মোক্ষ বিধায়ক,
করুণা নয়নে হের, ভকত জনে,
লয়েছি শরণ, পদে তোমারি॥ ১২২৮॥

ভূপালী—কাওয়ালী।

জয়, শঙ্কর শিব শূলপাণি।
গলেতে হাড়ের মাল, ববম্ বাজিছে গাল,
শিরেতে শোভিছে কাল ফণী।
অনাদি অনন্ত মহেশ দিগম্বর, অনঙ্গ অন্তক বসন বাঘাম্বর,
বম্ বম্ হর হর, ভোলা মহেশ্বর, বামেতে বিরাজে ভবরাণী॥১২২৯॥

সুরট—ঝাঁপতাল।

বঞ্চিত কোরনা বুরু কিঞ্চিৎ করুণা শিব।
ভব! তব করুণা বিনে, ভবে আর কত আসিব;
বিনা করুণা উদ্ভব, কত দিন বলহে ভব,
কূল বিহীন হয়ে ভব-জলধি জলে ভাসিব॥
ওহে সঙ্কটবিনাশি, কবে বিলাবে করুণা রাশি,
বাসা বাদী ভজনে আসি, দুজনে কবে নাশিব॥
দাশরথী বাসন যোগী, যবে হব জীবন ত্যাগী,
হয়ে মোক্ষ ফলভাগী, ভাগীরথীতে ভাসিব॥ ১২৩০॥

বাহার—যৎ।

ওহে হর বাঘাম্বর কৃপা কর অবলায়;
আকুলা অকূল মাঝে, রাখ ভোলা রাঙা পায়।
না জানি এ বিসম্বাদে, ফেলিবে কি পরমাদে প্রাণ কাঁদে,—
শঙ্কর, সঙ্কটে তার অঙ্গনা আশ্রয় চায়॥ ১২৩১॥

সারঙ্গ—ঝাঁপতাল।

হর শঙ্কর, শশিশেখর, পিনাকী ত্রিপুরারে,
বিভূতিভূষণ, দিকবসন জাহ্নবী-জটাভারে।
অনল ভালে দমন, তরুণ অরুণ কিরণ নয়ন,
নীলকণ্ঠ রজত বরণ, মণ্ডিত ফণীহারে।
উক্ষারূঢ় গরল ভক্ষ্য, অক্ষমালা শোভিত বক্ষ,
ভিক্ষালক্ষ্য, পিশাচ পক্ষ, রক্ষক ভবপারে॥ ১২৩২॥

ভৈরবী—ঠুংরী।

মৃড় চন্দ্রচূড় হর ভোলা,
ভূতনাথ ভব, বোম বব বোম বব, নিনাদ ভৈরব অম্বু উথলা।
মন্মথ-শাসন, নয়ন হুতাশন, ফণীমালা গলে, দল দল দোলা।
তমাল নিন্দিত কণ্ঠে হলাহল, জলদ-জাল জিনি জটাজুট দল,
কল কল ঢল ঢল গঙ্গা বিরোলা॥১২৩৩॥

কামোদ—ঠুংরি।

শম্ভো শিব শঙ্কর; ত্রিলোকপালক, ত্রিলোকতারক, নাশক ত্রাশক,
নয়নে পাবক, শম্ভো শিব শঙ্কর।
বম বম ভোলা গলে হাড়মালা, শম্ভো শিব শঙ্কর,—
জয় ত্রিপুরারী, জয় বিষধারী,
শ্মশানচারী, জয় ভস্মধারী, শোভিত গাত্রে বিভূতি,
সত্ত্ব, রজ, তম, ত্রিগুণ সম,
জয় শিব পশুপতি, শিব শঙ্কর, শম্ভো শিব শঙ্কর॥১২৩৪॥

কেদারা—আড়াঠেকা।

হর তব অম্বরে হের দীপ্ত কালশশী,
আ মরি কতই শোভা শরীর কপালে শশী।
তারা দেখিয়াছে তারা যোগিনীগণ যোড়শী,
তুচ্ছ করি মহা মেঘ কুণ্ডল পড়েছে খসি।
অখণ্ডমণ্ডলাকারে চরাচরে নাশে মসী,
সাধক চকোর সব সুধা পানে অভিলাষী॥১২৩৫॥

পরজ—বাহার কাওয়ালী।

জয়, বিরূপাক্ষ ত্রিপুরারি।
কটিতে বাঘাম্বর, রজতাভ কলেবর ভস্মমাখা তদুপর,
ত্রিশূল ডমরু ধারি।
ঢুলু ঢুলু দুনয়ন সম্বিদা পানে, বৃষোপরি আসন ভ্রমণ শ্মশানে,
বিধি আদি সুর তব মহিমা না জানে,
মূঢ় নরে কি কহিবে ওহে মদনারি॥
ববকম্ ববকম্ বিশাল বাজে, ফণী ধরিয়া ফণা গভীর গরজে,
মধ্যে শশধর ভালে সাজে, শিরে কুলু কুলু করে সুরধুনী বারি॥ ১২৩৬

ইমন—কাওয়ালী।

কৃপাময় করুণা ত্রিলোচন, দিগম্বর জটাধর নীলকণ্ঠ পঞ্চানন।
ব্যোমকেশ ঈশ বিভূতিভূষণ, ব্যাল উপবীত বপুতে শোভন,
ব্যাঘ্রচর্ম্মাম্বর পরিধান॥
গলে অস্থিমালা করে পিনাক ডমরু,
ভালে শিশু শশধর ত্রিপুরাসুর সূদন॥
দক্ষ যজ্ঞান্তক সাধক-তারক কর বিভু কৃপাদান।
ত্যজি রোষ আশুতোষ, হয়ে মোরে সন্তোষ, মনোভীষ্ট কর পূরণ॥

ঝিঁঝিট—একতালা।

ভাঙ-বিভোলা ভোলানাথ ভোলা ভূতনাথ নাচিছে,
দিমিকি দিমিকি তাম রবে মধুর ডমরু বাজিছে।
বম্ বম্ বম্ বাজিছে গাল, তাল দিতেছে তাল বেতাল,
ভূত প্রেত প্রমথ পাল, হি হি হি হি হাসিছে;
অঙ্গে ভস্ম ভূষণ ফণী, ভালে শোভে নিশামণি,
শিরে সুরধুনী কুল কুল ধ্বনি করিছে।
ধুতুরা পানে আঁখি ঢুলু ঢুলু, কর্ণে শোভে ধুতুরারি ফুল,
কটিতটে বাঘছাল দুকুল, দুকুলে দুলে খসে পড়িছে॥ ১২৩৮॥

গঙ্গা-সঙ্গীত।

খাম্বাজ—মধ্যমান।

হরিপদ রজো বিহারিণি। (এ মা গঙ্গে!)
ভবে নাম ভাগীরথী, সুরপুরে সুরধুনী।
যে লয় তোমার নাম, সে যায় বৈকুণ্ঠধাম, ধর্ম্ম অর্থ মোক্ষ কাম,
চতুর্ব্বর্গ প্রদায়িনী॥ ১২৩৯॥

রাগিনী সিন্ধু—তাল মধ্যমান।

ভীষ্মজননী ভাগীরথী গঙ্গে।
তারণ কারণ, ভবভয় বারণ, স্থাবর জঙ্গম, কীট পতঙ্গে॥
হরিদ্বারবতী, অতি দ্রুতগতি, জহ্নুমুনি ধ্যান ভঙ্গে;—
সগর সন্ততি, তাদের গো মা দিতে গতি, মিলিত সাগর সঙ্গে॥১২৪০

বাহার—মধ্যমান।

গঙ্গে গতিদায়িনী পতিতপাবনী।
কাতরে করুণ হর শিব সিমন্তিনী॥
কূলে আসি চিন্তাকরি, তব শুভঙ্করী বারি,
জলে যেন অন্তে মরি এই করো শিবরাণি॥
কিমাশ্চর্য্য তবোদক, সেবে পঞ্চ উপাসক,
ও বারি পাপনাশক, পুত্রকারী হও আপনি॥ ১২৪১॥

ললিত বিভাস—ঝাঁপতাল।

অন্তে পদপ্রান্তে মোরে, রেখ গো মা সুরধুনি;
ভয়ে ডাকি গঙ্গে, ভয়ভঙ্গিনি রঙ্গিনী॥
জনক জননী দারা, সুত বন্ধু বান্ধবে;
নয়ন মুদিলে গঙ্গে, কেহ সঙ্গে নাহি রবে;—
ভব সঙ্কটেতে তব ভরসা জননী॥ ১২৪২॥

বিভাস—একতালা।

তব জীবনে জীবন যেন, যায় গো জননি।
জীবন নিস্তারিণী নাম, তবে মা জানি॥
প্রাণ পয়ান কালে, অর্দ্ধ অঙ্গ জলে স্থলে, জিহ্বায় গঙ্গা গঙ্গা বলে
ডাকি জননী!—এই মা মনবাসনা, নাহি মা অন্য কামনা;
আমি ঐহিকের সুখ চাই না ভবে, তাই ডাকি ভবভাবিনি॥১২৪

সোহিনী বাহার—আড়াঠেকা।

গঙ্গে হর অঙ্গনা হের আপাঙ্গে।
তরঙ্গ রঙ্গিণী তারা, নাচিছে রঙ্গে।
হরিপদ বিহারিণী, হরশির বিলাসিনী,
হর বৈকুণ্ঠবাসিনী ভব আতঙ্গে।
মানস মাতঙ্গ তারা, কুসঙ্গ কাননে সারা;—
হাসিছে মা রিপুচয়ে, নাশিছে মা ধর্ম্মভয়ে,
ভাসিছে অঘোর হয়ে, মহী তরঙ্গে॥১২৪৪॥

সুরট—কাওয়ালী।

শমনদমনি শিবরমণি মা তরঙ্গিণি।
এ ভব তরঙ্গে তারি গঙ্গে গতি প্রদায়িনি।
বরদে ব্রহ্মানী, ব্রহ্মময়ী ব্রহ্মাণ্ডজননী,
ব্রহ্ম স্বরূপিনী, ব্রহ্ম কমণ্ডলু নিবাসিনী॥১২৪৫॥

সুরট মল্লার—আড়াঠেকা।

তরল তরঙ্গে গঙ্গে, পতিতপাবনি,
পতিত পাবনি তারা, অধমতারিণি॥
শিরে ধরি শঙ্কর, নাম হলো গঙ্গাধর,
তোমার মহিমাপার, পুরাণে শুনি॥১২৪৬॥

আলাইয়া—কাওয়ালী।

তুমি যা কর করুণাময়ি গঙ্গে।
ভীতোহং তরঙ্গে; পায় পথ কুপথগামী, পায় যদি রাখ মা তুমি,
পতিতপাবনি! এ পাপাঙ্গে।
ভরসা করে ভাগীরথীবাসীগণ, প্রবল পাপী দেখে সবলে আসি শমন,
সে আমারে বল করিবে যখন, সে বল সুচাব আছে বল কি এমন;—
শিব এসে মোর হবেন সখা, অন্তে যদি ঘটে দেখা,
অভয়দায়িনী মায়ের সঙ্গে ॥১৫৪৭॥

আলাইয়া—কাওয়ালী।

তুমি কি আর করিবে জননতনয়!
যদি হয় অপ্রণয়, এ নয় অধিকার দুঃখ, শমন রে—
করেছি আমি নিরাশ্রয়ে জননীর আশ্রয়।
তুমি দুঃখ দিতে রে নিতান্ত, হৃদয় কঠিন তোর নিদয় কৃতান্ত,
তোর করে বঞ্চিত একান্ত, মা করেছেন স্বচরণে দুঃখান্ত,—
দেখে সন্তানে অহুতি, তার লয়েছেন ভাগীরথী,
দাশরথীর সঙ্গে দেখা আর কি হয় ॥১৫৪৮॥

ললিত—আড়াঠেকা।

বিমাতা যে দেয় কূল এমন কভু নাহি মিলে।
সবে মাত্র তুমি গঙ্গা অন্যে দোষনে নির্মূলে॥
লয়ে অপবিত্র দেহ, মোক্ষধন তুমি দেহ,
এ ভার না অন্যে কেহ স্বীকার করে দেবদলে॥
বিনিময়ে ত্যজাপদ, দেহে লয়ে বিষ্ণুপদ,
দিয়ে পুরাও মনোসাধ, তব গর্ভে স্থান পেলে॥
পাবে না গর্ভ যাতনা, তব গর্ভগত জনা,
স্বর্গে বসি তার যোজনা হয় সুখ তব কোলে॥
দূর থেকে শত যোজন, অন্তে গঙ্গা বলে যে জন,
সব পুণ্যের হয় ভাজন, তার মোক্ষ করতলে॥ ১৫৪৯॥

ঝিঁঝিট খাম্বাজ—মধ্যমান।

ভব নিস্তারিনী সুরধুনী।
জগত রূপকে তোমায় করে নানা স্তুতি শুনি॥
শৈলসুতা সপতিনী, সে ভাবেত হও ভবানী,
পুরাণেতে আরো শুনি শান্তনু সহধর্ম্মিণী॥
দেব নদী সুরধুনী, হরের শিরে কর ধ্বনি,
কিন্তু এই শঙ্কর বাণী তুমি জ্ঞান স্রোতস্বিনী,
এ তত্ত্বে সবে অজ্ঞানী বিনে পাগল চূড়ামণি॥
ব্রহ্মা বিষ্ণু মহেশ্বরে, জ্ঞেয় বস্তু জেনে পরে,
পরিত্যাগ করেন তোমারে তাতেইত পান জহ্নুমুণি॥
জ্ঞানেতে অজ্ঞানতা ক্ষয়, শেষে জ্ঞান আপনিই হয় লয়,
সেইরূপকে তোমাকে কয় জাহ্নবী জহ্নুনন্দিনী॥
বিনয় করে বলে পাগল, ঝেড়ে পাগল রূপক সকল,
তত্ত্ব না বুঝিতে পারিবে কল, সার তত্ত্ব হয়ে জ্ঞানী॥
চিন্তা ত্যাগের চিন্তা করি, জ্ঞান স্রোতে ভাসাও তরি,
তবে উদয় হবেন হরি চিন্তাশূন্য চিন্তামণি॥ ১২৫০॥

আলাইয়া—একতালা।

হের মা অপাঙ্গ ভঙ্গে, সুখ মোক্ষপ্রদা জ্ঞানদা গঙ্গে।
তার তরঙ্গিণী! দিয়ে পদতরণী, তরল ভবতরঙ্গে।
যোগীন্দ্র মুনীন্দ্র সুরেন্দ্র শরণি, শশধর ধর শিরবিহারিণি,
শমনভবন গমন বারিণি, দমন কারিণি সুর মাতঙ্গে।
স্মরণ মনন সাধন ভকতি, সঙ্গতি হীন দীন দাশরথী,
স্বার গুণে প্রাণ বিয়োগ সময়ে, স্থান দিও গো মা এ পাপ অঙ্গে॥১২৫১

মূলতান—ছোট চৌতাল।

জয় গঙ্গে! জয় জয় গঙ্গে।
ত্রিজগত জীবন জীবনভঙ্গে, কলি কলমষ হর নিরমল ভঙ্গে॥
নির্ভয় ভূমি তব ভামতরঙ্গে, বিধিকর কমলজ কমল করঙ্গে,
হরি পদচারিণি বিপদ বিভঙ্গে, মদন হৃদয় ভয় পরিভব গঙ্গে॥১২৫২॥

বেহাগ—একতালা।

তার গঙ্গে মা শিব সীমন্তিনী।
একান্ত বাসনা, কর মা করুণা, পতিতোদ্ধারিণী তারিণী॥
তুমি সুখদা, মোক্ষদা, মন্দাকিনী জ্ঞানদায়িনী জননী;
দ্রবময়ী হ'য়ে শিবের মৌলে, কল কল ধ্বনি কুলপ্রদায়িনী,
ভগীরথের প্রভৃত আরাধিত, তাহে অচ্যুত পদচ্যুত,
ভূতলে আনিয়ে করি কটাক্ষ রক্ষা করিলে যতেক প্রাণী॥ ১২৫৩॥

ললিত—আড়াঠেকা।

ছিলে ব্রহ্মার কমণ্ডলে, এলে গঙ্গা ভূমণ্ডলে।
নিজে হয়ে অধোগামী উর্দ্ধগতি জীবে দিলে॥
পবিত্রদা তব বারি, উদ্ধারিতে ভববারি,
শরণ লব এবারি ভেবেছি চরমকালে;
বিষ্ণুপদে জন্ম নিলে, কত বিষ্ণু জন্ম দিলে,
তোমারে মা সংসেবিলে বিনা পূজায় মোক্ষ মিলে॥
শুভা শিব সীমন্তিনী, শান্তিদা ভ্রান্তিনাশিনী,
জ্ঞানদা মোক্ষদায়িনী শিব শিরে বিহরিলে,
উদ্ধারিতে সাগর কূল, হইয়ে মা সানুকূল,
কীট পতঙ্গাদির কূল, মোক্ষপায় স্পর্শ জলে॥ ১২৫৪॥

পঞ্চম সুহার—ধামার।

হরশির বিহারিণী, সুরধুনি, তরল তরঙ্গে গঙ্গে সুরাসুর বন্দিনী।
অসীমা তব মহিমা, মাতা মন্দাকিনী,
বিষ্ণুপদে উদ্ভব তব ও গো ভবভাবিনি॥
শতেক যোজনে থেকে, যদি গঙ্গা বটে মুখে,
তরে পাপ তাপ শোকে, বসে গিয়ে ব্রহ্মলোকে;—
সগর রাজার বংশ, ধ্বংস ব্রহ্মশাপে, জননী!
পরশি বার গেল তরি, কহে দীন খগমণি॥১২৫৫॥

ঝিঁঝিট খাম্বাজ—কাওয়ালী।

পতিতপাবনী তার গঙ্গে।
দেখো দেখো রেখো তারা ছেড় না পাপাঙ্গে॥
তব সতিনী সাধনা, চাহি যোগ আরাধনা,
দর্শনে তোমারি বারি পূত হয় অঙ্গে॥
মৃতদেহ হ'লে পড়ে, জননী তখন ছাড়ে,
তুমি রাখ কোলে করে তরল তরঙ্গে॥ ১২৫৬॥

সুরট—কাওয়ালী।

কিবা লহরী আ মরি।
ধরিলে সুখদা রূপ পাপ করি বারি॥
ও বারি সবারি হয় পরশিতে সুখকর,
হরিষে ধরে নীরে শিরে গঙ্গাধর,
তুমি উদ্ধার জনে দরশনে পরশনে মা তব সত্ত্বগুণে দেহ তারি তারি॥
ভীষ্মজননী গো মা বিশ্বজননী হলে,
দূষ্য অদূষ্য জনে সকলে কর মা কোলে,
শ্রীহরি পদোদ্ভব, সত্ত্বগুণ সম্ভব, বারিতে পূজিতে তব শিবনারি॥ ১২৫৭॥

সরস্বতী-সঙ্গীত।

পরজ বাহার—ঝাঁপতাল।

হে শ্বেত বেশ সারদে, শ্বেত বসনাবৃতে শ্বেত কমলাসনে।
ত্বংহি জড়কারিণী জড়তা সমূহ নাশিনী,
সপ্তস্বরা এ সপ্তবীণে পুস্তক পানে॥
সরস্বতী সকল সিদ্ধিকারিণী তারিণী, তব মায়া মূঢ়ে কি জানে।
ব্রহ্মাদি অর্চ্চিত বিশ্বনাথাদি বন্দিত, ভগবতী ঐ
এমা ভগবতী ভারতী পাতুমই দীনে। ১২৫৯

হাম্বির—একতালা।

কমলদলবাসিনী।
নলিনাক্ষি নারায়ণী নলিনাক্ষ বক্ষ বিহারিণী॥
চোর রত্নাকরে রতন প্রদানে, কবি রত্নাকর কর মা,
দ্বৈপায়ন করি বেদের বিভাগ, তোমারি মহিমা করিল প্রকাশ,
তুমিই রাখিলে নাম বেদব্যাস ওমা বিধাতৃ রসনাবাসিনী।
ভবভূতি আদি কোবিদ মণ্ডলে, বিবেকদায়িনী মা।
আবার মুরারীর করে সঁপিয়ে মুরলী বলাও স ঋ গ ম প ধ নি॥
শশাঙ্কে মৃগাঙ্ক রাখি তুমি কলঙ্কী কর মা,
তুমি ভবভূতি ভালে বিভূতিদায়িনী ওমা শঙ্করাদি চতুর্ম্মুখ প্রসবিনী।
কিবা বেদ বিধি অজে, সবে মুগ্ধ তব মোহ মন্ত্রে,
প্রমথের এই হৃদয় তরে ধ্বংস ত্রিতন্ত্রীধারিণী॥ ১২৬০॥

ঝিঝিট—আড়াঠেকা।

হে ভগবতি সতি।—প্রজাপতি দুহিতে।
কোটি উড়ুপতি যিনি, শ্রীমুখের জ্যোতিঃ,
গুণাতীত গুণবতী, প্রধানা শকতি॥
ও মা আমি জড়মতি, কিবা জানি স্তুতি,
গতিহীন অকিঞ্চনে তুমি মাত্র গতি। ১২৬১॥

সোহিনী বাহার—একতালা।

বীণাপাণি বাক্‌বাদিনি! ব্রহ্মরূপিণি!
ব্রহ্ম সুতা বেদ মাতা! বেদ বিধি বিধায়িনি!।
বিমল বদনী বরদে বাণী! কি কব মহিমা কোথা মা বাণী?
বর্ণনা করিতে বর্ণ না জানি, যা বলাও বলি যা শুনাও শুনি।
শ্বেত বসনা শ্বেত মুরতি, শ্বেতাব্জে বসতি সতি সরস্বতী,
রূপ গুণ বিদ্যা তিন স্রোত স্বতী, তোমাতে মিলিতা যেন ত্রিবেণী;
বরণ জিনিয়া শরদ ইন্দু অধর মধুর সুধার সিন্ধু, সে সুধা বিন্দু
পাইতে ইন্দু, ন ছলে ধরে পদ দুখানি।
তুমি সিতা তুমি অসিতা, গায়ত্রী তুমি সে গীতা,
বিদ্যা বুদ্ধি সিদ্ধি বৃদ্ধি, গীতবাদ্যরঙ্গিণী!
আগম নিগম তুমি মা তন্ত্র, তন্ত্রসার সার তুমি মা মন্ত্র,
জয়ন্তী জীবের অন্ত, জীবন যন্ত্রে যন্ত্রিণী! ॥ ১২৬২ ॥

খাম্বাজ—একতালা।

শ্বেত বরণী শ্বেতাব্জবাসিনী, শ্বেত নিশাকর জিনি শ্বেতাঙ্গিনী।
শ্বেত বসন অঙ্গে পরিধানা, করে বাজে বীণা বীণাবাদিনী॥
অলক্তাক্ত কিবা শ্রীপদ রাজিমা, সুচারু সুচঙ্গ ত্রিভঙ্গ ভঙ্গিমা,
অপরূপ রূপ না হেরি স্বরূপ, নিত্যজ্ঞানময়ী জ্ঞান বিধায়িনী ॥ ১২৬৩ ॥

আলাইয়া—আড়াঠেকা।

মম মানস সরে, কেন্দ্রে কামিনী বিহরে।
শ্বেত বাসা শ্বেত ভূষা, শ্বেতাম্বুজ দলোপরে॥
কিবা শোভা দ্বিরদ, জিনি রক্ত কোকনদ,
মধুলোভে ষট্‌পদ, বিহরে আনন্দ ভরে।
মনোহর বীণা করে, বাজে কি মধুর স্বরে,
সে স্বরে জগত মন, সতত মোহিত করে;
ব্যাস বাল্মীকাদি কবি, তবও কৃপা সবে হইয়াছে মহাকবি,
সুবিখ্যাত এ সংসারে॥ ১২৬৩ ॥

ইমন কল্যাণ—চৌতাল।

সারদা বরদা আদ্যা, নমস্তে শ্বেত বরণি।
শ্বেত সরোজ উপরে, কি শোভে চরণ দুখানি॥
তুমি জীবের গতি মুক্তি, বেদমাতা সরস্বতী,
সর্ব্ব জীবে অধিষ্ঠাত্রী, বীণাধারিণী।
ভজন সাধন হীনে, তার গো মা নিজ গুণে,
কে তারিবে তোমা বিনে, মোক্ষদায়িনি॥ ১২৬৫॥

ললিত—আড়াঠেকা।

বীণা করে কে বিহরে শ্বেত সরোরুহ পরে।
বদন শরদ ইন্দু অধরে হাসি না ধরে॥
নখর নিকর শোভা, রজত রাজীব প্রভা,
মধুপ মানস লোভা কর কুবলয়,
ভালে তরুণ অরুণ, সিন্দুর বিন্দু শোভন,
আঁখি মঞ্জন গঞ্জন বর্ণ হারে বর্ণিবারে॥
বামা অতি কৃশোদরী, নিবিড় নিতম্ব হেরি,
তনুরুচি চারু মরি ভুবনমোহিনী;
ছত্রিশ রাগিনী সঙ্গে, ছয় রাগ মিলে রঙ্গে,
চাহে মা বালা ভ্রূভঙ্গে সিতরূপে মনোহরে॥ ১২৬৬॥

বসন্ত বাহার—ঢিমে তেতালা।

আ মরি! সুন্দরী ভুবনমোহিনী।
কিবা রূপ অপরূপ, শ্বেত সরোজবাসিনী; শ্বেতবরণী বীণাপাণি।
রূপের তুলনা আর নাই ত্রিসংসারে,
অতুলা শোভা করে, অমূল্য মণি হারে,
মুনির মন হরে হরের মনহারিণী।
বেদ প্রকাশিনী বাণী বরদে বাগ্‌বাদিনী, জয়দে জননী জগবন্দিনী;
তুমি সুখদা মোক্ষদা সংসারের সার,
কুরু কটাক্ষ নারায়ণি কালভয় নিবারিণি।
এ দ্বিজ ব্রজমোহনের রসনা উল্লাসিনি॥ ১২৬৭॥

খাম্বাজ—কাওয়ালী।

শ্বেত সরোজবাসিনী, শ্বেতবরণী।
শ্বেতাভরণে চরণে দশ নখরে নলিনী।
শ্বেত কত শত পঙ্কজ চরণে, শ্বেতাম্বুজকরী সরসিজ বদনে,
পুষ্করে ভাস্করে হের দেখ নয়নে, শ্বেত ভালে তিলক তাহে তারিণী
ও মা এরূপ স্বরূপ কি দিব তুলনা, ত্রিভুবনে জানে মা গো,
তোমারই মহিমা, তান লয় সুর করি গো বাসনা,
হের মা নয়নে সুরেশ্বরি বাণী॥ ১২৬৮॥

ইমণ কল্যাণ—আড়াঠেকা॥

নমোনমঃ, সরোজবাসিনি।
সুহাসিনি সুভাষিণি! বাক্যের ঈশানী! বেদ বিদ্যা বিধায়িনি॥
সুন্দরি সাকারা সতি! শুভ্ররুচি সরস্বতি।
দেহি দীনে হীনে গতি, দুর্গতিনাশিনি॥
তুমি মা গায়ত্রী গীতা, অর্পণা অপরাজিতা,
দেহি মে অজ্ঞানে জ্ঞান, কৈবল্যদায়িনি।
ত্বংহি তন্ত্র ত্বং হি মন্ত্র, ত্বং হি বিদ্যা বাদ্যযন্ত্র,
কে জানে মা তব অন্ত, অনন্তরূপিণি॥ ১২৬৯॥

ইমন কল্যাণ—একতালা।

করুণা অপাঙ্গে দীনে, হের হের বাগ্‌বাদিনি।
অজ্ঞান তিমির হরা জ্ঞানালোক প্রদায়িনি॥
মহাবিদ্যা রূপ শক্তি, শ্বেত কলেবর! বীণাপাণি ত্রিগুণেশি!
শ্বেতাম্বুজ বিহারিণি।
রাগ রাগিণী আদি সব, সঙ্গের সঙ্গিনী তব,
সুরেশ্বরি নারায়ণি সুরবিলাসিনি।
আসরে হাসিয়া উর, অধিনের আশা পুর,
ভাবনা কর মা দূর, ভবভয় নিবারিণি॥ ১২৭০॥

বাহার—একতালা।

মা সুরেশানি নারায়ণি বাক্‌বাণি! জ্ঞানদায়িনি এ সুরবন্দিনি॥
এ সারদে মা! সারদে জননি।
এ কুষার হার! শ্বেতবরণি শ্বেতাঙ্গিনি!॥ ১২৭১।

সিন্ধু—আড়াঠেকা।

শ্বেত শতদলে কে মা! বিরাজে শ্বেতবরণী।
বীণা যন্ত্র করে ধরা, শিরে বেণী ত্রিভঙ্গিনী॥
পদাম্বুজে ভ্রমে ভৃঙ্গ, জিনিয়া মত্ত মাতঙ্গ, হেরিলে হয় আতঙ্ক।
শশধরে কু-ঙ্গিনী॥ ১২৭২॥

কোকভ—ঠুংরি।

শ্বেত সরোজে বিরাজে, শ্বেত বরণী।
নবীনা ললনা কে, বীণাধারিণী॥
বিধু লজ্জিত হেরিয়ে, বিধুবদনী; পদনখরে আসি উদয় অমনি।
নর কিন্নর সুর অসুর শরণী; শরণাগতে সকল সম্পদ দায়িনী।
অজ্ঞান তিমিরে দীপরূপিণী; কালিদাস কবির কণ্ঠবাসিনী।
এ ভবার্ণবে দে মা হরি ঘরণি! গুরুদাসে তরিতে পদ তরণী॥ ১২৭৩॥

গণেশ সংগীত।

হাম্বির—চৌতাল।

হে গণেশ! বন্দ শ্রীকান্ত নন্দন, বিঘ্ন বিনাশন তাড়ন,
পতিত পাবন।
(ধামার) জ্যোতির্ম্ময় যোগীন্দ্র ইন্দ্র যিনি গজানন,
পাপীরে উদ্ধারিতে তারণ কারণ;—
(চৌতাল) অনাদি অন্তত দেব, মহাদেব সুত দেব,
ইন্দ্র চন্দ্র আদি দেব, পূজে সদা ও চরণ॥ ১২৭৪॥

ঝিঁঝিট—ঠুংরী।

গজেন্দ্র বদন, এক রদন চতুর্ভুজ স্থূলকায়,
সিন্দূর বরণ, ইন্দুরবাহন, দ্বীপী চর্ম্ম শোভে গায়।
করে শঙ্খ চক্র গদা পদ্ম সুশোভন, যোগীন্দ্র পুরুষ আদি নিরঞ্জন,
মদনরি রিপু প্রথম নন্দন, বিপদে তার আমায়।
সর্ব্বদেব আগে মান্য হয় তব, তব গুণ প্রভু আমি কি বর্ণিব,
সিদ্ধি ঋদ্ধি আদি প্রদাতা তুমি সব মুণিগণে গুণ গায়।
শ্রীপদ সরোজে লইলাম আশ্রয়, অধীনেরে দয়া কর দয়াময়,
আমি মূঢ়মতি ধনকৃষ্ণ কয়, রাখ মোরে রাঙ্গা পায়॥ ১২৭৫॥

রামকেলী—তিওট।

প্রণমামি গণরাজ, গজানন বিঘ্নরাজ,
দৈবকর্ম্ম অনুষ্ঠানে তুমি প্রভু সর্ব্বাগ্রজ।
হেরম্ব সঙ্কটে ত্রাতা বিনায়ক বুদ্ধিনেতা,
সিদ্ধিদাতা বিঘ্নত্রাতা তব চরণ পঙ্কজ॥
খর্ব্ব স্থূল লম্বোদর, দীনাতুর কৃপা কর,
বিঘ্ন হর বিঘ্ন হর দেহি দীন পদ রজ॥ ১২৭৬॥

হাম্বীরনট—কাওয়ালী।

হেরম্ব গণেশ হের হের গজানন।
সর্ব্ব দেবাগ্রজ কেহ তবাগ্রজ নন,
যায় যায় যায় প্রাণ বৃথা না ভজি ও চরণ॥
দেবাসুর নর অমর কিন্নরাপ্সরগণে,
সুসিদ্ধি সুবুদ্ধি পায় হে তাঁহারে, করিবর প্রদান হে,—
করিবর বদন হে তার পাপাশ্রিত জনে ঘুচাও মনোবেদন॥ ১২৭৭॥

জয়জয়ন্তী—ঝাঁপতাল।

আরম্ভ মূঢ় মন মজ হেরম্ব চরণ রজে।
কেন উদ্বিগ্ন যাবে বিঘ্ন সিদ্ধি হবে সর্ব্ব কাজে॥
হের তরুণ অরুণ কান্তি, যাবে ভ্রান্তি পাবে শান্তি,
অবিলম্বে অবলম্ব লম্বোদর পদাম্বুজে॥ ১২৭৮॥
এ কিরে মন বড়ম্বনা, ভাল যাহা ভাল বাসনা,
বিষয় বিষে বাসনা, পাদপদ্ম সুধা ত্যজে॥ ১২৭৯

রাগ ভৈরব তাল—একতালা।

গঙ্গাধর অঙ্গজ গজানন গণনায়ক।
গণপতি গুণাকর গণেশ, গুণহীনে গতিদায়ক।
গজেন্দ্রবদন লম্বোদর, যোগেন্দ্রানী নন্দন,
তরুণ ভানু নিন্দিত তনু, ভানুজ ভয়বারক।
বিঘ্নহরণ মূষিকবাহন চতুর্ভুজ এক রদন,
সুন্দর রূপ আনন্দ কূপ, কামদ মদ দমন!—
সিদ্ধিদাতা- সদ্বেশ্বর, ভবার্ণব নাবিক;
কিঙ্করে কর করুণা প্রভো! ক্লেশ কলুষনাশক॥ ১২৭৯॥

ইমন—কাওয়ালী।

প্রণতি মিনতি চরণে গণেশং।
বিঘ্ন বিনাশন ত্বং পরমেশং; পরাৎপর পরম পুরুষং,
পরমানন্দদায়ক পরম ব্রহ্ম, পরম পাপ বিনাশং।
কিবা নিন্দি তরুণ ভানু তনু সুবিরাজিতং, লম্বোদর চতুষ্কর
অতি সুশোভিতং, করীন্দ্র বদন ধরং;—
যোগীন্দ্র পূজিতং সুরেন্দ্র সেবিতং, গিরীন্দ্র সুতাসুত
মুনীন্দ্র বন্দিতং, মাপ্রতি সম্প্রতি দেহি শুভ শিবং
কুরু দেব করুণা লেশং॥ ১২৮০॥

ইমন—কাওয়ালী।

মানস! গণেশ ভাব না।
ভাবিলে তব রবে না রবিসুত ভাবনা।
আনন্দে সদা সাধে সুরেন্দ্র যাকে, ভজ গিরীন্দ্র-সুতাসুত করীন্দ্র মাকে,
যদি করিবে সিদ্ধি কামনা।
ভাব খর্ব্বদেহ দুঃখ খর্ব্বকারীরে, হবে সর্ব্ব সুখ তব লভ্য শরীরে,
ভেবে দিবা জ্ঞান লভ না;—
মুক্ত করণ গুণযুক্ত হৃদয়, প্রভু ভক্তিকায় অনুরক্ত ভক্ত প্রিয়,
ব্যক্ত গুণনিধি বক্রেন্দ্র সদত, লভে মুক্তি সাধে যে জনা॥ ১২৮১॥

উমার বাল্যলীলা।

কীর্ত্তন।

গিরিবর আর আমি পারিনে হে
প্রবোধ দিতে উমারে।
উমা কেঁদে করে অভিমান, নাহি করে স্তনপান,
নাহি খায় ক্ষীর ননি সরে॥
অতি অবশেষ নিশি, গগনে উদয় শশী,
বলে উমা ধরে দে উহারে।
আমি পারিনে হে, প্রবোধ দিতে উমারে॥
কাঁদিয়ে ফুলালে আঁখি, মলিন ও মুখ দেখি,
মায়ে ইহা সহিতে কি পারে।
আয় আয় মা মা বলি, ধরিয়ে কর অঙ্গুলি,
যেতে চায় না জানি কোথারে॥
আমি কহিলাম তায়, চাঁদ কি রে ধরা যায়,
ভূষণ ফেলিয়ে মোরে মারে।
উঠে ব'সে গিরিবর, করি বহু সমাদর,
গৌরীরে লইয়া কোলে করে॥
সানন্দে কহিছে হাসি, ধর মা এই লও শশী,
মুকুর লইয়া দিল করে;
মুকুরে হেরিয়া মুখ, উপজিল মহাসুখ,
বিনিন্দিত কোটি শশধরে॥
শ্রীরামপ্রসাদ কয়, কত পুণ্যপুঞ্জচয়,
জগৎ-জননী যার ঘরে।
কহিতে কহিতে কথা, সুনিদ্রিতা জগন্মাতা,
শোয়াইল পালঙ্ক উপরে॥ ১২৮২।

প্রভাত সময়ে জানি, হিমগিরি রাজরাণী,
উমার মন্দিরে উপনীত।
মঙ্গল আরতি করি, চেতনা জন্মায় রাণী,
প্রেমভরে অঙ্গ পুলকিত॥
বারে বারে ডাকে রাণী,
জননী জাগৃহি জাগৃহি জাগৃহি,
আগত ভানু রজনী চলি যায়।
পুলকিত কোকবধূ শোক নিভায়॥
উঠ উঠ প্রাণগৌরী, এই নিকটে দাঁড়ায়ে গিরি,
উঠগো এবমুচিতমধুনা তব নহি নহি নহি।
সুতমাগধবন্দী, কৃতাঞ্জলি কথয়তি,
নিদ্রা জহিহি জহিহি জহিহি॥
গাত্র উত্থানং কুরু করুণাময়ি।
সকরুণদৃষ্টিং ময়ি দেহি দেহি দেহি॥ ১২৮৩॥

ভজন।

চল গো মন্দাকিনী জনে, শিব পূজা বিল্বদলে,
মাই শুন ওলো মাইকি ভাষ।
তখন গৌরীর কনকমুখে মৃদু মৃদু হাস॥
মা ডাকিছে রে।
কোকিল কলতরু, শীতল মারুত,
হতরুচি সম্প্রতি ভাতি শিখী।
নারক মলিন, বিলোকনে কুমুদিনী,
কম্পিত বিগ্রহা মলিন মুখী॥
কলয়তি শ্রীকবিরঞ্জন দীন, দীন দয়াময়ি দুর্গে,
ত্রাহি ত্রাহি ত্রাহি।
ভীমভবার্ণবমম্বু তারয়, কৃপাবলোকনে,
মাম্পাহি মাম্পাহি মাম্পাহি॥ ১২৮৪॥

গাল বাদ্য ঘন, সজল লোচন,
প্রণাম যেমন বিধি।
অর্দ্ধচন্দ্রাকৃতি, প্রসীদ শঙ্কর, বেদবিদাম্বর,
কৃপাময় গুণনিধি॥
করুণাকর দেব দেব শঙ্কর।
ও প্রভু করুণাকটাক্ষ কর, দেব দেব শঙ্কর,
সেই ব্রহ্মময়ীর এত ক্লেশ!
শ্রম বিনা কে করে কটাক্ষলেশ॥ ১২৮৫॥

জয়া বলে আমি সাজাইলাম, বেশ বানাইলাম, জগদম্বা চল পুষ্প কাননে,
চল চল পুষ্পবনে, জয়া দাসী যাবে সনে,
জগদম্বে বিলম্বেও চলিত চিত্তপদ চলনা।
লোহিত চরণতলারুণ পরাভব,
নখরুচি হিমকর সম্পদদলনা॥
লীলাঞ্চল নিচোল বিলোল পবন ঘন,
সুমধুর নূপুর কিঙ্কিনী চলনা।
সকল সময় মম হৃদয়সরোরুহ,
বিহরসি হরশিরসি শশী ললনা॥
কল্পতরুতলে, শ্রীরাজকিশোর ভাবে, বাঞ্ছা ফল ফলনা।
ভাগ্যহীন শ্রীকবিরঞ্জন কাতর, দীন দয়াময়ী সন্তত ছল ছলনা॥

ধুয়া।

তাল ভৈরব বেতালি রে।
নাচিছে কাল, বাজিছে গাল, বেতাল ধরিছে তাল।
কেহ নাচিছে গাইছে, তুলিছে হাত,
বলিছে জয় জয় কাশীনাথ॥
প্রেয়সীর প্রেমরসে, গদ গদ তনু বশে,
খসিছে কটির বাঘাম্বর।
শিরে সুরতরঙ্গিনী, কল কুল উঠে ধ্বনি,
সঘনে গরজে বিষধর॥
ভণে রামপ্রসাদ ভাল, সুখদ বসন্তকাল॥ ১২৮৭॥

গোষ্ঠ।

জগদম্বারে যব পূরে বেণু, যব পূরে বেণু
ধায় বৎস ধেনু, উঠে পদরেণু।
রেণু ঢাকে ভানু, ভাবে ভোর তনু॥
গতি মত্ত মাতঙ্গ, দোলায়ত অঙ্গ।
কি প্রেম তরঙ্গ, সো মাকি রঙ্গ,
নেহারি পতঙ্গ॥
হত কোকিল মান, সুমাধুরী তান,
স্বরে হরে জ্ঞান।
যোগী ত্যজে ধ্যান, ঝুরে মন প্রাণ॥
ক্ষণে মন্দ ভাসে, ক্ষণে মন্দ হাসে,
চপলা প্রকাশে।
রামপ্রসাদ দাসে প্রেমানন্দে ভাষে॥ ১২৮৮॥

আগমনী।

গিরিরাজের প্রতি মেনকা।

জংলা ঝিঁঝিট—কাওয়ালী।

কাল স্বপনে শঙ্করী মুখ হেরি কি আনন্দ আমার
জিনি অকলঙ্ক বিধুবদন উমার॥
বসিয়া আমার কোলে, দশনে চপলা খেলে,
আধ আধ মা মা বলে বচন সুধাধার,
জাগিয়া না হেরি তারে প্রাণ রাখা ভার॥
ভিখারী সে শূলপাণি, তারে দিয়ে নন্দিনী,
আর না কখনো মনে কর একবার,—
কেমন কঠিন বল হৃদয় তোমার॥
কমলাকান্তের বাণী, শুন হে শিখররাণি।
বিলম্বনা কর আর গৌরী আনিবার,
দূরে যাবে সব দুঃখ মনের আঁধার॥ ১২৮৯॥

ঝিঁঝিট—আড়াঠেকা।

স্বপনে দেখেছি গিরি গৌরী আমার এসে ঘরে।
মা বলে চাঁদমুখে কত দুঃখ প্রকাশ করে॥
সতিনী জাহ্নবীনীরে, আদরে শিব ধরে শিরে,
গৌরী দুখে কালী হেরে, বুড়ো মিন্সে পায়ে ধরে॥১২৯০॥

খট—একতালা।

গিরি গৌরী আমার এসেছিল।
স্বপ্নে দেখা দিয়ে চৈতন্য করিয়ে চৈতন্যরূপিনী কোথায় লুকাল॥
কহিছে শিখরী কি করি অচল, নাহি চলাচল হলেম হে অচল,
চঞ্চলার মত জীবন চঞ্চল, অঞ্চলের নিধি পাইয়ে হারাল।
দেখা দিয়ে কেন এত মায়া তার মায়ের প্রতি মায়া নাই মহামায়ার,
আবার ভাবি গিরি কি দোষ অভাগার পিতৃদোষে মেয়ে পাষাণী হল।

ভৈরবী—কাওয়ালী।

কি অপরূপ হেরিলাম গিরিরাজ।
গত নিশির স্বপনে, দেখি উমা চন্দ্রাননে,
আশুতোষ হৃদাসনে বেড়ি যোগিনী সমাজ॥
মন মন স্থির নহে, সে মুখ দেখিতে চাহে কে বুঝিবে মরম যাতনা,
শুনহে ভূধর স্বামী, কেমন কঠিন তুমি,
তনয়া পাসরি আছ, তোমার কি এই কায॥ ১২৯২॥

প্রসাদী সুর—একতালা।

আমার উমা সামান্য মেয়ে নয়। গিরি তোমারি কুমারী তনয় তনয়॥
স্বপ্নে যা দেখিছি গিরি, কহিতে মনে করি ভয়।
ওহে কারো চতুর্মুখ কারো পঞ্চমুখ উমা তাঁদের মস্তকে রয়॥
রাজ রাজেশ্বরী হয়ে হাসাবদনে কথা কয়।
তাঁকে গরুড়বাহন কালবরণ জোড় হাতেতে করে বিনয়।
প্রসাদ ভাবে মুনিগণে যোগধ্যানে যারে না পায়;
তুমি গিরি ধন্যা হেন কন্যা, পেয়েছ কি পুণ্য উদয়॥ ১২৯৩॥

ঝিঁঝিট—একতালা।

সাধের গৌরীধন করে শিবে সমর্পণ কেন হলে বিস্মরণ।
আমার সর্ব্বস্ব ধন করিলে বঞ্চন, যদি মঙ্গল চাও তো মঙ্গলারে আন॥
গিরি জানহে অন্তরে, পঞ্চতপা করে,
কত যোগে যোগমায়ার আগমন ;—
এমন দুর্ল্লভ রত্ন নিলে, পঞ্চাননে দিলে,
বঞ্চনা করিলে অঞ্চলের রতন॥
বাছা কতই সেথা খাটে, শুনি সিদ্ধি ঘোটে,
করে সিদ্ধিদাতার পিতার সিদ্ধি আহরণ,
আমার কর্ম্মদক্ষ কণ্যে, সবে কহে ধন্যে,
দশহাতে করে সংসার রক্ষণ।১২৯৪।

ভৈরবী কাওয়ালী—আড়াঠেকা।

ভেবে দেখ গিরি তুমি আগে কি হে বলেছিলে।
এখন কাঁদি নিশি দিন তবু এনে নাহি দিলে॥
বলেছিলে শরৎকালে, কন্যা আনি দিব কোলে,
এখন কলে কৌশলে, ভুলাতে আমায় বসিলে।
কর ঘরেতে বোধন, শিব্‌কে কর সম্বোধন,
চণ্ডীরে কর সাধন চণ্ডীর দেখা যদি মেলে।
শিবানীর শিব ছেড়ে আশা সে বাণীর নাহি ভরসা,
ভবানীর আসার আশা, নাই ভেবে বুঝি ত্যজিলে।
কিন্তু মোর মনস্তাপে, অনুতাপে তনু কাঁপে,
পড়েছি মায়া সন্তাপে মহামায়ার ওহিলে॥ ১২৯৫॥

আড়ানাবাহার—তিওট।

কয় হিম গিরিবর গেহিনী।
হয়ে কাতরা বিনা প্রাণ নন্দিনী, গিরিরাণী বিনোদিনী,
বলে কোথা গো অভয়ে ব্রহ্ম সনাতনী॥
হও অচল সচল অবিলম্বে, ত্বরায় আন গৃহে অম্বে, শুন হে শৈলবর।
গেল গৌরী লয়ে গৃহে হর, শুন হে শিখর মম কলেবর অস্থির,
স্থির নহে বিনা ঈশানী॥ ১২৯৬॥

তৈরবী—আড়াঠেকা।

আর না রাখিব গিরি প্রাণের গৌরী শিবের ঘরে।
এবার আনিলে তারে পাঠাব না পুন ফিরে॥
নির্গুণ জামাতা'রে হেরে, সমর্পিলে গিরিজারে,
সেত পালিতে না পারে, শুনি গৌরী পালে তারে॥
নাহে শিব পালনকারী, কহে তারে সংহারকারী,
জেনে শুনে সে ভিখারী কেন কন্যা দিলে তারে।
এ বড় মনের কালী, গৌরী মো'র হল কালী,
দুঃখে কাটে চিরকালি সুখ নাহি দিনের তরে॥ ১২৯৭॥

খট্ ভৈরবী—একতালা।

গিরি কি সুধাও হে সমাচার।
বলতে সে স্বপন না সরে বচন খেদে পুড়ে মন বহে অশ্রুধার।
নিশিতে যেমন ভেবে উমাধন, অনেক আয়াসে মুদিবে নয়ন,
অমনি স্বপনে করি দরশন শিয়রে বসিয়ে যেন মা আমার।
নাহি সে বরণ নাহি আভরণ, হেমাঙ্গ হয়েছে কালীবরণ,
হেরে তার আকার চিনে উঠা ভার, সে উমা আমার উমা নাহি হে আর।
বসিয়ে শিয়রে কহিল কাতরে, কত আর দয়া থাকবে পাথরে,
ভিখারীর করে সমর্পণ করে, কেন লও না ফিরে তত্ত্ব একবার॥ ১২৯৮।

আলাইয়া—ঢিমা তেতালা।

গিরি হে কি শিখরে ত্রস্ত যাও।
বড় ব্যাকুল পরাণী, উমা পরাণনন্দিনী হর ঘরণী ঘরেতে মিলাও।
সম্বৎসর কাল গত সময় হ'ল আগত, ওঠাগত প্রাণ বাঁচিনে বাঁচাও।
শৈল যাও হে শৈল যাও মেনে এনে অঙ্গনে দুঃখনীর দুঃখ ঘচাও।
বনে জীবন কুমারী ভুবন তিমির হেরি, ভুবনে ভুবনেশ্বরী মিলাও,—
করে আরাধন, মহেশ তারাধন, এনে বাসে উভয়ের বাসনা পুরাও।
গৌরীর বিচ্ছেদাগুণ, দহিছে মনে দ্বিগুণ,
জানি গুণ যদি সে আগুন নিভাও॥ ১২৯৯।

পরজবাহার—একতালা।

যাও গিরি আনিতে গৌরী কেমন করে রয়েছে।
আমি শুনেছি নারদের মুখে আমার উমা নাকি কত কেঁদেছে॥
ভাঙ্গড়ে পীরিতি বড়, দেশের ভাঙ্গড় করেছে জড়,
আমার উমা মায়ের বসন ভূষণ তাও বেচে ভাং খেয়েছে।
সোনারি কুমারী কুমারি আমার, ভাঙ্গতে মত্ত জামাতা তোমার,
ভাঙ্গের সহিতে ধুতুরা বীজেতে সুধা বলে না কি খেয়েছে॥ ১৩০০॥

আলাইয়া—আড়াঠেকা।

অচল সচল হও আনিতে ঈশান জায়া।
জাননা মেয়ের প্রতি মায়ের যে কত মায়া॥
যদি আমি কোন মতে, পারি বক্ষ বিদারিতে,
তবে পারি দেখাইতে সে মায়া কেমন।
কি ফল ব'লে তোমায়, তুমিত পাষাণ কায়,
মম প্রাণ যায় যায় না হেরে সে মহামায়া॥ ১৩০১॥

খট—একতালা।

গিরি গণেশ আমার শুভকারী।
নিলে তার নাম, পূরে মনস্কাম সে আইলে গৃহে আসেন শঙ্করী॥
বিল্ববৃক্ষমূলে করিব বোধন, গণেশের কল্যাণে গৌরীর আগমন,
ঘরে এনে চণ্ডী, শুনব আমরা চণ্ডী, অ সবে কত দণ্ডী যোগী জটাধারী।

সাহানা—যৎ।

এবার আমার উমা এলে আর উমায় পাঠাব না।
বলে লবে লোকে মন্দ, কারো কথা শুনবো না॥
যদি আসে মৃত্যুঞ্জয়, উমা নেবার কথা কয়,
মায়ে ঝিয়ে করবো ঝগড়া জামাই বলে মানবো না।
দ্বিজ রামপ্রসাদ কয়, এ দুঃখে কি প্রাণে সয়,
শব শ্মশানে মশানে গিরির ঘরের ভাবনা ভাবে না॥ ১৩০৩

টোড়ী—কাওয়ালী।

যাও হে গিরিবর আন বেয়ে নন্দিনী আমার।
গৌরী দিয়ে দিগম্বরে, কেমনে রয়েছ ঘরে, কি কঠিন হৃদয় তোমার॥
জানত জামাতার রীত, সদাই পাগলের মত,
পরিধান বাঘাম্বর শিরে জটাভার।
আপনি শ্মশানে ফিরে, সঙ্গে লয়ে যায় তারে,
কত আছে কপালে উমার॥
শুনেছি নারদের ঠাঁই, গায়ে মাখে চিতা ছাই
ভূষণ ভীষণ তার গলে ফণিহার।
এ কথা কহিব কায়, ত্যজি সুধা বিষ খায়,
কহ দেখি এ কোন্ বিচার॥
কমলাকান্তের বাণী, শুন শৈলেশ-রমণী,
শিবের যেমন রীত বুঝিতে অপার।
বচনে তুষিয়া হর, যদি আনিবারে পার,
এলে উমা না পাঠাবে আর॥ ১৩০৪॥

আলাইয়া—আড়াঠেকা।

ধরাধরবর কর হর পুরেতে গমন।
প্রাণের উমায় আন হে ত্বরায় প্রবোধ কথায় নাহি বুঝে মন।
সেই সুকুমারী কুমারী আমার, সংসারে সার সকল সুসার,
প্রাণের আধার সে বিনে আঁধার মা বলিতে মোরে নাহি অন্য জন।
হয়ে যার আসার আশায় অধীন, করি বর্ষগত হয়ে হর্ষহীন,
দিন দিন বসে গণি নিশিদিন তিন দিনমাত্র হেরি সে রতন॥ ১৩০৫॥

খট—একতালা।

গিরি গৌরী ধনে আন গিয়ে।
হেরেছি স্বপনে, ভবনে ভবন মা আমার বেড়ান ভিক্ষা করিয়ে।
ধরিয়ে স্বপনে সুতায় এমন, ধৈর্য্য কি ধরে জননীরমন,
তাহাতে শঙ্কর সদা দিগম্বর, ভাঙ্গে মত্ত সদা ঢুলেন বসিয়ে।
যখন কৈলাসী যান কৈলাসেতে, বলিয়াছিলেন ধরিয়া তাতেতে,
রাখিস গো অন্তরে ভুলিস্‌নে মা মোরে দরিদ্র পতিরে দিয়াছিস্ বিয়ে

পরজ কাওয়ালী।

উমা ধনে কবে [illegible]।
সুখের দুখিনী উমা আর [illegible] দুখ সহিবে॥
আর না শুনেছি নাচে [illegible], [illegible] নাকি গরল খায়,
পাছে উমারে খাওয়ায় [illegible] মার ভেবে॥
তার কপালে অনল আছে, [illegible] বড় মরে পাছে,
কি দশা হয়েছে কি [illegible] হয় আছে॥
তার জটায় আছে [illegible], [illegible] তার সুধুনী,
সে নাকি তার সোহাগিনী [illegible] পাবে॥
নরেন্দ্রচন্দ্র এই কয়, [illegible] বলাতে হয় বলতে হয়,
দিয়ে কন্যে হলে মান্যে [illegible] শিবে।
গর্ব্ব কর কি হে গিরি, কত [illegible] গিরিধারী,
হয়ে উমার দ্বারে দ্বারী [illegible] চরণ সেবে॥ ১৩০৭॥

[illegible]।

কে হে গিরি কৈলে আনয়ন প্রাণের উমা নন্দিনী।
সঙ্গে তার [illegible] কে এক [illegible]॥
দ্বিভুজা [illegible], [illegible] ত্রিনয়নী,
মা বলে [illegible] [illegible] আর [illegible]।
[illegible]॥
[illegible] করি [illegible] [illegible] আর [illegible]
[illegible]
প্রবল [illegible] [illegible] রহিবে,
জ্ঞান হয় [illegible] উমা॥ ১৩০৮॥

আনন্দ [illegible]।

আমি যে হারায়ে [illegible] আছি রেখি,
আন গিয়ে তারায় [illegible]।
হেরিব পলক [illegible]
তারা শশী আমি হৃদি [illegible] [illegible]॥ ১৩০৯॥

বেহাগ—একতালা।

কব কি গিরিবর।
প্রাণের নন্দিনী, জনমদুখিনী,
বারেক তাহারে মনে নাহি কর।
কি জানি কি ভাব, মনেতে ভাবিলে,
সোণার প্রতিমা পাগলেরে দিলে,
দুহিতা বলিয়ে মুখ না চাহিলে পাষাণে বাঁধি অন্তরে॥
নিশি শেষে যখন ঘুমে অচেতন দেখিলাম ওহে বড় কুস্বপন,
সেই অবধি মম স্থির নহে মন চঞ্চল নিরন্তর,
নবীন বয়ানে মলিন অতি, চলিবার মার নাহিক শকতি,
দ্বারে দ্বারে ভিক্ষা করেন ভগবতী পথের শ্রমেতে কাতর॥
অর্দ্ধ অঙ্গ ঢাকা জরাজীর্ণ বাসে, অবশেষে উমা আসে মম পাশে,
খেতে কিছু দেমা বলে উমা ভাষে, ধরিয়ে মম কর।
ক্ষীর, ছানা, ননী সযতনে লয়ে, উমারে দিতেছি পুলকিত হয়ে,
নিদ্রাভঙ্গ হল এমন সময়ে চেয়ে দেখি সব অন্ধকার॥ ১৩১০॥

আলাইয়া—আড়াঠেকা।

উঠ ওহে গিরি কতই ঘুমাও,
কুস্বপন দেখেছি ভয়ে কহিতে না পারি।
ঘোর অন্ধকার নিশি, বিবসনা মুক্তকেশী।
উমা শ্মশাননিবাসী সহ ত্রিপুরারী॥
শিবা সব রব করে, রিপুমুণ্ড অসি করে, শবের উপরে,
ডাকিনী যোগিনী ঘেরি, দেয় সুধা কর পূরি,
লাজ ভয় পরিহরি আমার শঙ্করী॥
ত্বরা যাও হে হরপুরে, আনিবারে মঙ্গলারে,
মনে ধৈর্য্য নাহি ধরে বিনে সে কুমারী,—
নতুবা করিনু পণ, জীবনে ত্যজিব জীবন,
আনি দেহ উমাধন মিনতি করি॥ ১৩১১॥

বেহাগ—ত্রিওট।

আমি কি হেরিলাম নিশি স্বপনে।
অচেতন কত না ঘুমাও হে, এই এখনি শিয়রে ছিল,
গৌরি আমার কোথায় গেল হে আধ আধ মা বলিয়ে বিধুবদনে॥
মনের তিমির নাশি, উদয় হইল আসি,
বিতরে অমৃতরাশি সুললিত বচনে॥
অচেতনে পেয়ে নিধি, চেতনে হারালেম গিরি হে,
ধৈরজ ধরে না জীবনে॥
আর শুন অসম্ভব, চারি দিকে শিবারব,
তার মাঝে আমার উমা একাকিনী শ্মশানে॥
বল কি করিব আর, কে আনিবে সমাচার,
না জানি মোর গৌরি আছে কেমনে॥
কমলাকান্তের বাণী, পুণ্যবতী গিরিরাণী,
যে রূপ হেরিলে তুমি অনায়াসে স্বপনে॥
ও পদ পঙ্কজ লাগি, শঙ্কর হয়েছে যোগী,
হৃদয় মাঝারে রাখি অতি যতনে॥ ১৩১২॥

বিভাষ—আড়াঠেকা।

আন তারা ত্বরা গিরি নয়নে লুকায়ে রাখি,
তারা হারা হয়ে আমি সব শূন্যময় দেখি।
গগনে হেরিয়ে তারা, মনে হয় যে প্রাণের তারা,
শুনেছি তারারে না কি পাঠাবে না তারা॥
মায়ের আমার নাম তারা, ত্রিনয়নে তিন ধারা,
পাছে হারায় হৃদে তারা, রাখে শিব না মুদে আঁখি॥
মা আমার দুধের ছেলে, কাঁদে কত মা মা বলে, ও পাষাণ গিরি—
শিবের নাইক পিতা মাতা, কে করে স্নেহ মমতা,
কারে কবে মনের কথা স্বর্ণলতা বিধুমুখী॥ ১৩১৩॥

আলাইয়া—একতালা।

উঠ ধরাধর ধর ধর ধর শুকাল অধর না সরে বাণী।
সভয়ে হৃদয় কাঁপে থর থর স্মর স্মর স্মর ভবানী॥
মা বলিতে কেবল উমা এক মেয়ে,
শিবা আছেন শিব সোহাগিনী হয়ে,
কে বুঝি আইল, কিরূপ হইয়ে দেখি রূপ চমৎকার,
শিব আছেন যেন পদতলে তার,
ভাবেতে মোহিত হয়ে খবাকার,
কি জানি কি দোষে কি হল উমার কে বুঝি হইল নূতন সতিনী॥ ১০১৬

আলাইয়া—একতালা।

আর কত দিন গিরি হে ভুলিয়ে রবে।
ভাবনা অন্তরে তুমি গৌরীকে আনিতে হবে॥
শীত গ্রীষ্ম বর্ষা গেল, শরত উদয় হল,
শারদা নায়িক এল এ দুখ না প্রাণে সবে॥
সদ্‌জতা গৌরী ধন, ভিখারী ক করে দান,
বুকেতে বেঁধে পাষাণ কত শেল আর সবে॥
মনেতে রহিল কালী গৌরী না কি হল কালী,
আর গিরি কত কালি শিবের ভরসায় রবে॥ ১০১৭॥

ললিত—আড়াঠেকা।

কবে উমারে লইয়ে আসিবে হে গিরি।
বলনা আমারে ত্বরা তারা বিনে প্রাণে মরি॥
সবে মাত্র একই কন্যে, মা বলিতে নাহি অন্যে,
আমার কপাল জন্যে জামাতা ভিখারী॥
শ্মশানে মশানে থাকে, চিতা ভস্ম গায়ে মাখে,
ভূত সঙ্গে রঙ্গে সদা থাকে সেই ত্রিপুরারী॥ ১০১৮॥

আলাইয়া—আড়াঠেকা।

কেমনে না জানি গিরি তব মন প্রাণ।
তনয়ার প্রতি কিছু নহে টান॥
যতবার বলেছি যেতে, কৈলাসে গৌরী আনিতে,
ততবারই মম চিতে প্রবোধ করহে দান॥
কি কব হে জেতে নারী, নিজে আনিতে যেতে নারি,
সহজে লাজেতে মরি ভাবি কুল মান।
কিন্তু তুমি কি করিবে, অচল ধর্ম নাম রাখিবে,
নামেতে পাষাণ বলে হৃদয়ও কিহে পাষাণ॥ ১৩১৭॥

ভৈরবী আড়া—তেলেনা।

কবে যাবে গিরিরাজ গৌরীরে আনিতে।
ব্যাকুল হতেছে প্রাণ উমারে দেখিতে॥
গৌরী দিয়ে দিগম্বরে, আনন্দে রয়েছ ঘরে,
কি আছে তব অন্তরে না পারি বুঝিতে,
কামিনী করিল বিধি, তেঁই হে তোমারে সাধি,
নারীর জন্ম কেবল যাতনা সহিতে॥
সতিনী সরলা নহে, স্বামী সে শ্মশানে রহে,
তুমি হে পাষাণ তাহে না কর মনেতে,
কমলাকান্তের বাণী, শুন ওহে শিখরমণি,
কেমনে সহিবে এত মায়ের প্রাণেতে॥ ১৩১৮॥

মেনকার প্রতি গিরিরাজ।

কালাংড়া—একতালা।

কুমারী উমার তরে কেন এত ভয় লো।
তনয়ার প্রতি মায়া পিতার কি নয় লো॥
ত্যজিয়ে রোদন ধ্বনি, কর সুমঙ্গল ধ্বনি,
সর্ব্বমঙ্গলা আপনি আসিবেন আলয় লো॥১৩১৯॥

বেহাগ—আড়াঠেকা।

বৃথা রাণী বল যেতে কৈলাস ভবনে।
সামান্য দিলে কিহে পায় সে অমূল্য ধনে॥
কি ধন অভাব তার, কুবের ভাণ্ডারী যার,
অচলা কমলা আর নিরন্তর যার সনে॥
মহামোহ মহামায়ায়, ভুবন যে জন ভুলায়,
ভুলাতে বল সে ভোলায়, ভুল লো সুলোচনে।
তবে যদি তেমন পারি, লয়ে বিল্বদল বারি,
ভুলাব সে ত্রিপুরারী উমারি কারণে॥১৩২০॥

খট—একতালা।

রাণি আনি গিয়ে গৌরীধনে।
হয়েছে স্বপন কর নিবারণ, সত্য কে কখন ভেবনাক মনে॥
ত্রিলোকের নাথ শিব সারাৎসার, রাজরাজেশ্বরী তনয়া তোমার,
বিধি চক্রধারী, আদি বজ্রধারী, অবনত রন তাঁহার চরণে।
তনয়া তোমার দেখ কাশীধামে, অন্ন দেন জীবে অন্নপূর্ণা নামে,
সকল মঙ্গল শিব মহাবল, কেন বল দুঃখ ভাবিতেছ মনে॥ ১৩২১॥

পরজ কালাংড়া—মধ্যমান।

এই নাও তোমার উমারে।
কত না মিনতি করি, তুষিয়া ত্রিশূলধারী, প্রাণ উমা আনিলাম নিজপুরে
দেখো মনে রেখো ভয়, সামান্যে তনয়া নয়, যাঁরে সেবে বিষ্ণু হরে॥
ও রাঙ্গা চরণ দুটি, হৃদে রাখেন ধূর্জ্জটী, তিলার্দ্ধ বিচ্ছেদ-না করে।
তোমার উমার মায়া, নির্গুণে সগুণ কায়া ছায়ামাত্র জীব নাম ধরে॥
ব্রহ্মাণ্ড ভাণ্ডোদরী, কালী তারা নাম ধরি, কৃপা করি পতিতে উদ্ধারে
অসংখ্য তপের ফলে, কপটতা মায়া ছলে, ব্রহ্মময়ী মা বলে তোমারে
কমলাকান্তের বাণী, ধন্য ধন্য গিরিরাণী, তব পুণ্য কে কহিতে পারে

কাফি সিন্ধু—যৎ।

দেখ রাণি নয়ন ভরে উমা আমার ঘরে এল।
মঙ্গলারি আগমনে অমঙ্গল সব দূরে গেল ॥
সুমঙ্গল গান কর, উমাধনে কোলে কর,
এত দিনের পরে তোমার দুখ নিশি পোহাইল ॥ ১৩২৩ ॥

প্রতিবাসিগণের উক্তি।

আলাইয়া—আড়াঠেকা।

কেমনে নিশ্চিন্ত মনে আছ গো শিখরি।
কালান্তে কালান্তে দিয়ে কোলের কুমারী।
সুধা ইন্দুমুখী উমা, সৌন্দর্য্য সাগর সীমা,
বিরূপাক্ষে সাজে কি মা, ভুবন সুন্দরী।
ভুজঙ্গ ব্যাসঙ্গ করে, চিতাভস্ম অঙ্গে ধরে,
সর্ব্বদা শ্মশানে ফিরে ত্রিশূলধারী,—
ষোড়শী পদ্মিনী বালা, পদ্মকান্ত মণিমালা,
শশিভালার ভাগ্যে ভোলা ভর্ত্তা ভিখারী ॥ ১৩২৪॥

পরজ কালাংড়া—কাওয়ালী।

এখনি আসিবে গো গিরিরাজ আনন্দে অভয়া লয়ে।
আজি জুড়াইব আঁখি চল সখি দেখি গিয়ে ॥
মেনকা রাণীর দাসী, প্রতি ঘরে ঘরে আসি,
মনের তিমির নাশি, মঙ্গল গিয়েছে করে।
তোমরা যতেক এয়ো, রাজার ভবনে যেও,
বরণ করিয়ে রাণী লয়ে গো আপনার মেয়ে।
হেনকালে শৈলবালা, এল যেন পাগলিনী,
মুখে নাহি সরে বাণী, রইল ও চাঁদ মুখ চেয়ে।
কমলাকান্তের ভাষা, পূরিল মনের আশা,
বিরিঞ্চি বাঞ্ছিত নিধি বিধি দিল মিলাইয়ে ॥ ১৩২৫ ॥

[illegible] আড়াঠেকা।

ওগো [illegible] জনক জননী উমার।
পাঠা[illegible]য়ে [illegible] নাহি আনিবার॥
উমা দিলে দি[illegible] [illegible]শানে কি র বেন কণ্ঠহার।
আপনি র[illegible] [illegible]রে রেখেছে তেমন,
নাহি পরিবে[illegible] [illegible] অলঙ্কার॥ ১৩২৬॥

[illegible]।

ঐ মা এল তো[illegible] [illegible]শানী, চল পাষাণী।
ধর ধৈর্য্য ধর, কেঁদনা [illegible] [illegible] ত্রিলোকবন্দিনী।
যুগল বালক যুগল [illegible] [illegible] জিনিয়ে থাকো,
মা কে বলে জীবন চক্ষে,—
হরকামিনী, গজগামিনী, অতি দীনা, অতি দুঃখিনী॥
আর নাই মা রূপ এরূপ [illegible], মনের অন্ধকার হইল দূরে,
রূপ লাবণ্যে, জিনিয়ে অন্যে, মা তোর কন্যে ভুবন ধন্যে,
নহে স মান্যে ত্রিলোক মান্যে পাপহারিণী, তাপবারিণী দীন জননী॥

জয়জয়ন্তী—একতালা।

গা তোল, গা তোল বাঁধ মা কুন্তল, ঐ এল পাষাণী তোর ঈশানী।
লয়ে যুগল শিশু কোলে, মা কৈ মা কৈ বলে,
ডাকছে মা তোর ঐ শশধরবদনী॥
ধন্যি যে রত্ন উদরে, তোর মত সংসারে, রত্নগর্ভা এমন নাই রমণী,—
মা কত পুণ্যফলে, এমন কন্যা পেলে, জীবে চতুর্ব্বর্গ ফলদায়িনী।
ত্রিভুবন ধন্যে, ত্রিভুবন অন্যে, তোর মেয়ের তুলনা নাই গো রাণী,
আমরা জান্‌তাম ভবের প্রিয়ে, আজ শুনি তোর মেয়ে,
ঐ নাকি ভবের ভয়হারিণী॥
তোমার ঐ তারা, চন্দ্রচূড়দারা, চন্দ্রদর্পহরা চন্দ্রাননী।
এমন রূপ দেখিলে কার, মনের অন্ধকার,
হরে মা তোর হরমনোমোহিনী॥ ১৩২৮॥

আগমনী সঙ্গীত।

বরারি [illegible]।

বারে বারে কহ [illegible] গৌরী আনিবারে।
জ্ঞান ত জ্ঞানতার [illegible] প্রকারে॥
[illegible] তাজিয়া [illegible],
[illegible] মারে।
[illegible] রাগে [illegible]পরে,
সে [illegible] অন্তরে॥
[illegible] গরল পান,
[illegible] শরীরে।
[illegible] কায়া,
[illegible] না করে॥
[illegible] পতি,
[illegible] কিঙ্করে।
কমলাকান্তের [illegible] দেহ,
মা বটে [illegible] পারে॥১৩২৯॥

[illegible]।

এই [illegible] তোমার নাম।
[illegible] কৈলাসধাম॥
গিরিরাজ কৈলাসধাম, [illegible] গৌরী আনিবারে,
মেনকা দাঁড়ায়ে দ্বারে [illegible] অবিশ্রাম॥ ১৩৩০॥

[illegible]।

মেয়ের ত তুমি [illegible] রেখেছিলে।
কেন মা তোর [illegible] দুর্গা দুর্গা বলে॥
শুন গো মা [illegible] হীন ভবে যারা,
তোর মেয়ের নাম [illegible] তারা সকলে॥
কেহ ত্রিগুণের [illegible],
কেহ [illegible]হারিণী,
কেহ বলে [illegible] সর্ব্বমঙ্গলে॥১৩৩১॥

মেনকা ও জয়া পরস্পরে উক্তি।

মালশ্রী—কাওয়ালী।

ওগো রাণি নগরে কোলাহল উঠ চল চল নন্দিনী নিকটে
চল বরণ করিয়া, গৃহে আনি গিয়া, এস না সঙ্গে অ
জয়া কি কথা কহিলি, আমারে কিনিলি কি দিলে
তোমায় অদেয় কি আছে, এস দেখি কা
প্রাণ দিয়ে শুধি ধ'র গো।
রাণী ভাসে প্রেমজলে দ্রুতগতি চলে, খ'সল ব
নিকটে দেখে যারে, সুধাইছে তারে, গৌরী কত
যেতে যেতে পথ, উপনীত রথ, নিরখি বদ
বলে মা এলে, মা এলে, মা কি মায় ভু
মা একি কথা মা'র গো।
রথ হতে নামিয়া শঙ্করী, মায়েরে প্রণাম
সান্ত্বনা করে করে বার বার,—
দাস কবিরঞ্জনে সকরুণে ভণে, এমন শুভ দিন ক

আলাইয়া—আড়াঠেকা

ঐ গো দেখ রাণী আইল তব ন
আহা মরি কিবা রূপ যেন স্থির
শুনে রাণী দ্রুতপায়, অঞ্চল ভূ
বলে উমা আয় আয় প্রা
স্নেহভরে কোলে লয়ে, বদনে
বলে মা কেমনে ছিলে ভুলে দু
আজি সুপ্রভাত কিবা, দেখসিয়ে
ধন্য হিমালয় আজি হেসন্ত
মঙ্গল আচার কর, বরণ ডালা
শিবসী

মেনকা ও জয়া পরস্পরে উক্তি।

মালশ্রী—কাওয়ালী।

ওগো রাণি নগরে কোলাহল উঠ চল চল নন্দিনী নিকটে তোম
চল বরণ করিয়া, গৃহে আনি গিয়া, এস না সঙ্গে আমার গে
জয়া কি কথা কহিলি. আমারে কিনিলি কি দিলে শুভ সমা
তোমায় অদেয় কি আছে, এস দেখি কাছে,
প্রাণ দিয়ে শুধি ধ'র গো।
রাণী ভাসে প্রেমজলে দ্রুতগতি চলে. খ'সল কুন্তলভার,
নিকটে দেখে যারে, সুধাইছে তারে, গৌরী কতদূরে আর
যেতে যেতে পথ. উপনীত রথ, নিরখি বদন উমার,
বলে মা এলে, মা এলে, মা কি মায় ভুলেছিলে
মা একি কথা মা'র গো।
রথ হতে নামিয়া শঙ্করী, মায়েরে প্রণাম করি,
সান্ত্বনা করে করে বার বার,—
দাস কবিরঞ্জনে সকরুণে ভণে. এমন শুভ দিন কার গো॥ ১৩

আলাইয়া—আড়াঠেকা।

ঐ গো দেখ রাণী আইল তব নন্দিনী
আহা মরি কিবা রূপ যেন স্থির সৌদামিনী॥
শুনে রাণী দ্রুতধায়, অঞ্চল ভূমে লুটায়,
বলে উমা আয় আয় প্রাণনন্দিন
স্নেহভরে কোলে লয়ে, বদনে বদন দিয়ে.
বলে মা কেমনে ছিলে ভুলে দুখিনী জননী॥
আজি সুপ্রভাত কিবা, দেখসিয়ে ভাগ্য কিবা,
ধন্য হিমালয় আজি হেসম্ভবরণী,—
মঙ্গল আচার কর, বরণ ডালা ধর ধর,
শুভক্ষণে গৃহে আজি শিবসীমন্তিনী॥১৩৩